হোমিওপ্যাথিক

ঔষধ ষোড়শক।

সিম্পিটিন্ প্রিন্সিপ্যাল হোমিওপ্যাথিক মেডিসিন নামক গ্রন্থ
অবলম্বন এবং সুপ্রসিদ্ধ ডাক্তার জার, হেম্পেল, রডক ও
লরি প্রভৃতি চিকিৎসকগণ কৃত পুস্তকের
সাহায্য গ্রহণ করতঃ

শ্রীঅম্বিকাচরণ রক্ষিত কর্ত্তৃক
সংকলিত ও অনূদিত।

তৃতীয় সংস্করণ।

১৮৮ নং অপার সারকুলার রোড, কলিকাতা
দরিদ্রকুটীর পুস্তকালয় হইতে
শ্রীযোগেন্দ্রনাথ রক্ষিত কর্ত্তৃক প্রকাশিত।

কলিকাতা

১০নং শম্ভুচন্দ্র চাটুর্য্যের ষ্ট্রীট্, নিউ আর্য্য মিশন যন্ত্রে,
শ্রীশরচ্চন্দ্র দাস দ্বারা মুদ্রিত।

মূল্য এক টাকা চারি আনা মাত্র।

ভূমিকা।

প্রথম বারের বিজ্ঞাপন।

অধুনা কৃতবিদ্যদিগের মধ্যে হোমিওপ্যাথিক চিকিৎসা-প্রণালী সমধিক আকর্ষণ লাভ করিয়াছে দেখিয়া, ইংরাজী সিক্সটিন প্রিন্‌সিপাল হোমিওপ্যাথিক মেডিসিন নামক পুস্তক অবলম্বন এবং জার, হেম্পল, রডক ও লরি প্রভৃতি চিকিৎসকদিগের গ্রন্থ হইতে কিছু কিছু সাহায্য গ্রহণ করিয়া বঙ্গভাষায় এই "ঔষধ ষোড়শক" পুস্তকখানি প্রকটিত হইল। ইহাতে ষোলটী প্রধান ও আটটী সহকারী ঔষধ দ্বারা প্রায় সকল প্রকার রোগের চিকিৎসা-বিবরণ বর্ণিত হইয়াছে। ইহাকে সর্ব্বসাধারণের বোধগম্য করণাভিলাষে যথাসম্ভব সহজ ভাষা ব্যবহার করা গিয়াছে। রোগের নাম বর্ণানুসারে লিখিত হইয়াছে। পুস্তক ব্যবহার কালে যে রোগ দেখা প্রয়োজন হইবে, সেই রোগের আদি বর্ণানুসারে অনুসন্ধান করিলে উক্ত রোগ যেস্থানে লিখিত আছে, দৃষ্টিপথে পতিত হইবে। এক রোগের ২।৩টী নাম থাকিলে তদনুযায়ী অনুসন্ধান কর্ত্তব্য; কারণ, এক স্থানে তাহার বর্ণনা না পাইলে অন্যত্র প্রাপ্ত হওয়া যাইবে। যে সকল চিকিৎসক হোমিওপ্যাথিক চিকিৎসায় প্রথম প্রবৃত্ত হন, তাঁহাদের পক্ষে এই পুস্তক বিশেষ উপযোগী হইবে। এই পুস্তকের সাহায্যে শিক্ষিতা স্ত্রীলোকেরাও চিকিৎসা করিতে সমর্থা হইবেন। সকল গৃহস্থেরই এই ঔষধ ষোড়শক পুস্তক এক খানি ও এতন্নিলিখিত ঔষধ কয়েকটী গৃহে রাখা কর্ত্তব্য, কারণ,

আমরা আশা করি যে, অনেক সময়ে ইহার সাহায্যে তাঁহারা অনেক পীড়ার চিকিৎসা করিতে সক্ষম হইবেন; এবং সামান্য সামান্য রোগে চিকিৎসকের সাহায্য গ্রহণ না করিলেও চলিতে পারিবে। যে সকল স্থলে হোমিওপ্যাথিক চিকিৎসক না পাওয়া যায়, এরূপ স্থলে ইহা দ্বারা বিশেষ উপকারপ্রাপ্তির সমধিক সম্ভাবনা।

কস্যচিৎ ভিষকঃ।

দ্বিতীয় বারের বিজ্ঞাপন।

প্রথম সংস্করণের সমস্ত পুস্তক নিঃশেষিত হওয়ায় ইহা পুনঃ মুদ্রিত করা হইল। এবারে স্থানে স্থানে সংশোধিত ও পরিবর্দ্ধিত করা হইয়াছে। ফলতঃ পুস্তক খানিকে সাধারণ গৃহস্থ, নব্য চিকিৎসক ও শিক্ষার্থীদিগের সম্যক্ উপযোগী করিতে যথাসাধ্য চেষ্টা করা গিয়াছে, কিন্তু তাহাতে কতদূর কৃতকার্য্য হইয়াছি— তাহা তাঁহাদের বিবেচনাধীন। যাহা হউক, যদি এই পুস্তকের সাহায্যে একজন মাত্রও রোগী দুঃসহ রোগ যন্ত্রণা হইতে আরোগ্য-লাভ করে, তাহা হইলেই সমুদায় শ্রম সফল মনে করিব।

শ্রীঅম্বিকাচরণ রক্ষিত।

তৃতীয় বারের বিজ্ঞাপন।

বহু দিন হইল দ্বিতীয় সংস্করণের সমস্ত পুস্তক নিঃশেষিত হইয়াছে। কিন্তু নানাবিধ অসুবিধায় এত দিন ইহার তৃতীয় সংস্করণ প্রকাশ করিতে বিলম্ব হইয়াছে। ইতি

উপক্রমণিকা।

১। গ্রন্থোক্ত ঔষধ সকল।—সদৃশ চিকিৎসায় সচরাচর এত অধিক সংখ্যক ঔষধ ব্যবহৃত হইয়া থাকে যে, যে গ্রন্থে কেবল তন্মধ্যস্থ ষোলটী প্রধান ঔষধের ব্যবহার ও গুণাদি বর্ণিত হয়, তাহা অতি সংক্ষিপ্ত ও অপ্রয়োজনীয় বলিয়া সাধারণতঃ বোধ হইতে পারে; কিন্তু একটু অনুধাবন করিলে সে ভ্রম দূরীভূত হয়, কারণ এই কয়েকটী ঔষধের উপকারিতা অন্যান্য ঔষধাপেক্ষা অনেক অধিক। বস্তুতঃ এই কয়েকটী ঔষধ এত ব্যবহৃত, ইহাদের আরোগ্যকর শক্তি এত অধিক এবং এরূপ পরীক্ষিত যে, একজন সুপ্রসিদ্ধ চিকিৎসক বলিয়াছেন যে, এই কয়েকটী ঔষধ পরিত্যাগ করিলে হোমিওপ্যাথি চিকিৎসা কঠিন হইয়া পড়ে; এমন কি, এই কয়েকটী ঔষধ দ্বারা অন্যান্য ঔষধ প্রয়োগ ব্যতীতও প্রায় সকল প্রকার পীড়ার চিকিৎসা করা যাইতে পারে। ষোলটী প্রধান ঔষধ ব্যতীত আরও আটটী ঔষধ এই পুস্তকে উক্ত হইয়াছে। যদিও তাহাদের ব্যবহার সীমাবদ্ধ, কিন্তু কতকগুলি পীড়ায় তাহারা বিশেষ উপকারী বলিয়া ইহাতে সন্নিবেশিত এবং সহকারী ঔষধ বলিয়া বর্ণিত হইল।

বাহ্য প্রয়োগার্থ তিনটী অত্যাবশ্যক ঔষধের প্রয়োগবিধি উল্লিখিত হইয়াছে।

গ্রন্থোক্ত ঔষধ সকলের তালিকা ও সংক্ষিপ্ত নাম।

লাটিন	সংক্ষিপ্ত নাম	ইংরাজী
১। একোনাইটম্ নেপিলস্,	একো,	মঙ্কস্ হুড়।
২। আর্ণিকা মণ্টেনা,	আর্ণি,	লেপার্ডস্ বেন্।
৩। আর্সিনিকম্ য়্যাল্বম,	আর্সি,	আর্সিনিক।
৪। বেলেডোনা,	বেলে,	ডেড্লি নাইট শেড্।
৫। ব্রাইয়োনিয়া য়্যাল্বা,	ব্রাই,	হোয়াইট ব্রাইয়োনি।
৬। ক্যাল্কেরিয়া কার্ব্বণিকা,	ক্যাল্কে,	কার্ব্বনেট অব্ লাইম।
৭। ক্যামোমিলা,	ক্যাম,	ক্যামোমাইল।
৮। চায়না অফিসিনেলিস্,	চায়,	পেরুভিয়ান্ বার্ক।
৯। ইপিকাকিউয়ানা,	ইপি,	ইপিক্যাকিউয়ানা।
১০। মার্কিউরিয়স সলিউবিলিস,	মার্কি,	মার্করী।
১১। নক্সভমিকা,	নক্স,	নক্সভমিকা।
১২। ফস্ফরস,	ফস্ফ,	ফস্ফরস।
১৩। পল্সেটিলা,	পল্সে,	মেডো এনিমোন্।
১৪। রসটক্স,	রস,	পয়জন ওক্।
১৫। সল্ফর,	সল্ফ,	সল্ফর।
১৬। ভিরেট্রম য়্যাল্বম	ভিরে,	হোয়াইট্ হেলেবোর।

সহকারী ঔষধ সকল।

১। ক্যান্থেরিস,	ক্যান্থে,	স্প্যানিশ ফ্লাই।
২। কার্ব্বো ভিজিটেবিলিস্,	কার্ব্ব,	ভিজিটেবল্ চার্কোল্।
[illegible],	সি, সিনা,	ওয়ার্ম উড্।
[illegible] ক্রুডা	কফি,	[illegible]র কফি।

লাটিন	সংক্ষিপ্ত নাম	ইংরাজী
৫। ড্রসিরা রোটাণ্ডিফোলিয়া,	ড্রসি,	সন্ ডিউ।
৬। হেপার সল্‌ফিউরিস্-ক্যাল্‌কেরিয়ম্,	হেপা,	সল্‌ফিউরেট অব্ লাইম।
৭। ল্যাকিসিস্—ল্যাকেসিস্	ল্যাকি,	পয়জন অব্ ভাইপর।
৮। স্পঞ্জিয়া টষ্টা,	স্পঞ্জ,	বরণ্ট স্পঞ্জ।

বাহ্য প্রয়োগের অরিষ্ট।

১। আর্ণিকা মণ্টেনা,	লেপার্ডস্ বেন।
২। ক্যালেন্‌ডিউলা অফিসিনেলিস্,	কমন মেরি গোল্ড।
৩। রসটক্সিকোডেণ্ড্রণ,	পয়জন ওক।

বাহ্য প্রয়োগের জন্য উগ্র অরিষ্ট প্রয়োজন ও তাহা আভ্যন্তরিক প্রয়োগের ঔষধ হইতে স্বতন্ত্র রাখা কর্ত্তব্য। ইহাদের ব্যবহার ও প্রয়োগবিধি পুস্তকের দ্বিতীয় ভাগের তৃতীয় অধ্যায়ে দ্রষ্টব্য।

২। এই পুস্তক ব্যবহারের নিয়মাবলী।

এই পুস্তকের প্রধান উদ্দেশ্য এই যে, ইহার অল্প পরিমিত স্থান মধ্যে অধিক পরিমাণে ঔষধের ব্যবহার প্রণালী, এবং রোগের উপযুক্ত ঔষধ নিরূপণার্থ যত উপদেশ আবশ্যক, তাহা ইহাতে যথাসম্ভব প্রকটিত হইল। এই পুস্তক তিন ভাগে বিভক্ত। প্রথমভাগে রোগনির্ঘণ্ট, তল্লক্ষণ সমুদায় ও বহুদর্শী চিকিৎসকগণ কর্ত্তৃক অনুমোদিত সেই সকল রোগের উপযুক্ত ঔষধ; দ্বিতীয় ভাগে, ঔষধ সকলের লক্ষণ অর্থাৎ যদ্দ্বারা তৎসমুদায় আরোগ্য হয়, তাহা উল্লিখিত হইল। তৃতীয় ভাগে রোগপরিচয় ও সাহায্যকারী চিকিৎসা বর্ণিত হইয়াছে।

প্রথম ভাগ, দ্বিতীয় ভাগের নির্ঘণ্ট বলিয়া পরিগণিত হইবে না, কারণ ইহাতে এরূপ অনেক ঔষধের আরোগ্যকর লক্ষণাদি বর্ণিত হইয়াছে যে, যদি সে সকল দ্বিতীয় ভাগে ঔষধের আরোগ্যকর লক্ষণ মধ্যে পুনরুল্লিখিত হইত, তাহা হইলে পুস্তকখানি বৃহৎ, অপিচ অনাবশ্যক পুনরুক্তি দোষে দূষিত হইত।

প্রথমভাগে যে সকল ঔষধ, কোন পীড়া বা লক্ষণের জন্য প্রশংসিত হইয়াছে, তৎসমুদায়ের আরোগ্যকর গুণ অতিশয় ফলপ্রদ। যে সকল ঔষধ অত্যন্ত উপকারী বলিয়া বিদিত বা সর্ব্বদা ব্যবহার্য্য, সে সকল ঔষধের গায়ে * এইরূপ চিহ্ন দেওয়া হইল। যদিও এতদ্দ্বারা ঔষধ নির্ব্বাচন সহজ হইবে, তথাচ অন্ধরূপে তদনুবর্ত্তী না হইয়া, প্রত্যেক পীড়ার স্ব স্ব লক্ষণ ও স্বভাবাদি দৃষ্টি করিয়া ঔষধ নিরূপণ করা কর্ত্তব্য।

প্রথম ভাগ সহজে বোধগম্যকরণার্থ টীকার আকারে ঔষধের প্রধান প্রধান ব্যবহারাদি লিখিত হইয়াছে। এতদ্দ্বারা পাঠক একবার দৃষ্টিনিক্ষেপ করিলে, এক ঔষধ হইতে অন্য ঔষধের প্রভেদ নির্ণয় করিতে সমর্থ হইবেন, এবং দ্বিতীয় ভাগ দর্শন করিলে উহা অপেক্ষা আরও অধিক বিষয় অবগত হইতে পারিবেন। টীকাকারে ঔষধের প্রধান প্রধান ব্যবহার ও লক্ষণের পর "ইত্যাদি" দেওয়ার অর্থ এই যে, উহা অপেক্ষা দ্বিতীয় ভাগে অধিক পরিমাণে লক্ষণ সকলের অবগতি হইবে। প্রতিবার "ইত্যাদি" না লিখিয়া কেবল 'ই' লিখিত হইয়াছে। যেখানে নির্ঘণ্ট যথেষ্ট অর্থপ্রকাশক, তথায় পুনরুক্তি দোষ পরিহারার্থ পৃষ্ঠার নিম্নে সে বিষয়ের উল্লেখ করা যায় নাই।

দ্বিতীয় ভাগের ১ম ও ২য় অধ্যায়ে ঔষধ সকলের প্রধান

প্রধান ও অতিশয় আবশ্যক লক্ষণ অর্থাৎ যে সকল লক্ষণ উক্ত ঔষধ দ্বারা উপশমিত হয়, তাহা বর্ণিত হইয়াছে। ঔষধের ক্রিয়া শরীরের যে যে অংশে প্রকাশ পায়, তদনুসারে তাহাদিগকে শ্রেণীবদ্ধ করা গিয়াছে।

ঔষধের বিশেষ লক্ষণের মধ্যে যে সকল সন্নিবেশিত হইল, রোগীর অন্যান্য লক্ষণের সহিত উহা বিদ্যমান থাকিলে ঔষধ নির্ব্বাচনের পক্ষে উক্ত বিশেষ লক্ষণ অত্যন্ত উপযোগী মনে করিতে হইবে।

সাধারণ লক্ষণ মধ্যে প্রবল অনুভূতি, বলের অবস্থা, কিরূপ অবস্থাতে লক্ষণ সকল হ্রাস ও বৃদ্ধি পায়, তাহা বর্ণিত হইয়াছে। অন্যান্য পরিচ্ছেদে বিশেষ বিশেষ অঙ্গের লক্ষণ সকল বর্ণিত, যথা—মস্তক, চক্ষু, কর্ণ, নাসিকা ইত্যাদি।

কোন রোগ চিকিৎসার্থে এই পুস্তক ব্যবহারকালীন প্রথমতঃ রোগ নির্ঘণ্ট দৃষ্টি করিবে; অর্থাৎ অজীর্ণ রোগের চিকিৎসা করিতে হইলে, পাঠক দেখিতে পাইবেন যে, নির্ঘণ্টে তন্নিমিত্ত কতকগুলি উৎকৃষ্ট ঔষধ উল্লিখিত হইয়াছে; এবং যে যে ঔষধের গায়ে * চিহ্ন আছে, তাহাই সাধারণতঃ অজীর্ণ রোগে বিশেষ প্রযোজ্য, এবং পৃষ্ঠের নিম্নে দৃষ্টি করিলেও ঔষধের প্রধান প্রধান ব্যবহার জানিতে পারিয়া, প্রকৃত ঔষধ নির্ব্বাচনে পারগ হইবেন। এই সকল বিশেষরূপে বিবেচনা করিয়া যদি অক্ষুধা, তিক্তাস্বাদ, তিক্ত উদ্গার ইত্যাদি ব্যাধির বিশেষ লক্ষণ হয়, তবে নির্ঘণ্টে তৎসমুদায় লক্ষণ স্থল দর্শন করিয়া, অজীর্ণ রোগে যে সকল ঔষধ লিখিত হইয়াছে, তাহার সহিত মিলাইয়া দেখিলে, প্রকৃত আরোগ্যকর ঔষধ নির্দ্ধারণে সমর্থ হওয়া যাইবে; এবং এতদপেক্ষা অধিক জানিবার

প্রয়োজন হইলে নির্ব্বাচিত ঔষধের বিষয় দ্বিতীয় ভাগে পাঠ করা আবশ্যক। দ্বিতীয় ভাগের সাহায্য গ্রহণ কালে ইহা স্মরণ রাখা কর্ত্তব্য যে, প্রতি রোগীতেই ঔষধের সমস্ত লক্ষণাদি প্রকাশিত থাকে না; কিন্তু যে ঔষধের লক্ষণের সহিত রোগীর সকল বা অধিকাংশ লক্ষণ মিলিবে, তাহাই প্রকৃত উপকারী ঔসধ বলিয়া বিবেচিত হইবে। তৎপরে নির্ব্বাচিত ঔষধ প্রয়োগ করিবে; কিন্তু যদি তরুণ পীড়ায় ৩।৪ মাত্রা ঔষধ ব্যবহারের পর কোন উপশম লক্ষিত না হয়, তবে আর একটী ঔষধ স্থির করিয়া ব্যবহার করিবে। ইহাও স্মরণ রাখা কর্ত্তব্য যে, চিকিৎসাকালে যদি লক্ষণ সকল সম্পূর্ণরূপে পরিবর্ত্তিত হয়, তবে অন্য একটী ঔষধের প্রয়োজন হইবে; এবং তাহা রোগীর অবস্থানুসারে বিশেষ সাবধানের সহিত নির্দ্দিষ্ট করিতে হইবে।

পূর্ব্বোল্লিখিত বিষয় দ্বারা ইহা প্রতীয়মান হইতেছে যে, এই গ্রন্থে তিন প্রকার উপায় অবলম্বনে অভীষ্ট বিষয়ক জ্ঞান লব্ধ হয়। প্রথমতঃ রোগ নির্ঘণ্টে—পীড়া ও লক্ষণাদি দেখিয়া ও তদুল্লিখিত ঔষধ সকল পরস্পর তুলনা করিয়া অধিক পরিমাণে জ্ঞাতব্য বিষয় অবগত হওয়া যায়, যথা;—শূলবেদনার চিকিৎসা করিতে হইলে নানা প্রকার শূলবেদনায় উল্লিখিত ঔষধ সকল ও তৎসঙ্গে বিবিধ প্রকার ঔদরিক বেদনা, কোষ্ঠবদ্ধ ও বমন ইত্যাদি উপসর্গ স্থানীয় ঔষধের সহিত পরস্পর তুলনা করিবে। এইরূপ উপায় অবলম্বন দ্বারা কোন্ ঔষধটী প্রকৃত উপকারী হইবে, তাহা অবগত হওয়া যায়। দ্বিতীয়তঃ, পৃষ্ঠাধঃভাগে প্রতি পীড়ার প্রধান ব্যবহার্য্য ঔষধ সকল বর্ণিত আছে। ইহা দ্বারা রোগের হ্রাস বৃদ্ধি ও কোন্ সময়ে কোন্ ঔষধের আবশ্যক, তাহা অবগত হওয়া যায়। তৃতীয়তঃ,

এক একটী ঔষধ দ্বারা রোগের কোন্ কোন্ লক্ষণ ও অবস্থা আরোগ্য হইতে পারে, তাহা দ্বিতীয় ভাগে বর্ণিত হইয়াছে। ইহা পাঠে পীড়ার লক্ষণ ও তদারোগ্যকর ঔষধের সবিশেষ অবস্থা জানা যায়; যেমন বেলেডোনায় বর্ণিত গলাভ্যন্তরস্থ লক্ষণ সমূহ দৃষ্টি করিলে গলা বেদনাদি পীড়াতে বেলেডোনা কিরূপ উপকারী, তাহা এক স্থানে অবগত হওয়া যায়। এই তিন প্রকার উপায়ের স্বতন্ত্র বা একত্র অবলম্বন দ্বারা অতি সহজে আবশ্যক বিষয়ের অনুসন্ধান ও নিরূপণ করিতে পারা যায়। যাহা গ্রন্থের এক স্থানে পাওয়া না যায়, তাহা অন্য স্থানে প্রাপ্তব্য।

৩। মাত্রা (শক্তি বা ক্রম ও আকৃতি)।—হোমিওপ্যাথিক ঔষধ, টিংচার বা অরিষ্ট, পিলিউল্‌স বা বটিকা, গ্লবিউল্‌স বা ক্ষুদ্র ক্ষুদ্র বটিকা ও ট্রিটিউরেসন বা চূর্ণ, এই চারি প্রকারে ব্যবহার হয়। এই সকল প্রয়োগরূপের নানাবিধ শক্তি বা ক্রম আছে; যথা—১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৬ষ্ঠ ইত্যাদি। ধাতু, আকরিক দ্রব্য ও অন্যান্য অদ্রবণীয় পদার্থ সকলের প্রথম তিন ক্রম ক্ষীরশর্করা সহ খলে মাড়িয়া চূর্ণরূপে প্রস্তুত হয়, ইহাকে ট্রিটিউরেসন কহে; অবশিষ্ট ৪র্থ হইতে ত্রিংশৎ শক্তি পর্য্যন্ত সুরাসার সহ দ্রবাকারে প্রস্তুত হয়, তাহাকে টিংচর বলে। উদ্ভিজ্জ ও দ্রবণীয় পদার্থ সকলের ১ হইতে ৩০ ক্রম পর্য্যন্ত এই উপায়ে প্রস্তুত হয়। পিলিউল্‌স ও গ্লবিউল্‌স, টিংচর হইতে প্রস্তুত করে এবং ইহারা গৃহ-চিকিৎসায় ব্যবহারের অতি উপযোগী। ধাতব ঔষধের ৪র্থ হইতে ত্রিংশৎ ও উদ্ভিজ্জ ঔষধের ১ম হইতে ত্রিংশৎ ক্রম হইতে ইহারা প্রস্তুত হয়। গৃহ-চিকিৎসার জন্য এক শক্তির ঔষধ রাখিতে হইলে ৩য় শক্তি ও দুই শক্তির প্রয়োজন হইলে ৩য় ও ৬ষ্ঠ ক্রম

রাখিবে। দুই ক্রমের ঔষধ রাখাই উচিত, কারণ পুরাতন পীড়ায় এক ক্রম অধিক দিবস ব্যবহারের পর, ক্রমের পরিবর্ত্তন বিশেষ উপকারী।

৪। ঔষধ প্রয়োগ ও পুনর্ব্ব্যবহার। সংক্ষিপ্ত স্থানের মধ্যে অধিক পরিমাণে জ্ঞাতব্য বিষয় সকল সন্নিবেশিত করাতে, ঔষধ প্রয়োগ ও তাহার পুনঃব্যবহার সম্বন্ধে প্রতি পীড়ায় বিশেষরূপে বর্ণিত হয় নাই, তজ্জন্য সাধারণতঃ ইহার নিয়মাদি কথিত হইল।

মাত্রা। পূর্ণবয়স্কের পক্ষে ৪টী গ্লবিউল্স, একটী বটিকা, এক ফোটা টিংচার বা এক বা আধ রতি ট্রিটিউরেসন। বালকের পক্ষে ২টী গ্লবিউল্স, অর্দ্ধ বটিকা, আধ ফোটা টিংচার বা আধ বা সিকি রতি ট্রিটিউরেসন। শিশুর পক্ষে ১টী গ্লবিউল্স, সিকি খানি বটিকা, সিকি ফোটা টিংচার, সিকি বা ⅛ রতি ট্রিটিউরেসন।

পূর্ব্বোক্ত ঔষধের বিভাগ, জলের সহিত গুলিয়া সহজে করা যাইতে পারে। একটী বটিকা, এক ফোটা টিংচার বা ১ রতি চূর্ণ, ২ হইতে ৪ ঝিনুক স্ফুটিত শীতল জলে গুলিয়া অর্দ্ধ হইতে এক ঝিনুক পরিমাণে শিশু ও বালকদিগকে দিবে।

হোমিওপ্যাথিক ঔষধ সকল দ্রবাবস্থায় ব্যবহার করিলে বিশেষ ফলপ্রদ হয় বলিয়া, ঔষধ অল্প পরিমাণে স্ফুটিত শীতল জলে দ্রব করিয়া, আধ ছটাক পরিমাণে যুবাদিগকে ও সিকি, অর্দ্ধ বা এক কাঁচ্চা পরিমাণে শিশু ও বালকদিগকে দেওয়া কর্ত্তব্য। যে জলে ঔষধ প্রস্তুত করিতে হইবেক, তাহা বিশুদ্ধ হওয়া আবশ্যক। স্ফুটিত জল শীতল করিয়া ব্যবহার করা উচিত। যে পাত্রে ঔষধ প্রস্তুত করা হয়, তাহা অতি উত্তমরূপ পরিষ্কৃত হওয়া আবশ্যক

এবং এক ঔষধের সহিত অন্য ঔষধ বা পাত্র মিশ্রিত বা স্পর্শিত না হয়, তজ্জন্য বিশেষ সতর্কতা আবশ্যক। চীনের মাটীর বা রৌপ্য-নির্ম্মিত চামচ ব্যবহার করা উচিত, তদভাবে ঝিনুক ব্যবহার করা যাইতে পারে। রোগীর অবস্থা ও রোগের প্রকৃতি অনুসারে ঔষধের পুনঃব্যবহার স্থির করিতে হইবে, এবং তাহা চিকিৎসক বা ঔষধ প্রয়োগকারীর বিবেচনার উপর নির্ভর করে। পীড়া প্রবল ও ঔষধ প্রয়োগ অত্যাবশ্যক হইলে, ১৫ মিনিট হইতে অর্দ্ধ ঘণ্টান্তর ঔষধ সেবন আবশ্যক। প্রবল কিম্বা বেদনাজনক পীড়ায় বিশেষ আবশ্যক না হইলে ৪।৬ ঘণ্টান্তর ঔষধ প্রয়োগ বিধেয়। পীড়া পুরাতন বা বহুদিন স্থায়ী হইলে দিনে এক বা দুইবারের অধিক ঔষধ সেবন করান উচিত নহে। প্রবল পীড়ায় ৩।৪ বার ঔষধ সেবনের পর কোন উপশম বোধ না হইলে, আর একটী ঔষধ নির্ব্বাচন করিয়া ব্যবহার করিবে। সকল প্রকার রোগে যখন রোগ-লক্ষণ সমূহ ক্রমশঃ উপশমিত হইতে থাকে, তখন ঔষধ অধিক বিলম্বে বিলম্বে প্রয়োগ করা কর্ত্তব্য। খালি পেটে ঔষধ সেবন করা উচিত।

৫। পথ্য। হোমিওপ্যাথিক ঔষধ সেবন কালে উত্তেজক ও ঔষধীয় গুণযুক্ত দ্রব্য সকল ভক্ষণ করা অকর্ত্তব্য। পথ্য—লঘু, পুষ্টিকারক ও সহজে পরিপাক হয়, এরূপ হওয়া আবশ্যক। কফি, লঙ্কামরিচ, চা প্রভৃতি উত্তেজক খাদ্য সেবন অবিধেয়। সাধারণতঃ অনেকে মনে করেন যে, পথ্য হোমিওপ্যাথি চিকিৎসার একটী অঙ্গস্বরূপ; কিন্তু বস্তুতঃ তাহা নহে। ঔষধের ক্রিয়ার কোন ব্যাঘাত উপস্থিত না হয়, এরূপ খাদ্য দ্রব্য সকল অবাধে প্রদত্ত হইতে পারে।

হোমিওপ্যাথিক

ঔষধ ষোড়শক।

প্রথম ভাগ।

রোগ নির্ঘণ্ট।

অর্থাৎ

প্রধান প্রধান পীড়া, শারীর অবস্থা, রোগ লক্ষণ ও তদারোগ্যকর প্রধান প্রধান ও উপযুক্ত ঔষধ ইহাতে বিবৃত হইল। ঔষধের পূর্ণ নাম না দিয়া সংক্ষিপ্ত নাম ব্যবহার করা গেল।

কোন রোগ বা লক্ষণের পরে যে সকল ঔষধ লিখিত হইল, তাহা উক্ত রোগ বা লক্ষণ বিশেষে সুফলপ্রদ। কিন্তু যে সকল ভৈষজ্যের নামের পরে এই * চিহ্ন দেওয়া হইল, তাহারা সর্ব্বাপেক্ষা অধিক উপকারক, অর্থাৎ সেই সকল ঔষধ রোগারোগ্যকর ও চিকিৎসাকালে সর্ব্বদা প্রয়োজনীয় বলিয়া পরীক্ষিত ও স্থিরীকৃত হইয়াছে।

(উপক্রমণিকা দেখ।

অক্ষিপুট প্রদাহ—একো. বেলে *, ক্যাল্কে, ক্যাম *, চায়, মার্কি, নক্স, পল স *, রস, সল্ফ, ভিরে।

" জোড়া লাগিলে—ক্যাল্কে, ক্যাম *, মার্কি, ফস্ফ, পল্সে *, রুস *, সল্ফ।

" পক্ষাঘাত—বেলে, ভিরে *।

" আঞ্জনী—পল্সে *, সল্ফ।

" স্ফীততা—একো, ক্যাল্কে, মার্কি *, নক্স *, পল্সে, রস, সল্ফ *।

" কম্পন—বেলে, ক্যাল্কে, *, ইপি।

" স্পন্দন—ক্যাম *, নক্স *, সল্ফ।

অক্ষিপুট প্রদাহ—ইনফ্লামেশন অব আইলিড্।

একো—চক্ষুপাতা স্ফীত, শক্ত, লাল ও উত্তপ্ত। জ্বালাযুক্ত। শুষ্ক। আলোকাসহ্যতা। ই

বেলে—চক্ষুর পাতার কিনারা উল্টাইয়া গেলে। চক্ষুপুটের বাহ্য প্রদেশে ও ধারের প্রদাহ।

ক্যাল্কে—কর্ত্তনবৎ বেদনা, (বিশেষ পড়িবার সময়)।

ক্যাম—অক্ষিপুটের আক্ষেপিক. অবরোধ কিম্বা অত্যন্ত ভার-বোধ।

চায়—অভ্যন্তর প্রদেশে সুড় সুড় বোধ ও অধিক পরিমাণে জল নিঃসরণ।

মার্কিউ—গুলিবেধ ও জ্বলন-শীল বেদনা। কণ্ডুয়ন অথবা বেদনা-বিহীনতা।

নক্স—জ্বালাযুক্ত কণ্ডুয়ন, বিশেষতঃ চক্ষুপাতার ধারে।

অঙ্গর্থে চুনি বা বিকম্প—একো, আর্সি, বেলে, *, ব্রাই, ক্যাম,
ইপি, মার্ক, নক্স *, সল্‌ফ, ভিরে।

" গুল্মবায়ু-রোগ-যুক্ত—বেলে, ব্রাই *, নক্স *।

অঙ্গুলি ফাটা—মার্ক *।

" অবশতা—ক্যাল্কে *, ফস্ফ, সল্‌ফ।

" আকর্ষক বেদনা—পল্‌স *।

" স্পন্দনীয় বেদনা—চায়, পল্‌স।

" ছেদক বেদনা—একো, চায়, সল্‌ফ।

" স্ফীততা—রস, সল্‌ফ।

অঙ্গুষ্ঠসন্ধি-প্রদাহ—আর্নি, রস।

অঙ্গে ভারবোধ—আর্নি*, বেলে, ক্যাম, চায় *, নক্স*, ফস্ফ,
পল্‌স, রস, সল্‌ফ।

অক্ষিপুট প্রদাহ। (পূর্ব্বের পর)

পল্‌সে—অক্ষিপুটের ধারে প্রাদাহিক রক্তবর্ণতা। ক্ষুদ্র
ব্রণ।

রস—চক্ষুপাতার জড়তা যেন পক্ষাঘাত হইয়াছে, তৎসহ
জ্বালাযুক্ত কণ্ডূয়ন।

সল্‌ফ—চক্ষুপাতার কিনারায় ক্ষত। অতিশয় লালবর্ণ। যখন
বাহ্য প্রদেশ প্রদাহিত হয়।

ভিরে—চক্ষুপাতার শুষ্কতা। চক্ষু হইতে জল পড়া। চক্ষুপাতা
নাড়িতে কষ্ট, চক্ষুতে অত্যন্ত উত্তাপ বোধ।

অগ্নিমান্দ্য বা অজীর্ণ রোগ—আর্ণি, ব্রাই, ক্যাল্কে*, চায়*, হিপা*, মার্ক, নক্স*, ফস্ফ, পল্স, রস, সল্ফ *।

অজীর্ণ—অগ্নিমান্দ্য। ডিস্পেপ্সিয়া।

আর্ণি—স্নায়ুর স্পর্শাধিক্য ও উগ্রতা। সতত উদ্গার। কখন শটিত ডিম্ববৎ আস্বাদ। পীতাভনীলবর্ণ মুখাকৃতি।

ব্রাই—গ্রীষ্মকালে, আর্দ্র ও উষ্ণ সময়ে হইলে। অনবরত উদ্গার, বিশেষতঃ আহারের পর। ভুক্ত দ্রব্য বমন কিম্বা উদ্গীরণ। বস্ত্রাদি অসহনীয় কসাবোধ। আহারে অনিচ্ছা।

ক্যাল্কে—ঘন ঘন ক্ষুধা বোধ। বুক জ্বালা। অম্লতা। পাকাশয়ে শ্লেষ্মা সংস্থান। ২।৩ বা ৪দিন অন্তর মল ত্যাগ।

চায়—অবসন্নতা। তন্দ্রা। পূর্ণতা ও স্ফীততা। প্রত্যেক বার আহারের পর দুর্ব্বলতা বোধ। অনায়াসে নিদ্রার ব্যাঘাত জন্মান। দুর্ব্বলতাজনিত শারীর অপচয়ের পর।

হিপা—পুরাতন অজীর্ণ রোগ, বিশেষতঃ যাহারা অধিক পরিমাণে পারদ সেবন করিয়াছে। সতর্কতার সহিত আহার করিলেও পাকাশয়ের বিশৃঙ্খলা, প্রাতে বিবমিষা, বমন ও উদ্গার। গলায় শ্লেষ্মা সঞ্চয়। মল কঠিন ও শুষ্ক এবং তাহা কষ্টে নির্গত হয়।

মার্ক—পাকাশয়ের উপর চাপ বোধ। বুকজ্বালা। অতরল খাদ্যে অনিচ্ছা। মিষ্ট ও তিক্ত আস্বাদ, বিশেষতঃ প্রাতে পাকাশয়ের উপর চাপ, কষ্ট ও বেদনানুভব।

অতিসার—(উদরাময় দেখ)।

অনম্যতা শরীরের—বেলে*, ইপি*।

,, অঙ্গ প্রত্যঙ্গের—আর্সি, মার্ক, নক্স*।

অজীর্ণ (পূর্ব্বের পর)।

নক্স—প্রথমাবস্থায় ভুক্ত দ্রব্যের উদ্গীরণ। মস্তকের জড়তা। মস্তক ঘূর্ণন। উদরস্ফীতি। বুকজ্বালা। কোষ্ঠবদ্ধ। ভুক্ত দ্রব্য বমন। পাকাশয়ের উপর পূর্ণতা ও কসাবোধ। বস্ত্রাদি কসাবোধ। আলস্য, অধিক অধ্যয়ন ও মদ্যপানজনিত রোগে। পাকাশয়ে আম-সংস্থিতি।

পল্স—স্ত্রীলোকদিগের পীড়া। কোমলপ্রকৃতিক লোক। তৃষ্ণার অভাব। সর্ব্বদা জলবৎ মল। খাদ্যাস্বাদযুক্ত উদ্গার। মুখ দিয়া জলউঠা। বিবমিষা। তৈলাক্ত দ্রব্য আহার বশতঃ রোগ হইলে।

রস—আহারের পর উদ্গার, পূর্ত্তিবোধ ও নিদ্রাবেশ। বেদনা-কর শূন্য উদ্গার।

সল্ফ—পুরাতন অজীর্ণ রোগ। অম্লপিত্ত, বুকজ্বালা ও মুখ দিয়া জলউঠা। যদি আলস্য পরবশতার জন্য রোগ হয়। অতিশয় অধ্যয়ন-জনিত রোগ। শ্বাসকষ্ট। বিবমিষা। পাকাশয়ে বেদনা। উদ্গীরণ বা বমন। অনবরত উদ্গার।

অন্ত্র-প্রদাহ—একো*, আর্সি*, বেলে, ব্রাই, ক্যাম্ফে, চায়, মার্ক, নক্স, পল্‌স।

অন্ত্র বৃদ্ধি - (সাধারণতঃ)—একো, নক্স *, পল্‌স *, ভিরে।

অন্ত্র-প্রদাহ—এন্টিরাইটিস।

একো—ভয়ানক জ্বর। উদরে ভার ও আকৃষ্টতা বোধ। স্পর্শে বেদনানুভব।

আর্সি—অনৈচ্ছিক ভাবে তরল দুর্গন্ধ মল নিঃসরণ। মুখাকৃতি বসা। শাখাদ্বয়ের শীতলতা। সাতিশয় দৌর্ব্বল্য।

বেলে—প্রলাপ। অন্ত্র শক্ত, স্ফীত, বেদনাযুক্ত, উত্তপ্ত ও তৎসহ অল্প আক্ষেপিক বেদনা। উদরে পাথরের ন্যায় ভারানুভব।

ব্রাই—অত্যন্ত উত্তপ্তাবস্থায় শীতলদ্রব্য পানজনিত পীড়া, উদরে গোচ্‌ড়ান ও কর্ত্তনবৎ বেদনা। জলবৎ মল-নিঃসরণ।

ক্যাম—মল জল ও আঠাবৎ এবং শ্বেত বা হরিৎবর্ণ, তৎসহ রাত্রিতে অত্যন্ত পেট বেদনা। নিদ্রাবস্থায় চম্‌কাইয়া উঠা।

মার্ক—উদর স্পর্শে বেদনাযুক্ত, কঠিন ও স্ফীত। পিত্তসংযুক্ত মল। ছুরিকা দ্বারা কর্ত্তনবৎ বেদনা। মলবেগ, তৎসহ কোঁতানি ও রক্ত নির্গমন।

অন্ত্রবৃদ্ধি—হার্নিয়া।

একো—অতিশয় প্রদাহ। তিক্ত পৈত্তিক বমন।

অন্ত্রবৃদ্ধি—শিশুদের—নক্স *, ভিরে *।
,, আবদ্ধ—নক্স *, সল্ফ।
,, নাভিদেশীয়—নক্স *, ভিরে।
অন্ধতা—বেলে *, ক্যাল্কে, মার্ক, ফস্ফ *, পল্স *, সল্ফ,
,, দৈনিক—একো, ফস্ফ।
,, ক্ষণিক—বেলে *, ক্যাল্কে, মার্ক *, ফস্ফ *, পল্স।
,, রাত্রিকালীন—বেলে, ভিরে।
,, সাময়িক—চায়, ফস্ফ, পল্স, সল্ফ।

অন্ত্রবৃদ্ধি (পূর্ব্বের পর।)

নক্স—অন্ত্রবৃদ্ধি অধিক বেদনাযুক্ত না হইলে। অল্প বমন, কিন্তু অতিশয় শ্বাসকষ্ট। সর্দ্দি কিম্বা অমিতাচারজনিত হইলে।

সল্ফ—অম্লাস্বাদযুক্ত পিত্তবমন। প্রাচীন রোগে।

ভিরে—বমনের সঙ্গে শীতল ঘর্ম্ম এবং শাখাদ্বয়ের শীতলতা।

অন্ধতা—এমোরোসিস (স্নায়ুর দৌর্ব্বল্য-জনিত দৃষ্টিলোপ বা তিমির দৃষ্টি)।

বেলে—চক্ষুর তারা প্রসারিত ও নিশ্চেষ্ট। চক্ষুকোটরে চাপক ও প্রসারক বেদনা। রক্তাধিক্য কিম্বা কোন সূক্ষ্ম কর্ম্ম করা জনিত হইলে। আলোকাসহতা।

ক্যাল্কে—বিশেষতঃ পড়িতে। অত্যন্ত আলোকাসহতা। কনীনিকা (চক্ষুর তারা) অত্যন্ত প্রসারিত।

অপস্মার (মৃগী)—আর্সি, বেলে, ক্যাল্কে, *, সি *, ইপি, নক্স, সল্‌ফ।

অন্ধতা (পূর্ব্বের পর)।

মার্ক—চক্ষুর অনুভূতির আধিক্য, বিশেষতঃ অগ্নির জ্যোতিতে কিম্বা দিবালোকে।

ফস্—সকল বস্তু একটী ধূসর বর্ণ আবরণে আবরিত বোধ হয়। দিবার আলোক চক্ষে সহে না।

পল্‌স—চক্ষু হইতে সর্ব্বদা ও অধিক পরিমাণে জল পড়ে, বিশেষতঃ অনাবৃত বায়ুতে বহির্গত হইলে। চক্ষুর সম্মুখে কিছু আছে ও চক্ষু মুছিলে তাহা যাইবে, এইরূপ বোধ হওয়া। কনীনিকার সংকোচন।

সল্‌ফ—যেন কোয়াসা বা কাল আচ্ছাদন চক্ষুর সম্মুখে রহিয়াছে। অত্যন্ত অশ্রুস্রাব। চক্ষুর শুষ্কতা; সূর্য্যের আলোক দর্শনে অশক্তি ও কষ্টবোধ।

ভিরে—চক্ষুর সম্মুখে কাল চিহ্ন বা স্ফুলিঙ্গ বোধ। অশ্রুস্রাব।

অপস্মার—এপিলেপ্‌সি।

আর্সি—পাকাশয়ে জ্বালা, পৃষ্ঠবংশ ও পেটে জ্বালা। ই

বেলে—মস্তকে রক্তসঞ্চয় সহ মস্তক ঘূর্ণন। মুখমণ্ডল আরক্তিম, উত্তপ্ত ও স্ফীত। কনীনিকা প্রসারিত। গলায় আক্ষেপ ও তাহাতে নিশ্বাস বন্ধের আশঙ্কা। সম্পূর্ণ অজ্ঞানতা। অচৈতন্যবৎ নিদ্রা। অঙ্গস্পর্শ ও কিছু প্রতিবাদ করিলে রোগের পুনরাবেশ হয়।

অভিঘাত জ্বর—আর্সি, বেলে, ক্যাল্কে, চায়, ফস্ফ, সল্ফ।

অপস্মার। (পূর্ব্বের পর।)

ক্যাল্কে—পুরাতন রোগে। রাত্রিকালীন রোগাক্রমণ। পীড়া দন্তোদ্ভেদের সহযোগী হইলে।

সি—কৃমি হইতে হইলে।

নক্স—অঙ্গ প্রত্যঙ্গাদিতে অসাড় বোধ।

সল্ফ—অধিক দিন স্থায়ী রোগ কিম্বা কোন প্রকার উদ্ভেদের অদৃশ্যতা বশতঃ তাহা বৃদ্ধি হইলে।

(খেঁচুনি দেখ)।

অভিঘাত বা বিলেপী জ্বর—হেক্‌টিক ফিবর।

আর্সি—অতিশয় দৌর্ব্বল্য, রাত্রিতে ঘর্ম্ম। তৃষ্ণা, সতত জল পান করিতে ইচ্ছা, কিন্তু প্রতিবার অল্প পরিমাণে পান।

ক্যাল্কে—সতত উত্তাপ বোধ। সহজে ঘর্ম্ম হওয়া। স্বাস্থ্য সম্বন্ধে ভয়।

চায়—অতিশয় ক্ষুধা। ক্ষয়কাশজ জ্বর। দৌর্ব্বল্যকর শারীর অপচয় কিম্বা দুরন্ত ব্যাধি-জনিত হইলে।

ফস্ফ—দুর্ব্বলকর পেটের পীড়া। রাত্রিতে অবসাদনকর শীতল ঘর্ম্ম।

সল্ফ—গণ্ডদেশের গোলাকার উজ্জ্বল আরক্ততা। পাতলা ও আঠাবৎ মল। অম্ল ও দুর্গন্ধ নৈশ ঘর্ম্ম।

অর্কাঘাত বা সর্দ্দিগর্ম্মি—একো, বেলে*, ব্রাই।

অর্ব্বুদ (আব্) (সাধারণতঃ)—আর্ণি, আর্সি*, বেলে *, ব্রাই, ক্যাল, চায়, মার্ক *, ফস্ফ, পল্স, রস, সল্ফ।

" জ্বালাযুক্ত—একো, আর্ণি, আর্সি*. বেলে, ব্রাই *, মার্ক, ফস্ফ, পল্স, রস, সল্ফ।

" জলপূর্ণ—আর্সি *, ব্রাই *, চায় *, মার্ক, পল্স, রস, সল্ফ *।

" কঠিন—আর্ণি, ব্রাই *, ক্যাল, ফস্ফ *, পল্স *, রস, সল্ফ।

" প্রাদাহিক—একো, আর্ণি আর্সি, বেলে *, ব্রাই *, ক্যাল, মার্ক *, ফস্ফ, পল্স *, রস, সল্ফ।

" কণ্ডূয়নযুক্ত—মার্ক, পল্স, রস *, সল্ফ।

" কণ্টক বেধ বোধ—ব্রাই *, পল্স *, রস, সল্ফ।

" সছিদ্র (স্পঞ্জবৎ) আর্সি, বেলে, ল্যাকি *, ফস্ফ *, সল্ফ।

" তৈলাক্ত দ্রবাপূর্ণ,—ক্যাল *, ফস্ফ।

" শ্লৈষ্মিক ঝিল্লীর (নাসাভ্যন্তরের) ক্যাল্কে*, ফস্ফ*।

অর্কাঘাত—সার্দ্দি গর্ম্মি (সন্‌ষ্ট্রোক)।

একো—প্রাদাহিক জ্বর লক্ষণ থাকিলে।

বেলে—অজ্ঞানতা। মস্তকে ভয়ানক অজ্ঞানকর বেদনা। অচৈতন্যতা।

ব্রাই—মস্তকে অতিশয় পূর্ণতা বোধ। অক্ষুধা, তৃষ্ণা, জ্বর, কম্পন, বিবমিষা কিম্বা বমন।

অর্শ (সাধারণতঃ)—আর্সি, ক্যাল্কে, ল্যাকি *, নক্স *, ফস্ফ, পল্স *, সল্ফ *।

" রক্তস্রাবযুক্ত—একো *, বেলে, ক্যাল্কে, ইপি *, সল্ফ।

" জ্বালা বা বেদনা যুক্ত—আর্সি *, নক্স।

" পুরাতন —নক্স *, সল্ফ *।

" প্রাদাহিক—আর্সি *, নক্স *, পল্স *, সল্ফ।

" আম নিঃসরণ সহ—নক্স, পল্স, সল্ফ।

" কটি বেদনা সহ —একো, বেলে, নক্স।

" বলী বহির্গত হইলে—ফস্ফ, পল্স *, সল্ফ *।

" স্ফীত—কার্ব্ব*।

" ক্ষতযুক্ত—ক্যাম।

অর্শ—পাইল্স। (মলদ্বারের বাহিরে ও ভিতরে ক্ষুদ্র ক্ষুদ্র বলী হয়)।

একো—রক্তস্রাবী অর্শ, তৎসঙ্গে মলদ্বারে সূচীবেধবৎ বোধ। উদরে পূর্ণতা বোধ।

আর্সি—জ্বালা ও উত্তাপ। অতিশয় দুর্ব্বলতা।

ক্যাল্কে—যদি সল্ফর দ্বারা কোন ফল না দর্শে, ও অর্শ হইতে সর্ব্বদা রক্ত পড়ে।

ল্যাকি—গুলিবেধবৎ বেদনা ও মল ত্যাগ করিতে যত্ন। সরক্ত অর্শ।

নক্স—সরক্ত ও নীরক্ত অর্শ। অচরিষ্ণু ব্যক্তি ও যাহারা কফি বা মদ্য অধিক ব্যবহার করে, তাহাদের কিম্বা গর্ভবতী স্ত্রীদিগের পক্ষে বিশেষ উপযোগী। কোষ্ঠবদ্ধ, তৎসঙ্গে মলত্যাগের

অবসাদবায়ু রোগ—ক্যাল্কে*, চায়, নক্স*, ফস্ফ, পল্‌স সল্‌ফ*।

অর্শ—(পূর্ব্বের পর)।

নিস্ফল চেষ্টা। পৃষ্ঠে থেৎলান বেদনা। রোগী উঠিতে অশক্ত। অর্শ ধাতুপ্রবণ ব্যক্তি।

ফস্ফ—মলত্যাগের পর অতিশয় রক্তস্রাব।

পল্‌স—পৃষ্ঠবেদনাসহ রক্ত ও আম নিঃসরণ, বিশেষতঃ রোধাধিক্যপ্রবণ ব্যক্তিদের। অর্শ হইতে রক্তস্রাব রুদ্ধ হইলে।

সল্‌ফ—কোষ্ঠবদ্ধ, তৎপরে সরক্ত আম নিঃসরণ। দুর্দ্দম্য রোগ অর্শ হওয়ার শারীরিক প্রকৃতি। সর্ব্বদা অর্শবলি বাহির হইলে। ইহা নক্স সহ পর্য্যায়ক্রমে ব্যবহার্য্য। পুরাতন রোগ ও গণ্ডমালা ধাতুপ্রবণ ব্যক্তির।

অবসাদবায়ুরোগ—হাইপোকণ্ড্রিয়েসিস্।

ক্যাল্কে—স্বাস্থ্য সম্বন্ধে নৈরাশ্য। গণ্ডমালীয় ধাতু প্রকৃতি। কোন প্রকার মানসিক শ্রম ও চিন্তা করিতে অশক্তি।

চায়—অসুখী হওয়ার একটি বিশেষ ভাব দর্শান। অজীর্ণ ও পেট ফাঁপা; নিদ্রাতে ক্লান্তি দূর হয় না; যদি রোগ দৌর্ব্বল্যকর শারীর ক্ষতিজনিত হয়; অতিশয় বিরক্তি ভাব।

নক্স—ক্রোধ প্রবণতা, উগ্রতা; যকৃতের পীড়া বর্ত্তমানে; মস্তকে অসুখ বোধ, তৎসঙ্গে চাপক বেদনা, যেন মস্তিষ্ক একটী প্রেক দ্বারা বিদ্ধ হইয়াছে; কোষ্ঠবদ্ধ,

অস্থিকোমলতা—বেলে, ক্যাল্কে*, মার্ক, সল্ফ*।

অস্থিরতা—একো*, আর্সি*, বেলে*, ব্রাই, ক্যাল্কে, ক্যাম*, চায়, মার্ক*, নক্স, ফস্ফ, রস, সল্ফ*।

আঁচিল—বেলে, ক্যাল্কে*, সল্ফ*।

অবসাদবায়ুরোগ (পূর্ব্বের পর)।

সতত শয়ন করিতে ইচ্ছা; অচরিষ্ণুতা বা নড়া চড়া না করা বশতঃ রোগ হইলে।

ফস্ফ—বিশেষতঃ ক্ষীণ-শরীরী ব্যক্তিদের পক্ষে; অপরিমিততা জনিত রোগে।

সল্ফ—ক্লেশকর মানসিক উৎকণ্ঠা, শারীরিক ও মানসিক জড়তা; চাপক বেদনান্বিত শিরঃপীড়া; কোষ্ঠবদ্ধ। মস্তকে বিশৃঙ্খলা বোধ; চিন্তা ও বুদ্ধিবৃত্তি পরিচালনে অক্ষমতা।

পল্স—ক্রন্দন প্রবণতা, স্থির ও নিস্তব্ধ প্রকৃতি।

অস্থিকোমলতা—রিকেট্স।

বেলে—উদর কঠিন ও বিস্তৃত, তৎসঙ্গে অস্থির ও দোলায়মান গতি।

ক্যাল্কে—যখন পৃষ্ঠবংশ দুর্ব্বলতা বশতঃ শরীরের ভার বহনে অক্ষম হয়; অস্থি কোমল ও বিকৃত; শিশুদিগের মস্তক স্ফীত ও বড়।

মার্ক—যাহাদের গ্রন্থিসকল ফুলিয়া উঠে অর্থাৎ যাহাকে সচরাচর বিচি আওরাণ বলে, তাহাদের পক্ষে।

সল্ফ—সকল অবস্থায়, বিশেষতঃ যখন পৃষ্ঠবংশ বক্রভাব ধারণ করে।

আক্ষেপ বা খেঁচুনী—(সাধারণতঃ) একো, আর্সি, বেলে*, ব্রাই, ক্যাম, ইপি, মার্ক, নক্স*, সল্ফ, ভিরে।

আক্ষেপ—স্প্যাজম—কন্ভল্সন্।

একো—আলস্যপরবশ যুবা ও রক্তপ্রধান ব্যক্তিদের পক্ষে।

আর্সি—মৃগীর ন্যায় আক্ষেপ ও তৎসঙ্গে পেট জ্বালা; পৃষ্ঠবংশে ও উদরে জ্বালাবোধ।

বেলে—মুখমণ্ডলের বিকম্পতা; মস্তিষ্কে রক্তাধিক্য ও মস্তক ঘূর্ণন; কনীনিকা প্রসারিত; অঙ্গ সংস্পর্শে কিম্বা কোন প্রকার প্রতিবন্ধকে আক্ষেপ বৃদ্ধি; সম্পূর্ণ অজ্ঞানতা; গভীর অচৈতন্যবৎ নিদ্রা, তৎসঙ্গে মুখাকৃতি হাস্যবৎ ও বিকৃত। হঠাৎ নিদ্রা হইতে ক্রন্দনের সহিত চম্কিয়া উঠা।

ক্যাম—মস্তকের অনৈচ্ছিক সঞ্চালন; এক গণ্ডদেশ লালবর্ণ; শিশুদের পক্ষে বিশেষ উপযোগী; যদি পীড়া ক্রোধজনিত হয়।

ইপি—হাঁপানি, আহারে অরুচি; আক্ষেপ বশতঃ শরীর পশ্চাদ্ভাগে বক্র হইলে।

মার্ক—ক্রিমিজনিত আক্ষেপ, তৎসঙ্গে উদর বিস্তৃত ও কঠিন।

নক্স—অঙ্গাদিতে অনমনীয়তা বোধ, যেন তাহা অবশ হইয়াছে।

সল্ফ—পুরাতন রোগে; পুরাতন উদ্ভেদ বিলোপজনিত রোগে।

ভিরে—অতিশয় অসুস্থতা ও নৈরাশ্যাবস্থায়।

আক্ষেপ ক্রন্দন সহ—বেলে *।

„ মুখ স্ফীততা সহ—বেলে *, ক্যাম।

„ চক্ষু, চক্ষুপাতা বা মুখমণ্ডলের খেঁচুনীসহ—বেলে, ক্যাম।

„ কনীনিকার প্রসারণ সহ—বেলে *।

„ বমন সহ—নক্স।

আঙ্গুলহাড়া—হেপা *, মার্ক, সল্ফ, একো, সাইলি।

আঘাত—সাধারণতঃ আর্ণি *, ফস্ফ, পল্স, রস।

„ রক্তস্রাব সহ—আর্ণি, ল্যাকি *, ফস্ফ।

„ পচনযুক্ত—আর্সি *, চায় *, ল্যাকি *।

„ প্রদাহিত—ক্যাম *, মার্ক, পল্স, রস, সল্ফ।

„ সন্ধিতে—আর্ণি, ব্রাই, ফস্ফ, রস *।

„ সপূঁয—ক্যাম, চায়, হেপা *, মার্ক*, পল্স*, সল্ফ।

আঞ্জনী—পল্স*, সল্ফ*।

আঙ্গুলহাড়া—হুইট্‌লো।

হেপার—পূঁয হওয়ার উপক্রমে। স্পর্শে অত্যন্ত বেদনা বোধ। পূঁযোৎপাদন বৃদ্ধি করণার্থ।

মার্ক—চিকিৎসার প্রারম্ভে প্রযোজ্য।

সল্ফ—রোগ পুনরায় না হইতে পারে, তজ্জন্য ব্যবহার্য্য। প্রথমাবস্থায় পীড়ার বৃদ্ধি নিবারণার্থ প্রযোজ্য।

একো—জ্বর বেশী থাকিলে।

সাইলি—প্রথমাবস্থায় প্রযোজ্য।

(স্ফোটক দেখ)

আধ্মান—উদরাধ্মান দেখ।

আম বা শ্লৈষ্মিক জ্বর—ইপি, মার্ক*, নক্স, পল্স* ।

আমবাত (শীতপিত্ত)—একো*, আর্সি, বেলে, ব্রাই*, ক্যাল্কে, পল্স, রস*, সল্ফ*, ভিরে।

,, পুরাতন—আর্সি*, ক্যাল্কে*, হেপার *, রস, সলফ।

আমবাত—শীতপিত্ত—আর্টিকেরিয়া।

একো—অত্যন্ত জ্বর থাকিলে।

আর্সি—দুর্দ্দম্য রোগে; অপক্ক ফল ভক্ষণের পর পীড়া হইলে, তৎসঙ্গে শরীরে অত্যন্ত জ্বালা থাকিলে।

বেলে—মস্তিষ্কে রক্তাধিক্য ও শিরঃপীড়া বর্ত্তমানে।

ব্রাই—হঠাৎ উদ্ভেদের বিলোপ ও তৎপরে শ্বাসকৃচ্ছ্র; শিশু ও নব প্রসূতিদের পীড়ায়; সন্ধিস্থলের চতুষ্পার্শ্বে উদ্ভেদ আবির্ভূত হইলে। গ্রন্থি আক্রান্ত ও রোগ আর্দ্র বায়ুজনিত হইলে।

ক্যাল্কে—শীতল বায়ুতে উদ্ভেদ মিলাইয়া গেলে।

হেপা—যখন ইহার সঙ্গে অতিশয় সর্দ্দি থাকে।

পল্স—যদি গুরুপাক ও তৈলাক্ত দ্রব্য ভক্ষণ বশতঃ রোগ হয়; পাকাশয়ের বিশৃঙ্খলা বর্ত্তমানে।

রস—যখন মৎস্য ও গুরুপাক দ্রব্য ভক্ষণে পীড়া হয়; জ্বালা ও কণ্টক বেধবৎ বোধ।

সল্ফ—যদি অন্য কোন ঔষধের দ্বারা স্থায়ী উপকার লব্ধ না হয়।

আমাশয়িক বিশৃঙ্খলা—আর্নি*, আর্সি, ব্রাই*, ক্যাল্কে, চায়, ইপি*, মার্ক, নক্স*, পল্‌স*।

আমাশয়িক বিশৃঙ্খলা—গ্যাষ্ট্রীক ডিরেঞ্জমেণ্ট।

আর্নি—বাহ্যিক আঘাত বশতঃ পীড়া। মানসিক শ্রম ও অনবরত নিদ্রার অভাবজনিত রোগ। পচিত ডিম্বাস্বাদবৎ উদ্গার। স্নায়ুর উগ্রতা।

আর্সি—পিপাসাধিক্য। অল্প পরিমাণে সতত পানেচ্ছা। পাকাশয়ে ও উদরে জ্বালাযুক্ত বেদনা। পিত্ত ও হরিৎবর্ণ বমন; অত্যন্ত বমনেচ্ছা।

ব্রাই—বিশেষতঃ গ্রীষ্মকালে এবং উষ্ণ ও আর্দ্র সময়ে পীড়া হইলে; পিত্ত বমন, পাকাশয়ের আকৃষ্টতা ও পূর্ণতা বোধ।

ক্যাল্কে—অম্ল উদ্গার, আস্বাদ বিহীনতা; অক্ষুধা; মুখ ও জিহ্বা আঠাবৎ।

চায়—সতত দুর্গন্ধ উদ্গার; অজীর্ণ দ্রব্য মিশ্রিত বমন।

ইপি—ভুক্ত দ্রব্য বমন, আঠাযুক্ত পদার্থ বমন। অক্লেশকর সজোর বমন; উদরে কর্ত্তন বেদনা; পীতবর্ণ তরল মল নিঃসরণ।

মার্ক—তিক্ত, দুর্গন্ধ ও ক্লেশকর আস্বাদ; পিত্ত ও শ্লেষ্মা বমন। উদরে বেদনা বোধ; দিনে তন্দ্রা ও রাত্রে নিদ্রার অভাব।

নক্স—পাকাশয়ে সচাপ আক্ষেপ; বেদনান্বিত চাপ ও আকৃষ্টতা বোধ; কোষ্ঠবদ্ধ, মলত্যাগের নিষ্ফল চেষ্টা; মস্তকে ভার ও জড়তা বোধ; তিক্ত উদ্গার, সতত বিবমিষা, ভুক্ত দ্রব্য বমন।

আমাশয়িক জ্বর—ব্রাই, ইপি *, মার্ক, নক্স *, পল্‌স *, ভিরে।

আমাশয়িক বিশৃঙ্খলা (পূর্ব্বের পর)।

পল্‌স—আঠাবৎ তরল মলযুক্ত পেটের পীড়া; শীত বোধ; ভুক্তদ্রব্য উদ্গীরণ; আহারে অনিচ্ছা; ভুক্তদ্রব্য বমন; দুর্গন্ধ তিক্তাস্বাদ বা স্বাদ বিহীনতা।

আমাশয়িক জ্বর—গ্যাষ্ট্রীক ফিবর।

ব্রাই—মস্তকে সূচীবেধন; কোষ্ঠবদ্ধ; অতিশয় দুর্ব্বলতা, অত্যন্ত উত্তাপ; জ্বালাযুক্ত পিপাসা; সর্ব্বশরীরে শীতবোধ ও কম্প।

ইপি—আহারে অনিচ্ছা ও বিবমিষা; ভুক্ত দ্রব্য উদ্গীরণ, অপাক দ্রব্য বমন; তরল ও পীতবর্ণ মল নিঃসরণ; সম্মুখ কপালে বেদনা; চর্ম্ম ফেকাসে পীতবর্ণ।

মার্ক—বমনশীল, পচিত বা তিক্তাস্বাদ; শ্লেষ্মা বমন; পাকাশয়ে ও তাহার উপরিভাগে বেদনা; দিবাভাগে তন্দ্রালুতা ও রাত্রিতে অনিদ্রা; জ্বালাযুক্ত পিপাসা।

নক্স—অজীর্ণ ভুক্তদ্রব্য বমন; সমগ্র পাকাশয় প্রদেশে বেদনাযুক্ত চাপ ও আকৃষ্টতা বোধ; ঘন ঘন নিস্ফল মলত্যাগের চেষ্টার সহিত কোষ্ঠবদ্ধ; মস্তকে ভার ও তৎসঙ্গে কপালে চাপক বেদনা; রক্তবর্ণ, উত্তপ্ত কিম্বা পীত ও নীলিম মুখমণ্ডল।

পল্‌স—ভুক্তদ্রব্য বমন ও উদ্গীরণ; আঠাবৎ শ্বেতবর্ণ, তিক্ত

আরক্তজ্বর (স্কার্লেট জ্বর)—একো*, আর্সি, বেলে*, ব্রাই, মার্ক, সল্ফ।

,, মারাত্মক—আর্সি*, বেলে।

,, উদ্ভেদ বিলুপ্ত হইলে—ব্রাই, সল্ফ*।

,, কণ্ঠ বেদনা সহ—বেলে*, মার্ক*।

,, সতত বমন—একো, আর্সি, বেলে, ইপি।

আল্‌জিহ্বা লম্বা হইলে—মার্ক।

,, প্রদাহ—বেলে, মার্ক, নক্স*, পল্স।

,, স্ফীততা—বেলে, মার্ক, নক্স*।

আস্বাদ উগ্র—আর্সি, নক্স, পল্স, সল্ফ।

,, তিক্ত—একো, আর্ণি, আর্সি, ব্রাই*, ক্যাল্কে, ক্যাম*, চায়, মার্ক*, নক্স*, পল্স*, সল্ফ, ভিরে*।

,, বসাবৎ বা চর্ব্বির ন্যায়—পল্স*।

,, নীরস—বেলে, ব্রাই*, চায়, ইপি, ফক্ষ, পল্স, সল্ফ।

,, অভাব—বেলে, ক্যাল্কে, মার্ক, ফক্ষ, পল্স*।

আমাশয়িক জ্বর (পূর্ব্বের পর)।

ও হরিৎবর্ণ দ্রব্য বমন; শ্বেতবর্ণ আঠাযুক্ত, পীত ও হরিৎবর্ণের তরল মল; পিপাসা ব্যতীত সতত শীত।

ভিরে—সমুৎসর্গ (মল) নিঃসরণান্তে সাতিশয় দুর্ব্বলতা।

আরক্ত জ্বর (এই জ্বরে সর্ব্বশরীরে রক্তবর্ণ উদ্ভেদ বাহির হয়)।

একো—অতিশয় জ্বর, পিত্ত বমন, মস্তকে রক্তাধিক্য। অনিদ্রা।

,, ধাতব—ক্যাল্কে, নক্‌স, রস।

,, ঘৃণ্য—ব্রাই, ক্যাল্কে, মার্ক, নক্‌স, পল্‌স*।

,, শটিত—একো, আর্নি*, আর্সি, বেলে, ব্রাই*, ক্যাম, চায়, মার্ক, নক্‌স, ফস্ফ, পল্‌স*, রস, সল্‌ফ।

,, লবণাক্ত—আর্সি, চায়, মার্ক*, ফস্ফ, পল্‌স, রস, সল্‌ফ।

,, অম্লাক্ত—আর্সি, ক্যাল্কে*, ক্যাম, চায়, মার্ক, নক্‌স*, ফস্ফ*, পল্‌স*, রস, সল্‌ফ*।

,, ঈষৎমিষ্ট—ব্রাই, চায়, মার্ক, নক্‌স, ফস্ফ, পল্‌স*, রস, সল্‌ফ।

আহারকালীন বা তৎপরের অসুস্থতা—

,, উদরাময়—আর্সি*, চায়*, ভিরে।

,, উদর বিস্তৃতি—ক্যাল্কে, কার্ব্ব*, ক্যাম, চায়*, ল্যাকি*, মার্ক, নক্‌স*, ফস্ফ, রস, সল্‌ফ।

,, উদ্গার—ব্রাই, ক্যাল্কে, চায়, মার্ক, নক্‌স, ফস্ফ, সল্‌ফ, ভিরে।

,, শিরঃপীড়া—চায়, নক্‌স*।

,, বুকজ্বালা—ক্যাল্কে, চায়, মার্ক, নক্স*, সল্‌ফ*।

,, আলস্য—চায়, ফস্ফ, সল্‌ফ*।

,, বিবমিষা—আর্সি, ব্রাই, নক্‌স*, ফস্ফ, পল্‌স*, রস, সল্‌ফ।

আরক্ত জ্বর (পূর্ব্বের পর)।

আর্সি—সম্পূর্ণ অবসাদন; গলায় পচনশীল প্রদাহ; আরক্ত জ্বরের পর উদরী হইলে।

" উদরে বেদনা—আর্সি, ব্রাই, চায়, নক্স*, পল্স*, রস, সল্ফ।

" পাকাশয়ে বেদনা—একো, আর্সি*, বেলে, ব্রাই, ক্যাল্কে, ফস্ফ, সল্ফ।

" ভুক্ত দ্রব্য উদ্গার—ব্রাই*, মার্ক, নক্স*, ফস্ফ, পল্স।

" শিরোঘূর্ণন—ক্যাম, ল্যাকি, নক্স, পল্স*।

" বমন—আর্সি*, নক্স*, পল্স, সল্ফ, ভিরে।

" মুখ দিয়া জলউঠা—সল্ফ।

" দৌর্ব্বল্য—চায়, সল্ফ*।

উগরণ—সাধারণতঃ—ব্রাই, ক্যাল্কে, নকস*, সল্ফ।

" তিক্ত—আর্সি, নক্স।

" আহারের পর—ব্রাই*, মার্ক, নক্স*, ফস্ফ, পল্স।

" ভুক্ত দ্রব্য—ব্রাই°, ল্যাকি*, নক্স*, ফস্ফ*, পল্স, সল্ফ*।

" অম্ল—ক্যাল্কে, কার্ব্ব*, ফস্ফ*, সল্ফ।

উত্তাপ,—শুষ্ক—একো*, আর্ণি, আর্সি, বেলে, ব্রাই*, ল্যাকি*, মার্ক, নক্স, ফস্ফ*, পল্স*, রস, সল্ফ।

উত্তাপ—বাহ্যিক—একো, আর্ণি, আর্সি*, বেলে, ব্রাই, মা́, নক্স, ফস্ফ, পল্স, রস*, সল্ফ।

আরক্ত জ্বর (পূর্ব্বের পর)।

বেলে—গলায় ভয়ানক প্রদাহ, তৎসঙ্গে আক্ষেপিক আকুঞ্চন। দম্ আটকানর আশঙ্কা। মস্তকে বেদনা।

ব্রাই—উদ্ভেদ বিলুপ্ত হইলে।

উত্তাপ—আভ্যন্তরিক—একো*, আর্ণি, আর্সি*, বেলে*, ব্রাই*, ক্যাল্কে, ক্যাম, নক্স*, ফস্ফ, পল্‌স, রস*, ভিরে।

,, তৃষ্ণাসহ—একো*, আর্ণি, আর্সি, বেলে, ব্রাই, ক্যাল্কে*, ক্যাম, হেপা*, মার্ক*, রস*, সল্‌ফ*।

,, তৃষ্ণা ব্যতীত—আর্সি*, চায়, ইপি, পল্‌স।

উদরে জ্বালা—আর্সি*, ল্যাকি*, নক্স, ফস্ফ*, ভিরে।

,, শৈত্য বোধ—আর্সি, ফস্ফ।

,, আধ্মান—(পেট ফাঁপা)—একো*, আর্ণি, আর্সি*, বেলে*, ক্যাল্কে, কার্ব্ব*, ক্যাম*, চায়*, মার্ক*, নক্স, পল্‌স, রস, সল্‌ফ, ভিরে।

,, বেদনাজনক—আর্সি, ক্যাম*, রস।

,, চর্ম্ম নিঘর্ষণ বোধ—বেলে*, নক্স*।

,, পরিপূর্ণতা—চায়, নক্স, সল্‌ফ।

,, কাঠিন্য—আর্সি, ক্যাল্কে, চায়, মার্ক*, ফস্ফ।

,, উষ্ণতা—বেলে, নক্স।

,, ভারবোধ—নক্স*, সল্‌ফ।

,, পেষণবৎ বেদনাবোধ—নক্স*।

,, খালধরাবৎ বেদনা—বেলে*, ক্যাল্কে, ক্যাম, চায়, হেপা*, নক্স*, সল্‌ফ।

আরক্ত জ্বর (পূর্ব্বের পর)।

মার্ক—তালুপার্শ্ব গ্রন্থি স্ফীত ও প্রদাহিত, তৎসঙ্গে লালাস্রাব কিম্বা ক্ষত।

উদরে কর্ত্তনবৎ বেদনা—একো, আর্সি*, বেলে, ক্যাল্কে, ক্যাম, মার্ক, নক্স, পল্স, ভিরে।

,, মোচড়ান বেদনা—বেলে*, ক্যাল্কে, চায়, ইপি, সল্ফ।

,, চিম্টী কাটাবৎ বেদনা—বেলে, চায়*, ইপি, মার্ক, নক্স*।

উদরে গুলিবেধবৎ বেদনা—আর্ণি, ব্রাই, মার্ক, সল্ফ*।

,, আক্ষেপিক বেদনা—আর্সি*, ব্রাই, ক্যাল্কে, ক্যাম, নক্স, পল্স*, সল্ফ।

,, ছুরিকাবেধবৎ বেদনা—ক্যাম, মার্ক।

,, ছেদক বেদনা—আর্সি, ল্যাকি*।

,, প্রচণ্ড বেদনা—আর্সি*, চায়, মার্ক।

,, প্রস্তরবৎ চাপবোধ—বেলে, ক্যাল্কে, মার্ক, নক্স, সল্ফ*।

,, শব্দ হওয়া—(পেট ডাকা)—একো, আর্ণি, ক্যাল্কে, নক্স, পল্স, সল্ফ।

,, ক্ষতবৎ বোধ—একো, আর্সি বেলে*, ক্যাম, মার্ক*, নক্স* পল্স, সল্ফ*।

,, স্পর্শে ক্ষতবৎ বোধ—বেলে, ক্যাম, মার্ক, নক্স*, পল্স, সল্ফ, ভিরে।

,, স্ফীততা (উপরিভাগে)—আর্সি*, মার্ক, নক্স, ভিরে।

,, উদরীবৎ স্ফীততা—একো, আর্সি*, ব্রাই*, চায়, মার্ক।

উদরে ভারবোধ—নক্স*।

আরক্ত জ্বর (পূর্ব্বের পর)।

সল্ফ—যদি বেলেডোনা দ্বারা মস্তিষ্কীয় লক্ষণাদি উপশমিত না হয়। অচৈতন্য নিদ্রা। চম্কান, থেঁচুনী কিম্বা অনবরত প্রলাপ।

উদরে রক্তাধিক্য—বেলে, মার্ক, নক্স, পল্‌স, সল্‌ফ*।

উদরাধ্মান—(সাধারণতঃ)—বেলে, কার্ব্ব*, ক্যাম, চায়, নক্স, ফস্ফ, পল্‌স, ভিরে।

,, আবদ্ধ—ক্যাল্কে, কার্ব্ব*, ক্যাম*, চায়*, নক্স*, ফস্ফ, পল্‌স*।

উদরাময়—(সাধারণতঃ)—একো, আর্সি*, ব্রাই*, ক্যাল্কে, কার্ব্ব*, ক্যাম*, চায়*, ইপি, মার্ক*, নক্স, ফস্ফ, পল্‌স*, রস, সল্‌ফ*, ভিরে*।

,, শীত ও শীতলতা জনিত—আর্সি, ব্রাই*, ক্যাম, মার্ক* ভিরে।

,, পুরাতন—ক্যাল্কে, ফস্ফ*, সল্‌ফ*।

,, শীতল পানীয় জনিত—আর্সি*, ব্রাই।

,, শূল বেদনা সহ—আর্সি*, ব্রাই, ক্যাম*, ইপি*, মার্ক*, নক্স, পল্‌স*, রস, সল্‌ফ, ভিরে*।

উদরে রক্তাধিক্য।

নক্স—যাহারা আলস্যে জীবন যাপন অথবা অত্যন্ত অধ্যয়ন করে, তাহাদের পক্ষে উপযোগী। কোষ্ঠবদ্ধ।

সল্‌ফ—সাধারণতঃ ও কঠিনতর রোগে ব্যবহার্য্য।

উদরাধ্মান (পেটফাঁপা) ফ্লাটুলেন্স।

কার্ব্ব—অল্প আহারের দ্বারা হইলে।

ক্যাম—বায়ুযুক্ত পেটফাঁপা ও তৎসহ উদরের উপরের দিকে চাপ বোধ।

,, কোষ্ঠবদ্ধ সহ (পর্য্যায়ক্রমে)—আর্সি, ব্রাই, নক্স*, রস।
,, ক্ষয় রোগগ্রস্ত ব্যক্তিদের—ক্যাল্কে, চায় *, ফস্ফ।
,, দুর্ব্বল ব্যক্তিদের—ক্যাল্কে, চায় *, ফস্ফ।
,, ফল ভোজন হইতে—আর্সি, পল্স।
,, উদরের বিশৃঙ্খলা হইতে—ইপি, নক্স, পল্স *।
,, বৃদ্ধদিগের—ব্রাই, ফস্ফ *।
,, বেদনাহীন—আর্সি*, বেলে, চায়, ফস্ফ*, সল্ফ, ভিরে।
,, পেট কামড়ানি ও কোঁতানি সহ—একো, আর্সি, বেলে, মার্ক*, নক্স*, রস, সল্ফ*।
,, ভয়ানক—আর্সি*, ভিরে*।
বমনসহ—আর্সি*, ইপি*, ফস্ফ, পল্স, ভিরে*।
দৌর্ব্বল্যসহ—আর্সি, ফস্ফ, ভিরে*।
উদরাময়—উগ্র মলসহ—আর্সি, ক্যাম, মার্ক*, পল্স, সল্ফ।

উদরাধ্মান (পেটফাঁপা) পূর্ব্বের পর।

চায়—অপাক দ্রব্য ভক্ষণ জনিত। তৈলাক্ত মাংস কিম্বা ফল ভোজনানন্তর পীড়া হইলে ও তৎসহ উদর স্ফীততা থাকিলে।

নক্স—আহার ও পানের পর সাতিশয় পেট ফাঁপিলে।

পল্স—তৈলাক্ত মাংস এবং গুরুপাক দ্রব্য সেবন।

সল্ফ—গুরুতর রোগে ও দুশ্চিকিৎস্য স্থলে।

উদরাময়—ডায়ারিয়া।

আর্সি—জল ও আঠাবৎ মল। পানভোজনের পর। অতিশয় দুর্ব্বলতা। শরীরের শুষ্কাবস্থা। অতিশয় তৃষ্ণা। রাত্রি ও দ্বিপ্রহর রাত্রির পর।

উদরাময় পৈত্তিক মল—আর্সি, ক্যাম*, চায়, ইপি, মার্ক*, পল্‌স, ভিরে।

,, কৃষ্ণবর্ণ মলসহ—আর্সি*, ব্রাই, চায়*, ইপি, মার্ক।

,, মল, রক্তযুক্ত—আর্সি*, ইপি, মার্ক*, নক্‌স, পল্‌স, রস, সল্‌ফ।

,, ,, রক্তামাশয় যুক্ত—আর্সি*, বেলে, ইপি, মার্ক*, নক্‌স, রস, সল্‌ফ।

উদরাময় (পূর্ব্বের পর)।

ব্রাই—গ্রীষ্মের উত্তাপ বশতঃ। শীতল পানীয়-জনিত পীড়া।

ক্যাল্কে—গণ্ডমালা রোগগ্রস্ত শিশুদিগের পুরাতন উদরাময়।

চায়—অপাক দ্রব্য মিশ্রিত পিঙ্গলবর্ণের মল, রাত্রিতে হয়।

ইপি—পীতবর্ণ, আঠা ও জলবৎ মল।

মার্ক—জলবৎ, আঠা ও ফেনিল, পিত্ত ও রক্ত মিশ্রিত মল। শীত ও কম্প, বিশেষতঃ রাত্রিতে।

নক্‌স—সর্ব্বদা অল্প পরিমাণে মলত্যাগ।

ফস্ফ—পুরাতন ব্যাধি। বেদনাবিহীন উদরাময়।

পল্‌স—আঠাবৎ সাদা মল। অজীর্ণ বশতঃ হইলে।

রস—রাত্রিতে অঙ্গে বেদনা থাকিলে। মাথাব্যথা ও শূল-বেদনা।

সল্‌ফ—দুর্দ্দম্য রোগ। ঘন ঘন আঠাবৎ শ্বেত ও হরিৎবর্ণ মল। শরীর শীর্ণ। গণ্ডমালা রোগগ্রস্ত ব্যক্তিগণের।

ভিরে—উদ্গার, শীতলতা অনুভব। অবসাদন।

উদরাময় মল গাঁজাল মত—ইপি*,।

" " হরিতাভ—আর্সি*, ক্যাম*, চায়, ইপি*, মার্ক*, ফক্ষ*, পল্‌স*, সল্‌ফ, ভিরে।

" " অনৈচ্ছিক—আর্ণি, আর্সি*, বেলে*, চায়, ফক্ষ*, ভিরে*।

" " আমসংযুক্ত—আর্ণি, আর্সি, বেলে, ক্যাম*, চায়, ইপি, মার্ক*, নক্‌স*, ফক্ষ, পল্‌স, রস, সল্‌ফ।

" " সপূঁয—আর্ণি, চায়, মার্ক*, পল্‌স।

" " পচাগন্ধযুক্ত—আর্সি, কার্ব্ব*, চায়*, মার্ক*, নক্‌স।

" " অল্প অল্প—একো, বেলে, মার্ক, নক্‌স*।

" " অম্ল গন্ধযুক্ত—ক্যাল্কে, ক্যাম*, মার্ক, সল্‌ফ।

" " অজীর্ণ দ্রব্য মিশ্রিত—আর্ণি, আর্সি, চায়*, ফক্ষ*, সল্‌ফ।

" " জলবৎ—একো, আর্সি, ক্যাম*, চায়*, ইপি, নক্‌স*, ফক্ষ, পল্‌স*, রস, ভিরে।

উদরী—আর্সি*, ব্রাই, চায়*, মার্ক, সল্‌ফ। (শোথ দেখ)

উদ্গার (সাধারণতঃ)—আর্ণি*, বেলে*, ব্রাই*, চায়, মার্ক*, নক্‌স, ফক্ষ*, পল্‌স*, রস, সল্‌ফ*, ভিরে*।

" বিফল—বেলে, ফক্ষ।

" তিক্ত—আর্সি, ব্রাই*, চায়, মার্ক*, নক্‌স*, পল্‌স*, ভিরে।

" শটিত বা পচা গন্ধযুক্ত—আর্ণি, মার্ক, নক্‌স।

" অম্লযুক্ত—ব্রাই, ক্যাল্কে, ক্যাম, চায়, মার্ক, নক্‌স, ফক্ষ, পল্‌স, সল্‌ফ।

উদ্গার প্রবল—মার্ক, ভিরে।

,, বমনোদ্গমবৎ—একো, আর্ণি, বেলে*, ব্রাই, চায়, ইপি*, নক্স*, পল্স*, ভিরে*।

উদ্ভেদ নূতন—একো, বেলে*, ব্রাই*, মার্ক*, পল্স*, রস*।

,, জ্বালাযুক্ত—আর্সি*, বেলে, ব্রাই, মার্ক, নক্স, রস*, সল্ফ।

,, পুরাতন—আর্সি, ক্যাল্কে, রস, সল্ফ°।

,, শুষ্ক—আর্সি°, ক্যাল্কে*, মার্ক, ফস্ফ, ভিরে°।

,, আর্দ্র—কার্ব্ব°, রস*, সল্ফ°।

,, কণ্ডুয়নযুক্ত—ব্রাই, মার্ক, রস*, সল্ফ।

,, জলপূর্ণ—একো, আর্সি, বেলে ব্রাই*, ইপি, মার্ক°, রস, সল্ফ, ভিরে।

,, ,, লালবর্ণ—একো*, ব্রাই*, ইপি, মার্ক।

,, ,, বেগুণে বর্ণ—একো*।

,, ,, শুভ্রবর্ণ—আর্সি°, ব্রাই।

,, বেদনাযুক্ত—আর্সি, বেলে°, মার্ক, ভিরে।

,, সপূঁয—মার্ক*, রস°।

,, ফুস্কুড়িযুক্ত—আর্সি, বেলে, চায়, মার্ক*, ফস্ফ°, পল্স, রস*, সল্ফ।

,, মামড়ীযুক্ত—আর্সি, ক্যাল্কে*, রস*, সল্ফ।

,, শল্কযুক্ত—আর্সি, মার্ক, ফস্ফ*, সল্ফ।

,, খুস্কীযুক্ত—ক্যাল্কে°, ফস্ফ, রস°, সল্ফ।

,, অদৃশ্য হইলে—আর্সি, ব্রাই*, ক্যাম, ইপি*, ফস্ফ, পল্স, সল্ফ।

" বেগুণে বর্ণ—একো*, বেলে।

" গোলাপী বর্ণ—একো*, বেলে, ব্রাই*, মার্ক, পল্‌স*, রস।

উষ্ণতাতে অসুস্থতা বৃদ্ধি (সাধারণতঃ)—একো, ব্রাই. ক্যাম, মার্ক, পল্‌স*, সল্‌ফ, ভিরে।

„ শয্যায়—ক্যাম*, ড্রসি*, মার্ক*, ফস্ফ, পল্‌স, রস, সল্‌ফ*, ভিরে।

„ উপশম (সাধারণতঃ)—আর্সি*, হেপা*, নক্স*, রস*।

„ শয্যায়—আর্সি, ব্রাই, নক্স, রস।

উরুবেদনা থেত্‌লানবৎ—একো, মার্ক, নক্স।

„ আকর্ষক—ক্যাম, রস।

„ গুলি বেধবৎ—ক্যাল্কে, মার্ক, নক্স।

„ ছেদক—ক্যাম, চায়, রস।

উদ্ভেদ বেগুণে বর্ণ।

একো—জ্বর ও এপাশ ওপাশ করা।

বেলে—কণ্ঠ প্রদাহ। প্রলাপ।

উদ্ভেদ গোলাপী বর্ণ।

একো—জ্বর লক্ষণাদি।

বেলে—মস্তিষ্কীয় লক্ষণাদি। গলা বেদনা।

ব্রাই—অসুখকর ও দ্রুত শ্বাস।

পল্‌স—হামের মত উদ্ভেদ। যখন তৎসঙ্গে অম্লতা, বিবমিষা ও উদরাময় থাকে।

রস—অতিশয় উগ্রতা ও কণ্ডুয়ন।

উরুর অনগনীয়তা—রস।

„ দৌর্ব্বল্য—চায়, মার্ক, নক্স।

ওলাউঠা—আর্সি, ইপি, ভিরে*।

মারাত্মক—আর্সি, ক্যাম, ইপি*, ভিরে*

„ জনিতশূল—ক্যাম*, ভিরে*, একো*।

„ বৎ আমাশয়—ইপি, ভিরে*।

„ পূর্ব্ব উদরাময়—আর্সি*ভিরে।

ওলাউঠা—কলেরা।

আর্সি—অত্যন্ত অসুখ ও জ্বালার সঙ্গে পাকাশয়ে বেদনা। শরীর বরফের ন্যায় শীতল ও আঠাবৎ শীতল ঘর্ম্ম। অত্যন্ত দৌর্ব্বল্য ও অবসাদন। জলবৎ ভেদ ও বমন। অঙ্গাদিতে খাল ধরা। জিহ্বা ও ওষ্ঠ শুষ্ক ও ঈষৎ কৃষ্ণবর্ণ ও ফাটা। ক্ষুদ্র, দুর্ব্বল, বিরামশীল ও কম্পনশীল নাড়ী স্পন্দন।

ইপি—বমনের প্রাধান্য থাকিলে।

ভিরে—ভেদ বমনে। শীতলতা ও দুর্ব্বলতা। পায়ে খালধরা। অত্যন্ত সাংঘাতিক অবস্থা।

একো—রোগের প্রথমাবস্থায় অতিসারের সঙ্গে উদরে বেদনা থাকিলে ও শরীর শীতল হইলে, ইহার উগ্র অরিষ্ট বা প্রথম দশমিক ক্রম (ডাইলিউসন) এক এক ফোঁটা মাত্রায় প্রযোজ্য।

চায়—যদি মলের সহিত অজীর্ণ ভুক্ত দ্রব্য নিঃসৃত হয়। পীড়া-রোগের পর দুর্ব্বলাবস্থায়।

ক্যাম্ব—মূত্রাবরোধ থাকিলে প্রযোজ্য।

ওষ্ঠাধর ঈষৎ স্ফীত—আর্সি, বেলে*, ব্রাই, মার্ক, রস।

ওলাউঠা (পূর্ব্বের পর)।

পল্‌স—মেদ বা তৈলাক্ত পদার্থ সেবন বশতঃ পীড়া হইলে। মল প্রথমে সবুজ বর্ণ, পরে আমসংযুক্ত হইলে। স্ত্রীলোক-দিগের পক্ষে বিশেষ উপযোগী। হিক্কা সহ শ্বাসরোধ।

নক্স—অপরিমিত মদ্য ও গুরুপাক দ্রব্য আহারের পর হইলে, পাকাশয়ে অম্লতাতিশয্য। প্রাতঃকালে অতিসার আরম্ভ হইলে। উগ্রধাতুর লোকদিগের পক্ষে। পাকাশয়ে আধ্মান এবং তাহা পিত্তাবরোধ জনিত হইলে।

ফস্ফ—পুরাতন উদরাময় রোগের পর হইলে। উদরে অতিশয় উষ্ণতা বা শীতলতা বোধ। বৃদ্ধ লোকদের যকৃৎ বা অন্য যন্ত্রের মেদাপকৃষ্টতা রোগ থাকিলে।

কার্ব্বভেজি—রৌদ্র বা অগ্নির উত্তাপ অধিক লাগাইবার পর পীড়া হইলে, বা অতিসারের সঙ্গে রক্তভেদ বা উদরাধ্মান থাকিলে। হিমাঙ্গ হইলে ও নাড়ী না থাকিলে, ইহা দ্বারা শরীর উষ্ণ ও নাড়ীর স্পন্দন উত্তেজিত হয়। হিক্কা। ইহা আর্সি ও ভিরের সঙ্গে পর্য্যায়ক্রমে ব্যবহার করা যাইতে পারে।

ক্যাম—রাগ বা বিরক্তি, রোগের কারণ হইলে।

বেলে—মস্তিষ্কে রক্তাবরোধ, চক্ষু রক্তবর্ণ, শঙ্খদেশের ধমনী দব্ দব্ করিতে থাকিলে ও মুখাকৃতি আরক্ত হইলে।

সল্‌ফ—তালুর পশ্চাদ্ভাগে বেদনা সহ হিক্কা। অর্শ ও চর্ম্ম রোগাক্রান্ত ব্যক্তিদের পক্ষে।

সিনা—কৃমির লক্ষণ থাকিলে বা রোগ কৃমি জনিত হইলে।

,, ফাটা—আর্ণি, আর্সি, ব্রাই, ক্যাল্কে, ক্যাম, চায়, মার্ক*, নক্স, পল্স, ভিরে।

,, বিকম্প—বেলে, ক্যাম, ইপি।

,, শুষ্কতা—একো, বেলে, ব্রাই*, চায়°, মার্ক, নক্স*, কষ্ক°, রস, সল্ফ, ভিরে।

,, ক্ষত—আর্সি, বেলে, মার্ক, সল্ফ।

কটিবেদনা—ব্রাই, ক্যাল্কে*, নক্স*, পল্স, সল্ফ।

,, যেন আঘাতজনিত—একো, আর্ণি, চায়, মার্ক, নক্স*, ভিরে।

,, বাত জনিত—নক্স, সল্ফ।

,, গুলিবেধবৎ—পল্স, সল্ফ।

কটির অচলতা—রস, সল্ফ।

,, স্ফীততা—বেলে, রস, সল্ফ।

,, বাত—ব্রাই, নক্স*, পল্স, রস°, সল্ফ।

কটিবাত—লম্বেগো।

ব্রাই—সঞ্চালনে বেদনা বৃদ্ধি।

নক্স—কোষ্ঠবদ্ধ। অজীর্ণ। পৃষ্ঠে ক্লান্তি বোধ।

পল্স—ঋতুরুদ্ধ কিম্বা তাহার বিশৃঙ্খলা জনিত পীড়া।

রস—ঘর্ম্ম রুদ্ধ কিম্বা আর্দ্রতা জনিত পীড়া।

সল্ফ—পুরাতন রোগ। চিকিৎসার সময় সর্ব্বদাই আবশ্যক।

(বাত দেখ)

কড়া—ব্রাই, ক্যাল্কে*, ফস্ফ, রস, সল্ফ।

কণ্ঠনালী প্রদাহ—(স্বরযন্ত্র প্রদাহ দেখ)

„ বেদনা ও ক্ষত (সাধারণতঃ)—একো, বেলে*, ক্যাস, মার্ক*, নক্স, পল্স, সল্ফ।

কড়া

ব্রাই, রস—বর্ষাকালে ক্লেশদায়ক হইলে।

ফস্ফ—ভেদক বেদনা থাকিলে।

ক্যাল্কে—কড়া হওয়ার উপক্রম হইলে। জ্বালাযুক্ত বেদনা। কড়ার প্রবণতা বিনষ্ট করণার্থে।

সল্ফ—প্রাদাহিক কড়া, তাহাতে সূচীবেধবৎ বেদনা। কড়া যাহাতে না হয়।

কণ্ঠ বেদনা ও ক্ষত।

একো—গলাভ্যন্তরে কণ্টক বেধবৎ বোধ। প্রবল জ্বর।

আর্স—গলা জ্বালা। গিলিতে অশক্তি, যেন তৎস্থান পক্ষাঘাতাক্রান্ত হইয়াছে। অতিশয় শুষ্কতা।

বেলে—অধিকাংশ রোগে গলায় গুলিবেধবৎ বোধ। গলাভ্যন্তরে আকুঞ্চন ও আক্ষেপিক সংকোচন। হাজিয়া যাওয়ার মত বেদনা। গিলিতে সম্পূর্ণ অপারগতা, অল্প পরিমাণে তরল পদার্থ পর্য্যন্তও।

কার্ব্ব—চাঁচাবৎ ও জ্বালাযুক্ত বেদনা। পীড়া পারদের অপব্যবহার জনিত হইলে।

কণ্ঠবেদনা সর্দ্দিজনিত—বেলে*, ক্যাম*, মার্ক*, নক্স, পল্স।
,, ,, ,, পুরাতন—ক্যাল্কে, কার্ব্ব*, সল্ফ।
,, ,, ও ক্ষত সাংঘাতিক—আর্সি*, ল্যাকি*।

কণ্ঠবেদনা ও ক্ষত (পূর্ব্বের পর)।

ক্যাম—চিবুক নিম্নস্থ গ্রন্থি স্ফীত। স্বরযন্ত্রের ভিতর সুড় সুড়ী বোধ। বিশেষতঃ বালকদিগের পক্ষে, কিম্বা শীতজনিত রোগ হইলে।

ল্যাকি—অধিকাংশ রোগে যেখানে বেলে ও মার্ক উপযোগী বোধ হয়, অথচ প্রয়োগে কার্য্যকারী হয় না। সর্ব্বদা গিলিতে ইচ্ছা, তৎসঙ্গে গলায় আক্ষেপ কিম্বা এরূপ বোধ হয় যেন গলার ভিতর কিছু লাগিয়া রহিয়াছে। দম্ আটকানর আশঙ্কা।

মার্ক—সর্ব্বদা প্রারম্ভে ব্যবহার্য্য।—ভয়ানক গুলিবেধবৎ বোধ ও তাহা কর্ণ পর্য্যন্ত বিস্তৃত। আক্রান্ত স্থান প্রদাহিত ও লালবর্ণ। লালাস্রাব। রাত্রিতে কিম্বা অনাবৃত বায়ুতে বৃদ্ধি।

নক্স—শূন্য গলাধঃকরণে বেদনা। স্ফীতি, তৎসঙ্গে সূচীবেধ ও চাপবোধ। দুর্গন্ধ ক্ষুদ্র ক্ষত।

পল্স—স্ফীতিবোধ। আঠাবৎ শ্লেষ্মাসঞ্চয়। সন্ধ্যাকালীন বৃদ্ধি।

সল্ফ—শুষ্কতা, বেদনা। গুলিবেধবৎ বেদনা।

(গলা বা কণ্ঠের অন্যান্য পীড়া দেখ)

" " পারদীয়—বেলে, ইপি*।

করোটী দদ্রু—(কীটজনিত কেশমূলশিথিলতা) ক্যাল্কে°, হেপা*, রস*, সলফ*।

" " শুষ্ক—আর্সি, ক্যাল্কে°, রস, সল্ফ*।

" " আর্দ্র—রস*, সল্ফ।

কর্ণ প্রদাহ—বেলে°, ক্যাম, মার্ক°, নক্স, পল্স°।

করোটী দদ্রু।

ক্যাল্কে—অধিককালস্থায়ী শক্ত মামড়ী। নির্য্যাসবৎ ঘর্ম্ম। ছাল উঠিয়া যাওয়া ও কেশমূলের বোধাধিক্য। গণ্ডমালা ধাতু ব্যক্তি। চুল উঠিয়া গেলে।

হেপা—মুখ ও গ্রীবা আক্রান্ত কিম্বা চক্ষু প্রদাহিত হয়।

রস—পুরু মামড়ী, যাহাতে কেশ নষ্ট করে। সবুজবর্ণ পূঁয ও অতিশয় কণ্ডূয়ন।

সল্ফ—শুষ্ক, পুরু, পীতবর্ণ মামড়ী, ও তৎসঙ্গে দুর্গন্ধ পূঁয নিঃস্রব ও অতিশয় কণ্ডূয়ন। যখন উদ্ভেদ শুকাইতে থাকে ও ত্বক উন্মোচিত হয়।

কর্ণ প্রদাহ।

বেলে—মস্তকে রক্ত সঞ্চয়; ছেদক ও বেধক বেদনা, যাহা গলদেশ পর্য্যন্ত বিস্তীর্ণ হয়; জ্বর; অল্প শব্দে অত্যন্ত অসুখবোধ।

মার্ক—কর্ণকুহরে ক্ষতবোধ; পূঁয নিঃসরণ; গ্রন্থিস্ফীততা।

পল্স—বিশেষতঃ বাহ্য কর্ণ আক্রান্ত হইলে।

কর্ণ অবরোধ—মার্ক, পল্‌স*।
,, বেধক বেদনা—বেলে।
,, আকর্ষক বেদনা—মার্ক।
,, গুলিবেধবৎ বোধ—আর্নি, বেলে*, ক্যাম*, মার্ক, নক্‌স°, ফস্ফ, পল্‌স, সল্‌ফ।
,, ছেদক বেদনা বোধ—বেলে°, ক্যাম°, চায়, মার্ক, নক্‌স*, ফস্ফ, পল্‌স*, সল্‌ফ।
,, স্ফীততা—মার্ক, পল্‌স*, রস।
,, হাজিয়া গেলে—মার্ক*।
,, গুন্ গুন্ শব্দ হইলে—একো, বেলে°, ব্রাই, ক্যাল্কে, মার্ক*, নক্‌স*, পল্‌স*, সল্‌ফ*।
কর্ণশূল বা কাণ কামড়ান (সাধারণতঃ)—বেলে*, ক্যাম°, মার্ক*, পল্‌স°।

কর্ণশূল (কাণ কামড়ানি)।

বেলে—ছেদক ও গুলিবেধবৎ বেদনা ও তাহা কণ্ঠদেশ পর্য্যন্ত বিস্তৃত; অল্প শব্দে অত্যন্ত বোধাতিশয্য।

ক্যাম—ছুরিকা দ্বারা আঘাতবৎ বোধ।

মার্ক—গুলিবেধবৎ বেদনা ও কর্ণে শীতানুভব। শয্যায় উষ্ণতা বৃদ্ধি হয়।

নক্স—ছেদক ও বেধক বেদনা ও তাহা অগ্রকপাল ও শঙ্খদেশ পর্য্যন্ত বিস্তৃত; মুখমণ্ডলের অস্থিতে ছেদক বেদনা।

পল্‌স—এরূপ বেদনা বোধ যে, কোন দ্রব্য যেন কর্ণের মধ্য দিয়া ভেদ করিয়া যাইবে, বাহ্য কর্ণেন্দ্রিয় লালবর্ণ, উত্তপ্ত ও স্ফীত।

কর্ণশূল সর্দ্দিজনিত—ক্যাম*, মার্ক, পল্‌স*।
,, প্রাদাহিক—বেলে* ব্রাই, মার্ক, নক্‌স, পল্‌স*।
,, বাতজনিত—বেলে*, মার্ক*, নক্স, পল্‌স।
কর্ণমূল গ্রন্থি প্রদাহ—বেলে, মার্ক*, নক্স, পল্‌স।
,, মাস্তিষ্ক লক্ষণ সহ—বেলে*।
কর্ণমূল নিম্নস্থ লালাগ্রন্থি-প্রদাহ—বেলে, ক্যাম*, মার্ক*, রস।
,, ,, স্ফীততা—বেলে, ক্যাম*, মার্ক*, রস*।
কাণপাকা—বেলে, ক্যাল্কে, হেপার, মার্ক*, পল্‌স*, সল্‌ফ*।
,, তরুণ প্রদাহান্তে—মার্ক, পল্‌স।
,, সর্দ্দিজনিত—মার্ক*, পল্‌স*।
,, রুদ্ধ হইলে—বেলে, ব্রাই, মার্ক, পল্‌স*।

কর্ণমূল-গ্রন্থি প্রদাহ।

বেলে—বিস্তীর্ণ আরক্ত প্রদাহ, জ্বর, প্রলাপ।
মার্ক—প্রাদাহিক স্ফীততা ও গ্রন্থিতে বেদনাবিশিষ্ট বোধা ধিকা।
একো—প্রথম প্রযোজ্য।

কাণপাকা।

বেলে—আরক্ত জ্বরের পর হইলে।
ক্যাল্কে—অধিক দিন স্থায়ী উদ্ভেদের আকস্মিক বিলোপ জনিত রোগে।
মার্ক—পূঁযস্রাব, কর্ণে মল (খইল) থাকিলে। কম্প বা তরুণ প্রদাহের পর হইলে; কর্ণের ভিতর বেদনা ও হাজিয়া যাওয়া বোধ।

কামল বা ন্যাবা—সাধারণতঃ—একো, বেলে, ব্রাই, ক্যাম, চায়, মার্ক*, নক্স*, সল্ফ।

পল্‌স—সপূঁয শ্লেষ্মা ও রক্তযুক্ত নিঃস্রব ; হাম, আরক্তজ্বর, সর্দ্দি কিম্বা তরুণ প্রদাহের পর হইলে।

সল্ফ—সপূঁয নিঃস্রব, অতি পুরাতন ও দুর্দ্দম্য রোগে।

হেপার—সরক্ত পূঁযস্রাব। পূর্ব্বে পারদ ব্যবহার করিয়া থাকিলে।

কামল।

একো—যদি জ্বর অধিক থাকে ; যকৃৎ প্রদেশে বেদনা।

বেলে—খেঁচুনী, আক্ষেপ, অতিশয় জ্বর।

ব্রাই—রাগ বা যকৃতের পুরাতন প্রদাহজনিত রোগে। অজীর্ণের লক্ষণাদি থাকিলে।

ক্যাম—বিরক্তি, অনিয়মিত আহার ও সর্দ্দি হইতে উৎপত্তি হইলে।

চায়—যখন যকৃৎ প্রদেশ স্পর্শে বেদনান্বিত বোধ হয়। ক্ষুধার অভাব ; মল শুভ্রবর্ণ।

মার্ক—যদি এলোপ্যাথিক চিকিৎসায় পারদ ব্যবহৃত না হইয়া থাকে, তবে প্রায় অধিকাংশ রোগীর পক্ষে ইহা বিশেষ উপকারী।

নক্স—আলস্যে জীবন যাপন বা মদ্য পান বশতঃ হইলে ; কোষ্ঠবদ্ধ থাকিলে।

সল্ফ—সহজে যে সকল রোগ উপশম না হয়।

কামল রাগ জনিত—একো, ক্যাম*, নক্স*।

,, পারদ জনিত—চায়*, সল্ফ।

কালশিরা ও থেৎলান—আর্নি*, রস।

কাসি শুষ্ক—একো*, আর্নি*, আসি*, বেলে°, ব্রাই*, ক্যাল্কে*, ক্যাম, চায়, ইপি*, ল্যাকি*, মার্ক*, নক্স*, ফস্ফ*, পল্স, রস, স্পঞ্জ*, সল্ফ°, ভিরে।

কাসি আর্দ্র—আসি*, বেলে, ব্রাই*, ক্যাল্কে*, চায়, ইপি, মার্ক*, নক্স, ফস্ফ*, পল্স*, সল্ফ*।

কাসি।

একো—সতত উগ্রতার সঙ্গে হ্রস্ব শুষ্ক কাসি; বক্ষঃস্থলে সূচীবেধবৎ বেদনা।

আর্নি—অধিকাংশ শুষ্ক কাসি; বায়ুনলীতে সুড় সুড়ী বোধ হওয়া প্রযুক্ত প্রাতে কাসি হয়; শিশুদের ক্রন্দনের পর কাসি।

আসি—কষ্ট শ্বাস; বায়ুনলী ও স্বরযন্ত্রে আঠাবৎ শ্লেষ্মা সঞ্চয়। সন্ধ্যাকালে ও রাত্রিতে শয়ন করিলে বৃদ্ধি।

বেলে—আক্ষেপিক কাসি, যাহাতে শ্বাস গ্রহণের সময় পাওয়া যায় না; সন্ধ্যাকালে, রাত্রিতে ও সঞ্চালনে বৃদ্ধি।

ব্রাই—আক্ষেপিক ও শ্বাসবন্ধোপক্রমক কাসি। ভুক্ত দ্রব্য বমন; পার্শ্ববেদনা; কাসিতে মস্তকবেদনা; পীতবর্ণ শ্লেষ্মা।

ক্যাল্কে—গলায় পালক সংস্পর্শবৎ সুড় সুড়ী বোধ হইয়া কাসি। গাঢ়, পীতবর্ণ ও দুর্গন্ধ শ্লেষ্মা উঠা।

শ্বাস ক্লান্তিকর—আর্সি, ক্যাল্কে, মার্ক, নক্স, ফস্ফ, পল্স, সল্ফ।

কাসি (পূর্ব্বের পর)।

ক্যাম—স্বরযন্ত্র ও বক্ষের ভিতর সুড়সুড়ী বোধ হইয়া শুষ্ক কাসি। রাত্রিতে শয্যায় বৃদ্ধি হয়।

চায়—বক্ষে বেদনা সহ রাত্রিতে শ্বাসবন্ধের ন্যায় কাসি ও তাহাতে রোগী চীৎকার করিতে বাধ্য হয়। আহারান্তে অত্যন্ত কাসি। হাসিলে তাহা বৃদ্ধি হয়। রক্তমিশ্রিত শ্লেষ্মা কাসি।

ইপি—শ্লেষ্মাসঞ্চয় জনিত শ্বাসরোধ বোধ।

ল্যাকি—রাত্রিতে নিদ্রাবস্থায় কাসি। গলায় কোন প্রকার চাপ লাগিলে বৃদ্ধি হয়।

মার্ক—শুষ্ক ও কম্পনীয় কাসি। ঘর্ম্ম প্রবণতা। গলাভ্যন্তরে শুষ্কতা ও সুড়সুড়ী দ্বারা বৃদ্ধি। গলাভাঙ্গা। স্বর কর্কশ। রাত্রিতে বৃদ্ধি।

নক্স—শুষ্ক, কর্কশ ও গভীর কাসি। গলার ভিতর হাজিয়া যাওয়া বোধ, ও তাহাতে আঠাবৎ শ্লেষ্মাসঞ্চয়। কাসিতে পেটে বেদনা।

পল্স—যন্ত্রণাদায়ক কাসি। সন্ধ্যাকালে, রাত্রিতে ও শয়নাবস্থায় বৃদ্ধি হয়।

ফস্ফ—গলার ভিতর সুড় সুড়ী বোধ সহ শুষ্ক কাসি, তাহাতে সূচীবেধবৎ বেদনা।

রস—জাগরণের পর প্রাতে কাসি। ভুক্ত দ্রব্য বমন ও তিক্তাস্বাদ।

কাসি হক্ হক্ শব্দযুক্ত—একো, আর্ণি, আর্সি*, ক্যাল্কে, ড্রসি*,
মার্ক, নক্স।

„ বমন সহ—কার্ব্ব*, ড্রসি*, ইপি, মার্ক, নক্স, ফস্ফ, পল্স।

কাসি ফাঁপা—বেলে, নক্স, ভিরে।

„ হুপ হুপ শব্দযুক্ত—একো, আর্সি, বেলে, ড্রসি*, ইপি*, ভিরে।

কাসি যন্ত্রণাদায়ক—ইপি, ল্যাকি*, মার্ক, নক্স*, পল্স*, সল্ফ।

„ ঘর্ঘর শব্দযুক্ত—বেলে, ইপি, পল্স।

„ কষ্পনীয়—আর্সি, বেলে, চায়, ইপি, মার্ক*, নক্স, ফস্ফ, পল্স*, সল্ফ।

„ অল্পকাল স্থায়ী—একো*, আর্সি, আর্ণি, মার্ক, সল্ফ।

„ আক্ষেপিক—একো, বেলে, ব্রাই*, চায়*, ড্রসি*, ইপি*, মার্ক, নক্স*।

কাসি (পূর্ব্বের পর)।

স্পঞ্জ—ফাঁপা, কুকুরের শব্দের ন্যায় শুষ্ক কাসি। দিবাতে ও রাত্রিতে কাসি ও তৎসহ বুকজ্বালা, যাহা আহারান্তে নিবারিত হয়।

সল্ফ—পুরাতন রোগে। অধিক পরিমাণে শ্লেষ্মা নিঃসরণ এবং তাহা গাঢ় ও শ্বেতবর্ণ। বিবমিষা সহ শুষ্ক কাসি। সন্ধ্যা কালে, রাত্রিতে ও শয়নাবস্থায় হয়।

ভিরে—গভীর ও ফাঁপা কাসি, যেন উদর হইতে আসিতেছে এরূপ বোধ হয়।

কাসি শ্বাসরোধক—আর্সি, ব্রাই*, চায়, ড্রসি*, ইপি*।

,, প্রচণ্ড—বেলে, ব্রাই, ক্যাল্কে, চায়, ইপি, মার্ক, ফস্ফ, পল্‌স।

,, উগ্র শ্লেষ্মানিঃসরণ সহ—আর্সি*, মার্ক, ফস্ফ, পল্‌স।

,, তিক্ত—আর্সি*, ক্যাম*, মার্ক, নক্স, পল্‌স*, ভিরে।

,, রক্তমিশ্রিত—একো, আর্ণি*, আর্সি, বেলে, ব্রাই, চায়, ইপি*, মার্ক, ফস্ফ*, পল্‌স*, রস, সল্‌ফ।

,, জমা জমা রক্তমিশ্রিত—আর্ণি, বেলে, ক্যাম, চায়, ইপি, পল্‌স*, রস*।

,, কাল রক্তমিশ্রিত—আর্ণি, ক্যাম, চায়, নক্স, পল্‌স*।

,, পাণ্ডুবর্ণ রক্ত ,,—বেলে, ফস্ফ*, রস।

,, শ্লেষ্মামিশ্রিত রক্ত ,,—আর্ণি, আর্সি*, বেলে, ব্রাই, চায়*, ইপি, ফস্ফ।

কাসি, শ্লেষ্মা কষ্টে নিঃসরণ—আর্সি*, ক্যাম, চায়, নক্স, পল্‌স।

,, বিরক্তিকর—আর্ণি, ক্যাল্কে, ড্রসি*, মার্ক, নক্স, পল্‌স*, সল্‌ফ।

,, শ্লেষ্মা ফেনিল—আর্সি*, ফস্ফ, পল্‌স*।

,, বিশুদ্ধ শ্লেষ্মা—আর্সি*, বেলে, ব্রাই, ক্যাল্কে*, ক্যাম, চায়, ইপি, নক্স, ফস্ফ*, পল্‌স*, সল্‌ফ।

,, ,, দুর্গন্ধি—আর্সি, বেলে, ক্যাল্কে*, পল্‌স, সল্‌ফ।

,, ,, সমধিক—পল্‌স, সল্‌ফ।

,, সপূয—ক্যাল্কে*, চায়*, ফস্ফ*, পল্‌স, রস, সল্‌ফ।

কাসি লবণাক্ত শ্লেষ্মা সহ—আর্সি* চায়, ফস্ফ*, পল্‌স।

,, অম্লাক্ত ,,—আর্সি, বেলে, ক্যাল্কে*, ক্যাম, চায়, নক্স

ফস্ফ*, পল্‌স, সল্‌ফ।

,, ঈষৎমিষ্ট ,,—ফস্ফ*, পল্‌স, রস।

,, গাঢ় ,,—বেলে, ক্যাল্কে, পল্‌স*, সল্‌ফ।

,, আঠাবৎ ,,—আর্সি, ক্যাম, নক্স, ফস্ফ, স্পঞ্জ।

,, জলবৎ ,,—ক্যাম, মার্ক, সল্‌ফ।

কাসি শ্বাসকাস সহ—আর্সি*, ইপি*, ফস্ফ।

,, নীলবর্ণ মুখাকৃতি সহ—ইপি*।

,, স্বরযন্ত্রে জ্বালাসহ—একো, ফস্ফ, স্পঞ্জ।

কাসি শ্বাসাবরোধক—আর্সি* ইপি*।

,, মস্তকসর্দ্দি সহ—বেলে, মার্ক, নক্স, স্পঞ্জ*, সল্‌ফ।

,, পান করিবার কালে—আর্সি, ব্রাই।

,, শিরঃপীড়া সহ—বেলে, ব্রাই, মার্ক, নক্স, ফস্ফ, পল্‌স সল্‌ফ।

,, শিরঃপীড়া সহ—তৎসঙ্গে মস্তক ফাটিয়া যাওয়ার ন্যায় বোধ—

ব্রাই*, মার্ক, নক্স*।

,, স্বরভঙ্গসহ—ক্যাম*, মার্ক*, নক্স, ফস্ফ*, স্পঞ্জ*।

,, শয়ন করিলে—আর্সি*, পল্‌স*, সল্‌ফ।

,, আহারান্তে—ব্রাই, নক্স।

,, অনাবৃত বায়ুতে—আর্সি*।

কাসি, সঞ্চরণে—বেলে, নক্স।

,, বক্ষঃস্থলে বেদনাসহ—ব্রাই*, মার্ক, ফস্ফ*, পল্‌স, সল্‌ফ*।

কাসিপর্য্যায়িক—আর্সি, নক্স।

,, বক্ষে ঘর্ঘরশব্দ সহ—বেলে, ব্রাই, ক্যাম, ইপি, পল্‌স, সল্‌ফ।

কাসিপর্য্যায়িক—হাঙ্গিয়া যাওয়া বোধ সহ—ক্যাল্কে, কার্ব্ব*, মার্ক, ফস্ফ, সল্ফ।
,, নিদ্রাবস্থায়—আর্ণি, বেলে*, ক্যাম, মার্ক।
,, গলা বেদনা সহ—একো, মার্ক*, নক্স, ফস্ফ।
,, কথা কহিতে—চায়, মার্ক।
,, বক্ষে কাতুর কুতুর দিলে—ফস্ফ*, রস, ভিরে।
,, স্বরযন্ত্রে সুড়সুড়ী দিলে—একো, আর্ণি, বেলে, ক্যাল্কে*, ড্রসি*, ইপি*, ল্যাকি*, মার্ক।
কীটদংশন—একো, আর্ণি, বেলে।
কোঁতানি সহ মলত্যাগ—আর্সি, বেলে, ইপি, মার্ক,* নক্স, ফস্ফ, পল্স, রস, সল্ফ*।
,, মলত্যাগ ব্যতীত—একো, আর্সি, বেলে, ইপি, মার্ক*, নক্স*, পল্স, রস*, সল্ফ*।
কোষ্ঠবদ্ধ—(সাধারণতঃ) বেলে, ব্রাই*, ক্যাল্কে, মার্ক, নক্স*, ফস্ফ*, সল্ফ*, ভিরে।

কীট দংশন।

একো—জ্বর, প্রদাহ।
আর্ণি—প্রদাহ থাকিলে।
বেলে—অত্যন্ত স্ফীততা, ধমনীর স্পন্দন।

কোষ্ঠবদ্ধ।

বেলে—কোষ্ঠবদ্ধ, উদর স্ফীত, মস্তক উত্তপ্ত।

কোষ্ঠবদ্ধ পুরাতন—ব্রাই, ক্যাল্কে*, সল্‌ফ*।

„ অন্ত্রের দুর্ব্বলতাজনিত—আর্ণি, ব্রাই, চায়, হিপা*, নক্স* সল্‌ফ, ভিরে।

„ অচরিষ্ণু ব্যক্তিদের—ব্রাই, নক্‌স*।

কোষ্ঠবদ্ধ (পূর্ব্বের পর)।

ব্রাই—বাতরোগগ্রস্ত ব্যক্তি, গ্রীষ্মকালীন রোগ। আলস্য পরবশতাজনিত পীড়া। বহুকালস্থায়ী কোষ্ঠবদ্ধ প্রকৃতি।

ক্যাল্কে—কোষ্ঠবদ্ধ দিন দিন বৃদ্ধি হইলে।

মার্ক—মুখে তিক্তাস্বাদ, মাড়ী বেদনাবিশিষ্ট। ক্ষুধামান্দ্য না হইলে।

নক্‌স—গুহ্যদ্বার স্বাভাবিক অবস্থা অপেক্ষা সংকুচিত বোধ। মলত্যাগের বিফল ইচ্ছা। শারীরিক শ্রমবিহীন ব্যক্তি। অতিরিক্ত মদ্যপানজনিত রোগ। পাকাশয়ের ক্রিয়া বিশৃঙ্খলা জনিত পীড়া। অভ্যস্ত কোষ্ঠবদ্ধ। অর্শ রোগগ্রস্ত ব্যক্তি-দিগের পক্ষে ইহা বিশেষ উপযোগী।

ফস—বৃদ্ধ ব্যক্তি কিম্বা ক্ষয়কাস রোগের সঙ্গে ইহার সংশ্রব থাকিলে।

সল্‌ফ—সর্ব্বদা মলত্যাগের বিফল ইচ্ছা, অভ্যস্ত কোষ্ঠবদ্ধ। শ্রমবিমুখ ব্যক্তি। মানসিক শ্রম করিতে অক্ষমতা। অর্শ থাকিলে।

ভিরে—অন্ত্রের নিশ্চেষ্টতা ও দুর্ব্বলতা বশতঃ কোষ্ঠবদ্ধ। উদর স্পর্শে বেদনানুভব।

ক্রিমি—(সাধারণতঃ) একো*, ক্যাল্কে, সিনা*, মার্ক*, নক্স, সল্ফ*।

,, মহীলতাবৎ—একো, ক্যাম, সিনা*, মার্ক, সল্ফ*।

,, ফিতাবৎ—আর্সি, ক্যাল্কে*, মার্ক, নক্স, পল্স* সল্ফ*।

ক্রিমি সূত্রখণ্ডবৎ—ক্যাল্কে*, চায়, সিনা*, মার্ক, নক্স, সল্ফ*।

ক্রিমি জ্বর—একো*, বেলে, চায়, মার্ক*, সিনা।

ক্রিমি।

একো—জ্বর সঙ্গে শূল। বমনোপক্রম। জ্বর জন্য রাত্রিতে অস্থিরতা।

ক্যাল্কে—দুর্ব্বল ধাতুপ্রকৃতি ব্যক্তি। পাকাশয় যন্ত্রের ক্রিয়ার পুরাতন বিশৃঙ্খলা। ক্রিমি না জন্মিতে পারে, তজ্জন্য ব্যবহার্য্য।

সিনা—জ্বর সহ শূল, উদর কঠিন। ক্ষুদ্র ক্ষুদ্র সূত্রবৎ ক্রিমি নিঃসরণ। পাণ্ডুবর্ণ ঈষৎ স্ফীত মুখমণ্ডল, তৎসঙ্গে চক্ষুর চারিপার্শ্বে নীলিম রেখা। নাসা ও মলদ্বার কণ্ডূয়ন।

মার্ক—কোঁতানির সহিত আঠাবৎ মল নিঃসরণ, শূল, ক্রিমিজনিত উদরাময়।

নক্স—ক্রিমিজনিত লক্ষণাদি, তৎসঙ্গে পাকাশয়-যন্ত্রের বিশৃঙ্খলা ও উগ্রতা। কোষ্ঠবদ্ধ।

সল্ফ—পীড়ার সকল অবস্থায়। পুরাতন রোগে। ক্রিমি জন্মিবার প্রবণতা থাকিলে। ক্রিমি শূল।

ক্লান্তি মানসিক—বেলে, ক্যাল্কে*, চায়, নক্স*, পল্স, সল্ফ।
ক্লান্তি জনিত কষ্ট—আর্নি*, আর্সি, ব্রাই*, ক্যাল্কে*, ক্যাম, মার্ক, ফস্ফ, রস*, ভিরে।
ক্ষত (সাধারণতঃ)—আর্সি*, বেলে, ক্যাল্কে, ল্যাকি*, মার্ক*, ফস্ফ, পল্স*, রস, সল্ফ।

ক্লান্তিজনিত কষ্ট বা অসুস্থতা।

আর্নি—পরিশ্রম বা অধিক পরিমাণে শরীর সঞ্চালন করা বশতঃ হইলে।

বেলে—অতিশয় অধ্যয়নের পর মস্তক বেদনা।

ব্রাই—শরীর উত্তপ্ত হওয়ার কিম্বা দৌড়ানর পর মস্তক পার্শ্বে সূচীবেধবৎ বেদনা থাকিলে।

ক্যাল্কে—অতি অল্প শ্রমে বা কথাবার্ত্তা কহিতে ক্লান্তি বোধ হইলে।

চায়—শারীরিক শ্রমের পর সাতিশয় স্বেদ নির্গত হইলে।

নক্স—অধিক দিবস রাত্রি জাগরণ, অত্যন্ত অধ্যয়ন, অচরিষ্ণু প্রকৃতি। পরিষ্কার অনাবৃত বায়ুতে বৃদ্ধি হইলে।

পল্স—সাতিশয় অধ্যয়ন কিম্বা অধিক দিন রাত্রি জাগরণ বশতঃ রোগ। অনবরুদ্ধ বায়ুতে আরাম বোধ।

রস—অধিক ভারী বস্তু বহন বা উত্তোলন করা বশতঃ পীড়া হইলে।

ভিরে—অতি অল্প পরিশ্রমে ক্লান্তি বোধ বা মূর্চ্ছা হইলে।

ক্ষত।

আর্সি—গণ্ডমালা রোগযুক্ত ক্ষত। উচ্চ ও শক্ত ধার বিশিষ্ট

,, পুরাতন—ক্যাল্কে*, হেপা*, মার্ক, ফস্ফ*, সল্‌ফ।

ক্ষত রক্তস্রাবযুক্ত—আর্সি*, মার্ক, ফস্ফ*, পল্‌স, সল্‌ফ।

,, জ্বালাযুক্ত—আর্সি*, বেলে, কার্ব্ব*, মার্ক*, পল্‌স, রস*, সল্‌ফ।

ক্ষত (পূর্ব্বের পর)।

ক্ষত, ও তাহার চতুষ্পার্শ্ব লালবর্ণ ও উজ্জ্বল এবং তলদেশ চর্ব্বির ন্যায়। জ্বালা ও গুলিবেধক বেদনা। যখন আক্রান্ত স্থান শীতল বোধ হয়।

বেলে—জ্বালা ও আকর্ষক বেদনা। পূঁয ও রক্তমিশ্রিত কলতানি বাহির হইলে।

ক্যাল্কে—সামান্য আঘাত প্রাপ্তে ক্ষত হওয়ার প্রবণতা। অস্থি স্ফীত ও ক্ষতযুক্ত।

ল্যাকি—ক্ষতের চতুষ্পার্শ্বে ক্ষুদ্র ক্ষুদ্র ফুস্কুড়ী। অগভীর ক্ষত, তলা অপরিষ্কার।

মার্ক—সহজে রক্ত স্রাবণীয়, অগভীর কিম্বা দুর্গন্ধ জলবৎ ও ক্ষতকর পূঁয নিঃস্রবযুক্ত ক্ষত।

পল্‌স—সহজে রক্ত পড়ে ও তৎসঙ্গে ক্ষতে উগ্রতা, জ্বালা, হুলবেধবোধ ও চারি পার্শ্বে কণ্ডূয়ন। ক্ষত শক্ত ও উজ্জ্বল, ও লালবর্ণ।

সল্‌ফ—অসুস্থ চর্ম্ম। ধার উচ্চ ও তাহার চারি পার্শ্বে কণ্ডূয়ন যুক্ত ফুস্কুড়ী। চতুষ্পার্শ্বে ঈষৎ নীল বা লালবর্ণ গোলাকার দাগ। তীক্ষ্ণ বেধক বেদনা। সহজে রক্তস্রাব হয়। দুর্গন্ধ ও পীতবর্ণ গাঢ় পূঁয নিঃসরণ।

ক্ষত কর্কটিক—আর্সি*, বেলে, হেপা*, সল্ফ।

„ গভীর—আর্সি, বেলে, ক্যাল্কে, পল্স*, সল্ফ।

„ দুর্গন্ধ—আর্সি, ক্যাল্কে*, চায়, হেপা*, মার্ক, সল্ফ°।

„ শটিত—আর্সি*, বেলে, চায়, ল্যাকি *।

„ কঠিন—আর্সি*, বেলে, মার্ক, পল্স°।

„ প্রদাহিত—একো*, আর্সি*, ব্রাই, হেপা* মার্ক, পল্স*।

„ বেদনাযুক্ত—আর্নি*, আর্সি, ব্রাই, চায়, হেপা*, মার্ক, নক্স, ফস্ফ, পল্স, ভিরে।

„ বেদনা বিহীন—আর্সি, বেলে, মার্ক, ফস্ফ, পল্স।

„ উন্নত মাংসল—আর্সি*, ক্যাল্কে, সল্ফ।

„ স্ফীত—আর্সি, বেলে*, ব্রাই, মার্ক*, পল্স°, রস, সল্ফ*।

ক্ষয়কাস—আর্সি, বেলে, ক্যাল্কে*, চায়, ফস্ফ*, পল্স °, সল্ফ।

ক্ষয়কাস।

আর্সি—বুক জ্বালা। নিশ্বাস প্রশ্বাসে কষ্ট। শীত সহ রাত্রিকালে দৌর্ব্বল্যকর ঘর্ম্ম। উদরাময়। মলে অত্যন্ত দুর্গন্ধ।

বেলে—গণ্ডমালা রোগগ্রস্ত শিশু, রাত্রিকালে কাসি। হ্রস্ব শ্বাস ও শ্লেষ্মার শব্দ।

ক্যাল্কে—প্রথমাবস্থায় বিশেষতঃ রক্তপ্রধান পুরুষদিগের, যাহারা রক্তাধিক্য রোগাক্রান্ত। নাসিকা হইতে রক্তস্রাব ইত্যাদি এবং যুবতী স্ত্রীলোকদের রজ আধিক্য ও তাহা শীঘ্র শীঘ্র প্রকাশিত হইলে।

ক্ষুদ্রসন্ধিস্থানীয় বাত (গাউট) (সাধারণতঃ)—একো, আর্নি°,
বেলে, ব্রাই°, ক্যাল্কে, চায়,
মার্ক, নক্স, ফস্ফ, পল্স*,
রস*, সলফ।

ক্ষুদ্রসন্ধিস্থানীয় বাত তরুণ—একো*, আর্নি, বেলে, ব্রাই*,
চায়, নক্স, পল্স*, ।

" " গুল্‌ফে——ব্রাই, ক্যাল্কে, সল্‌ফ।

" " বাহুতে——ব্রাই*, রস*।

" " পুরাতন——আর্নি*, ক্যাল্কে*, রস, সল্‌ফ*।

" " পদে———সল্‌ফ।

" " উরুসন্ধিতে—বেলে*, ব্রাই, ক্যাল্কে, মার্ক* রস,
সল্‌ফ।

ক্ষয়কাস (পূর্ব্বের পর)।

চায়—রক্তস্রাব রোগাক্রান্ত ব্যক্তি কিম্বা ফুস্‌ফুস হইতে রক্তস্রাব হইলে।

ফস্ফ—রোগের প্রারম্ভে ও পরিপক্কাবস্থায়। চক্ষুর নিম্নে ঈষৎ স্ফীতাকৃতি। পেটের পীড়া হওয়ার উপক্রম।

সল্‌ফ—দ্বিতীয়াবস্থায় ও কোন কোন রোগের প্রারম্ভাবস্থায় অর্থাৎ যেখানে অন্যান্য ঔষধ দ্বারা প্রদাহ লক্ষণ বিদূরিত হইয়াছে।

ক্ষুদ্রসন্ধিস্থানীয় বাত।

একো—পদে দব্‌ দবানি, তাহা উষ্ণ, স্ফীত ও উজ্জল লালবর্ণ, স্পর্শে বোধাধিক্য।

ক্ষুদ্র সন্ধিস্থানীয় বাত হাঁটুতে—ব্রাই, চায়, পল্‌স, রস, সল্‌ফ।
,, ,, জঙ্ঘাতে—ব্রাই, পল্‌স।
,, ,, পদাঙ্গুলিতে—আর্ণি, সল্‌ফ*।

ক্ষুদ্র সন্ধিস্থানীয় বাত (পূর্ব্বের পর)।

আর্ণি—ক্ষতবৎ ও কন্‌কনে বেদনা, কিম্বা যেমন আঘাত পাইলে ও মচ্‌কাইয়া গেলে হয়।

বেলে—বিস্তীর্ণ ও গভীর আরক্ততা। বেধক ও দাহক বেদনা।

ব্রাই—আরক্ততা ও উষ্ণতা সহ স্ফীততা। সঞ্চালনে বৃদ্ধি। পদাঙ্গুলিতে বেধক বেদনা।

ক্যাল্কে—জ্বালা ও পরে পদের অধঃ অংশে শীতলতা ও অবশতা বোধ। দহনীয় বেদনা। গ্রন্থিল বোধ।

চায়—স্পর্শে অত্যন্ত বোধাধিক্য। সংস্পর্শে বৃদ্ধি।

নক্স—মদ্যপান বশতঃ পীড়ায়। আক্রান্ত অংশের স্পন্দনহীনতা ও স্ফীতি। পদাঙ্গুলি স্ফীত, দহনীয় ও কণ্ডূয়নযুক্ত। বাতাক্রমণের পূর্ব্বে।

পল্‌স—উষ্ণ, স্ফীত, স্পন্দনরহিত। স্থানপরিবর্ত্তনশীল, অনিশ্চিত বাত। শয়ন বা উপবেশনাবস্থা হইতে উঠিলে অসুখ বৃদ্ধি।

রস—আকৃষ্ট ও ছেদক বেদনা। পদের স্পর্শবোধ হীনতা ও অবশতা। বিশ্রামকালে বেদনা বৃদ্ধি।

সল্‌ফ—পদাঙ্গুলিতে আকুঞ্চন ও তাহাদের অগ্রভাগে সুড়সুড়ী বোধ। চিকিৎসাকালে সর্ব্বদা আবশ্যক। পদাঙ্গুলিতে বৃহৎ ও উজ্জ্বল স্ফীতি।

ক্ষুধার আধিক্য—চায়*, সিনা*, মার্ক। (অপরিমিত আহারেচ্ছা)
„ আতিশয্য—ব্রাই, ক্যাল্কে*, চায়*, সিনা*, মার্ক*, নক্স, পল্স, রস, সল্ফ, ভিরে*,।
ক্ষুধা অস্বাভাবিক—ব্রাই, ক্যাল্কে*, সিনা*, নক্স, পল্স*, রস।
„ অভাব—আর্সি, বেলে, ব্রাই*, ক্যাল্কে*, চায়*, ইপি, মার্ক, নক্স*, পল্স*, রস*, সল্ফ, ভিরে।
খালধরা—বেলে*, ব্রাই, ক্যাম, ইপি, মার্ক, ফক্ষ, ভিরে।
গণ্ডমালা—আর্সি*, বেলে*, ক্যাল্কে*, মার্ক*, রস*, সল্ফ*,।

গণ্ডমালা—স্ক্রফিউলা।

আর্সি—শীর্ণতা, অতিশয় দুর্ব্বলতা, পাণ্ডুবর্ণ স্ফীততা।
বেলে—কঠিন, স্ফীত ও ক্ষতযুক্ত গ্রন্থি। পাণ্ডুবর্ণ স্ফীততা, চক্ষু প্রদাহ, আলোকাসহ্যতা।
ক্যাল্কে—পৃষ্ঠবংশ বক্র ও অস্থির কোমলতা ব্যাধি। গ্রন্থির পীড়া। শীর্ণতা, তৎসঙ্গে উদরিকতা।
মার্ক—পোষণের ব্যাঘাত, অতিশয় শারীরিক কি মানসিক দুর্ব্বলতা। নির্য্যাসবৎ উদরাময়।
রস—গ্রন্থি স্ফীত, করোটী দক্র ও অন্যান্য প্রকার শল্কযুক্ত উদ্ভেদ।
সল্ফ—অধিকাংশ রোগীর পক্ষে চিকিৎসার প্রারম্ভে ব্যবহার্য্য। গ্রন্থি স্ফীত, কঠিন বা ক্ষতযুক্ত। উদরাময়সহ শূল বেদনা, কোষ্ঠবদ্ধ। সর্দ্দি লাগিবার প্রবণতা। শারীরিক ও মানসিক দৌর্ব্বল্য।

গর্ভপাত প্রবণতা—ক্যাল্কে°, সল্ফ* ।
গর্ভপাতের পূর্ব্ববর্ত্তী লক্ষণাদি—বেলে, ক্যাম*, ইপি।
গর্ভপাত জনিত অসুস্থতা—বেলে, ক্যাম, চায়*, ইপি।
গর্ভাবস্থায় শূলবেদনা—বেলে, ব্রাই, ক্যাম*, নক্স*, পল্স।

গর্ভপাত প্রবণতা।

ক্যাল্কে—শ্বেতপ্রদরের প্রবণতা। রক্তপ্রধানা স্ত্রীলোকদের পক্ষে অর্থাৎ যাহাদের ঋতু অধিক পরিমাণে ও স্বাভাবিক সময়ের পূর্ব্বে প্রকাশ হয়।

সল্ফ—অকালে ও অধিক পরিমাণে রজঃস্রাব। রজঃহ্রাস বা বিলম্বে হয়। তৎসহ শ্বেতপ্রদর। অর্শরোগ থাকার সম্ভাবনা থাকিলে।

গর্ভপাতের পূর্ব্বলক্ষণাদি।

বেলে—সমস্ত উদর ব্যাপিয়া ভয়ানক চাপযুক্ত বেদনা। কটিদেশ ভঙ্গ হওয়ার ন্যায় বোধ।

ক্যাম—কটিদেশ হইতে উদর পর্য্যন্ত ভয়ানক কর্ত্তনবৎ বেদনা ও তৎসঙ্গে সর্ব্বদা মলমূত্রত্যাগে ইচ্ছা।

ইপি—জ্ঞান হানি না হইয়া আক্ষেপ উপস্থিত হইলে।

গর্ভাবস্থায় শূলবেদনা।

বেলে—লৌহ শলাকা দ্বারা বিদ্ধ করার ন্যায় বেদনা।

ক্যাম—পেট ফাঁপা। পাকাশয়—মধ্যপ্রদেশে চাপ ও অসুখ বোধ। শৈত্য-জনিত রোগ।

(কোষ্ঠবদ্ধ শূল ও উদর বেদনা দেখ)।

গর্ভাবস্থায় কোষ্ঠবদ্ধ—ব্রাই*, নক্স*।

,, খেঁচুনী বা বিকম্প—বেলে*, ক্যাম।

গর্ভাবস্থায় উদরাময়—ক্যাম, ফস্ফ, পল্‌স, সল্‌ফ।

,, অজীর্ণরোগ—ইপি, নক্স, পল্‌স।

,, শিরঃপীড়া—বেলে, ব্রাই, নক্স, পল্‌স।

,, বিবমিষা—আর্সি, ইপি, নক্স, পল্‌স।

,, দন্তশূল—বেলে, ক্যাম, নক্স, পল্‌স।

গর্ভাবস্থায় কোষ্ঠবদ্ধ।

ব্রাই—কঠিন ও দৃঢ় মল। গ্রীষ্মকালে পীড়া হইলে।

নক্স—অন্ত্রের ক্রিয়ার দুর্ব্বলতা। আলস্য পরবশতা। মলত্যাগের নিষ্ফল চেষ্টা।

গর্ভাবস্থায় খেঁচুনী।

বেলে—ইহা দ্বারাই সচরাচর রোগশান্তি হয়।

ক্যাম—বেলেডোনা দ্বারা উপকার না হইলে ইহা ব্যবহার্য্য।

গর্ভাবস্থায় দন্তশূল।

বেলে—মস্তকে রক্তাধিক্য। রাত্রিতে বৃদ্ধি। জ্বর, রক্তাধিক্য ও প্রদাহ সংমিশ্রিত দন্তশূল।

ক্যাম—বেদনা অসহ্য ও তদ্দ্বারা রোগী আশা শূন্য হয়।

নক্স—স্নায়বীয় ও আক্ষেপিক দন্তশূল। মদ্য, ও কফিসেবন কিম্বা মানসিক শ্রম দ্বারা বৃদ্ধি। প্রাতঃকালে বৃদ্ধি।

পল্‌স—সন্ধ্যাকালে, উষ্ণ গৃহে কিম্বা উষ্ণ বস্তু সংস্পর্শে বেদনা বৃদ্ধি। (দন্তশূল দেখ)।

গর্ভাবস্থায় জরায়ু হইতে রক্তস্রাব—বেলে, ক্যাম*, ইপি।
,, শিরা প্রসারণ—আর্ণি*, পল্স*, সল্ফ।
,, মূত্রাবরোধ—পল্স, একো, নক্স, ক্যান্থ।
গর্ভাবস্থায় বমন—আসি´, ইপি*, ল্যাকি*, নক্স*, পল্স।
,, নিদ্রাভাব—কফি, বেলে, একো, সল্ফ।
গলগণ্ড—ক্যাল, স্পঞ্জ*।

গর্ভাবস্থায় জরায়ু হইতে রক্তস্রাব।

বেলে—জননেন্দ্রিয়ে চাপবোধ। যেন তাহার অন্তরস্থ পদার্থ সকল বাহির হইয়া পড়িল। পৃষ্ঠে বেদনা, তদ্ধেতু উহা ভাঙ্গিয়া গেল এরূপ বোধ।
ক্যাম—যদি প্রসব বেদনার মত বেদনা হয়।
ইপি—যদি অধিক ও অনবরত রক্তস্রাব হয়।

গর্ভাবস্থায় বমন।

আসি´—আহার ও পানের পর অতিশয় বমন। অতিশয় দৌর্ব্বল্য।
ইপি—সহজ ও অমিশ্র রোগ। পৈত্তিক বমন।
ল্যাকি—ভুক্ত দ্রব্য কিম্বা পিত্ত বমন। প্রাতঃকালে শয্যাতে থাকা অবস্থায় বমন করিবার ইচ্ছা।
নক্স—প্রাতঃকালে উঠিলে বমন ও বিবমিষা। শিরঃপীড়া। কোষ্ঠবদ্ধ।
পল্স—অম্ল বমন। শ্বেতবর্ণ, সমল জিহ্বা।

গলনলী বা অন্নবহনলী প্রদাহ—আর্সি, বেলে*, ব্রাই, মার্ক*।
,, পক্ষাঘাত—বেলে, ল্যাকি।
গলকোষ প্রদাহ—একো*, বেলে*, মার্ক*,।

গলনলী প্রদাহ।

আর্সি—গলাভ্যন্তরে অত্যন্ত দাহ ও আক্ষেপিক আকুঞ্চন। গিলিতে অশক্তি, যেন উক্ত স্থানে পক্ষাঘাত হইয়াছে। সাতিশয় শুষ্কতা বোধ; দহনীয় পিপাসা।

বেলে—সম্পূর্ণরূপে গিলিতে অশক্তি; তরল দ্রব্য পর্য্যন্ত গিলিতে অপারগতা; সতত গলাধঃকরণের ইচ্ছা সত্ত্বেও গলার ভিতরে আক্ষেপিক আকুঞ্চন ও সংকীর্ণতা বোধ।

ব্রাই—শক্ত বস্তু দ্বারা যেন গলনলী চাপিত হইয়াছে এরূপ বোধ; গিলিতে, মাথা নাড়ীতে কিম্বা গলাস্পর্শে বেধন বোধ।

মার্ক—গিলিতে বেধক বেদনা; গলনলীতে চাপ বা ত্বকোৎতুলিতবৎ বেদনা বোধ; বেদনা ও কষ্টকর আক্ষেপ (গলাধঃকরণে)।

গলকোষ প্রদাহ।

একো—গলকোষে চাঁচা ও কণ্টকবেধবৎ বেদনা, তৎসঙ্গে তৃষ্ণা। গলাভ্যন্তরে আরক্ততা ও জ্বর। অল্প প্রদাহ।

বেলে—প্রাদাহিক স্ফীততা, তৎসঙ্গে হাজিয়া যাওয়ার মত বেদনা ও গলার ভিতরে শুলিবেধবৎ বোধ। গিলিতে অশক্তি। গলার ভিতরে অতিশয় শুষ্কতা ও জ্বালা।

গলাধঃকরণে কষ্ট—(সাধারণতঃ)—আর্সি*, বেলে*, ব্রাই, ল্যাকি*, মার্ক*, রস*,।

,, কণ্ঠ আকুঞ্চন সহ—বেলে*, ল্যাকে, রস*।

,, কালে নাসারন্ধ্র হইতে পানীয় দ্রব্য বাহির হইলে—বেলে, ল্যাকি, মার্ক*।

গলাধঃকরণে কষ্ট, গলা হাজিয়া যাওয়া বোধ সহ—বেলে*, ব্রাই. ল্যাকি*, নক্স*।

,, ,, সতত গিলন ইচ্ছা সহ—বেলে*, ল্যাকি*, মার্ক*।

,, ,, বেদনাযুক্ত—আর্সি*, বেলে*, ল্যাকি*, মার্ক*, নক্স, পল্স, রস।

,, ,, গলার পক্ষাঘাতিক দৌর্ব্বল্য হইতে—আর্সি, বেলে, ল্যাকি, পল্স, ভিরে।

,, ,, তৎসহ গলায় শুলিবেধক বেদনা—বেলে*, ব্রাই, পল্স, রস, সল্ফ।

গলাভ্যন্তরে জ্বালা—একো, আর্সি, বেলে, কার্ব্ব*, ক্যাম, মার্ক, ফক্ষ*

গলাভ্যন্তরে শ্বাসরোধ বোধ—একো, বেলে*, রস*।

গলকোষ প্রদাহ (পূর্ব্বের পর)।

মার্ক—চাপক বেদনা, ক্ষত হওয়া ও হাজিয়া যাওয়ার মত বেদনা। মুখগহ্বরের পশ্চাদ্ভাগে প্রাদাহিক স্ফীতি। বেদনাযুক্ত, কষ্টকর ও আক্ষেপিক গলাধঃকরণ। গলাভ্যন্তরে বিস্তৃতি বোধ।

গলারমধ্যে সংকোচন—আর্সি, বেলে*, মার্ক, সল্‌ফ, ভিরে।
,, শুষ্কতা—আর্সি*, বেলে*, ব্রাই, মার্ক°, ফস্ফ°।
,, গুলিবেধক বেদনা—একো, বেলে*, ব্রাই*, মার্ক*, পল্‌স*, রস, সলফ।
,, ছিপী বা বুজলা দেওয়ার ন্যায় বোধ—বেলে*, ক্যাম, ল্যাকি* মার্ক*, নক্‌স*, সল্‌ফ।
,, হাজিয়া যাওয়া বোধ—বেলে*, কার্ব্ব°, ল্যাকি*, মার্ক*, নক্‌স, ফস্ফ°, পল্‌স*, সল্‌ফ।
গলাভ্যন্তরে কর্কশতা বোধ—একো, আর্সি, বেলে, কার্ব্ব*, হেপা°, ফস্ফ*, পল্‌স, সল্‌ফ*।
,, আক্ষেপ—বেলে*, ক্যাম, ল্যাকি*।
,, স্ফীতি—আর্সি, বেলে*, মার্ক*, নক্‌স, পল্‌স, সল্‌ফ।
,, ক্ষত—বেলে, ল্যাকি°, মার্ক*।
গুল্‌ফ স্ফীততা—ব্রাই, পল্‌স।
,, দুর্ব্বলতা—চায়।
গুল্মবায়ু রোগ—বেলে, ব্রাই, ক্যাম, নক্‌স*, পল্‌স*, সলফ।

গুল্মবায়ু রোগ—হিষ্টিরিয়া।

নক্‌স—মস্তকে জড়তা ও কন্ কন্ বোধ। কোষ্ঠবদ্ধ।
পল্‌স—রজঃ অবরোধ বা স্তন্য রুদ্ধ হওয়া বশতঃ রোগে।
সল্‌ফ—এই রোগের সঙ্গে যকৃতের পীড়া থাকিলে অথবা অর্শ হইতে রক্তস্রাব রুদ্ধ হইলে।

গ্রন্থি জ্বালা—আর্সি*, বেলে*, মার্ক, ফস্ফ।
„ কঠিনতা—বেলে, ক্যাম, চায়, ফস্ফ, সল্ফ।
„ প্রদাহ—একো, বেলে*, ব্রাই, ক্যাম, মার্ক*, নক্স, ফস্ফ°, পল্স, সল্ফ।
„ বেদনা—আর্ণি, বেলে, চায়, মার্ক*, ফস্ফ, পল্স।
„ „ কর্ত্তনবৎ—বেলে*।
„ „ আকর্ষণী—আর্সি, বেলে, চায়, সল্ফ।
„ „ স্পন্দনীয়—বেলে, ক্যাল্কে, পল্স।
„ „ চাপক—বেলে, মার্ক।
„ „ বেধক—বেলে, মার্ক, পল্স।
„ „ ছেদক—আর্ণি, বেলে, চায়*, সল্ফ।
গ্রন্থিতে নাড়ীর গতিবৎ বোধ—ক্যাল্কে, মার্ক*, ফস্ফ, সল্ফ।
„ বেদনানুভব—ফস্ফ*।
„ স্ফীততা—আর্সি, বেলে*, ব্রাই, ক্যাল্কে, ক্যাম, মার্ক*, নক্স, ফস্ফ*, পল্স*, রস*, সল্ফ*।
„ „ দৃঢ়—ব্রাই, ফস্ফ*, পল্স* রস, সল্ফ।
„ „ উত্তাপযুক্ত—একো, আর্ণি, বেলে,* ব্রাই, মার্ক*, ফস্ফ*, সল্ফ।
„ „ প্রাদাহিক—একো, আর্ণি, বেলে, ব্রাই, ক্যাম, মার্ক*, ফস্ফ, পল্স।
„ বেদনান্বিত—আর্ণি, বেলে, চায়, নক্স, পল্স।
„ আকৃষ্টতা বোধ—আর্ণি, ব্রাই, ফস্ফ*, পল্স, রস, সল্ফ।
„ ক্ষত—আর্সি*, বেলে, ফস্ফ*, সল্ফ।
গ্রীবাগ্রন্থি প্রদাহ—বেলে, মার্ক*, ফস্ফ।

গ্রীবাগ্রন্থি বেদনাযুক্ত—আর্নি, বেলে*, মার্ক*, ফস্ফ।

গ্রীবাগ্রন্থি স্ফীততা—বেলে*, ক্যাম, মার্ক*, ফস্ফ*, সল্ফ।

গ্রীবায় বাতের বেদনা—ব্রাই।

গ্রীবার অচলতা বা অনমনীয়তা—বেলে*, ব্রাই*।

,, ,, পশ্চাদ্ভাগে—একো, বেলে*, ব্রাই, কার্ব্ব*, ফস্ফ*, রস, সল্ফ।

,, পশ্চাদ্ভাগে স্ফীত—বেলে*, পল্স।

,, আকৃষ্টতা—ব্রাই, পল্স।

ঘর্ম্ম আঠাবৎ—আর্সি*, ক্যাম, মার্ক, ফস্ফ*, ভিরে।

,, দৌর্ব্বল্যকর—আর্সি, ব্রাই, ক্যাল্কে, চায়, ফস্ফ, সল্ফ।

,, সহজ—ব্রাই, ক্যাল্কে*, মার্ক, সল্ফ*।

,, রাত্রিতে—আর্সি, বেলে, ব্রাই, ক্যাল্কে, কার্ব্ব*, চায়, মার্ক, নক্স, ফস্ফ*, পল্স, রস, সল্ফ*।

,, অম্লগন্ধযুক্ত—ব্রাই, ক্যাম*, মার্ক, সল্ফ।

,, অবরোধ—একো, বেলে*, ব্রাই, ক্যাল্কে, ক্যাম*, চায়*, মার্ক, নক্স, ফস্ফ, পল্স, রস, সল্ফ*।

ঘ্রাণশক্তির দুর্ব্বলতা—বেলে, ক্যাল্কে*, ফস্ফ, পল্স*।

ঘ্রাণশক্তির অভাব—বেলে, ক্যাল্কে*, ফস্ফ*, পল্স।

,, ,, সর্দ্দিজনিত—নক্স, পল্স*।

ঘুংড়ী (ক্রুপ)—একো*, হেপা*, ফস্ফ, স্পঞ্জ*।

ঘুংড়ী—(ক্রুপ)।

একো—প্রাদাহিক অবস্থায়; স্পঞ্জ সহ পর্য্যায়ক্রমে ব্যবহার্য্য।

চক্ষু হইতে রক্তস্রাব—বেলে*, ক্যাম।
" জ্বালা—বেলে*, ব্রাই, কার্ব্ব*, মার্ক*, নক্স, ফস্ফ*, সল্‌ফ, ভিরে।
" আক্ষেপ—বেলে*, ক্যাম।
" দ্বিদৃষ্টি—বেলে*, পল্‌স, ভিরে।
" শুষ্ক—বেলে*, নক্স, সল্‌ফ।
" একদৃষ্টি—আর্সি, বেলে*।
" সম্মুখে অগ্নিশিখাবোধ—বেলে*, পল্‌স।
" উত্তাপ—বেলে, মার্ক*, ভিরে।
চক্ষু প্রদাহ—একো*, আর্ণি, আর্সি, বেলে*, ব্রাই, ক্যাল্কে, ক্যাম*, মার্ক*, নক্স*, ফস্ফ, পল্‌স*, রস, সল্‌ফ*, ভিরে।
" প্রদাহ পুরাতন—ক্যাল্কে, ফস্ফ, সল্‌ফ*।
" গণ্ডমালা রোগযুক্ত—আর্সি, বেলে, ক্যাল্কে*, হেপা, মার্ক, পল্‌স, রস, সল্‌ফ।

ঘুংড়ী (ক্রুপ)।

হেপা—যদি এই রোগের সঙ্গে শ্লেষ্মা দ্বারা বক্ষে ঘর্ঘর শব্দ হয়। আর্দ্র কাসি।

ফস্ফ—একো ও স্পঞ্জ দ্বারা কেবল আংশিক উপকার দর্শিলে। ইহা রোগের প্রতিষেধক।

স্পঞ্জ—কর্কশ, ফাঁপা, কুকুর ও কুক্কুট ধ্বনিবৎ কাসি; মৃদু, উচ্চ শব্দযুক্ত কাসি, শ্বাসবন্ধের উপক্রম। অত্যন্ত মন্দাবস্থা। চক্ষু প্রদাহ। (অপ্‌থালমিয়া) চক্ষু উঠা।

একো—তরুণ প্রদাহে চক্ষু লালবর্ণ ও শিরা সকল ঘোর

চক্ষুর আলোকাসহ্যতা—একো*, আর্সি*, বেলে*, ব্রাই, ক্যাল্কে, ক্যাম, চায়, মার্ক, নক্স, পল্স, রস, সল্ফ*, ভিরে।

লালবর্ণ। অসহ্য জ্বালা ও সূচীবেধবৎ বেদনা। আলোকাসহ্যতা।

আর্নি—কোন আঘাত হইতে হইলে।

আর্সি—উত্তপ্ত অঙ্গার দ্বারা পোড়ানর মত জ্বালাযুক্ত বেদনা। অসহ্য বেদনা, তাহাতে রোগী স্থির থাকিতে পারে না।

বেলে—আলোক সহ্য করণে কষ্ট। চক্ষুর চতুর্দ্দিকে কন্‌কনে বেদনা। চক্ষুকোটরে ও মস্তকেও তদ্রূপ বেদনা। স্পন্দনে বৃদ্ধি। চক্ষুর উজ্জ্বল আরক্ততা।

ব্রাই—চক্ষুর পাতা স্ফীত। চক্ষু খুলিলে মস্তক বেদনা। বাতজনিত প্রদাহ হইলে।

ক্যাল্কে—চক্ষুর কাল ক্ষেত্রে দাগ ও ক্ষত। আলোকাশঙ্কা। চক্ষু সঞ্চালন কিম্বা অধ্যয়নের সময় চক্ষুর সম্মুখে দাগ দৃষ্ট হয়।

ক্যাম—শিশুদিগের উপযোগী। যখন বেদনা অসহ্য হয়। অত্যন্ত অধীরতা।

মার্ক—কর্ত্তনবৎ বেদনা। পাতার নীচে বালি গিয়াছে বলিয়া বোধ। অগ্নির আলোকে অত্যন্ত বোধাধিক্য। কণ্ডূয়ন ও গুলিবেধবৎ বেদনা। সন্ধ্যার সময় ও শয্যাতে বৃদ্ধি হয়।

নক্স—চাপক বেদনা—যেন চক্ষুর নীচে বালি পড়িয়াছে। প্রবল শিরঃপীড়া। প্রাতঃকালে মন্দাবস্থা।

চক্ষু কণ্ডূয়ন—বেলে, ক্যাল্কে, মার্ক*, নক্স*, সল্ফ।

" স্নায়ুশূল—বেলে* চায়।

" কন্‌কনে বেদনা—বেলে, রস।

চক্ষুতে আঘাতবৎ বেদনানুভব— আর্সি, চায়, রস, ভিরে।

" আকর্ষক বেদনা—আর্সি, বেলে, নক্স, পল্স।

" বালিপতনবৎ বোধ—ব্রাই, ফস্‌ফ, পল্স, সল্ফ।

" বেধক বেদনা—একো, আর্সি, বেলে, ব্রাই, ক্যাল্কে*, মার্ক, পল্স*।

" কণ্টকবেধবৎ বেদনা—মার্ক*, নক্স*।

" চাপক বেদনা—ব্রাই, ক্যাল্কে*, কার্ব্ব*, মার্ক*, ফস্‌ফ, সল্ফ।

পল্স—চাপক, ছেদক, বেধক, কর্ত্তক অথবা ভেদক বেদনা। চক্ষু হইতে অধিক জলপড়া বা শুষ্কতা। চক্ষু পাতার স্ফীততা।

রস—শীতল ও আর্দ্র সময়ে হইলে। সতত চক্ষু জ্বালা, অশ্রুস্রাব, চক্ষুপাতার সাতিশয় স্ফীতি।

সল্ফ—চক্ষু পাতার নিম্নে বালি পড়ার ন্যায় বোধ ও তৎসহ জ্বলন ও কণ্ডূয়ন। চক্ষুর কাল অংশে বা পার্শ্বে সজল উদ্ভেদ, ক্ষত বা সপূঁয উদ্ভেদ। চক্ষুর শুষ্কতা বা অধিক অশ্রুস্রাব।

ভিরে—সাতিশয় শিরঃপীড়া সহ চক্ষুতে ছেদক বেদনা। আলোকাসহ্যতা, উত্তাপ ও চক্ষুতে শুষ্কতা বোধ।

চক্ষুসম্মুখবহির্গমনশীল—আর্ণি, আর্সি, বেলে* ।

চক্ষুর কনীনিকা আকুঞ্চিত—আর্সি, বেলে, ক্যাম, ফস্ফ, পল্স
সল্ফ, ভিরে ।

,, ,, প্রসারিত—একো*, আর্সি, বেলে*, ক্যাল্কে*, চা
সি*, ইপি, নক্স, ভিরে ।

,, আরক্ততা—একো*, আর্ণি, আর্সি, বেলে*, ব্রাই, ক্যা
চায়, মার্ক*, নক্স*, রস, সল্ফ ।

,, নিকট দৃষ্টি—ক্যাল্কে, ফস্ফ*, পল্স*, সল্ফ ।

,, দৃষ্টিবিভ্রম (কোয়াশা দৃষ্টি)—বেলে, ক্যাল্কে*, সল্ফ ।

,, প্রদীপের চতুর্দ্দিকে আলোক পরিবেশ দৃষ্টি—বেলে, ফ
পল্স, সল্ফ* ।

,, দৃষ্টির সম্মুখে চিহ্ন—বেলে, ক্যাল্কে, চায়, মার্ক, ফস্ফ* ।

,, প্রদীপ্ত—একো, বেলে* ।

,, কালক্ষেত্রে দাগ—বেলে*, ক্যাল্কে, পল্স* ।

,, সজল—আর্ণি, বেলে, ক্যাল্কে, মার্ক, নক্স, ফস্ফ, পল্স
রস, সল্ফ, ভিরে ।

চুলকনা—(সাধারণতঃ,—আর্সি, কার্ব্ব*, মার্ক*, সল্ফ*, ভিরে

চুলকনা ।

আর্সি—সজল কণ্ডূয়ন ।

কার্ব্ব—শুষ্ক উদ্ভেদবৎ চুলকনা । যদি উদ্ভেদ সকল ক্ষুদ্র হয় ।

মার্ক—রাত্রিতে অতিশয় চুলকানি । যে সকল চুলকনা হইতে
সহজে রক্ত পড়ে ।

চুলকনা রক্তস্রাবযুক্ত—মার্ক*, সল্ফ।

" শুষ্ক—ক্যাল্কে, মার্ক*, সল্ফ, ভিরে।

" বিলুপ্ত—চায়, মার্ক, সল্ফ।

চিবুক ঝুলিয়া পড়িলে—বেলে*।

" আক্ষেপ—বেলে*, নক্স, ভিরে।

চুচুক হাজিয়া গেলে—আর্ণি*, ক্যাল্কে, ক্যাম*, মার্ক, পল্স, সল্ফ*।

" ক্ষত—ক্যাম*, মার্ক।

চর্ম্ম নীলবর্ণ—আর্সি*, নক্স, ভিরে।

" জ্বালাযুক্ত—একো*, আর্সি*, বেলে*, ব্রাই, ক্যাল্কে, ল্যাকি*, মার্ক*, নক্স, ফস্ফ*, পল্স, রস*, সল্ফ*।

চর্ম্ম বিদারিত—ক্যাল্কে*, মার্ক,* পল্স*, সল্ফ।

" শীতল—আর্স*, ইপি*, নক্স, রস*, সল্ফ, ভিরে।

" শুষ্ক—একো, আর্ণি, আর্সি, বেলে*, ব্রাই*, ক্যাল্কে*, ক্যাম*, চায়*, মার্ক, নক্স, ফস্ফ*, পল্স, রস, সল্ফ*।

" লোহিত—ক্যাল্কে*, চায়*, সল্ফ, ভিরে*।

সল্ফ—বিশুদ্ধ চুলকনাতে নিশ্চিত আরোগ্যকর। গন্ধকের মলমও বাহ্যিক প্রয়োজ্য।

চুচুক হাজিয়া গেলে।

আর্ণি—সামান্য ক্ষতে।

ক্যাম—যদি স্তনাগ্র প্রদাহ ও ক্ষতযুক্ত হয়।

সল্ফ—যদি আর্ণিকাতে উপকার না হয়।

চর্ম্ম, ক্ষত শুষ্ক হইতে বিলম্ব হইলে—ক্যাল্কে, ক্যাম*, হেপা*,
মার্ক, রস, সল্‌ফ।

,, প্রদাহ—একো, বেলে*, ক্যান্থ*, ক্যাম, মার্ক* পল্‌স,
রস*, সল্‌ফ।

চর্ম্ম কণ্ডূয়ন—ব্রাই, ক্যাল্কে, মার্ক*, নক্স, পল্‌স*, রস*, স্পঞ্জ*,
সল্‌ফ*, ভিরে।

,, বেদনাবিশিষ্ট—আর্সি*, বেলে, ক্যাল্কে*, মার্ক*, নক্স*, রস,
সল্‌ফ *, ভিরে *।

চর্ম্মে দংশক বেদনা—ব্রাই, ক্যাল্কে, পল্‌স*।

,, কণ্টক বেধবৎ বেদনা—ব্রাই*, মার্ক, পল্‌স, রস*, সল্‌ফ।

,, বেদনা গুলিবেধবৎ—একো, আর্সি, ব্রাই, পল্‌স*।

,, ছেদক—বেলে, ব্রাই*, নক্স।

চর্ম্ম উঠিয়া গেলে—বেলে, মার্ক, ফস্ফ*, ভিরে।

চর্ম্ম লালবর্ণ—একো, আর্ণি, বেলে*, মার্ক, নক্স, পল্‌স, রস*।

,, কর্কশ—ক্যাল্কে*।

,, চৈতন্ত বিশিষ্ট—ক্যাল্কে, চায়*, ভিরে।

চর্ম্মে কৃষ্ণবর্ণ চিহ্ন—আর্সি*, ল্যাকি*, রস।

,, নীলবর্ণ চিহ্ন—আর্ণি*, আর্সি*, ব্রাই*, রস।

,, চিহ্ন পিঙ্গল বর্ণ—ব্রাই, মার্ক*, ফস্ফ, সল্‌ফ*।

,, ,, শুষ্ক শল্কোদ্ভেদবৎ—মার্ক, সল্‌ফ।

,, ,, ধূম্রবর্ণ—আর্সি*, ব্রাই*, রস*।

,, ,, ঘোর লালবর্ণ—আর্সি, বেলে*, ব্রাই, মার্ক, সল্‌ফ।

চর্ম্মে চিহ্ন শ্বেতবর্ণ—আর্সি*, ফস্ফ, সল্‌ফ।

চৰ্ম্ম ঈষৎ পীতবর্ণ—আর্ণি, ফস্ফ*, সল্‌ফ*।
,, সূর্য্যোত্তাপে দগ্ধ—বেলে*।
,, অসুস্থ—ক্যাল্কে*, ক্যাম, হেপা*, মার্ক, সল্‌ফ*।
,, পীতবর্ণ—একো, বেলে, ব্রাই, ক্যাম, চায়, মার্ক*, নক্স*, সল্‌ফ।

চৰ্ম্ম বিদারণ—ক্যাল্কে*, হেপা*, মার্ক*, পল্‌স, সল্‌ফ*।
,, নিঘর্ষণ—আর্ণি*, আর্সি, ক্যাম, চায়, পল্‌স, সল্‌ফ।

ছানি (চক্ষুতে)—ক্যাল্কে*, ফস্ফ*, পল্‌স, সল্‌ফ।

জঙ্ঘায় খালধরা—ক্যাল্কে*, ক্যাম*, সল্‌ফ, ভিরে।
,, কন্‌কনে বেদনা—একো, ব্রাই, ক্যাল্কে, মার্ক, নক্স, ভিরে।
,, জ্বালাযুক্ত বেদনা—কার্ব্ব*।
,, আকর্ষক বেদনা—ব্রাই, ক্যাল্‌কে, ক্যাম, চায়, মার্ক*, ফস্ফ, পল্‌স, রস, সল্‌ফ।

চৰ্ম্ম বিদারণ।

ক্যাল্কে—শুষ্ক ও বন্ধুর চৰ্ম্ম, বিশেষতঃ যাহারা জলে থাকিয়া কর্ম্ম করে, তাহাদের পক্ষে।

হেপা—হস্তপদের চৰ্ম্ম ফাটা বা চেরা। অসুস্থ চৰ্ম্ম। অল্পাঘাতেও ক্ষত হইলে।

মার্ক—গভীর ও রক্তস্রাবযুক্ত চৰ্ম্ম বিদারণ।

সল্‌ফ—অনায়াসে চৰ্ম্ম বিদারিত হয়। ছাল উঠিবার মত বেদনা।

জঙ্ঘায় গুলিবেধবৎ বেদনা—ব্রাই, সল্‌ফ।

,, ছেদক বেদনা—চায়, মার্ক, ফস্ফ, রস, সল্‌ফ।

,, পক্ষাঘাত—বেলে, নক্স, রস*।

,, দৃঢ়তা বা অচলতা—ব্রাই, ক্যাল্কে, নক্স, রস।

,, স্ফীততা—ব্রাই*, ক্যাল্কে, ল্যাকি*, মার্ক, পল্‌স।

,, আকৃষ্টতা—ব্রাই, পল্‌স, রস।

জঙ্ঘা কম্পন—আর্সি, বেলে*, নক্স, পল্‌স।

,, দৌর্ব্বল্য—নক্স, ফস্ফ, সল্‌ফ।

জানুপ্রদাহ—আর্ণি, ক্যাল্কে, পল্‌স, সল্‌ফ।

,, রস সঞ্চয় সহ—মার্ক, রস, সল্‌ফ*।

,, পূঁযোৎপত্তি সহ—হেপা, মার্ক, রস।

জানুতে গুলিবেধবৎ বেদনা—একো, ক্যাল্কে, পল্‌স, সল্‌ফ।

,, ছেদক বেদনা—একো, বেলে, চায়, ফস্ফ, পল্‌স, সল্‌ফ।

,, অচলতা—ব্রাই, রস, সল্‌ফ।

,, স্ফীততা—ব্রাই, ক্যাল্কে, চায়, পল্‌স, সল্‌ফ।

,, জল সঞ্চয়—মার্ক, সল্‌ফ।

জানু-প্রদাহ।

আর্ণি—বাত প্রদাহ। হাঁটু ফেকাশে ও স্ফীত।

ক্যাল্কে—হাঁটুতে গুলিবেধবৎ বেদনা ও তাহা স্ফীত।

পল্‌স—হাঁটুতে বিদারক ও স্পন্দক বেদনা। হাঁটু উষ্ণ ও তৎসঙ্গে হুলবেধবৎ বেদনা।

সল্‌ফ—বাত জনিত প্রদাহ। বিস্তীর্ণ উজ্জ্বল স্ফীততা ও তৎসঙ্গে হাঁটুতে গুলিবেধবৎ বেদনা।

জিহ্বা জ্বালা—একো, বেলে।

,, দগ্ধ হওয়া বোধ—মার্ক*।

,, লেপাবৃত (সাধারণতঃ)—একো, আর্নি, আর্সি, বেলে*, ব্রাই*, ক্যাম, চায়, ইপি, মার্ক*, নক্স, পল্‌স*, রস, সল্‌ফ।

জিহ্বা মলাবৃত আঠাবৎ—বেলে, মার্ক, ফস্ফ, পল্‌স, সল্‌ফ।

,, ,, পুরু—বেলে, মার্ক*, পল্‌স।

,, ,, শ্বেতবর্ণ—আর্নি, মার্ক*, নক্স*, ফস্ফ, পল্‌স*, সল্‌ফ।

,, ,, পীতাভ—চায়, ইপি, নক্স।

,, শীতল—আর্সি, ভিরে।

,, কৃষ্ণবর্ণ—আর্সি।

,, শুষ্কতা—আর্সি*, বেলে*, ব্রাই*, ক্যাম*, মার্ক*, নক্স, ফস্ফ, রস, সল্‌ফ, ভিরে।

,, প্রদাহ—একো*, আর্নি, আর্সি, বেলে*, মার্ক*।

জিহ্বা বেদনা—মার্ক*, নক্স*।

,, স্ফীতি—আর্সি, বেলে*, মার্ক*।

,, আড়ষ্টতা—বেলে, মার্ক।

,, ক্ষত—মার্ক, নক্স*।

জিহ্বা প্রদাহ।

একো—কণ্ডূয়ন। জিহ্বার জ্বালা।

আর্নি—যখন বাহ্যিক আঘাতাদি বশতঃ হয়।

আর্সি—যখন আক্রান্ত স্থান পচিবার উপক্রম হয়।

বেলে—উষ্ণতা, শুষ্কতা, স্ফীততা ও প্রদাহ।

মার্ক—স্ফীততা ও প্রদাহ, তৎসঙ্গে অধিক লালাস্রাব। মুখে ক্ষত।

জ্বর—(স্বতন্ত্র স্বতন্ত্র জ্বর দেখ)।

,, সহজ—একো* ।

,, কোষ্ঠবদ্ধ সহ—ব্রাই, ক্যাল্কে, নক্স, ভিরে ।

,, প্রলাপ সহ—একো*, বেলে*, ব্রাই*, ক্যাম।

,, শিরঃপীড়া সহ—একো, আর্ণি, আর্সি, বেলে, নক্স*, পল্‌স, সল্‌ফ* ।

,, ক্ষুদ্র ক্ষুদ্র জলোদ্ভেদ সমন্বিত—একো*, আর্সি, বেলে, ব্রাই*, ইপি*, মার্ক*, পল্‌স, রস ।

টাকপড়া—ক্যাল্কে, মার্ক, ফক্ষ*, সল্‌ফ* ।

তাণ্ডব—(হস্ত পদ সতত কম্পন) বেলে*, ক্যাম, নক্স* ।

ক্ষুদ্র ক্ষুদ্র জলোদ্ভেদ সমন্বিত জ্বর।

একো—উত্তাপ, তৃষ্ণা ও প্রদাহের লক্ষণ বর্ত্তমান থাকিলে।

আর্সি—উদ্ভেদ বাহির হওয়ার সঙ্গে অতিশয় অসুখ বোধ।

বেলে—যদি মস্তিষ্ক আক্রান্ত হয়।

ব্রাই—প্রসূতিদিগের রোগ হইলে। কোষ্ঠবদ্ধ।

ক্যাম—শিশুদের পক্ষে।

ইপি—উদ্ভেদের হঠাৎ বিলোপ বা তাহা বাহির হইতে বিলম্ব ও তৎসঙ্গে শ্বাসকৃচ্ছ্র ।

তাণ্ডব রোগ।

বেলে—আকুঞ্চনকারী পেশীসমূহের কম্প হওয়ার পূর্ব্বে সুড়-সুড়ী ও অবশতা বোধ ।

নক্স—অবশ বোধ, যেন অঙ্গাদি অবশ হইয়া গিয়াছে।

তালুপ্রদাহ—বেলে*, ক্যাল্কে, চায়*, মার্ক*, নক্স।

„ (কোমল তালু)—বেলে, মার্ক*, নক্স।

„ স্ফীততা—চায়, নক্স।

তালুপার্শ্বগ্রন্থি প্রদাহ—বেলে*, ক্যাল্কে, মার্ক,*।

তালুপার্শ্ব গ্রন্থিতে পূঁযোৎপত্তি—বেলে, মার্ক।

„ „ স্ফীততা—বেলে*, ল্যাকি*, মার্ক*, নক্স, সল্‌ফ।

তৃষ্ণা—একো*, আর্সি, বেলে*, ব্রাই*, ক্যাল্কে, ক্যাম, চায়*, মার্ক*, নক্স, পল্‌স, রস, সল্‌ফ*, ভিরে

তৃষ্ণার অভাব—আর্সি, চায়, ইপি, পল্‌স*।

তোত্‌লা কথা—বেলে*, মার্ক, সল্‌ফ, ভিরে।

দক্রুরোগ—ক্যাল্কে, রস, সল্‌ফ।

„ কোড়চ—আর্সি, মার্ক*, রস*।

তালুপার্শ্বগ্রন্থি প্রদাহ।

বেলে—গলা, তালু আল্‌জিহ্বা ও তালুপার্শ্বগ্রন্থি স্ফীত ও প্রদাহিত, গলাধঃকরণে সম্পূর্ণ অশক্তি, গলাভ্যন্তরে হাজিয়া যাওয়া ও গুলিবেধবৎ বেদনা। গলার আক্ষেপিক ও শ্বাসরোধবৎ আকুঞ্চন।

ক্যাল্কে—গলা বেদনা, যেন ভিতরে ফুলিয়া তাহা কর্ণ পর্য্যন্ত বিস্তৃত হইয়াছে। তালু ও তালুপার্শ্বগ্রন্থি স্ফীত।

মার্ক—গলা ও তালুপার্শ্বগ্রন্থিতে সূচীবেধবৎ বোধ ও তাহা কর্ণ ও তন্নিম্নস্থ গ্রন্থি পর্য্যন্ত বিস্তৃত। আক্রান্ত স্থানের প্রাদাহিক আরক্ততা। গলাধঃকরণে কষ্ট। লালাস্রাব।

(গলা বেদনা দেখ)।

,, করোটী (করোটী দদ্রু দেখ)

,, সজলোদ্ভেদ সমন্বিত—আর্সি*, ব্রাই, ক্যাল্কে*, রস, সল্ফ*।

,, ,, ক্ষতকর—ক্যাল্কে, রস।

,, ,, আর্দ্র—রস*।

,, ,, খুস্কীযুক্ত—ক্যাল্কে*, মার্ক, রস, সল্ফ*।

,, ,, বিস্তৃত—আর্সি, ক্যাল্কে, সল্ফ।

,, ,, সপূঁয—মার্ক*, রস*।

দদ্রু বা দাদ্।

ক্যাল্কে—দুর্দ্দম্য রোগে ও গণ্ডমালা ধাতু প্রধান ব্যক্তিদের পক্ষে।

রস—ক্ষত হওয়ার ন্যায় জ্বালা, চর্ম্ম উষ্ণ, মুখমণ্ডলে মামড়ীযুক্ত উদ্ভেদ।

সল্ফ—পীড়া হওয়ার সার্ব্বাঙ্গিক প্রবণতা থাকিলে।

কোড়চ দাদ্।

আর্সি—রাত্রিতে বেদনা ও জ্বালা।

মার্ক—রসটক্সের পর ব্যবহার্য্য। অত্যন্ত জ্বালাযুক্ত কণ্ডূয়ন বিশেষতঃ নখ দ্বারা চুলকনার পর ও রাত্রিতে।

রস—প্রথমে ব্যবহার্য্য।

সজলোদ্ভেদযুক্ত দদ্রু।

আর্সি—দদ্রু লালবর্ণ ও তৎসঙ্গে জ্বালা ও ফোস্কা।

ব্রাই—লাল কিম্বা শ্বেতবর্ণ দদ্রু।

ক্যাল্কে—যে সকল দদ্রু পুনঃ প্রকাশ হয়। শম্বাদির খোসার ন্যায় দদ্রু।

দদ্রু (সজলোদ্ভেদ সমন্বিত ও জ্বালাযুক্ত)—আর্সি°, মার্ক*, রস, সল্ফ।

" " ক্ষতকর—ক্যাল্কে, রস।

" " আর্দ্র—রস।

" " খুস্কীযুক্ত—ক্যাল্কে*, মার্ক, রস, সল্ফ°।

" " বিস্তৃত—আর্সি, ক্যাল্কে, রস, সল্ফ।

" " সপূঁয—মার্ক*, রস*।

দন্ত বেদনা অতীক্ষ্ণ—চায়*।

" " চর্ব্বণবৎ—ক্যাম, ফস্ফ, পল্স।

" " অসহ্য—ক্যাম, কফি, মার্ক।

" " স্পন্দক—ব্রাই, নক্স*, ফস্ফ, পল্স°, রস*।

" " নাড়ী চলার ন্যায় (দব্ দবে)—একো°, ক্যাম, চায়°, মার্ক, ফস্ফ, পল্স, সল্ফ°।

" " অর্দ্ধপার্শ্বিক—ক্যাম*, মার্ক°, পল্স°, রস।

" " গুলি বেধবৎ—ক্যাম, ফস্ফ, পল্স*, রস°, সলফ।

" " হুল বেধবৎ—মার্ক*, নক্স°।

" " ছেদক—আর্সি, বেলে, ব্রাই, ক্যাম, চায়, মার্ক×, নক্স, ফস্ফ* পল্স°, রস°, সল্ফ।

মার্ক—স্পর্শে জ্বালাবোধ। শুষ্ক, কণ্ডূয়ন, কণ্টকবেধ বোধ। আরক্ত, গামড়ীযুক্ত, সপূঁয।

রস—যখন ইহার সঙ্গে বক্ষঃ বেদনা ও রক্তামাশয়ের ন্যায় সরক্ত মল। জ্বালাযুক্ত কণ্ডূয়ন।

সল্ফ—সন্ধ্যাকালে চুলকানি, জ্বালা, কণ্টকবেধ বোধ, বিস্তৃত হওয়া। (উদ্ভেদ দেখ)।

দন্তোদ্ভেদ কোষ্ঠবদ্ধ সহ—ব্রাই, নক্স।
,, উদরাময় সহ—ক্যাম°, ইপি, মার্ক°, সল্ফ।
,, জ্বর সহ—একো*, ক্যাম°, কফি*,।
,, অস্থিরতা সহ—একো, ক্যাম, কফি°।
,, অনিদ্রা সহ—বেলে°, ক্যাল্কে, কফি°।
,, বিলম্বে হইলে—ক্যাল্কে।
,, আক্ষেপ সহ—বেল্লে, ক্যাম।
দন্তোদ্ভেদ (শিশুদের পীড়া দেখ)।
দন্ত বেদনা, খনন করার ন্যায়—নক্স, পল্স।
,, আকর্ষক—বেলে, ব্রাই, ক্যাম, ফস্ফ, পল্স, সল্ফ°।
,, ছিদ্রকরণবৎ—নক্স, ফস্ফ।
,, দন্ত শিথিল—মার্ক*, নক্স, পল্স।
দন্তশূল—সাধারণতঃ—বেলে°, ব্রাই°, ক্যাম°, চায়*, মার্ক°, নক্স*, ফস্ফ, পল্স°, রস*, সল্ফ*।

দন্তশূল।

একো—সজ্বর ভাব। যদি বেদনা বর্ণনা করণে কষ্ট হয়। যদি বেদনাতে রোগী পাগলের মত হয়।

বেলে—মস্তক দব্দব্ করে। মুখমণ্ডল উত্তপ্ত। অতিশয় তৃষ্ণা। সন্ধ্যাকালে, রাত্রিতে, অনাবৃত বায়ুতে কিম্বা খাদ্য দ্রব্য সংস্পর্শে বৃদ্ধি। প্রদাহ ও রক্তাধিক্যজনিত দন্তশূল।

ব্রাই—দন্ত শিথিলতা। দীর্ঘতা বোধ। বেদনা সহ শয়নে ইচ্ছা।

ক্যাম—আঘাত ও গুলিবেধবৎ বেদনা। অসহ্য বেদনা। বিশেষতঃ রাত্রিতে ও শয্যায়, যদ্দ্বারা রোগী নিরাশ হয়,

দন্তশূল শিশুদের—একো°, ক্যাম°, মার্ক°।
দন্তশূল সর্দ্দি বা শীতজনিত—একো°, ক্যাম°, মার্ক°, পল্‌স।
,, সর্দ্দিতে বৃদ্ধি—ক্যাল্‌কে, মার্ক, সল্‌ফ।
,, শিশুদের—একো°, ক্যাম°, মার্ক*।
,, শীতল জলে বৃদ্ধি—ব্রাই, ক্যাল্‌কে, ক্যাম, নক্স, সল্‌ফ।
শীতল বায়ুতে হ্রাস—নক্স, রস।

দন্তশূল (পূর্ব্বের পর)

তৎসঙ্গে গণ্ডদেশ উষ্ণ ও স্ফীত থাকে। বেদনার সঙ্গে উত্তাপ ও আরক্ততা, বিশেষতঃ এক গণ্ডদেশের। সমুদয় মস্তকের অর্দ্ধ পার্শ্বে বেদনা। উত্তাপে বৃদ্ধি।

চায়—রাত্রিতে কিম্বা অল্প সংস্পর্শে বৃদ্ধি। দৌর্ব্বল্যকর শারীরবিধান অপচয়ের পর পীড়া হইলে।

মার্ক—ছেদক ও গুলি বেধক বেদনা। ক্ষয়িত বা গহ্বরবিশি দন্তে কিম্বা দন্তমূলে পূর্ব্বোক্ত বেদনা। মস্তক ও সমগ্র মুখে বেদনা কিম্বা তাহা কর্ণ ও মস্তক পর্য্যন্ত বিস্তৃত। লালাস্রাব। রাত্রিতে শয্যায় বৃদ্ধি।

নক্স—ক্ষতবৎ, কিম্বা স্পন্দক ও আকর্ষক বেদনা; মাড়ী স্ফীত ওষ্ঠ চৈতন্যবিশিষ্ট ও তাহাতে ক্ষত হওয়ার ন্যায় দব্‌দবে বেদনা। রাত্রিতে, প্রাতেঃ জাগরণের পর কিম্বা অনবরুদ্ধ বায়ুতে বৃদ্ধি। কফি, মদ্যপায়ী ও আলস্য পরবশ ব্যক্তিদের পক্ষে উপযোগী।

পল্‌স—বেদনা—মুখ, মস্তক, চক্ষু ও কর্ণ পর্য্যন্ত বিস্তৃত হয়, তৎসঙ্গে মুখমণ্ডল পাণ্ডুবর্ণ। রাত্রি কিম্বা দ্বিপ্রহর রাত্রির পর বৃদ্ধি। শীতল জল ও শীতল পরিষ্কার বায়ুতে হ্রাস হয়।

দন্তশূল শীতল জলে হ্রাস—ব্রাই।

„ রক্তাধিক্য জনিত—একো্, বেলে, চায়, পল্‌স।

„ আর্দ্র বায়ুতে—ক্যাল্‌কে, মার্ক, পল্‌স, রস*, সল্‌ফ।

„ ক্ষয়িত দন্তে—বেলে*, ক্যাল্‌কে, ক্যাম, মার্ক*, নক্স, সল্‌ফ, পল্‌স, রস, সল্‌ফ।

„ আহারের পর—ক্যাম, নক্স।

„ উত্তাপে বৃদ্ধি—ব্রাই, ক্যাল্‌কে, ক্যাম, মার্ক, নক্স, পল্‌স।

„ „ হ্রাস—আর্সি।

স্নায়বীয়—একো*, বেলে*, ক্যাম, নক্স*।

„ বেদনা কর্ণ পর্য্যন্ত বিস্তৃত—আর্সি, মার্ক, পল্‌স।

„ „ মুখ পর্য্যন্ত বিস্তৃত—মার্ক, নক্স, পল্‌স, রস, সল্‌ফ।

„ মাড়ী বেদনা সহ—বেলে, মার্ক।

„ বাতজনিত—বেলে, ব্রাই, ক্যাম* মার্ক, নক্স, পল্‌স*, সল্‌ফ*।

„ মুখ-স্ফীততা সহ—ক্যাম, মার্ক, নক্স, পল্‌স।

„ চিবুক নিম্নস্থ গ্রন্থি-স্ফীততা সহ—ক্যাম, মার্ক, নক্স।

„ মাড়ী স্ফীততা সহ—মার্ক, নক্স।

দন্তশূল (পূর্ব্বের পর)।

সল্‌ফ—গহ্বরযুক্ত দন্তে ছেদক ও আঘাতবৎ বেদনা। মস্তকে রক্তাধিক্য। সন্ধ্যাকালে, রাত্রিতে কিম্বা শয্যায় ও শীতল বস্তু প্রয়োগে বৃদ্ধি।

রস—ছেদক, স্পন্দক ও গুলিবেধক বেদনা। দন্তে সুড়সুড়ী বোধ, রাত্রিতে বৃদ্ধি।

(দন্ত বেদনা দেখ)।

,, স্পর্শে বৃদ্ধি—বেলে, পল্স।

,, শয্যার উত্তাপে বৃদ্ধি—ক্যাম, মার্ক, ফস্ফ, পল্স।

দহন—দগ্ধ বা অগ্নিদগ্ধ—আর্নি, [illegible]।

দাঁতকপাটি লাগা—আর্নি, আর্সি, বেলে°, নক্স, ভিরে।

দুগ্ধ নিঃসরণ—একো, ক্যাল্কে°, পল্স, রস।

,, আধিক্য—বেলে*, ব্রাই*, ক্যাল্কে°, ফস্ফ, পল্স°, রস।

,, শিশুদের অনুপকারী—মার্ক*।

দুগ্ধ নিঃসরণ অবরোধ—বেলে, ব্রাই, পল্স°, রস।

দাঁতকপাটী—লক্জ।

আর্নি—আঘাত জনিত রোগে।

বেলে—গলাভ্যন্তরে আকুঞ্চন বোধ। চিবুক আক্ষেপযুক্ত ও যেন মুষ্টি দ্বারা আবদ্ধ। মুখ বিকৃতি।

নক্স—দাঁতকপাটী সহ সম্পূর্ণ জ্ঞান বিদ্যমানতা।

(আক্ষেপ দেখ)।

দুগ্ধাধিক্য।

বেলে—স্তন পূর্ণ, শক্ত এবং তাহাতে নাড়ী স্পন্দনের ন্যায় স্পন্দন বোধ, প্রদাহ।

ব্রাই—স্তন স্ফীত, কঠিন ও তাহা গ্রন্থিবৎ বোধ।

ক্যাল্কে—যখন স্তনে সর্ব্বদা দুগ্ধ পরিপূর্ণ থাকে। যখন শারীরিক দৌর্ব্বল্য সহ সংমিশ্রিত হয়।

পল্স—যদি অল্প পরিমাণে কিম্বা বিলম্বে রজঃ প্রকাশ সহ হয়।

রস—স্তনে বেদনাজনক স্ফীতি ও সর্ব্বশরীরে বাতের বেদনা।

দুগ্ধ ছাড়াইবার (শিশুদের [illegible]) সময়, দুগ্ধস্রাব হ্রাস করণার্থ—ক্যাল্কে, পল্স্ [illegible]ন*, রস।

দুগ্ধোদ্ভেদ (শৈশবকালে মুখে ও মস্তকে [illegible] এক প্রকার সপূঁয ক্ষুদ্র ক্ষুদ্র উদ্ভেদ বাহির হয়)—বেলে, ক্যাল্কে, মার্ক, রস*।

দুগ্ধোৎপাদক জ্বর—একো*, ব্রাই*, ক্যাম, কফি* পল্স, রস।

দুগ্ধস্রাব রোধ।

বেলে—শীত দ্বারা হইলে, কিম্বা দগ্নিক যন্ত্র আক্রান্ত হইলে।

ব্রাই—যদি স্তন শক্ত ও গ্রন্থিবৎ হয়।

পল্স—অধিকাংশ রোগে। শীত দ্বারা হইলে। পুরাতন অসুস্থতা।

রস—দুগ্ধরুদ্ধ হওয়া জনিত পুরাতন পীড়া।

দুগ্ধোদ্ভেদ—মিল্ক ক্রষ্ট।

বেলে—যদি উদ্ভেদ হঠাৎ শুকাইয়া যায় ও শিশু মস্তিষ্কীয় লক্ষণের সহিত তন্দ্রাযুক্ত হয়।

ক্যাল্কে—যখন উদ্ভেদ শুষ্ক ও সহজে নরম না হয়।

মার্ক—অতিশয় উত্তেজনা। চুলকনার পর রক্ত পড়ে।

রস—যদি শুষ্ক স্থানে উদ্ভেদ হয়। জ্বালাযুক্ত কণ্ডূয়ন।

দুগ্ধোৎপাদক জ্বর—মিল্ক ফিবর।

একো—দুগ্ধ হ্রাস, তৎসঙ্গে স্তনে কশা বোধ, আবক্ততা ও নাড়ীর-গতির ন্যায় স্পন্দন বোধ হয়। জ্বর থাকিলে।

ব্রাই—অসুখ ও ক্লান্তিকর শ্বাস। অতিশয় শিরঃপীড়া। কোষ্ঠবদ্ধ। স্তনে বাতের বেদনা।

ক্যাম—যদি মানসিক বিকার কিম্বা শীত হইতে হয়। অতিশয় স্নায়বীয় উদ্দীপনা।

দৃষ্টি ঝাপ্‌সা—বেলে, ক্যাল্কে, চায়, মার্ক, ফস্ফ*, রস, সল্‌ফ।

ত্বগ্ধোৎপাদক জ্বর (পূর্ব্বের পর)।

কফি—যদি অত্যন্ত মনোবিকার হইতে হয়।

পাল্স—সর্দ্দি বা শীত হইতে হইলে।

রস—স্তনে অতিশয় পূর্ণতা, আকৃষ্টতা ও বেদনা বোধ এবং তৎসহ অধিক ত্বগ্ধ নিঃসরণ। বাতবৎ বেদনা।

দৃষ্টি ঝাপ্‌সা বা অস্পষ্ট দর্শন।

বেলে—বিস্তৃত ও নিস্পন্দ্য কনীনিকা। আলোকাতঙ্ক, অগ্নি-শিখা, কাল চিহ্ন ও দাগ, সকল বস্তু লাল দেখান। অক্ষি-গোলকের ভিতর পর্য্যন্তও চাপক বেদনা। রাত্র্যন্ধ, সূক্ষ্ম কর্ম্ম করণ কালীন ঝাপ্‌সা দৃষ্টি, মস্তকে রক্তাধিক্য।

ক্যাল্কে—ঝাপ্‌সা দৃষ্টি, যেন কোয়াশার মধ্য দিয়া দেখিতেছে। আলোকাসহ্যতা। কনীনিকা অতিশয় প্রসারিত। গণ্ড-মালা রোগগ্রস্ত ব্যক্তিদের পক্ষে।

চায়—কনীনিকা প্রসারিত ও তৎসঙ্গে আলোক সংস্পর্শে নিস্প-ন্দতা, কিম্বা অতি অল্প আকুঞ্চিত, তৎসহ চক্ষুর সম্মুখে শ্বেতবর্ণ মেঘবৎ বোধ।

মার্ক—হঠাৎ ক্ষণিক অন্ধতা। চক্ষে অতিশয় চৈতন্যাধিক্য, বিশেষতঃ অগ্নির তেজ কিম্বা দিবালোকে।

ফস্ফ—হঠাৎ অন্ধতাক্রমণ। সকল বস্তুর উপরে ধূসর বর্ণ পর্দ্দা দ্বারা আবৃত বোধ হয়। অতিশয় আলোকানুভাবকতা। চক্ষুর সম্মুখে কৃষ্ণবর্ণ গোলাকার দাগ দেখায়।

রস—চক্ষুর সম্মুখে ঝিলিমিলি বোধ।

দেশব্যাপক সর্দ্দি—একো, আর্সি, বেলে*, ব্রাই, ক্যাম্ফে, ক্যাম, চায়, দৌর্ব্বল্য (সাধারণতঃ)—একো, [illegible] ফক্ষ, পল্স*, রস*।
চায়*, মার্ক, ন[illegible]*, পল্স, সল্ফ।
সল্ফ, ভিরে।

" তরুণ পীড়ার পর—চায়*, ফক্ষ*, ভিরে।

" শিশুদের—ক্যাল্কে, সল্ফ।

" শারীরিক শ্রমের পর— ক্যালকে, নক্স, ভিরে।

" অতিশয় অবসাদন—আর্সি, চায়, নক্স*, ফক্ষ*, রস, ভিরে*।

" গুল্মবায়ুজ—নক্স*, ফক্ষ।

দৃষ্টি ঝাপ্সা বা অস্পষ্ট দর্শন (পূর্ব্বের পর)

সল্ফ—দৃষ্টি ঝাপ্সা, যেন কোয়াশার ভিতর দিয়া দেখিতেছে। দিনে হঠাৎ দৃষ্টি লোপ। অতিশয় অশ্রুস্রাব। বিশেষতঃ অনবরুদ্ধ বায়ুতে বা গৃহমধ্যে চক্ষুশুষ্কতা। আলোকাশঙ্কা বিশেষতঃ সূর্য্যালোকে। যদি বাত কিম্বা উদ্ভেদ বিলোপজনিত রোগ হয়। (অন্ধতা দেখ)।

দেশব্যাপক সর্দ্দি—ইনফ্লুয়েন্জা।

একো—প্রাদাহিক অবস্থা।

আর্সি—নাক দিয়া পাতলা ও উগ্র জল নিঃসরণ। অতিশয় দৌর্ব্বল্য।

বেলে—আক্ষেপিক কাসি। ভয়ানক শিরঃপীড়া।

মার্ক—মস্তক, মুখমণ্ডল এবং কর্ণে ও দন্তে বাতবৎ বেদনা।

নক্স—কাসি ও ঘন শ্লেষ্মা দ্বারা ঝম্ ঝম্ শব্দ। মস্তক ভার; বিবমিষা। শিরোঘূর্ণন।

নিদ্রা উদ্বিগ্ন—একো, আর্সি*, বেলে*, [illegible], ভিরে*।
চায়*, মার্ক, নক্স, [illegible], কাল্কে, চায়*, নক্স,
ফস্ফ, পল্স, সল্ফ।

নিদ্রা উৎকণ্ঠাযুক্ত—[illegible]
[illegible] স্নায়বীয়—বেলে, ক্যাল্কে, চায়, নক্স*, ফস্ফ*, পল্স,
সল্ফ, ভিরে।

,, বৃদ্ধদিগের—চায়, ফস্ফ।

,, পক্ষাঘাতের ন্যায় বোধ—ক্যাম*, চায়*, পল্স*, রস*, ভিরে।

,, আকস্মিক—আর্সি°, কার্ব্ব*, ইপি, ল্যাকি*, মার্ক, নক্স*
ফস্ফ*, ভিরে।

,, জাগরণের পর—নক্স*, পল্স।

নাড়ী ক্ষীণ—আর্সি, চায়, মার্ক, রস, ভিরে।

,, পুষ্ট—একো*, আর্ণি, বেলে*, ব্রাই, নক্স, ফস্ফ।

,, কঠিন—একো*, আর্ণি, বেলে*, ব্রাই*, নক্স*, ফস্ফ*।

,, বোধাগম্য—আর্সি°, কার্ব্ব°, ভিরে*।

,, বিরামশীল—আর্সি, ব্রাই, চায়*, সল্ফ।

,, বিশৃঙ্খল—একো, আর্সি, চায়*।

,, দ্রুত—একো*, আর্সি, বেলে, ব্রাই*, চায়, মার্ক°, নক্স,
ফস্ফ*, পল্স, রস।

,, মৃদু—বেলে, ভিরে।

,, ক্ষুদ্র—একো*, আর্সি, বেলে, কার্ব্ব*, চায়, নক্স, ফস্ফ,
পল্স, রস, ভিরে*।

,, কম্পনশীল—আর্সি°, বেলে, ক্যাল্কে*, ল্যাকি*, রস।

নালীক্ষত—ক্যাল্কে°, পল্স*।

নাসিকা হইতে রক্তপড়া—একো, আর্ণি°, বেলে*, ব্রাই, ক্যাল্কে*,
চায়, ইপি, মার্ক*, নক্স, ফস্ফ, পল্স*,
রস*।

নাসিকা ঈষৎ স্ফীত—আর্ণি, বেলে*, ব্রাই, ক্যাল্কে, ক্যাম, চায়,
মার্ক, নক্স, ফস্ফ, পল্স*, রস*।

নাসিকা হইতে পূঁয নিঃসরণ—বেলে, ক্যাল্কে, মার্ক*, পল্স, সল্ফ।

,, শুষ্কতা—ব্রাই, ক্যাল্কে*, মার্ক, ফস্ফ*, সল্ফ*।

,, প্রদাহ—বেলে*, ব্রাই, মার্ক, সল্ফ।

,, রুদ্ধ—ব্রাই, ক্যাল্কে, কার্ব্ব*, নক্স*, ফস্ফ*, পল্স, রস, সল্ফ।

,, স্ফীততা—আর্ণি, বেলে, ব্রাই*, মার্ক, ফস্ফ, সল্ফ*।

,, ক্ষত—ব্রাই, ক্যাল্কে, পল্স*, সল্ফ।

নিকট দৃষ্টি—ক্যাল্কে, ফসফ*, পল্স*, সল্ফ।

নাসিকা হইতে রক্তপড়া—ইপিষ্ট্যাক্সিস্।

একো—ভয়ানক রক্তস্রাব। যদি মস্তকে অধিক রক্ত গমন কিম্বা অতিশয় উত্তপ্ত হওয়া বশতঃ হয়।

আর্ণি—শারীরিক শ্রম, আঘাত কিম্বা মুষ্ট্যাঘাত দ্বারা হইলে।

বেলে—মস্তকে রক্তাধিক্য বশতঃ হইলে।

ব্রাই—উষ্ণ ঋতুতে অতিশয় উত্তপ্তাবস্থায় কিম্বা রাত্রিতে নিদ্রাবস্থায় হইলে।

ক্যাল্কে—নাসিকার অগ্রভাগ হইতে রক্তপড়া। মূর্চ্ছা হওয়ার মত। শারীরিক শ্রমজনিত।

চায়—ভয়ানক রক্তস্রাব, দুর্ব্বল ব্যক্তিদের পক্ষে।

ইপি—অতিশয় রক্তস্রাব।

মার্ক—যদি ক্রিমিজনিত হয়।

নক্স—যদি মদ্যপান বশতঃ হয়।

নিদ্রা উদ্বিগ্ন—একো, আর্সি*, বেলে*, ব্রাই, ক্যাল্কে, ক্যাম*, চায়*, মার্ক, নক্স, ফস্ফ*, পল্স*, রস*, সল্ফ*।

নিদ্রা উৎকণ্ঠাযুক্ত—একো*, আর্সি, বেলে।

,, অচৈতন্য—বেলে* ব্রাই, ফস্ফ, পল্স, ভিরে।

,, ক্রন্দনসহ—বেলে*, ব্রাই, ক্যাল্কে, ক্যাম*, মার্ক।

,, প্রলাপসহ—একো, আর্ণি, আর্সি, বেলে, ব্রাই, ক্যাম, নক্স*, পল্স, ভিরে।

,, কোঁকান সহ—আর্সি, বেলে*, ক্যাল্কে, ক্যাম, ইপি, মার্ক, নক্স*, পল্স।

,, অতৃপ্তিকর—ব্রাই*, ক্যাল্কে, চায়, ফস্ফ, সল্ফ*।

নিদ্রা চমকান সহ—একো, আর্সি*, বেলে*, ব্রাই, ক্যাল্কে, ক্যাম, নক্স*, ফস্ফ, পল্স*, সল্ফ*।

নিদ্রাকালীন কথা কহা—বেলে, ক্যাল্কে, ক্যাম, মার্ক, নক্স*, ফস্ফ, পল্স*, রস, সল্ফ*।

,, ভয়ে জাগিয়া উঠা—আর্সি, বেলে*, ক্যাল্কে, ক্যাম*, মার্ক, পল্স*, সল্ফ*।

নিদ্রার অভাব—(সাধারণতঃ)—একো, আর্সি*, বেলে*, ব্রাই*, ক্যাল্কে*, ক্যাম*, চায়, কফি*, মার্ক*, নক্স, ফস্ফ, পলস*, রস, সল্ফ।

নাসিকা হইতে রক্তপড়া (পূর্ব্বের পর)

পল্স—যদি অল্প রজঃ কিম্বা রজরুদ্ধ বশতঃ হয়।

রস—শারীরিক শ্রম কিম্বা ভারদ্রব্য উত্তোলন জনিত হইলে।

সল্ফ—নাসিকাগ্রভাগ হইতে রক্ত পড়ার প্রবণতা (বা ঝাঁজরা নাক)। (রক্তস্রাব দেখ)

নিদ্রাভাব তন্দ্রাসহ—আর্সি, বেলে", ব্রাই, ক্যাল্কে, ক্যাম, চায়, নক্স, ফস্ফ, পল্স*।

নিদ্রাভাব অধিক চিন্তা ও ভাবোদয় হইতে—ক্যাল্কে, চায়, নক্স, পল্স°, সল্ফ°।

নিদ্রাচর—(স্বপ্নসঞ্চরণ বা নিদ্রাবস্থায় ভ্রমণ)—ব্রাই, ফস্ফ, সল্ফ।

নীলপ্রদর—বেলে, ক্যাল্কে*, চায়, ফস্ফ, পল্স*, সল্ফ।

নিদ্রাভাব।

একো—সজ্বর ভাব, উৎকণ্ঠা।

আর্সি—অসুখ বোধ, এপাশ ওপাশ করা ও কোঁকান।

বেলে—নিদ্রা যাইতে অত্যন্ত ইচ্ছা স্বত্বেও নিদ্রা না হওয়া।

ক্যাম—যদি অন্ত্রের অসুস্থতা কিম্বা পেট ফাঁপা কারণ হয়।

কফি—অতিশয় উত্তেজনা। অধিকদিন জাগরণ জনিত হইলে।

মার্ক—অতিশয় অস্থিরতা, উৎকণ্ঠা ও অসুখ বোধ।

নক্স—অতিশয় চিন্তা ও অধ্যয়ন জনিত হইলে।

পল্স—রাত্রিতে অধিক আহার করা জনিত হইলে।

নীলপ্রদর—ক্লোরোসিস্।

বেলে—মস্তকে ও বক্ষঃ রক্তাধিক্য। গ্রীবার শিরা সকল অত্যন্ত দব্ দব্ করে।

ক্যাল্কে—পাণ্ডুবর্ণ মুখাকৃতি। অক্ষুধা, কোষ্ঠবদ্ধ কিম্বা উদরাময়। অতিশয় শীর্ণতা।

চায়—শোথবৎ স্ফীততা, বিশেষতঃ পদের। উদর বিস্তৃত, মন্দাগ্নি; যদি রোগ দৌর্ব্বল্যকর অপচয় জনিত হয়।

পক্ষাঘাত—বেলে*, নক্স×, ফস্ফ*, পল্স, রস*।

পক্ষাঘাত দৌর্ব্বল্যকর শারীরপদার্থ অপচয়জনিত—চায়*, সল্‌ফ।

" অৰ্দ্ধাঙ্গিক—বেলে, রস।

নীল প্রদর (পূর্ব্বের পর)

ফস্ফ—ঋতু সম্পূর্ণ রুদ্ধ নহে, কিন্তু বিশৃঙ্খল; বিবমিষা, শ্বাসকষ্ট, শিরোঘূর্ণন।

পল্স—প্রথমাবস্থায়। অল্প রজঃ কিম্বা রজঃ প্রকাশে বিলম্ব। মুখাকৃতি পাণ্ডুবর্ণ ও মাংসপেশী লোলিত।

সল্‌ফ সাধারণতঃ ব্যবহার্য্য। সকল অবস্থায়।

পক্ষাঘাত।

বেলে—সংন্যাসের পর। জিহ্বা ও জিহ্বামূলীয় প্রদেশ, গুহ্যদ্বার কিম্বা মূত্রাশয়ের পক্ষাঘাত। মল ও মূত্র অনৈচ্ছিক ভাবে ত্যাগ। আক্রান্ত স্থানে গুলিবেধবৎ বেদনা।

নক্স—যে পক্ষাঘাতে রক্তাধিক্য বা প্রদাহ না থাকে। জ্বর ব্যতীত বাতজনিত পক্ষাঘাত।

ফস্ফ—পৃষ্ঠবংশীয় মজ্জার পক্ষাঘাত, তৎসঙ্গে অনুভব ও সঞ্চালন শক্তির অভাব।

রস—অধঃ শাখার পক্ষাঘাত, তৎসঙ্গে অবশতা ও অসাড়তা বোধ।

সল্‌ফ—সর্ব্বদা চিকিৎসা আরম্ভের সময় প্রয়োজ্য। যদি উদ্ভেদ বিলোপ জনিত রোগ হয়।

পচন—(পচা ঘা) আর্সি*, চায়*।

পদ জ্বালা—ক্যাল্কে*।

" শীতলতা—ক্যাল্কে, ফস্ফ*, সল্ফ, ভিরে।

" আক্ষেপ—ক্যাল্কে, সল্ফ।

পদ প্রদাহ—আর্নি, ব্রাই।

" পক্ষাঘাত—বেলে, রস, ফস্ফ।

" স্বেদস্রাব—ক্যাল্কে*, সার্ক, সল্ফ।

" স্ফীততা—আর্সি*, ব্রাই, চায়*, ল্যাকি* ফস্ফ*, পল্স।

" জলপূর্ণ স্ফীততা—আর্সি, চায়, সল্ফ।

পাকাশয়ে অম্ল হইলে—আর্সি, ক্যাল্কে, কার্ব্ব*, ক্যাম, নক্স*, ফস্ফ*, পল্স, সল্ফ*।

" মধ্যস্থলে অসুখবোধ—আর্সি*, ভিরে।

" জ্বালা—আর্সি*, ব্রাই, কার্ব্ব*, ফস্ফ*, সল্ফ।

" মধ্যপ্রদেশে জ্বালা—আর্সি*, ব্রাই, নক্স*, ফস্ফ, ভিরে।

" শীতলতা বোধ—আর্সি*, ফস্ফ।

" বিস্তীর্ণতা—আর্সি।

" " (মধ্যপ্রদেশে)—ক্যাল্কে, ক্যাস*।

" পূর্ণতা বোধ—চায়*, ফস্ফ*।

" উত্তাপ—আর্সি*।

পচন (পচা ঘা)

আর্সি—ক্ষত দুর্গন্ধ, তরল স্রাব, অত্যন্ত জ্বালাযুক্ত উত্তাপ।

চায়—কণ্ডূয়ন, জ্বলন, চর্ব্বণশীল বেদনা।

পাকাশয় প্রদাহ—একো*, আর্সি, বেলে, ব্রাই*, ইপি*, নক্স*,
ফস্ফ*, পল্স০, ভিরে।

পাকাশয়ে শূলবেদনা—আর্ণি, আর্সি*, ব্রাই*, ক্যাম, মার্ক, নক্স*,
ফস্ফ, পল্স*, রস।

পাকাশয়ে ক্লেশ বোধ—ক্যাম, চায়°, রস।

„ চাপনে বেদনা বোধ—আর্সি, ব্রাই, নক্স*, পল্স।

„ স্পর্শে বেদনা বোধ—আর্ণি°, ব্রাই, মার্ক*, নক্স*, ফস্ফ*।

„ বেদনা কন্‌কনে—মার্ক, নক্স, পল্স।

„ আকুঞ্চক—আর্ণি, বেলে*, ব্রাই, চায়, মার্ক, নক্স*,
ফস্ফ*, পল্স, সল্ফ।

পাকাশয় প্রদাহ।

একো—প্রথমাবস্থায়। ভয়ানক প্রাদাহিক জ্বর।

আর্সি—হঠাৎ অবসাদন, জ্বালাযুক্ত আভ্যন্তরিক উত্তাপ এবং পাকাশয় ও উদরে বেদনা, তৎসহ সার্ব্বাঙ্গিক শীতলতা ও অসুখ বোধ। অতিশয় বেদনা ও শীঘ্র শীঘ্র বলক্ষয়। তুষার ভক্ষণ বশতঃ হইলে।

বেলে—মস্তিষ্কীয় লক্ষণাদি। জ্ঞানহীনতা।

ব্রাই—উষ্ণাবস্থায় শীতল পানীয় পান দ্বারা হইলে।

ইপি—বমন যদি প্রধান লক্ষণ হয়।

নক্স—মদ্যপান বশতঃ হইলে। পাকাশয় মধ্য প্রদেশে জ্বালা, ভয়ানক বমন।

ফস্ফ—কর্ত্তন, চাপন, জ্বলন ও তৎসঙ্গে চাপ বোধ, পাকাশয়ে জ্বালাবিশিষ্ট উত্তাপ। বলক্ষয়।

পাকাশয়ে বেদনা অসুখকর—আর্সি, ক্যাম।
" " চাপক—বেলে*, ক্যাল্কে, মার্ক, পল্‌স, রস।
" " আক্ষেপিক—আর্সি°, বেলে, ব্রাই, ক্যাল্কে, চায়, ফস্ফ°।
পাকাশয় মধ্য প্রদেশে সূচীবেধবৎ বোধ—আর্ণি, চায়, ফস্ফ।
" ছেদক বেদনা—আর্সি, নক্‌স°।
" বেদনা প্রবল—আর্সি*, ফস্ফ।
" চাপ বোধ—আর্সি*, বেলে, ব্রাই*, ক্যাল্কে, ক্যাম*, চায়, হেপা°, নক্‌স*, ফস্ফ*, রস, সল্‌ফ।
" মধ্যপ্রদেশে চাপবোধ—একো, আর্সি*, বেলে, ক্যাম, মার্ক*, পল্‌স, রস*, ভিবে*।
" বেদনাযুক্ত চৈতন্য বোধ—আর্সি, ব্রাই, মার্ক, নক্‌স°, ফস্ফ*, সল্‌ফ।
পাকাশয়ে আক্ষেপ—বেলে*, ব্রাই, ক্যাল্কে, কার্ব্ব*, ক্যাম*, নক্‌স*, পল্‌স°, সল্‌ফ।
পাকাশয়ে দব্‌দব বোধ—নক্‌স, পল্‌স।
" ভারবোধ—(যেন প্রস্তর দ্বারা,)—একো, আর্ণি, আর্সি, মার্ক, নকস*।

পাকাশয় প্রদাহ (পূর্ব্বের পর)

পল্‌স—যদি আমাশয়িক বিশৃঙ্খলতা কিম্বা শীত দ্বারা হয়।
ভিবে—শাখাদ্বয়ের সাতিশয় শীতলতা। অবসাদন।

পাকাশয়ে আক্ষেপ।

বেলে—বেদনা যদি এত ভয়ানক হয় যে, তাহাতে রোগী জ্ঞানহীন ও মূর্চ্ছাপ্রাপ্ত হয়।

পানবসন্ত—একো, পল্‌স, রস*।

পাকাশয়ে আক্ষেপ (পূর্ব্বের পর)

ব্রাই—পাকাশয়ে যেন প্রস্তর দ্বারা চাপিত বোধ। স্ফীতি বোধ, সঞ্চালনে বেদনা বৃদ্ধি। পাকাশয় প্রদেশে সূচীবেধবৎ বোধ।

ক্যাল্কে,—আহারের পর সর্ব্বদা ভুক্তদ্রব্য বমন ও তৎসহ আক্ষেপিক বেদনা। কোষ্ঠবদ্ধতা।

কার্ব্ব—বেদনাজনক জ্বালাযুক্ত চাপ, তৎসঙ্গে অতিশয় অসুখ বোধ। সতত পেট ফাঁপা, কোষ্ঠবদ্ধ, বিশেষতঃ অজীর্ণকর দ্রব্য ভক্ষণের পর হইলে।

ক্যাম—চাপ বোধ, যেন পাথর দ্বারা হৃৎপিণ্ড মর্দ্দিত হইতেছে, রাত্রিতে ক্লেশ বোধ ও অস্থিরতা।

নক্স—অনেক রোগীর প্রথমাবস্থায় আবশ্যক। আকুঞ্চক চাপযুক্ত আক্ষেপিক বেদনা, কিম্বা পাকাশয় আঁকড়াইয়া ধরা বোধ, আহারের পর হইলে, কোষ্ঠবদ্ধ, অর্শ।

পল্‌স—গুলিবেধ কিম্বা আক্ষেপিক বেদনা, ভুক্ত দ্রব্য বমন। তৃষ্ণাভাব। সন্ধ্যাকালে রোগ বৃদ্ধি।

সল্‌ফ—প্রস্তর চাপনোদ্ভূত বেদনা। অম্লতা, বুকজ্বালা, ভুক্তদ্রব্য উদ্গীরণ, আহারের পর হইলে।

(পাকাশয় বেদনা দেখ)।

পানবসন্ত।

একো—প্রদাহ সময়ে।

পল্‌স—উদ্ভেদ শীঘ্র বহির্গত না হইলে।

রস—যখন উদ্ভেদ পূর্ণাবস্থা প্রাপ্ত হয়।

পারদাস্বস্থতা—বেলে, ক্যাল্কে, কার্ব্ব* চায়, হেপা*, ল্যাকি*, পল্স, রস, সল্ফ৹।

পালা জ্বর—সবিরাম জ্বর দেখ।

পিত্ত-শ্লৈষ্মিক বা টাইফস্ জ্বর—আর্ণি, বেলে*, ব্রাই*, চায়, মার্ক, নক্স, ফস্ফ, রস*।

পারদাস্বস্থতা।

কার্ব্ব—মুখগহ্বর ও দন্তমূলের পীড়া। গলা বেদনা, বাতবৎ বেদনা। ঋতু পরিবর্ত্তনে বোধাতিশয্য।

হেপা—চুল উঠিয়া গেলে, মাড়ীতে ক্ষত, চর্ম্মে ক্ষত হওয়ার প্রবণতা, স্নায়বীয় দৌর্ব্বল্য ও উগ্রতা।

ল্যাকি—গলা বেদনা, স্নায়বীয় দৌর্ব্বল্য।

সল্ফ—ক্ষত, অস্থির পীড়া। বাতের বেদনা, গলা বেদনা। মাড়ীর অস্বস্থতা।

পিত্ত-শ্লৈষ্মিক জ্বর।

আর্ণি—অচৈতন্য, প্রলাপ ও শয্যা আঁচড়ান, অনৈচ্ছিক মলত্যাগ।

বেলে—মুখমণ্ডল লালবর্ণ, জ্বালাযুক্ত ও উষ্ণ। কনীনিকা প্রসারিত। আলোকাসহ্যতা, অস্থির কিম্বা ভয়ঙ্কর দৃষ্টি, নিদ্রাকালে কিম্বা জাগিয়া চমৎকান। কোন দ্রব্য আঁকড়াইয়া ধরিবার চেষ্টা। কপালে ভয়ানক বেদনা। আহারে অরুচি, মূত্র অল্প ও লালবর্ণ, দুরন্ত প্রলাপ।

ব্রাই—সমুদায় শরীরে সর্ব্বদা উত্তাপ, খাদ্যে অনিচ্ছা। মূত্র লাল ও পিঙ্গল কিম্বা উজ্জ্বল পীতবর্ণ। অসুখ ও অচেতনকর

পিত্ত-শ্লৈষ্মিক জ্বর (পূর্ব্বের পর)

শিরঃপীড়া। অতিশয় দৌর্ব্বল্য ও উঠিলে মস্তক ঘূর্ণন। দিবারাত্রি প্রলাপ। শয্যা আঁচড়ান, বক্ষে ও পার্শ্বে সূচীবেধ বোধ।

চায়—অক্ষুধা ও খাদ্যবস্তুর মৃত্তিকার মত আস্বাদ, দিবারাত্রি তরল মল নিঃসরণ। পীতবর্ণ মল, কিম্বা তৎসহ অজীর্ণ দ্রব্য নিঃসৃত হয়। সতত অচৈতন্য ও অতৃপ্তিকর নিদ্রা।

মার্ক—সম্মুখ কপালে চাপক শিরঃপীড়া। পাকাশয় মধ্য প্রদেশে বেদনা ও চৈতন্যাতিশয্য। যকৃৎ প্রদেশে এবং নাভি দেশেও ঐরূপ বোধ। হরিৎ ও পীতবর্ণ তরল মল, অতিশয় দুর্ব্বলকর ও কর্দ্দমবৎ ঘর্ম্ম।

ফস্ফ—ফুস্‌ফুস প্রদাহের লক্ষণ বর্ত্তমান থাকিলে। শ্বাস ক্লেশকর।

নক্স—মত্তের ন্যায় তন্দ্রা ও তৎসহ জ্ঞানহীনতা। শিরঃপীড়া ও শিরোঘূর্ণন। পাকাশয় প্রদেশে বেদনাবিশিষ্ট চাপ ও কসা বোধ।

রস—সর্ব্বদা প্রলাপ বকা ও তৎসঙ্গে পলাইতে ইচ্ছা। মুখমণ্ডল ও কপোল দেশ লালবর্ণ। রক্তবর্ণ তরল মল। অতিশয় অবসাদন ও দৌর্ব্বল্য। মূত্র মলিন বর্ণ।

পিত্তজনিত অসুস্থতা।

ব্রাই—পিত্ত বমন, বিশেষতঃ পানান্তে পাকাশয়ের উপর কশা ও পূর্ণতা বোধ।

পিত্ত জনিত অসুস্থতা (পূর্ব্বের পর)

ক্যাম—হরিতাভ, তিক্ত অথবা অম্ল বমন। ঈষৎ হরিৎ বর্ণ, আলোড়িত অণ্ডবৎ মল। পাকাশয়ের উপর ভারবোধ।

চায়—অপাক দ্রব্য মলের সঙ্গে নির্গমন। সদা সর্ব্বদা দুর্গন্ধ বায়ু নিঃসরণ।

মার্ক—পিত্ত ও শ্লেষ্মা বমন। উদরে বেদনাযুক্ত অনুভূতি। দিনে ঝিম্‌কান ও রাত্রিতে অনিদ্রা। পিত্তসংযুক্ত উদরাময়।

নক্স—কোষ্ঠবদ্ধ, সর্ব্বদা মলত্যাগে বিফল চেষ্টা। মস্তকে ভার ও ঘূর্ণন, পাকাশয়ের আক্ষেপ।

পল্স—আঠ্যবৎ তরল মল নিঃসরণ। খাদ্যদ্রব্য বমন; শীত। গুরুপাক দ্রব্য, মাংস ও তৈলযুক্ত দ্রব্যাদি আহারের পর হইলে।

(পাকাশয়িক অসুস্থতা ও পৈত্তিক মল সংযুক্ত উদরাময় দেখ)।

পৈত্তিক জ্বর।

একো—পীড়ার আরম্ভে, পৈত্তিক লক্ষণাদি স্বত্বে। তিক্ত উদ্গার, জ্বালাযুক্ত তৃষ্ণা, শুষ্ক উত্তাপ।

ব্রাই—প্রাদাহিক অবস্থা, মস্তকে বেদনা, কোষ্ঠবদ্ধ, অত্যন্ত দুর্ব্বলতা।

ক্যাম—হরিৎবর্ণ তরল মল। তিক্ত ও অম্ল উদ্গার ও বমন। মুখ ও চক্ষুর উত্তাপ, তিক্ত আস্বাদন, মুখে দুর্গন্ধ।

চায়—পান ও ভোজনে অনিচ্ছা, অপাক ও অজীর্ণ দ্রব্য মল সঙ্গে নির্গমন। পানান্তে শীত ও কম্প।

পৃষ্ঠবংশ বক্রতা রোগ—ক্যাল্কে*, পল্‌স, রস, সল্‌ফ।
পৃষ্ঠে বেদনা দলিত—একো, আর্ণি, নক্‌স*, রস*, ভিরে।
,, ,, বাতবৎ—পল্‌স।
,, ,, গুলিবেধবৎ—পল্‌স, সল্‌ফ।
,, ,, আক্ষেপিক—ব্রাই।
,, ,, বিদারক—নক্‌স।
,, কঠিনতা ও আড়ষ্টতা—ল্যাকি*, সলফ*।
,, আক্ষেপ—ক্যাম, ইপি, নক্‌স, রস।
পূঁযোৎপত্তি- (সাধারণতঃ) আর্সি, বেলে, ক্যাল্কে*, হেপা*, মার্ক*, ফস্ফ*, পল্‌স*, রস, সল্‌ফ।

পৈত্তিক জ্বর (পূর্ব্বের পর)

ইপি—খাদ্যে অনিচ্ছা, বিবমিষা, অপাক দ্রব্য বমন ও উদগীরণ, পীতবর্ণ তরল মল। সম্মুখ কপালে বেদনা।

নক্‌স—সম্মুখ কপালে ভারবৎ বেদনা ও মস্তক ঘূর্ণন। কোষ্ঠ-বদ্ধ, সর্ব্বদা মলত্যাগের বিফল চেষ্টা। পাকাশয়ে বেদনা, ভার ও কসাবোধ। অজীর্ণ দ্রব্য বমন। অঙ্গাদিতে আঘাতপ্রাপ্তিবৎ বোধ।

পল্‌স—বমন ও বমনেচ্ছা। উদরাময়, শ্বেতবর্ণ আঠাবৎ পিত্ত সংযুক্ত ও হরিৎবর্ণ মল। সর্ব্বদা শীত। তৃষ্ণার অভাব; খাদ্য বমন ও তৎসঙ্গে তিক্তাস্বাদ ও হরিৎবর্ণ দ্রব্য উদগীর্ণ হয়।

পূঁযোৎপত্তি।

ক্যাল্কে—ক্ষত রোগে। স্রাব অল্প থাকিলে।

হেপা—পূঁযোৎপত্তি স্থানে গুলিবেধবৎ, জ্বালাযুক্ত ও দব্‌দবে বেদনা। স্ফোটকাদির পূঁযোৎপাদন বৃদ্ধি করণার্থ। ক্ষত

প্রদর—শ্বেত প্রদর দেখ।

প্রদাহ—(সাধারণতঃ)—একো*, আর্ণি, আর্সি, বেলে*, ব্রাই*, ক্যাম, মার্ক*, নক্স*, ফস্ফ, পল্স, সল্ফ।

প্রাদাহিক জ্বর—একো*, বেলে*, ব্রাই*, ক্যাম, মার্ক, নক্স, ফস্ফ, পল্স।

পুঁযোৎপত্তি (পূর্ব্বের পর)

হইতে সরক্ত বা দুর্গন্ধ রস স্রাব হইলে।

মার্ক—স্পন্দন ও গুলিবেধক বেদনা। দুষিত পুঁযোৎপত্তি। সরক্ত, পাতলা ও ক্ষতকর স্রাব।

পল্স—ক্ষতে অধিক গলন ও তাহা পীতবর্ণ হইলে।

প্রাদাহিক জ্বর।

একো—জ্বালাযুক্ত উত্তাপ; চর্ম্ম শুষ্ক; জ্বালাযুক্ত তৃষ্ণা। অতিশয় অস্থিরতা; পুষ্ট, কঠিন কিম্বা বিরামশীল নাড়ী। উষ্ণ ও লালবর্ণ মুখমণ্ডল, কিম্বা রোগী উঠিলে একবার লাল ও একবার পাণ্ডুবর্ণ হয়। বক্ষেঃ অসুখ বোধ ও হ্রস্ব শ্বাস। হৃৎস্পন্দন; রাত্রিতে প্রলাপ।

বেলে—বাহ্য ও আভ্যন্তর উত্তাপ। অজ্ঞানতা; ভয়ানক প্রলাপ। কনীনিকা প্রসারিত; আলোকাশঙ্কা। জ্বালাযুক্ত তৃষ্ণা। দিনে নিদ্রালুতা ও রাত্রিতে অনিদ্রা; নিদ্রাবস্থায় হঠাৎ চমকাইয়া উঠা। মুখমণ্ডল ও চক্ষুর গভীর আরক্ততা।

ব্রাই—অতিশয় উষ্ণতা কিম্বা শীত, তৎসঙ্গে দন্তে দন্তে লাগিয়া শব্দ। দিনে ও রাত্রিতে প্রলাপ। অতিশয় সার্ব্বাঙ্গীণ দৌর্ব্বল্য।

প্রসবের পর শূলবেদনা—বেলে, ব্রাই, ক্যাম*, নক্স, পল্স, ভিরে।
প্রসবের পর কোষ্ঠবদ্ধ—ব্রাই*, নক্স*।
,, বিকম্প—বেলে, ক্যাম।
,, দৌর্ব্বল্য—ক্যাল্কে, চায়।
প্রসবকালে বেদনা বিলোপ—বেলে, ক্যাম, নক্স, পল্স*।
প্রসব বেদনা অতিশয় প্রবল—বেলে, ক্যাম*, কফি*।
,, দুর্ব্বল—বেলে, ক্যাম, নক্স, পল্স।

প্রাদাহিক জ্বর (পূর্ব্বের পর)

ক্যাম—মুখমণ্ডল উষ্ণ এবং এক কিম্বা উভয় গণ্ডদেশ লালবর্ণ। জ্বালাযুক্ত পিপাসা। পাকাশয় প্রদেশে অতিশয় অসুখ, কসা ও চাপ বোধ। তিক্তাস্বাদ।

মার্ক—শীত ও তৎপরে উষ্ণতা। জ্বালাযুক্ত তৃষ্ণা। মস্তকে সূচীবেধ ও কন্‌কনে বেদনা।

নক্স—উত্তাপ বিশেষতঃ মুখমণ্ডলে। জিহ্বা শ্বেতবর্ণ ও শুষ্ক। চাপযুক্ত শিরঃপীড়া ও মস্তক অবনত করিলে তাহার বৃদ্ধি। কোষ্ঠবদ্ধ; সমুদায় স্নায়ুমণ্ডলের উগ্রতা। পাকাশয়ে চাপযুক্ত বেদনা। অঙ্গাদিতে আঘাতপ্রাপ্তিবৎ বোধ।

পল্স—সম্পূর্ণ তৃষ্ণাভাব কিম্বা অনিবার্য্য তৃষ্ণা।

প্রসব বেদনা।

ক্যাম—নিষ্ফল আক্ষেপিক প্রসব বেদনা। বেদনার সময় বিকম্পন ও আক্ষেপ। অতি তীক্ষ্ণ ও অধিকক্ষণ স্থায়ী বেদনা। বাহ্য জননেন্দ্রিয়াভিমুখে ভার বোধ।

কফি—প্রবল বেদনা, যাহাতে রোগী নিরাশ হয়।

প্রসবের সময় আক্ষেপ—বেলে*, ক্যাম, ইপি।

প্রাতঃকালে অসুস্থতা বৃদ্ধি—একো, আর্ণি, ক্যাল্কে*, কার্ব্বে*, নক্স, ফস্ফ*, রস, ভিরে।

ফুস্কুড়ী—ক্যাল্কে*, ফস্ফ*, পল্‌স, সল্‌ফ*।

„ ক্ষুদ্র ক্ষুদ্র—বেলে", নক্‌স, সল্‌ফ।

„ „ যুবাদের—বেলে*, ক্যাল্কে, সল্‌ফ।

প্রসব বেদনা (পূর্ব্বের পর)

নক্‌স—প্রসব লক্ষণ ব্যতীত বেদনা, তৎসঙ্গে সর্ব্বদা মলমূত্র ত্যাগ করিতে ইচ্ছা। ঐ সকল স্থানে খালধরার মত আকুঞ্চক বেদনা ও চাপন।

পল্‌স—প্রসবের পর জরায়ুর শিথিলতা। উপযুক্ত সময়ে ফুল বাহির না হইলে। মৃদু মৃদু প্রসব বেদনা ও তাহার মধ্যে মধ্যে ভয়ানক আক্ষেপ।

ক্ষুদ্র ক্ষুদ্র ফুস্কুড়ী।

বেলে—বিশেষতঃ মুখ, গ্রীবা, বক্ষঃ, উদর ও হস্তে হইলে। আরক্ত, উষ্ণ, স্ফীত এবং বেদনাযুক্ত উদ্ভেদ।

ক্যাল্কে—আর্দ্র ও মামড়ীযুক্ত উদ্ভেদ। অপরিমিততা জনিত। উদ্ভেদ পুঞ্জ।

নক্‌স—কণ্টক বেধবৎ জ্বালা ও কণ্ডূয়ন। মদ্যাদি পানজনিত হইলে।

সল্‌ফ—কণ্ডূয়ন। অপরিমিততা ও মদ্যাদি পানজনিত হইলে। (উদ্ভেদ দেখ)।

ফুস্‌ফুসাবরক ঝিল্লী-প্রদাহ—একো*, ব্রাই*, সল্‌ফ।

ফুস্‌ফুস প্রদাহ—(সাধারণতঃ) একো*, বেলে, ব্রাই*, মার্ক, ফস্ফ*, বস, সল্‌ফ।

ফুস্‌ফুস প্রদাহ-প্রথমাবস্থা—একো*, বেলে, ব্রাই*, ফস্ফ*।

ফুস্‌ফুস প্রদাহ-দ্বিতীয়াবস্থা—একো, ব্রাই, ফস্ফ*, সল্‌ফ*।

„ „ তৃতীয়াবস্থা—চায়, ফস্ফ*।

ফোস্কা—আর্সি*, বেলে, ব্রাই, চায়, ল্যাকি*, মার্ক*, ফস্ফ*, পল্‌স, বস, সল্‌ফ।

মচ্‌কান বেদনা—আর্ণি*, ব্রাই, পল্‌স, বস*।

„ মণিবন্ধে বেদনা আকর্ষণবৎ—কার্ব্ব*, সল্‌ফ।

„ „ মচ্‌কানবৎ—আর্ণি, ক্যাল্কে*।

„ ছেদক—একো, কার্ব্ব*।

„ অনম্যতা—মার্ক, পল্‌স।

ফুস্‌ফুসাবরক ঝিল্লী প্রদাহ।

একো—জ্বরাবস্থায়।

ব্রাই—পার্শ্ব বেদনা থাকিলে।

সল্‌ফ—আরোগ্য সম্পূর্ণ করণার্থ যদি আবশ্যক হয়।

ফুস্‌ফুস প্রদাহ।

একো—প্রথম ও দ্বিতীয়াবস্থায়। অত্র তৃষ্ণা ও উত্তাপ।

বেলে—বক্ষের আক্ষেপিক আকুঞ্চন ও তৎসঙ্গে শুষ্ক, কষ্টকর কাসি।

ব্রাই—কাসি, তৎসঙ্গে বক্ষে: শূলবেধ বা চিড়িক্‌মারাবৎ বেদনা, ও মস্তকে কন্‌কনে বেদনা। শ্লেষ্মা আঠাবৎ, মলিন,

মদ্যাত্যয় বা পানাত্যয়—বেলে*, নক্স*, ভিরে।

মন্দাগ্নি বা অজীর্ণ, সাধারণতঃ—আর্নি, ব্রাই, ইপি*, নক্স, পল্‌স*।

,, অম্লতা বশতঃ—আর্সি*, কার্ব্ব*, পল্‌স।

,, কফি পান হইতে—ক্যাম*, নক্স*, পল্‌স, সল্‌ফ।

,, শীতল খাদ্য হইতে—আর্সি*, নক্স, রস, ভিরে।

,, তৈলাক্ত মাংস হইতে—কার্ব্ব*, ইপি*, পল্‌স*।

ফুস্‌ফুস প্রদাহ (পূর্ব্বের পর)।

আরক্ত ও পীতবর্ণ, কিম্বা বিশুদ্ধ রক্তউঠা। যখন জ্বর উপশমিত হয়।

মার্ক—সরক্ত শ্লেষ্মা কাসি। গলাভাঙ্গা কাসি। সপূঁয শ্লেষ্মা নিঃসরণ। বায়ুনলীর প্রদাহ সংযুক্ত হইলে।

ফস্ফ—বক্ষে নিস্তব্ধবৎ বা হাজিয়া যাওয়া বোধ। সপূঁয হরিৎ-বর্ণ শ্লেষ্মা কিম্বা সরক্ত আঠাবৎ শ্লেষ্মা। অতিশয় অসুখ ও কাসি। অধিকাংশ অবস্থায় ব্যবহার্য্য।

রস—অবসন্নকর লক্ষণ সহ ফুস্ফুস প্রদাহ। অতিশয় দৌর্ব্বল্য ও ক্ষুধার অভাব। মুখমণ্ডল লালবর্ণ।

সল্‌ফ—যখন কিছু উপশম হয়, কিন্তু তাহা অধিকক্ষণ স্থায়ী হয় না। ফুস্ফুস প্রদাহের আনুষঙ্গিক অসুস্থতা।

মদাত্যয়।

বেলে—মস্তিষ্কে রক্তাধিক্য। মস্তক উত্তপ্ত ও বেদনাযুক্ত। শংখদেশস্থ ধমনীর স্পন্দন; প্রচণ্ড শব্দযুক্ত প্রলাপ।

নক্স—প্রথমাবস্থায় বিশেষ উপকারী।

ভিরে—অতিশয় উদ্বেগ, উন্মত্ততা।

মন্দাগ্নি ফল ভক্ষণে—আর্সি*, ব্রাই*, চায়*, পল্স*, ভিরে।
,, উষ্ণ দ্রব্য ভক্ষণ জনিত—ব্রাই, ফস্ফ, পল্স।
,, পিষ্টক ভক্ষণ হইতে—পল্স।
,, মদ্যাদি হইতে—আর্সি, নক্স*, সল্ফ।
,, পুরাতন (অজীর্ণ দেখ)
,, দৌর্ব্বল্য জনিত—চায়*, নক্স, সল্ফ।
,, উদরাধ্মান জনিত—চায়*, নক্স, পল্স*।
,, আক্ষেপ হইতে—ব্রাই, নক্স*, পল্স*।
মস্তিষ্ক আকম্পন—একো, আর্ণি*, বেলে, ব্রাই, মার্কি, রস।

মন্দাগ্নি।

তরুণ হইলে—অম্ল ও কফি ইত্যাদি জনিত ও আহারের সময়ে বা তৎপরে মন্দাগ্নি দেখ। পুরাতন হইলে—আমাশয়িক কিম্বা পৈত্তিক অসুস্থতা, (শিরঃপীড়া ইত্যাদি দেখ)।

উদরাধ্মান জনিত মন্দাগ্নি।

চায়—অন্ত্রের আকুঞ্চন, অজীর্ণকর দ্রব্য ভক্ষণের পর। অধিক তৈলাক্ত মাংস ভক্ষণের পর হইলে।
নক্স—অতিশয় মন্দাগ্নি। পাকাশয়ে চাপ।
পল্স—তৈলাক্ত মাংস ভক্ষণের পর, গুল্মবায়ু রোগাক্রান্ত স্ত্রীলোকদিগের পক্ষে উপযোগী।

আক্ষেপ জনিত মন্দাগ্নি।

ব্রাই—বেদনাদায়ক চাপ বা অসুখকর পূর্ণতাবোধ। উদগারে ও উদর চাপিলে উপশম বোধ।

মস্তিষ্ক শোথ—একো*, আর্ণি, বেলে*, ব্রাই, মার্ক।

,, প্রদাহ - একো*, বেলে*, ব্রাই, মার্ক।

আক্ষেপ জনিত মন্দাগ্নি (পূর্ব্বের পর)।

নক্স—আকুঞ্চক, চাপক ও আক্ষেপিক বেদনা, যেন পাকাশয় কেহ আঁক্ড়াইয়া ধরিয়াছে। বস্ত্রাদি কসাবোধ।

পল্স—আক্ষেপিক বিদীর্ণকর বেদনা, কম্প, সঞ্চালনে বৃদ্ধি। (পাকাশয়ের আক্ষেপ দেখ)।

মস্তিষ্ক শোথ বা জলসঞ্চয়।

একো—জ্বরের প্রথমাবস্থায়। মস্তিষ্কাভ্যন্তরে অত্যন্ত জ্বালা-জনক বেদনা।

আর্ণি—দ্বিতীয়াবস্থায়, যখন রস নিঃস্রবের সম্ভাবনা।

বেলে—মস্তক উষ্ণ, প্রলাপ, গ্রীবাদেশস্থ ধমনীর স্পন্দন, কনীনিকা প্রসারিত। রোগী বালিশের নীচে মস্তক লইয়া যায়। অতি অল্প শব্দ, আলোক ও সঞ্চরণে রোগ বৃদ্ধি।

ব্রাই—মস্তিষ্কের বিশৃঙ্খলা। মস্তক ঘূর্ণন, কষ্টকর শ্বাস প্রশ্বাস, আলস্য।

মার্ক—মলের তারল্য। আলস্য ও অসাড়তা বোধ। স্মৃতিশক্তির হ্রাসতা।

মস্তিষ্ক প্রদাহ।

একো—প্রথমাবস্থায়। অত্যন্ত প্রাদাহিক জ্বর। সমুদায় মস্তকে জ্বালাযুক্ত বেদনা।

মস্তকে বিশৃঙ্খলা বোধ—একো, বেলে* ব্রাই, নক্স*, পল্‌স, রস।
,, দাহ—আর্ণি, মার্ক, নক্স, রস।
,, শীতানুভব—ক্যাল্কে*, সল্‌ফ, ভিরে।
,, সুড়সুড়ী (কীট সঞ্চরণবৎ) বোধ—রস*।
,, ক্ষতানুভব—আর্সি*, চায়*, মার্ক, নক্স, সল্‌ফ, ভিরে*।
,, শূন্যতা বোধ—পল্‌স*।
,, বিস্তৃতি বোধ—বেলে*, ব্রাই, নক্স*।
,, সঙ্কলন বোধ—একো, বেলে*, নক্স*।
,, পূর্ণতা বোধ—একো*, বেলে*, ব্রাই*, চায়, রস, সল্‌ফ।
,, ভারবোধ—বেলে*, ব্রাই, কার্ব্ব*, ক্যাম, নক্স*, রস, সল্‌ফ।
মস্তকে মাদকতা বোধ—একো, বেলে, নক্স*, পল্‌স*, রস।
,, কন্‌কনে বেদনা—আর্ণি, বেলে, চায়, ইপি, নক্স, ফস্ফ।
,, থেৎলান বেদনা—চায়*, নক্স*, পল্‌স*, ভিরে*।
,, খালধরা—একো, আর্ণি, ক্যাল্কে, চায়, মার্ক, পল্‌স।
,, খননবৎ বেদনা—ব্রাই, ক্যাল্কে, মার্ক, পল্‌স।
,, আকৃষ্ট বেদনা—বেলে, ক্যাম, মার্ক*, নক্স*, পল্‌স।
,, স্পন্দনীয় বেদনা—আর্ণি, বেলে, চায়*, নক্স*, পল্‌স*।

মস্তিষ্ক প্রদাহ (পূর্ব্বের পর)।

বেলে—মাথা বালিশের নীচে লইয়া যাওয়া। শব্দ ও আলোকে রোগ বৃদ্ধি। অত্যন্ত প্রলাপ। গলাধঃকরণে কষ্ট। নিদ্রাক্ত ঘুম। গ্রীবাদেশস্থ ধমনীমণ্ডলের স্পন্দন।

ব্রাই—অধিকক্ষণস্থায়ী শীত, মুখমণ্ডল উষ্ণ ও লালবর্ণ। অধিক পিপাসা। প্রলাপের সঙ্গে নিদ্রাভাব। মস্তকে জ্বালাযুক্ত ও চাপক বেদনা।

মার্ক—যদি প্রদাহ হইতে মস্তিষ্কের শোথ হওয়ার আশঙ্কা হয়।

মস্তকে বেধক বেদনা—আর্ণি, বেলে*, [illegible], ইপি, মার্ক, নক্স*, পল্‌স, রস, সল্‌ফ।

,, আক্ষেপিক বেদনা—একো, আর্ণি, নক্স।

,, দ্বিখণ্ডিত হওয়ার ন্যায় বোধ—বেলে*, ব্রাই, চায়*, মার্ক, নক্স*।

,, মূর্চ্ছাজনক বেদনা—একো, বেলে, ক্যাল্কে, ফস্ফ*।

,, ছেদক বেদনা—বেলে*, ব্রাই, ক্যাম, মার্ক, নক্স*, পল্‌স*, সল্‌ফ।

,, কসা বেদনা—একো, মার্ক*, পল্‌স*, সল্‌ফ।

,, দব্‌দবে বেদনা—বেলে*, ব্রাই, ক্যাল্কে, সল্‌ফ*, ভিরে *।

মাংসপেশীর স্পন্দন—বেলে, ক্যাম, চায়, নক্স, ফস্ফ, রস*, সল্‌ফ*।

মাংসপেশীতে খালধরা বেদনা—আর্ণি, বেলে*, ক্যাল্কে, সি*, মার্ক*, রস*, সল্‌ফ।

মাংসোন্নতি—আর্সি*, ফস্ফ, সল্‌ফ।

মাংসপেশীতে কণ্টকবেধবৎ বেদনা—আর্ণি, বেলে*, ব্রাই*, ক্যাল্কে*, চায়*, মার্ক*, ফস্ফ, পল্‌স*, রস*, সল্‌ফ*।

,, ,, গুলিবেধবৎ বেদনা—একো*, আর্ণি*, বেলে, ব্রাই*, ক্যাল্কে, চায়, মার্ক*, নক্স, ফস্ফ, পল্‌স*, রস*, সল্‌ফ*।

,, ,, ছেদক বেদনা—আর্সি, বেলে, ব্রাই, ক্যাল্কে*, কার্ব্ব*, চায়*, মার্ক*, ফস্ফ, পল্‌স*, সল্‌ফ*।

মাংসপেশীর শিথিলতা—একো, ক্যাল্কে*, ক্যাম, সল্‌ফ।

,, আকৃষ্টতা—একো*, নক্‌স*, ফস্ফ*, রস, সল্‌ফ।

মাড়ী স্ফোটক—ক্যাল্কে*, সল্‌ফ।

মাড়ী হইতে রক্তস্রাব—ক্যাল্কে, কার্ব্ব*, মার্ক।

,, প্রদাহ—বেলে*, চায়, মার্ক*, নক্স, সল্ফ।

,, পারদ ঘটিত অসুস্থতা—কার্ব্ব*, চায়*।

,, বেদনা—আর্সি, মার্ক*, পল্স*।

মাড়ী, শীতাদ রোগ—কার্ব্ব*, চায়, মার্ক, সল্ফ।

,, স্ফীততা—বেলে, ক্যাল্কে, চায়, মার্ক, নক্স, ফস্ফ, সল্ফ।

,, ক্ষত—মার্ক।

মানসিক ভাব—

,, উৎকণ্ঠা—একো*, আর্ণি, আর্সি*, বেলে, ব্রাই, ক্যাল্কে, ক্যাম*, চায়, মার্ক, নক্স, ফস্ফ, পল্স*, রস, সল্ফ, ভিরে।

,, জ্ঞান হানি—আর্ণি, বেলে*, নক্স, পল্স, রস।

,, প্রলাপ—একো, আর্ণি, আর্সি, বেলে*, ব্রাই, ভিরে।

,, উত্তেজনা—ক্যাম, কফি*, নক্স।

,, ভয়শীলতা—একো*, আর্সি*, বেলে, ব্রাই*, ক্যাল্কে, নক্স, ফস্ফ, পল্স, ভিরে।

,, বিরক্তি—বেলে, ক্যাল্কে, ক্যাম*, মার্ক, নক্স, ফস্ফ, পল্স*, সল্ফ*।

,, উগ্রতা—আর্সি, বেলে, ব্রাই, ক্যাম*, কফি*, নক্স*, ফস্ফ, সল্ফ, ভিরে।

,, অন্যমনস্কতা—একো, ক্যাম*, নক্স, পল্স*।

,, উন্মত্ততা—আর্সি, বেলে*, মার্ক, সল্ফ, ভিরে।

মানসিক ভাব ক্রোধান্বিত—ক্যাম*, মার্ক, নক্স*, ফস্ফ।

,, বিমর্ষতা—একো*, ক্যাল্কে, ফস্ফ, পল্স, রস।

মানসিক চাপল্য—একো*, পল্‌স, সল্‌ফ।

মুখগহ্বর শুষ্কতা—একো, আর্সি, বেলে*, ব্রাই*, ক্যাম*, নক্স, ফস্ফ, পল্‌স, রস, ভিরে।

,, হাজিয়া গেলে—মার্ক, ফস্ফ।

,, হইতে গাঁজলা বাহির হইলে—বেলে*, ক্যাম, ভিরে।

মুখগহ্বরে প্রদাহ—বেলে, মার্ক*, নক্স।

,, শ্লেষ্মাসঞ্চয়—বেলে*, মার্ক*, নক্স*, ফস্ফ, পল্‌স, রস, সল্‌ফ।

,, লালাসঞ্চয়—বেলে*, ব্রাই, ক্যাল্কে, মার্ক*, নক্স, ফস্ফ*, পল্‌স, রস, সল্‌ফ, ভিরে।

,, শীতাদ—মার্ক*, নক্স*।

,, ক্ষত—মার্ক*, নক্স।

মুখচাপা (বা ব্রতে গোঙ্গান)—একো*, বেলে, নক্স*, পল্‌স*, সল্‌ফ।

মুখগহ্বরের শীতাদ।

মার্ক—মাড়ী লালবর্ণ, স্পঞ্জবৎ ও ক্ষত বিশিষ্ট এবং দন্তমূল হইতে কিঞ্চিৎ ফাঁক। রাত্রিতে জ্বালাকর বেদনা। শিথিল দন্ত। মুখ ও জিহ্বা প্রদাহিত এবং বেদনা ও ক্ষতযুক্ত। দুর্গন্ধ ও সরক্ত লালা।

নক্স—মাড়ীর সবেদন স্ফীততা, মুখে দুর্গন্ধ। অচরিষ্ণু ব্যক্তি। কোষ্ঠবদ্ধ।

মুখচাপা।

একো—জ্বর, হৃৎস্পন্দন ও বক্ষে অসুখ বোধ।

বেলে—মুখমণ্ডল ও চক্ষু লালবর্ণ। কর প্রায়ক্ত চমকান।

মুখগহ্বরে ক্ষত—মার্ক*, নক্স, সল্ফ।

শিশুদের—ক্যাল, মার্ক*, সল্ফ*।

মুখমণ্ডল ঈষৎ স্ফীত—আর্ণি, আর্সি*, বেলে*, ব্রাই*, ক্যাম*, ইপি, মার্ক, ফস্ফ, পল্স।

,, জ্বালা—আর্ণি, বেলে, ব্রাই, নক্স, পল্স, ভিরে।

,, বর্ণ নীলিম—একো, আর্সি*, বেলে, ব্রাই, ইপি, ভিরে।

,, ,, পাণ্ডুর—একো, আর্সি*, ক্যাল্কে, চায়*, সি*, ইপি, মার্ক, নক্স, ফস্ফ, পল্স, রস, সল্ফ*, ভিরে।

,, ,, অর্দ্ধাংশ পাণ্ডুর—একো, ক্যাম*, ভিরে।

,, ,, আরক্তিম—একো*, আর্ণি, বেলে*, ব্রাই*, ক্যাম*, চায়, মার্ক, নক্স, পল্স, রস, সল্ফ, ভিরে।

,, ,, ম্লান—আর্সি, ব্রাই, চায়*, মার্ক*, নক্স, ফস্ফ।

,, ,, পীত—আর্সি, ব্রাই, ক্যাম, চায়, মার্ক, নক্স*, ফস্ফ, সল্ফ*, ভিরে।

মুখচাপা (পূর্ব্বের পর)।

নক্স—মদ্যপান বশতঃ কিম্বা অধিক আহার ও আলস্য পরবশতা, অধিক অধ্যয়ন ও অজীর্ণতা জনিত হইলে।

পল্স—স্ত্রীলোকদিগের পক্ষে। সশব্দ শ্বাস। উৎকণ্ঠাযুক্ত বিষণ্ণ স্বপ্ন। গুরুতর আহারাদি জনিত হইলে।

সল্ফ—অপরিতৃপ্ত নিদ্রা, তৎসঙ্গে মস্তকে কন্কনে ও আঘাতবৎ বেদনা। চক্ষু কখন কখন অর্দ্ধ উন্মীলিত।

মুখগহ্বরে ক্ষত।

মার্ক—সামান্য রোগে।

মুখমণ্ডলে আক্ষেপ—বেলে, ক্যাম, ইপি।

,, বিকৃতি—আর্সি, বেলে, ক্যাম, ইপি, মার্ক, রস, ভিরে।

,, উদ্ভেদ—আর্সি, বেলে, ব্রাই, ক্যাল্কে, মার্ক, ফস্ফ, রস*, সলফ, ভিরে।

মুখমণ্ডলে বিসর্প প্রদাহ—বেলে*, ক্যাম*, ল্যাকি*, রস০, সল্ফ।

মুখমণ্ডল শূল—একো*, আর্ণি আর্সি*, বেলে*, ব্রাই, ক্যাল্কে, ক্যাম চায়, হিপার*, মার্ক, নক্স০, ফস্ফ*, পল্‌স, রস, সল্ফ ভিরে।

,, ,, প্রাদাহিক—একো*, মার্ক*।

,, ,, জ্বালাযুক্ত—আর্সি, রস, সল্ফ।

,, ,, আকর্ষক—আর্সি, বেলে, নক্স*, ফস্ফ*।

,, ,, অর্দ্ধাংশিক—একো, ক্যাম, নক্স।

,, ,, বেধক—একো, আর্সি, বেলে।

,, ,, ছেদক—বেলে, চায়, মার্ক*, নক্স*, ফস্ফ*।

মুখগহ্বরে ক্ষত (পূর্ব্বের পর)।

নক্স—অম্লতা ও ভুক্ত দ্রব্য উদ্গীরণ।

সল্ফ—কষ্টকর রোগে। জ্বালাযুক্ত বেদনা।

মুখমণ্ডলে বিসর্প।

বেলে—প্রলাপ। মস্তকে সূচীবেধবৎ বেদনা। পিপাসাধিক্য।

ক্যাম—গণ্ডদেশ আরক্তিম ও স্ফীত। অস্থিতে চর্ব্বণবৎ বেদনা। কখন কখন তৎসঙ্গে তিক্তাস্বাদ ও পিপাসা।

ল্যাকি—যদি মস্তিষ্কীয় লক্ষণাদি বেলেডোনাতে উপশমিত না হয়।

রস—সজল উদ্ভেদযুক্ত প্রদাহ কিম্বা মস্তকাবরক প্রদাহ।

মুখশূল, কণা বা টানবৎ—বেলে, ভিরে।

,, ,, দব্‌দবে—বেলে, মার্ক।

মুখমণ্ডলে সপূঁয উদ্ভেদ—আর্সি*, ক্যাঙ্কে*, মার্ক*, রস*, সল্‌ফ।

,, স্ফীততা—আর্ণি, আর্সি বেলে*, ব্রাই*, ক্যাম*, মার্ক*,
নক্‌স*, পল্‌স*, সল্‌ফ।

,, কঠিন স্ফীততা—আর্ণি, আর্সি, বেলে, ক্যাম।

,, উত্তপ্ত স্ফীততা—আর্ণি, বেলে, ব্রাই, ক্যাম।

মূর্চ্ছা—(সাধারণতঃ)—একো*, আর্ণি, আর্সি, বেলে, ক্যাম*,
চায়*, ইপি, নক্‌স*, ফক্ষ, ভিরে*।

মূর্চ্ছা শারীর পদার্থ অপচয় জনিত—চায়*।

,, ভয় জনিত—একো*।

,, গুল্মবায়ু রোগ জনিত—ক্যাম*, নক্‌স।

মূর্চ্ছা।

একো—হৃৎপিণ্ডের স্পন্দনাধিক্য। মুখমণ্ডলের বর্ণ মৃতবৎ ফেকাশে। শয়নাবস্থা হইতে উঠিবার সময় হইলে। সাতিশয় বেদনাজনক।

ক্যাম—অত্যন্ত বেদনা হইতে হইলে।

চায়—রক্তের হীনতা জনিত হইলে।

নক্‌স—প্রাতে অথবা আহারান্তে। বিবমিষা। ঘোর দৃষ্টি। পাকাশয়ে বেদনা। মদ্যপায়ী। অধিক অধ্যয়ন জনিত ক্লান্তি।

ভিরে—অতি অল্প সঞ্চালনে মূর্চ্ছা হইলে, কিম্বা তৎপূর্ব্বে সাতিশয় খেদ বা নৈরাশ্যতা থাকিলে।

মূত্রমার্গ হইতে শ্লেষ্মা নিঃসরণ—মার্ক, নক্স, পল্‌স।
জ্বালা—আর্সি*, ক্যান্থে*, মার্ক, নক্স, ফস্ফ, সল্‌ফ*।
„ কর্ত্তক বেদনা—ক্যান্থ, ল্যাকি, মার্ক।
„ গুলিবেধক বেদনা—ক্যান্থ, ল্যাকি, মার্ক, সল্‌ফ।
মূত্রত্যাগেচ্ছা, সতত—একো, বেলে, ব্রাই, মার্ক*, নক্স, পল্‌স, রস*, সল্‌ফ।
„ নিষ্ফল—একো, আর্ণি, আর্সি, ক্যান্থ*, নক্স, পল্‌স, সল্‌ফ।
„ বিলম্ব সহে না—একো, আর্ণি, বেলে, ব্রাই*, মার্ক, নক্স, পল্‌স*, রস, সলফ*।
„ ফোঁটা ফোঁটা নিঃসরণ—আর্ণি, বেলে, ক্যান্থ*, নক্স, পল্‌স, সল্‌ফ*।
মূত্রত্যাগ সর্ব্বদা—ব্রাই, ক্যাল্কে, মার্ক*, নক্‌স*, রস* সল্‌ফ*।
„ অনৈচ্ছিক—একো, আর্সি, বেলে, মার্ক, পল্‌স*, রস* সল্‌ফ*।
„ „ রাত্রিতে—আর্সি, বেলে*, সি*, মার্ক, পল্‌স*, রস*, সল্‌ফ*।
„ কষ্টকর—আর্সি, ক্যান্থ*, মার্ক, নক্‌স*, রস, সল্‌ফ।
„ অল্প অল্প—একো, আর্ণি, আর্সি, বেলে, ব্রাই, ক্যান্থ*, চায়, নক্‌স, ফস্ফ, পল্‌স, সল্‌ফ, ভিরে।
„ কোঁতানি সহ—আর্ণি, ক্যান্থ*, মার্ক, নক্‌স*, পল্‌স*।
„ রুদ্ধ—একো, আর্ণি, আর্সি, ক্যান্থ*, নক্‌স*, পল্‌স, রস, সল্‌ফ।
মূত্রতলানি (তলানি) ছিবড়া ছিবড়া—ক্যান্থ*, ক্যাম।

মূত্র-বালুকা প্রস্তর কণার ন্যায়—ক্যাল্কে, নক্স, ফস্ফ।
,, আরক্ত—একো, আর্নি, ফস্ফ, পল্স*।
,, শ্বেতবর্ণ—ক্যাল্কে, ফস্ফ*, রস*, সল্ফ।
,, সরক্ত—আর্নি, আর্সি, ক্যাল্কে, ক্যান্থ*, ইপি, মার্ক, নক্স, ফস্ফ, পল্স*, সল্ফ।
,, জ্বালাযুক্ত—একো, আর্সি*, ক্যান্থ*, মার্ক*।
,, মলিন—একো*, আর্নি, বেলে*, ব্রাই°, ক্যাল্কে, ইপি, মার্ক°, পল্স, রস, সল্ফ, ভিরে।
মূত্র সপূয—ক্যান্থ°।
,, ঘোলা—চায়, সি*, মার্ক*, রস।
মুখ দিয়া জলউঠা—ক্যাল্কে*, ইপি, নক্স*, ফস্ফ, পল্স*, সল্ফ*।
মূত্রাশয় সর্দ্দি—নক্স, পল্স°, সল্ফ*।
,, জ্বালা—একো, ক্যান্থ*।

মুখ দিয়া জলউঠা।

ক্যাল্কে—অম্ল উদ্গার ও তৎসঙ্গে জ্বালাবোধ।
নক্স—খালধরার মত বেদনা ও পাকাশয়ে ভার বোধ। আহারের পর, পাকাশয় মধ্যপ্রদেশে বেদনা অনুভূতি।
পল্স—তৈলাক্ত দ্রব্য, ফল ও পিষ্টক ভক্ষণ জনিত হইলে।
সল্ফ—ভুক্ত দ্রব্য উদ্গীরণ, তৎসঙ্গে অম্লাস্বাদ ও উদ্গার।

মূত্রাশয় প্রদাহ—একো, ক্যান্থ*, নক্স, পল্স।

,, বেদনানুভূতি—ক্যান্থ।

মৃগী—অপস্মার দেখ।

মেদ রোগ—পল্স, ক্যাল্কে*, সল্ফ।

যকৃৎ দৃঢ়তা—আর্সি, চায়*, নক্স, সল্ফ।

,, প্রদাহ—একো*, বেলে, ব্রাই*, ক্যাম, চায়, মার্ক*, নক্স*, পল্স, সল্ফ।

মূত্রাশয় প্রদাহ।

একো—জ্বর, তৃষ্ণা। সদা সর্ব্বদা মূত্রত্যাগে ইচ্ছা ও অল্প কয়েক ফোঁটা রক্ত সংযুক্ত প্রস্রাব নির্গত হয়।

ক্যান্থ—মূত্রত্যাগে কষ্ট ও বেদনা। রক্ত মিশ্রিত প্রস্রাব। মূত্রত্যাগের সাতিশয় বাঞ্ছা।

নক্স—মদ্যাদি পানের পর। অর্শ থাকিলে।

পল্স—আঠাবৎ প্রস্রাব। রক্ত ও পুঁয মিশ্রিত প্রস্রাব। মূত্রাশয়ে জ্বালা ও চাপক বেদনা।

যকৃৎ প্রদাহ।

একো—ভয়ানক প্রাদাহিক জ্বর। গুলিবেধবৎ বেদনা।

বেলে—অতিশয় তৃষ্ণা, এপাশ ওপাশ করা। অনিদ্রা। বক্ষ ও স্কন্ধ পর্য্যন্ত কন্‌কনে বেদনা।

ব্রাই—বক্ষে ভয়ানক অসুখ বোধ ও তৎসঙ্গে দ্রুত ও উৎকণ্ঠাযুক্ত শ্বাস। সঞ্চালনে বৃদ্ধি। যকৃৎ বিবৃদ্ধ ও কঠিন। কোষ্ঠবদ্ধ। "মার্ক" সহ পর্য্যায়ক্রমে।

যকৃৎ-প্রদাহ পুরাতন—ব্রাই, ক্যাল্কে, চায়, নক্স০, ফস্ফ*।

" বেদনাযুক্ত—একো*, মার্ক*, নক্স।

যকৃৎ জ্বালাযুক্ত—একো, ব্রাই, মার্ক।

যকৃতে চাপক বেদনা—চায়, নক্স।

" গুলিবেধবৎ বেদনা—একো, ব্রাই, চায়, মার্ক, নক্স, সল্ফ।

" চাপবোধ—একো, চায়, নক্স।

যকৃৎ প্রদাহ (পূর্ব্বের পর)।

ক্যাম—অতীক্ষ্ণ কন্‌কনে বেদনা। বাহ্যিক চাপ, সঞ্চালন কিম্বা নিশ্বাসে বৃদ্ধি হয় না। পীতবর্ণ চর্ম্ম। যখন ভয়ানক বিরক্তি কিম্বা সর্দ্দি হইতে রোগ উৎপন্ন হয়।

চায়—গুলিবেধক ও চাপক বেদনা। যকৃৎ প্রদেশ দৃঢ় ও স্ফীত।

মার্ক—চাপক বেদনা, যদ্দ্বারা দক্ষিণ পার্শ্বে শয়ন করিতে অশক্তি; চক্ষু ও চর্ম্ম অতিশয় বেদনান্বিত। পাকাশয়ে চাপ। কোষ্ঠ-বদ্ধ।

পল্‌স—সতত অসুখ বোধ বিশেষতঃ রাত্রিতে, তৎসঙ্গে পেটের পীড়া।

সল্ফ—পার্শ্বে গুলিবেধবৎ বোধ। দুর্দ্দম্য রোগ।

হিপার—যাহারা অধিক পরিমাণে পারদ ব্যবহার করিয়াছে। মল কর্দ্দমবৎ।

আর্সি—প্রবল ও পুরাতন রোগে। অতিশয় দৌর্ব্বল্য, জ্বালাযুক্ত বেদনা, বমন ও অবসাদনকর উদরাময় বর্ত্তমানে।

রক্তস্রাব—(বিশেষ বিশেষ যন্ত্র হইতে রক্তস্রাব দেখ)।

রক্তাধিক্য—একো, বেলে*, ব্রাই, ক্যাল্কে, চায়, নক্স, ফস্ফ, পল্স।

রক্ত নিষ্ঠীবন বা থুথু—একো, আর্ণি°, বেলে, ব্রাই, চায়*, ইপি*, ফস্ফ, পল্স, রস।

রক্তহীনতা—আর্সি*, ক্যাল্কে, চায়*, সার্ক, পল্স, রস।

রক্তাধিক্য মস্তিষ্কে—একো*, আর্ণি, বেলে*, নক্স।

রক্ত নিষ্ঠীবন।

একো—যদি রক্ত তেজে ও একবারে অধিক পরিমাণে আইসে। বক্ষে জ্বালাযুক্ত বেদনা। শুষ্ক মৃদু কাসি দ্বারা উত্তেজিত হয়।

আর্ণি—পতন বা আঘাত বশতঃ হইলে।

বেলে—গলায় সুড়সুড়ী অনুভব ও কাসি এবং তাহা হইতে অধিক রক্ত বাহির হয়। বক্ষে অধিক রক্ত আছে এরূপ বোধ হওয়া।

চায়—অত্যন্ত দুর্ব্বলতা ও মূর্চ্ছাবৎ বোধ।

ইপি—অতি অল্পক্ষণ স্থায়ী কাসি ও তৎসহ রক্ত মিশ্রিত শ্লেষ্মা নিঃসরণ। যখন মুখে রক্তাস্বাদ থাকে।

পল্স—রজোরোধ জনিত হইলে। কাল ও জমা রক্ত বাহির হইলে।

রস—উজ্জ্বল লালবর্ণ রক্ত। অত্যন্ত অস্থিরতা ও উগ্রতা।

রক্তাধিক্য মস্তিষ্কে।

একো—প্রারম্ভে। প্রবল রোগে। যদি ভয় ও বিরক্তি কারণ হয়।

রক্তাধিক্য বক্ষাভ্যন্তরে—একো*, বেলে°, চায়, মার্ক, নক্স*, ফস্ফ°, পল্স, রস, সল্ফ।

রক্তাধিক্য চক্ষে—একো, বেলে।

রক্তাধিক্য মস্তিষ্কে (পূর্ব্বের পর)।

আর্ণি—পতন, আঘাত হইতে হইলে।

বেলে—মস্তকের শিরা স্ফীত। মস্তকে বেদনা। শব্দ, আলো ও সঞ্চালনে বৃদ্ধি।

নক্স—অধিক পড়া, আলস্য বা মদ্যপান বশতঃ হইলে। অনাবৃত বায়ুতে মন্দাবস্থা কিম্বা আহারের পর রোগবৃদ্ধি।

বক্ষেঃ রক্তাধিক্য।

একো—হৃৎস্পন্দন ও ভারবোধ।

বেলে—হৃৎউদ্বেল ও তাহা মস্তক পর্য্যন্ত উত্থিত হয়।

চায়—যদি দৌর্ব্বল্যকর পদার্থ হানিজনিত হয়।

মার্ক—উদ্বেগযুক্ত অসুখ। দীর্ঘ শ্বাসত্যাগেচ্ছা।

নক্স—বস্ত্রাদি জনিত বক্ষে এক প্রকার অস্বচ্ছন্দতা বোধ। অর্শ শোণিতস্রাব বন্ধ হইলে।

ফস্ফ—বক্ষেঃ ভার, কসা ও অত্যন্ত অসুখ বোধ। বক্ষেঃ পূর্ণতা বোধ।

পল্স—রজঃরুদ্ধ বা অর্শ শোণিতস্রাব রুদ্ধ হইলে।

রক্তাধিক্য মস্তকে—একো*, আর্ণি, বেলে°, ব্রাই, মার্ক, নক্স*।

রক্তাধিক্য হৃৎপিণ্ডে—একো, বেলে, পল্স*, সল্ফ°।

রক্তামাশয় (সাধারণতঃ)—একো, আর্সি, ব্রাই, ক্যাম, ইপি, মার্ক*, নক্স*, পল্স, রস, সল্ফ।

মস্তকে রক্তাধিক্য।

একো—সতত মস্তক ঘূর্ণন, বিশেষতঃ মস্তক যখন অবনত করা যায়। কর্ণে শব্দ; শিশুদিগের দন্ত উঠিবার কালীন হইলে। তরুণবয়স্কা যুবতী বা যুবাব্যক্তি যাহারা আলস্যে জীবন যাপন করে।

আর্ণি—বাহ্যিক আঘাত বশতঃ হইলে।

বেলে—নড়িতে চড়িতে কিম্বা শব্দ ও আলোকে বৃদ্ধি। নিদ্রা যাইবার ইচ্ছা।

ব্রাই—মস্তক অবনত করিলে বোধ হয়, যেন সম্মুখ কপাল হইতে সমুদায় মস্তিষ্ক বাহির হইয়া পড়িবে।

মার্ক—মস্তক যেন বন্ধনী দ্বারা চাপাবৎ বোধ হয়। রাত্রিতে বৃদ্ধি।

নক্স—মদ্যপান। আলস্যে জীবন যাপন। অধিক উত্তেজনা। আহারান্তে কফি খাওয়ার পর ও অনাবৃত বায়ুতে বৃদ্ধি।

রক্তামাশয়।

একো—অত্যন্ত শীত, উত্তাপ এবং তৃষ্ণা।

আর্সি—অতিশয় দুর্ব্বলতা। অনৈচ্ছিক মলত্যাগ।

রক্তামাশয়, শূল বেদনা সহ—আর্সি, ক্যাম, মার্ক*, নক্স*।
,, উদরস্ফীতি সহ—একো, আর্সি*, ক্যাম, মার্ক*, নক্স, পল্‌স,
ভিরে।
রক্তস্রাব জরায়ু হইতে—আর্ণি, বেলে°, ক্যাম*, চায়*, ইপি*,
পল্‌স।

রক্তামাশয় (পূর্ব্বের পর)।

ব্রাই—শীতল পানীয় হইতে কিম্বা গ্রীষ্মের উত্তাপজনিত রোগে।
ক্যাম—অত্যন্ত উত্তাপ। মস্তকে বাতের ন্যায় বেদনা। অস্থিরতা।
ইপি—পৈত্তিক মল তৎপরে রক্তমিশ্রিত আম, বিশেষতঃ শরৎকালে রক্তামাশয় হইলে।
মার্ক—অত্যন্ত কোঁতানি বিশেষতঃ মলত্যাগের পর। নূতন রক্ত নিঃস্রব। শীত ও কম্পন।
নক্স—সতত অল্প মল, রক্ত সংযুক্ত আম নির্গমন।
পল্‌স—বমনেচ্ছা কিম্বা শ্লেষ্মা বমন। সতত শীত, রক্ত মিশ্রিত আম।
রস—রাত্রিতে অনৈচ্ছিক মলত্যাগ।
সল্‌ফ—আশাহীন রোগে। রক্ত মিশ্রিত আম। রাত্রিতে অত্যন্ত কোঁতানি।

রক্তস্রাব (জরায়ু হইতে)

আর্ণি—পদস্খলন হইতে। কোঁতানি কিম্বা শ্রমাধিক্য জনিত হইলে।

রক্তস্রাব, প্রসব বা গর্ভপাতের পর—আর্নি, বেলে*, ব্রাই, ক্যাম°, চায়, ইপি*।

রক্তস্রাব রজোলোপকালে—ল্যাকি, পল্‌স।

,, সঙ্কটাপন্ন ও গুরুতর—চায়*, ইপি।

,, ধামনিক—একো*, বেলে*, চায়, ইপি*, পল্‌স।

,, জমা রক্ত—বেলে, ক্যাম°, চায়, ইপি, পল্‌স, রস°।

রক্তস্রাব, জরায়ু হইতে (পূর্ব্বের পর)।

বেলে—স্বাভাবিক বর্ণযুক্ত রক্ত। অতিশয় চাপক বেদনা। জরায়ু হইতে বল পূর্ব্বক কিছু বাহির হইবার ন্যায় বোধ। অত্যন্ত রক্ত নিঃস্রব।

ক্যাম—ঘোর লাল কিম্বা কাল দুর্গন্ধ জমা রক্তস্রাব। থাকিয়া থাকিয়া রক্তস্রাব হয়। প্রসবের ন্যায় বেদনা।

চায়—অধিকাংশ গুরুতর পীড়ায়। অল্প অল্প সময় অন্তর রক্ত বহির্গত হয় ও তৎসঙ্গে আক্ষেপিক বেদনা থাকে।

ইপি—অতিশয় তরল লালবর্ণ রক্ত। অনবরত পড়িতে থাকিলে।

পল্‌স—কাল ঘন রক্তস্রাব। থাকিয়া থাকিয়া রক্তস্রাব হইলে।

রক্তস্রাব, ধামনিক।

একো—অতিশয় রক্তস্রাব। রক্তের প্রাদাহিকাবস্থা। যখন বিশেষ আশঙ্কা উপস্থিত হয়। রক্ত উজ্জ্বল লালবর্ণ।

বেলে—চক্ষু ও মুখ হইতে উজ্জ্বল লালবর্ণ ও জমা রক্তস্রাব।

চায়—ক্ষণে ক্ষণে রক্ত ফিনকী দিয়া পড়ে। শৈরিক রক্তস্রাব।

রক্তস্রাব, কালরক্ত—আর্ণি, ক্যাম, নক্স, পল্স।

,, পাণ্ডুবর্ণ রক্ত—বেলে*, ফস্ফ, রস।

,, দুর্ব্বলতা জনিত—চায়*, ইপি।

,, যন্ত্রাদির আঘাত বশতঃ—আর্ণি*, চায়, ফস্ফ।

,, ফুস্‌ফুসীয়—একো, বেলে, চায়*, ইপি, ফস্ফ, রস।

,, আঘাত হইতে—আর্ণি, ফস্ফ।

রক্তপিত্ত (ফুস্‌ফুস হইতে রক্তস্রাব)—একো, আর্ণি, চায়, ইপি*, ফস্ফ*, পল্স, সল্ফ।

রক্তস্রাব ধামনিক (পূর্ব্বের পর)।

ইপি—ভয়ানক রক্তস্রাব। অনবরত রক্তস্রাব। রক্ত উজ্জ্বল লালবর্ণ।

পল্স—রক্ত ফেকাশে বর্ণ, জলবৎ কিম্বা কৃষ্ণবর্ণ রক্ত।

রক্তপিত্ত।

একো—যখন বক্ষে রক্তাধিক্য থাকে। সময় সময় অধিক পরিমাণে রক্ত-কাসি ও তাহা অতি অল্প কাসিতে বৃদ্ধি। যখন অত্যন্ত বিপদাশঙ্কা উপস্থিত হয়।

আর্ণি—মুষ্ট্যাঘাত, পতন এবং অন্য কোন যান্ত্রিক বা বাহ্যিক আঘাত জনিত হইলে।

চায়—অতিশয় বিপদজনক রোগে। রোগান্তের দৌর্ব্বল্য।

ইপি—একোনাইটের পর। সতত রক্তাস্বাদ, তৎসঙ্গে অল্প অল্প কাসি। বিপদজনক রোগ।

ফস্ফ—ক্ষয়কাস রোগাক্রান্ত যুবা ব্যক্তি। তৎসঙ্গে বায়ুনলীর উগ্রতা এবং শুষ্ক উগ্র কাসি।

রজঃ প্রকাশ বিলম্বে—পল্স*, সল্ফ*।

,, ,, নিয়মিত সময়ান্তে—একো, সার্ক, ফস্ফ, পল্স, সল্ফ।

,, অধিককাল স্থায়ী—একো, ব্রাই, চায়, নক্স*, ফস্ফ, রস।

,, কষ্টকর—আর্সি, বেলে, ক্যাম*, নক্স*, ফস্ফ, পল্স*।

রজোলোপ—ল্যাকি*, পল্স।

রক্তপিত্ত (পূর্ব্বের পর)।

পল্স—কৃষ্ণবর্ণ জমা রক্ত বাহির হইলে। শ্বাসকৃচ্ছ্র। যদি ঋতু রুদ্ধজনিত হয়।

সল্ফ—সতত পুনরাক্রমণ নিবারণার্থ।

(রক্তস্রাব দেখ)

কষ্ট রজঃ।

বেলে—উদরে চাপবোধ, যেন উদরস্থ যন্ত্রাদি বাহির হইল। ঋতু প্রকাশের পূর্ব্বে শূল বেদনা ও দৃষ্টি ঝাপ্‌সা।

ক্যাম—যখন বেদনা প্রসব বেদনার মত হয়। তৎসঙ্গে পৃষ্ঠ-বংশে চাপ বোধ, তথা হইতে বেদনা উদর ও তৎনিম্ন পর্য্যন্ত বিস্তৃত হয়।

নক্স—প্রবল বেদনা। বিবমিষা ও মূর্চ্ছা, বিশেষতঃ অতি প্রত্যূষে। মস্তকে রক্তাধিক্য, মস্তক ঘূর্ণন, অতিশয় দৌর্ব্বল্য।

পল্স—বিবমিষা, শূল, কোমরে বেদনা। কাল ও জমারক্ত নিঃসরণ। অম্ল কি শ্লেষ্মা বমন।

রজঃ আধিক্য—একো, আর্সি, বেলে*, ব্রাই, ক্যাল্কে* ক্যাম, চায়,
ইপি*, মার্ক, নক্স⁰, ফস্ফ, ভিরে।

রজঃ স্বল্পকালস্থায়ী—ফস্ফ, পল্‌স, সল্‌ফ।

রজঃ অল্প পরিমাণে—নক্স, পল্‌স*, সল্‌ফ⁰।

,, নিয়মিত সময়ের পূর্ব্বে হইলে—বেলে, ক্যাল্কে*, ক্যাম, ইপি,
নক্স⁰, ফস্ফ*, রস⁰, সল্‌ফ,
ভিরে।

,, রুদ্ধ—একো, আর্সি, ব্রাই, ক্যাম, মার্ক, পল্‌স*, সল্‌ফ⁰।

রজঃ আধিক্য।

একো—বিশেষতঃ রক্তপ্রধানা স্ত্রীলোকদিগের পক্ষে।

বেলে—যখন অতিশয় রক্তস্রাব হয়, তৎসহ অধঃদিকে ভয়ানক চাপবোধ। কটিতে বেদনা।

ক্যাল্কে—দুর্ণিবার রোগে।

ক্যাম—কাল ও জমা রক্ত। সময় সময় রক্তস্রাব। প্রসব বেদনার মত বেদনা।

চায়—অতিশয় দৌর্ব্বল্য। মূর্চ্ছা, আক্ষেপিক বেদনা সহ এক এক বার অধিক পরিমাণে রক্তস্রাব হয়।

ইপি—যখন রজঃস্রাব অধিক পরিমাণে ও অনবরত হইতে থাকে। রক্তপ্রবাহ।

নক্স—উদরে আক্ষেপ। বিবমিষা ও মূর্চ্ছা। অঙ্গে বেদনা।

ভিরে—যখন উদরাময় থাকে।

রজঃরুদ্ধ।

একো—বিশেষতঃ যুবতীদের পক্ষে, যাহারা শারীরিক শ্রম না

রজঃস্রাব জমা রক্ত—বেলে, ক্যাম*, চায়, ইপি, পল্‌স, রস।
„ কাল রক্ত—ব্রাই, ক্যাম*, নক্স, পল্‌স।
„ „ দুর্গন্ধযুক্ত—বেলে*, ব্রাই, ক্যাম।
„ „ পাণ্ডুবর্ণ—বেলে*, ফস্ফ, রস।
„ „ পূর্ব্বে শিরঃপীড়া—সল্‌ফ*, ভিরে।
„ „ বিবমিষা সহ—আর্সি, নক্স, পল্‌স।
„ উদর বেদনা সহ—ক্যাল্কে, পল্‌স*।
„ কটি বেদনা সহ—আর্সি, ফস্ফ, পল্‌স, সল্‌ফ।

রজঃরুদ্ধ (পূর্ব্বের পর)।

করে। ভয়জনিত রোগে। রক্তপ্রধানা স্ত্রীলোকদের পক্ষে।

আর্সি—অতিশয় দৌর্ব্বল্য। পাণ্ডু ও নীলাভ মুখাকৃতি।

ব্রাই—বক্ষে সূচীবেধবৎ বোধ। শিরোঘূর্ণন। কোষ্ঠবদ্ধ।

ক্যাম—উদরে সাতিশয় বোধাধিক্য। সবুজবর্ণ তরল মল। বমনেচ্ছা। মুখে তিক্তাস্বাদ।

মার্ক—অতিশয় জড়তা ও দুর্ব্বলতা এবং তৎসহ কম্পন। অতি অল্প শ্রমে মস্তিষ্কে বেগে রক্ত গমন।

পল্‌স—ভিজিয়া কিম্বা ঠাণ্ডা লাগিয়া হইলে। হৃৎস্পন্দন। শ্বেত-প্রদর। মৃদুপ্রকৃতি স্ত্রীদের পক্ষে। বিবমিষা কিম্বা প্রকৃত বমন।

সল্‌ফ—মস্তকে চাপক ও আকর্ষক বেদনা। বিশেষতঃ পশ্চাদ্ভাগে। আম সংযুক্ত তরল মল কিম্বা কোষ্ঠবদ্ধ। অতিশয় জড়তা, বিশেষতঃ অধঃ অঙ্গে। পাকাশয়ে চাপ, পূর্ণতা ও ভারবোধ।

রজঃস্রাব আক্ষেপসহ—ক্যাম, পল্‌স।

" বমন সহ—আর্সি, পল্‌স।

" দৌর্ব্বল্য সহ—ক্যাল্কে, নক্স, ফস্ফ।

রাগ জনিত ক্লেশ বা অসুস্থতা—একো*, আর্নি, বেলে, ব্রাই, ক্যাম*, নক্স*, ফস্ফ, পল্‌স।

রাত্রিতে অসুস্থতাবৃদ্ধি (সাধারণতঃ)—একো*, আর্নি, আর্সি*, বেলে, ব্রাই, ক্যাম*, চায়*, মার্ক*, ফস্ফ, পল্‌স, রস, সল্ফ।

রাত্রিতে গোঙ্গান—(মুখ-চাপা দেখ)।

বক্ষের ভিতর খালধরা—ফস্ফ, ভিরে।

" স্বকোত্তোলনবৎবোধ—আর্সি* ক্যাল্কে, কার্ব্ব*, ফস্ফ*, রস, সল্ফ।

" পরিপূর্ণতা বোধ—একো, ক্যাল্কে, ফস্ফ*, সল্ফ।

" উষ্ণতা বোধ—আর্সি, ব্রাই*।

" ক্লেশবোধ—আর্নি, আর্সি*, বেলে*, ক্যাম*, চায়, ইপি, ল্যাকি*, নক্স, ফস্ফ*, পল্‌স, রস*, সল্ফ, ভিরে।

" অস্ত্রাঘাতজনিত বেদনা—আর্নি*, চায়।

" জ্বালাযুক্ত বেদনা—ব্রাই, কার্ব্ব, ফস্ফ।

বক্ষের ভিতর বেদনা, আক্ষেপবৎ—ফস্ফ, পল্‌স।

" " বাতবৎ—বেলে, ব্রাই।

" " সূচীবেধ ও গুলিবেধবৎ—একো*, আর্নি*, ব্রাই*, ক্যাল্কে, ক্যাম, ফস্ফ*, পল্‌স, রস, সল্ফ*।

বক্ষের ভিতর চাপ বোধ—বেলে*, ব্রাই, চায়, সল্‌ফ, ভিরে।
,, আক্ষেপ—ফস্ফ, পল্‌স, ভিরে।
,, কসা বোধ—একো, আর্সি*, ক্যাল্কে, কার্ব*, চায়, ইপি*, ল্যাকি*, ফস্ফ*, পল্‌স*, সল্‌ফ।
,, দুর্ব্বলতা—ফস্ফ, রস, সল্‌ফ*।
,, ভারবৎ বোধ—একো, ফস্ফ*, সল্‌ফ*।
,, উদ্বেগ—একো*, আর্সি*, নক্স।
,, জ্বালা—আর্সি, ব্রাই, ক্যাল্কে, সল্‌ফ*।
,, শৈত্য—আর্সি।
,, চাপন ও আকুঞ্চন বোধ—আর্ণি, আর্সি*, ইপি*, নক্স, ফস্ফ, পল্‌স, রস, ভিরে।

বক্ষস্থলে স্ফোটক—হেপার*, ফস্ফ,।
,, বিসর্প প্রদাহ—বেলে, ফস্ফ, সল্‌ফ।
,, চর্ম্ম নিঘর্ষণ—আর্ণি*, ক্যাল্কে, ক্যাম, পল্‌স, সলফ*।
,, প্রদাহ—বেলে*, ব্রাই*, মার্ক, ফস্ফ।

বক্ষস্থলে পূঁযোৎপত্তি—মার্ক, ফস্ফ।
,, প্রদাহিক স্ফীততা—বেলে*, ব্রাই*, মার্ক, ফস্ফ, পল্‌স।

বক্ষঃস্থল প্রদাহ।

বেলে—বক্ষস্থল স্ফীত ও শক্ত, গুলিবেধবৎ বেদনা ও অধিক বিস্তীর্ণ আরক্ততা।

ব্রাই—আকৃষ্ট বা গুলিবেধবৎ বেদনা। চর্ম্মের বাহ্যাংশে জ্বালাযুক্ত উত্তাপ।

মার্ক—যখন 'বেলে' ও 'ব্রাই' দ্বারা প্রদাহ উপশম না হয়। প্রদাহিত স্থান শক্ত ও বেদনাযুক্ত থাকিলে।

ফস্ফ—বক্ষেঃ সম্পূর্ণরূপে ক্ষত প্রকাশিত হইলে।

বক্ষোদরী—আর্সি*, ব্রাই।

,, দৌর্ব্বল্যকর শারীরপদার্থ ক্ষয়জনিত হইলে—চায়*।

,, মদ্যপান জনিত—আর্সি*, চায়*, সল্‌ফ।

বজ্ঞ্মণ বাত—একো, বেলে*, মার্ক*, রস।

বজ্ঞ্মণ সন্ধির ব্যাধি—বেলে*, মার্ক*, রস।

বক্ষোদরী।

আর্সি—শ্বাস গ্রহণে কষ্ট। বক্ষেঃ আকুঞ্চন ও চাপ বোধ। বুক-জ্বালা ও অস্থক বোধ। শীতল ঘর্ম্ম।

ব্রাই—কষ্টকর শ্বাসপ্রশ্বাস। বক্ষেঃ চাপবৎ ভারবোধ, বেদনা ও উদ্বেগ এবং কসাবোধ।

বজ্ঞ্মণ বাত।

একো—জ্বর ও অতিশয় প্রদাহ।

বেলে—বঙ্ক্ষণ সন্ধিতে জ্বালা ও বিদীর্ণকর বেদনা। অতি অল্প সংস্পর্শে বৃদ্ধি।

মার্ক—তীক্ষ্ণ কর্ত্তনবৎ বেদনা। রাত্রিতে কিম্বা সঞ্চালনে বৃদ্ধি। রাত্রিতে অতিশয় ঘর্ম্ম।

রস—বেদনা সহ কষা ও অনমনীয়তা। বিশ্রামকালে বৃদ্ধি।

বজ্ঞ্মণ সন্ধি-ব্যাধি।

বেলে—যখন অতিশয় বেদনা থাকে।

মার্ক—অল্প বা বেদনা না থাকা। মুখাকৃতি ম্লান।

রস—কষা ও অনমনীয়তার সহিত বেদনা। বিশ্রামকালে বৃদ্ধি।

বধিরতা, সাধারণতঃ—বেলে*, ক্যাল্কে*, নক্স, ফস্ফ, পল্স*, সল্ফ*, ভিরে।

বধিরতা সর্দ্দি জনিত—আর্সি, ক্যাল্কে, মার্ক, পল্স।

বধিরতা, রক্তাধিক্য বশতঃ—বেলে, মার্ক, ফস্ফ।

বধিরতা হামজনিত—বেলে, কার্ব্ব°, মার্ক, পল্স*।

,, আরক্ত জ্বরজনিত—বেলে°, মার্ক।

,, সাংঘাতিক পীড়াজনিত—আর্ণি, ফস্ফ, ভিরে।

,, বসন্ত জনিত—মার্ক* পল্স, সল্ফ।

,, উদ্ভেদ অদৃশ্যতা জনিত—আর্সি, ব্রাই, সল্ফ*।

বধিরতা।

বেলে—মস্তকে রক্ত অধিক সঞ্চিত হইলে। সংন্যাস রোগের পর। মস্তিষ্ক প্রদাহ। টাইফস জ্বর।

ক্যাল্কে—সতত কর্ণের শুষ্কতা অথবা পূঁয নিঃসরণ।

ফস্ফ—কর্ণে সকল প্রকার শব্দের উচ্চ প্রতিধ্বনি, বিশেষতঃ বাক্য মস্তক পর্য্যন্ত নীত হয়।

মার্ক—সকল শব্দের উচ্চতর প্রতিধ্বনি। তালু-পার্শ্ব-গ্রন্থি স্ফীতি জনিত পীড়া।

পল্স—কর্ণ যেন কোন প্রকার শব্দ দ্বারা বদ্ধ। কর্ণ হইতে পূঁয যদি নিঃসরণ রুদ্ধ হইলে।

সল্ফ—মনুষ্যের কথা শুনিতে না পাইলে, কিম্বা এক দিকের কর্ণের বধিরতা হইলে। যদি কোন অদম্য উদ্ভেদ জনিত হয়।

বমন (সাধারণতঃ)—আর্সি*, বেলে, ব্রাই*, ক্যাম, ক্যাক্ষ, চায়, ইপি, মার্ক, নক্স*, পল্স*, সল্ফ, ভিরে*।

„ পৈত্তিক—একো, আর্সি*, ব্রাই*, ক্যাম*, চায়, ইপি°, মার্ক*, নক্স*, ফস্ফ, পল্স*, ভিরে*।

বমন ফেণিল—ভিরে*।

বমন।

আর্ণি—জমা কালরক্ত বমন। পাকাশয়মধ্য প্রদেশে খালধরাবৎ বেদনা।

আর্সি—কাল রক্ত বমন। পাকাশয়ের ভিতরে অতিশয় জ্বালা। অতিশয় দৌর্ব্বল্য। পুরাতন বমন রোগ।

ব্রাই—ভুক্ত দ্রব্য, তিক্ত জল কিম্বা পিত্ত বমন। বমন করিতে উপক্রম, বিশেষতঃ সুস্বাদু আহারের পর।

চায়—শঙ্কটাপন্ন রোগাক্রমণের পর ব্যবহার্য্য।

ইপি—অতি অল্প মাত্রায় আহার ও পানের পর বমন।

নক্স—প্রত্যুষে এবং আহারের পর বমন। আলস্য পরবশতা কিম্বা মদ্য পানের পর। পাকাশয়ের দুর্ব্বলতা হইতে সপর্য্যায় আক্রমণ।

পল্স—অপরিমিত ও তৈলাক্ত গুরুপাক দ্রব্য আহারের পর হইলে।

সল্ফ—পুরাতন রোগ।

ভিরে—শাখাদ্বয় শীতল। অত্যন্ত অবসাদন। পাকাশয়ে চৈতন্যাতিশয্য ও জ্বালাযুক্ত বেদনা। মলত্যাগের পূর্ব্বে, তৎসময় বা অব্যবহিত পরে বমন।

বমন কালিম—আর্সি*, চায়, ইপি, নক্স*, ফস্ফ, ভিরে*।

,, সরক্ত—একো, আর্নি*, আর্সি, ব্রাই, চায়, ইপি*, নক্স, ফস্ফ*, পল্স, সল্ফ, ভিরে।

,, শূল সহ—আর্সি, ইপি°, পল্স, ভিরে*।

,, উদরাময় সহ—আর্সি, ইপি, ভিরে*।

পানান্তে—একো, আর্সি, আর্নি*, ব্রাই, ইপি, নক্স, পল্স, ভিরে*।

,, ভুক্ত দ্রব্য—আর্সি*, ব্রাই°, ক্যাল্কে, ইপি, ল্যাকি°, নক্স°, ফস্ফ, পল্স*, সল্ফ, ভিরে*।

বমন হরিত বর্ণ—একো, আর্সি°, ইপি*, পল্স*, ভিরে*।

,, শ্লেষ্মা—একো, আর্সি*, বেলে, ক্যাম, ক্যাল্কে, চায়, ইপি*, মার্ক, নক্স, পল্স*, সল্ফ, ভিরে।

,, অম্ল—আর্সি, ক্যাল্কে°, ক্যাম, চায়, ইপি, নক্স*, ফস্ফ*, পল্স, সল্ফ*।

,, দুর্নিবার—আর্সি*, মার্ক, নক্স*, ভিরে°।

,, জলবৎ—আর্নি, বেলে, ব্রাই, ইপি*, নক্স, সল্ফ, ভিরে*।

বমন দৌর্ব্বল্য সহ—আর্সি*, ইপি, ফস্ফ, ভিরে*।

বর্দ্ধনাভাব (শিশুদের)—আর্সি, বেলে, ক্যাল্কে*, চায়, নক্স*, ফস্ফ, সলফ*।

বর্দ্ধনাভাব।

আর্সি—অল্প পরিমাণে সতত জল পানেচ্ছা। অতিশয় অস্থিরতা ও পার্শ্ব পরিবর্ত্তন। হরিতাভ বা পাটলাভ মল। সাতিশয় শীর্ণতা।

বসন্ত, সাধারণতঃ—একো, আসি, বেলে, ব্রাই, মাক*, পল্‌স,
রস*, সল্‌ফ।

বসন্ত প্রথমাবস্থায়—একো*, ব্রাই*, রস*।

„ উদ্ভেদাবস্থায়—ব্রাই, মার্ক, রস, সল্‌ফ*।

„ সাংঘাতিক—আসি*, বেলে, কার্ব্ব*, রস*।

„ সপূঁযাবস্থা—মার্ক*, সল্‌ফ।

বর্দ্ধনাভাব (পূর্ব্বের পর)।

বেলে—গ্রীবাদেশস্থ গ্রন্থি স্ফীততা। শ্লেষ্মাজনিত ঘর্ঘর শব্দ সম্বলিত
রাত্রিকালীন কাসি।

ক্যাল্কে—ক্ষুধাধিক্য, কুঞ্চিত মুখাকৃতি। কর্দ্দমবৎ মল। অন্ত্রমধ্য-
গ্রন্থির বিবৃদ্ধি ও কাঠিন্য।

চায়—অতিশয় আহার স্পৃহা। অজীর্ণ দ্রব্য মিশ্রিত অথবা ঘন ঘন
শ্বেতবর্ণ ও মণ্ডবৎ মল নিঃসরণ।

নক্স—দুর্দ্দম্য কোষ্ঠবদ্ধ।

ফস্ফ—উদরাময় সহ কাসি। দৌর্ব্বল্যকর স্বেদস্রাব।

সল্‌ফ—চিকিৎসার প্রারম্ভে প্রয়োজ্য। অত্যন্ত ক্ষুধা, আম সংযুক্ত
তরল মল নিঃসরণ; অথবা দুর্নিবার কোষ্ঠবদ্ধ।

বসন্ত।

একো—প্রবল জ্বর থাকিলে।

আসি—যদি উদ্ভেদ সকল সাংঘাতিক আকার ধারণ করে।
পূঁযাবস্থায় যদি উদরাময় হয়।

বেলে—মস্তিষ্কীয় লক্ষণ থাকিলে। প্রলাপ, গলা বেদনা, চক্ষু ও
মস্তিষ্ক প্রদাহ।

বাত, বক্ষস্থ পেশীতে—আর্ণি*, ব্রাই, পল্‌স।

„ পদাঙ্গুলিতে—আর্ণি, সল্‌ফ০।

বাত (সাধারণতঃ)—একো, আর্ণি, বেলে, ব্রাই*, ক্যাম, মার্ক, নক্স, পল্‌স*, রস*, সল্‌ফ, ভিরে।

বসন্ত (পূর্ব্বের পর)।

ব্রাই—পৃষ্ঠে বেদনা, তৎসঙ্গে থেৎলান বোধ। বিবমিষা ও শিরঃপীড়া।

মার্ক—লালাস্রাব, চক্ষু, নাসিকা ও মুখগহ্বর প্রদাহ। সর্দ্দি, তৎসহ কাসি ও গলাভাঙ্গা। উদরাময়।

পল্‌স—যদি উদ্ভেদ সকল পরস্পর মিলিত হওয়ার উপক্রম হয় ও তৎসঙ্গে বমন ও বিবমিষা বর্ত্তমান থাকে।

রস—উদ্ভেদাবস্থায় যদি পৃষ্ঠ ও কটিতে তীক্ষ্ণ বেদনা থাকে।

সল্‌ফ—উদ্ভেদ শুষ্ক হইবার কালীন ব্যবহার্য্য।

বক্ষঃস্থ পেশী বাত।

আর্ণি—গুলিবেধ কিম্বা থেৎলানবৎ বেদনা। কাসিতে কিম্বা নড়িতে চড়িতে বেদনা বোধ।

ব্রাই—যদি রোগী অতিশয় অস্থির ও সজ্বর হয়। বক্ষেঃ চাপ ও কষা বোধ।

পল্‌স—সন্ধ্যাকালে পীড়া বৃদ্ধি হইলে।

বাত।

একো—প্রবল জ্বর। গুলিবেধবৎ বেদনা; রাত্রিতে অসহ্য।

আর্ণি—মোচড়ান কিম্বা মচ্‌কানবৎ বেদনা। আক্রান্ত স্থানে অতিশয় বেদনা, যেন উহা কোন কঠিন বস্তুর উপর আছে।

বাত অল্প শীত হইতে—একো, ক্যাল্কে, মার্ক।

বাত (পূর্ব্বের পর)।

বেলে—গুলিবেধবৎ ও জ্বালাযুক্ত বেদনা। রাত্রিতে বৃদ্ধি। মস্তকে রক্তাধিক্য। আক্রান্ত স্থান স্ফীত, তৎসঙ্গে অধিক বিস্তৃত আরক্ততা।

ব্রাই—ছেদক ও গুলিবেধবৎ বেদনা—অস্থি অপেক্ষা মাংসপেশীতে প্রবল। আক্রান্ত স্থান উজ্জ্বল ও স্ফীত। পৈত্তিক লক্ষণাদি। সঞ্চালনে বৃদ্ধি।

ক্যাম—অবশতা কিম্বা পঙ্গুতা বোধ। জ্বর ও তৎসঙ্গে আক্রান্ত স্থানে জ্বালাযুক্ত উত্তাপ। সতত এপাশ ওপাশ করা। রাত্রিতে বৃদ্ধি।

মার্ক—শীতল ও আর্দ্র ঋতুতে কিম্বা শয্যাতে বৃদ্ধি। ঘর্ম্ম, কিন্তু তাহাতে কোন উপশম হয় না।

নক্স—পৃষ্ঠ, কটি, বক্ষঃ কিম্বা সন্ধিতে আকর্ষক, স্পন্দক ও কষা বেদনা। আক্রান্ত স্থান অবশ। পৈত্তিকাশুদ্ধতা।

পল্‌স—বেদনা এক সন্ধি হইতে অপর সন্ধিতে গেলে। আকর্ষক ও স্পন্দক বেদনা। রাত্রিতে বৃদ্ধি।

রস—আক্রান্ত স্থান শক্ত ও অনম্য। মোচড়ান বেদনা। পক্ষাঘাতবৎ দৌর্ব্বল্য। বিশ্রাম ও মন্দ মন্দ বায়ুতে বৃদ্ধি।

সল্‌ফ—পুরাতন বাতগ্রস্থ অনেক রোগীর পক্ষে কিম্বা তরুণ বাত সহজে না সারিলে ব্যবহার্য্য।

ভিরে—খেঁতলান বেদনা, তৎসঙ্গে আক্রান্ত স্থান দুর্ব্বল ও কম্পিত।

(সন্ধি, মাংসপেশী ও সাধারণ বেদনা দেখ)।

বাত তরুণ—একো*, বেলে, আর্ণি, ব্রাই*, ক্যাম, মার্ক, নক্স, পল্‌স, রস।

বাত পুরাতন—ফস্ফ*, পল্‌স, রস, সল্‌ফ*, ভিরে।

,, সঙ্গে জ্বর—একো*, বেলে* ব্রাই*, ক্যাম, মার্ক, পল্‌স, রস।

,, ভ্রমণশীল বেদনা সহ—আর্ণি, ব্রাই, চায়, নক্স, পল্‌স*।

বায়ুনলীর উর্দ্ধাংশে জ্বালা—আর্সি, ল্যাকি, মার্ক, ফস্ফ, স্পঞ্জ।

,, শুষ্কতা—আর্সি, ফস্ফ*, স্পঞ্জ।

বায়ুনলীভুজ-প্রদাহ—একো*, বেলে, ব্রাই*, ক্যাম, ফস্ফ*।

,, ,, পুরাতন—ক্যাল্কে, নক্স, ফস্ফ*, সল্‌ফ।

বায়ু—অনাবৃত বায়ুতে সুস্থতা বোধ (সাধারণতঃ)—পল্‌স*।

,, ,, অসুস্থতা বোধ (সাধারণতঃ)—আর্সি, ক্যাল্কে, ক্যাম, মার্ক, নক্স, ফস্ফ।

বায়ুনলীভুজ-প্রদাহ।

একো—মৃদু, শুষ্ক কাসি ও সতত উগ্রতা। বক্ষে: সূচীবেধবৎ বেদনা। জ্বালাযুক্ত জ্বরের উত্তাপ।

বেলে—আক্ষেপিক কাসি, যাহাতে শ্বাস টানিবার সময় পাওয়া যায় না। রাত্রিতে, সন্ধ্যাকালে ও শয্যায় বৃদ্ধি হয়।

ব্রাই—আক্ষেপিক ও শ্বাসরোধক কাসি। খাদ্য বমন। পার্শ্ব বেদনা। কাসিতে মস্তকে বেদনা।

ক্যাম—স্বরযন্ত্র ও বক্ষের উগ্রতা জনিত শুষ্ক কাসি। রাত্রিতে শয্যায় বৃদ্ধি হয়।

ফস্ফ—গলায় সূচিবেধ বোধ অথবা বক্ষঃ বেদনা। গলার ভিতর সুড় সুড় করিলে শুষ্ক কাসি হয়।

বাহুতে আক্ষেপ—ক্যাল্কে, সল্ফ।

,, জ্বালাযুক্ত বেদনা—ব্রাই, ফস্ফ, পল্স।

,, আকর্ষণী বেদনা—বেলে, ব্রাই, নক্স, পল্স।

,, স্পন্দক বেদনা—বেলে, চায়, পল্স°।

,, বাতবৎ—ব্রাই, মার্ক, ফস্ফ, পল্স।

,, গুলিবেধবৎ—পল্স, সল্ফ।

বাহুতে ছেদক বেদনা—ব্রাই, ক্যাল্কে, চায়, ফস্ফ, পল্স।

,, কাঠিন্য (আড়ষ্ট)—পল্স।

,, স্ফীততা—বেলে*, ব্রাই*, সল্ফ*।

,, কম্পন—আর্সি, ফস্ফ।

,, পক্ষাঘাতিক দুর্ব্বলতা—ক্যাল্কে, সল্ফ।

বিবমিষা সাধারণতঃ—আর্সি*, বেলে, ক্যাম, চায়, ইপি*, ল্যাকি*, মার্ক, নক্স°, ফস্ফ, পল্স*, রস, সল্ফ*, ভিরে*।

,, শিরঃপীড়া সহ—একো, মার্ক, নক্স।

,, আহারের পর—একো, ব্রাই, নক্স*, ফস্ফ, পল্স*, রস, সল্ফ।

বিলেপী জ্বর—আর্সি, বেলে, ক্যাল্কে, চায়, ফস্ফ, সল্ফ।

বিশ্রামে অসুখ বৃদ্ধি, সাধারণতঃ—ল্যাকি*, পল্স*, রস°, সল্ফ।

,, ,, হ্রাস—একো, আর্ণি, বেলে*, ব্রাই*, মার্ক, নক্স, ফস্ফ।

বিষমজ্বর—সবিরাম জ্বর দেখ।

বিসর্প (প্রদাহ বিশেষ)—একো*, আর্ণি, আর্সি, বেলে*, ব্রাই, ক্যাম, মার্ক, ফস্ফ, রস*, সল্ফ।

বিসর্প।

একো—জ্বর। চর্ম্ম শুষ্ক ও জ্বালাযুক্ত।

বিসর্প, শটিত—আর্সি।

,, সপূঁয—আর্সি, বেলে, রস*।

বিস্ফোটক (পচনশীল)—আর্ণি, আর্সি*, বেলে*, নক্স

বুক জ্বালা—ক্যাল্কে*, চায়, নক্স*, ফস্ফ, পল্স, সল্ফ*।

বিসর্প (পূর্ব্বের পর)।

আর্ণি—পদ ও হাঁটুর এরিসিপেলাস বা বিসর্প পীড়া।

আর্সি—যেখানে পচিবার সম্ভাবনা।

বেলে—বিস্তীর্ণ আরক্ত প্রদাহ, মস্তক বেদনা। প্রলাপ।

ব্রাই—যখন সন্ধিগুলি আক্রান্ত হয়।

ক্যাম—গণ্ডদেশ লালবর্ণ ও স্ফীত। অস্থিতে চর্ব্বণবৎ বেদনা। কখন তৎসঙ্গে তিক্তাস্বাদ ও তৃষ্ণা।

মার্ক—শয্যায়, রাত্রিতে বৃদ্ধি। যদি স্ফোটকে পরিণত হয়।

রস—জল পূর্ণ বা ফোস্কাকর বিসর্প।

সল্ফ—অদমনীয় রোগে অথবা শীঘ্র শীঘ্র রোগ আক্রমণে।

বিস্ফোটক (পচনশীল)।

আর্সি—মারাত্মক ব্যাধি। সংক্রমণ হইতে উৎপন্ন বিস্ফোটক। জ্বালাযুক্ত বেদনা। পচিবার উপক্রম হইলে।

বেলে—আরক্ততা স্ফীততা ও উষ্ণতা বর্ত্তমানে।

বৃক্ক বা মূত্রযন্ত্র-প্রদাহ—বেলে, ক্যান্থ*, নক্স*, পল্স।

বৃক্ককে চাপক বেদনা—নক্স।

,, গুলিবেধবৎ বেদনা—বেলে, ক্যান্থ*, চায়।

বেদনা, সাধারণতঃ (বাত ও স্নায়ুশূল জনিত)

,, কণ্কণে—আর্ণি*, বেলে*, ক্যাল্কে, কার্ব্বি*, চায়°, মার্ক*, নক্স, ফস্ফ, পল্স, সল্ফ, ভিরে।

,, থেৎলানবৎ—একো, আর্ণি*, ব্রাই*, চায়*, সি*, মার্ক, নক্স*, ফস্ফ, পল্স*, রস, ভিরে°।

,, জ্বালাযুক্ত—একো, আর্ণি, আর্সি*, বেলে, ব্রাই*, ক্যাল্কে, ক্যান্থ*, কার্ব্ব°, মার্ক*, নক্স*, ফস্ফ*, রস*, সল্ফ*, ভিরে।

বৃক্ক প্রদাহ।

বেলে—মূত্রযন্ত্রে গুলিবেধক বেদনা, ও তাহা তথা হইতে মূত্রাশয় পর্য্যন্ত বিস্তৃত হয়। তৎসঙ্গে শূলবেদনা ও অতিশয় অসুখ বোধ।

ক্যান্থ—গুলিবেধবৎ, ছেদক এবং কর্ত্তনবৎ বেদনা, ও তৎসঙ্গে কষ্টে ফোটা ফোটা প্রস্রাব হয়। রক্তমিশ্রিত প্রস্রাব। মূত্রাশয়ে খালধরা বেদনা।

নক্স—যখন অর্শ বিলোপ কিম্বা উদরে রক্তাধিক্য বশতঃ হয়, ও তৎসঙ্গে উদরে স্ফীতি ও চাপ বোধ থাকে।

পল্স—রক্ত প্রস্রাব ও তাহাতে পূঁযের অধঃপতন। কোমল প্রকৃতিক স্ত্রীলোকদিগের রজঃরুদ্ধ কিম্বা অল্প রজঃ ব্যাধি সংযুক্ত থাকিলে।

বেদনা থালধরাবৎ—আর্ণি, বেলে*, ক্যাল্কে*, কার্ব্ব*, চায়, সি*, মার্ক, নক্স, পল্স, সল্ফ ।

" কর্ত্তনবৎ—বেলে, ক্যান্থ*, ক্যাল্কে*, মার্ক*, রস ।

" অতীক্ষ্ণ—চায়* ।

" পক্ষাঘাতিক—একো, বেলে, ব্রাই, ক্যাম, চায়*, সি*, নক্স, ফস্ফ, পল্স*, রস, সল্ফ ।

" চাপক—একো, আর্সি, বেলে*, ক্যাল্কে, চায়*, মার্ক, নক্স, সল্ফ, ভিরে ।

বেদনা কণ্টকবেধবৎ—একো, আর্ণি*, বেলে*, ব্রাই*, ক্যাল্কে*, ক্যান্থ°, চায়°, মার্ক*, ফস্ফ, পল্স*, রস*, সল্ফ° ।

" নাড়ী স্পন্দনবৎ—একো, আর্সি, বেলে*, ক্যাল্কে°, ক্যাম, ফস্ফ*, পল্স*, সল্ফ, ভিরে ।

বেদনা গুলি বেধবৎ—একো°, আর্ণি*, আর্সি, বেলে, ব্রাই°, ক্যাল্কে*, চায়, মার্ক, নক্স, ফস্ফ, পল্স°, রস, সল্ফ° ।

" ছেদক—একো, আর্ণি, বেলে, ব্রাই°, ক্যাল্কে, ক্যাম, চায়*, মার্ক*, নক্স, ফস্ফ, পল্স*, রস°, সল্ফ* ।

" অসহ্য—একো*, আর্সি*, ক্যাম, কফি* ।

" ভ্রমণশীল—আর্ণি, বেলে, চায়, পল্স*, সল্ফ ।

ব্রণ (সাধারণতঃ)—আর্ণি*, বেলে*, ক্যাল্কে, হেপার*, মার্ক*, ফস্ফ, সল্ফ ।

ব্রণ ।

আর্ণি—যদি ব্রণ অত্যন্ত ক্ষুদ্র হয় ।

ব্রণ না হওয়ার জন্য—ফস্ফ, সল্ফ।

শরীর কৃশতা—আর্সি*, বেলে, ক্যাল্কে*, চায়*, মার্ক, নক্স*, ফস্ফ, রস, সল্ফ*।

শরীরের চৈতন্যবোধাধিক্য—সাধারণতঃ একো*, আর্নি, আর্সি, বেলে, ক্যান্থ*, ক্যাম, চায়*, কফি*, মার্ক, নক্স*, ফস্ফ।

" " শীতলতাতে—আর্সি*, ব্রাই, নক্স, ফস্ফ*, রস*, ভিরে।

" " আর্দ্র বায়ুতে—ক্যাল্কে*, ল্যাকি*, মার্ক*, রস, সল্ফ, ভিরে।

" " শব্দেতে—একো, আর্নি, বেলে*, ক্যাল্কে, ক্যাম, কফি*, নক্স*।

" " বেদনাতে—একো*, আর্নি, ক্যাম*, চায়, কফি*, নক্স, ফস্ফ*।

শিরোঘূর্ণন ও ভারবোধ (ভ্রমি)—একো*, আর্নি, বেলে*, ব্রাই, ক্যাল্কে*, ক্যাম, চায়, ইপি, নক্স*, ফস্ফ*, পল্স*, রস*, সল্ফ, ভিরে।

ব্রণ (পূর্ব্বের পর)

বেলে—অত্যন্ত প্রদাহ ও বেদনা।
হেপার—ব্রণের মুখ হইতে বিলম্ব হইলে।
মার্ক—বেলেডোনাতে কোন বিশেষ ফল না হইলে।
সল্ফ—আর্নিকায় উপকার না হইলে ও সার্ব্বাঙ্গিক বোধাতিশয্য থাকিলে। (স্ফোটক দেখ)।

শিরোঘূর্ণন ও ভারবোধ।

একো—শয়িত বা অবনতাবস্থায় মস্তক উত্তোলনে হইলে।

শিরোঘূর্ণন ও তৎসঙ্গে বিশৃঙ্খল দৃষ্টি—একো*, ক্যাম, মার্ক, নক্স*, পল্‌স।

শিরোঘূর্ণন ও ভারবোধ (পূর্ব্বের পর)।

মস্তিষ্কে সঞ্চালনানুভব। মুখমণ্ডল রক্তিমাবর্ণ ও উত্তপ্ত। চক্ষুর সম্মুখে ঘোর বোধ।

আর্ণি—মধ্যাহ্ন আহারের সময় কিম্বা পূর্ণ আহারান্তে হইলে।

বেলে—দৃষ্টির অস্পষ্টতা। আংশিক জ্ঞানহীনতা। ঢুলিয়া ঢুলিয়া চলা। মস্তক ঘূর্ণন। কপালে পূর্ণতা ও ভয়ানক চাপ বোধ।

ব্রাই—গ্রীবা অবনত করিলে কিম্বা শয়নাবস্থা হইতে উত্থানকালীন রোগ হইলে।

ক্যাল্কে—উচ্চস্থানে উঠিতে। আহারের পূর্ব্বে কম্প হইলে।

ক্যাম—মূর্চ্ছাক্রমণ যুক্ত শিরোঘূর্ণন।

চায়—চলিবার সময় কিম্বা দৌর্ব্বল্যকর শারীরবিধান ক্ষয়ান্তে হইলে।

মার্ক—প্রাতে উত্থানকালীন কিম্বা সন্ধ্যাকালে হইলে; বিবমিষা ও দৃষ্টির অস্পষ্টতা সম্বলিত রোগে।

নক্স—আহার কালীন বা তৎপরে হইলে। অনাবরিত স্থানে ভ্রমণ কালীন। মস্তকে আন্দোলন সহ পতনাশঙ্কা। কর্ণে শব্দ, দৃষ্টির অস্পষ্টতা। যদি মদ্য, কফি ও সাতিশয় মানসিক পরিশ্রম হইতে হয়।

ফস্ফ—মস্তকঘূর্ণন ও প্রতিভাশূন্য।

পল্‌স—চক্ষু উত্তোলনে। অনবরুদ্ধ বায়ুতে সুস্থবোধ। মুখমণ্ডল পাণ্ডুবর্ণ। বিবমিষা, হৃৎস্পন্দন, তৈলাক্ত মাংস ও গুরুপাক দ্রব্য ভক্ষণ জনিত হইলে।

শিরোঘূর্ণন ও ভার (রক্তাধিক্য বশতঃ)—একো*, আর্ণি, বেলে*, চায়*, মার্ক, নক্স*, পল্স, রস, সল্ফ।

,, ,, মূর্চ্ছাসহ—ল্যাকি*, নক্স*।

,, আমাশয়িক বিশৃঙ্খলা সহ—আর্সি, নক্স, পল্স*, রস।

,, ,, জ্ঞানহীনতাসহ—একো, বেলে*, ল্যাকি*, নক্স*।

,, ,, বিবমিষাসহ—একো*, আর্সি, ফস্ফ, সল্ফ।

,, ,, স্নায়বীয় অসুস্থতাজনিত—আর্ণি, বেলে, নক্স*, ফস্ফ, পল্স।

শিরোঘূর্ণন ও ভার, গ্রীবা অবনত করিলে—বেলে, ব্রাই, নক্স*, পল্স*।

,, ঘূর্ণীজনিত—আর্সি*, বেলে*, ব্রাই, নক্স*, ফস্ফ, ভিরে।

শিরঃপীড়া (সাধারণতঃ)—একো, আর্ণি, বেলে*, ব্রাই*, ক্যাম, চায়, ইপি*, মার্ক*, নক্স*, ফস্ফ, পল্স*, রস, সল্ফ, ভিরে।

শিরঃপীড়া, রাগজনিত—একো, ক্যাম*, নক্স*।

শিরোঘূর্ণন (পূর্ব্বের পর)।

রস—সন্ধ্যাকালে, বা শয়নকালে পীড়া হইলে ও তৎসহ মৃত্যুভয় উপস্থিত হওয়া।

সল্ফ—উপবেশনাবস্থায়। উচ্চ স্থানে উঠিতে কিম্বা প্রাতঃকালে আহারের পর হইলে।

শিরঃপীড়া।

একো—ভয়ানক, মূর্চ্ছাজনক চাপক বেদনা। মস্তিষ্কে দহনীয়

শিরপীড়া, সর্দ্দিজনিত—ক্যাম*, মার্ক, নক্স*, সল্ফ।

শিরঃপীড়া (পূর্ব্বের পর)।

বেদনা। আকুঞ্চক বেদনা, বিশেষতঃ নাসিকা মূলে। লাল-বর্ণ ও ঈষৎ স্ফীত মুখমণ্ডল।

আর্ণি—মস্তক উষ্ণ ও শরীর শীতল।

বেলে—অতিশয় পূর্ণতা। চাপন ও প্রসারণবৎ বেদনা, যেন মস্তক ফাটিয়া গেল ও সমস্ত মস্তিষ্ক কপাল দিয়া বহির্গত হইল এরূপ বোধ। চক্ষুর উপরে বেদনা। ভয়ানক দব্‌দবানি।
শব্দ, আলোক ও সঞ্চরণে অনুভূতির আধিক্য। অভি-ঘাত, তরঙ্গায়িত ও নড়নবৎ বোধ, যেন জল দ্বারা হইতেছে।

ব্রাই—বিস্তীর্ণকর চাপক কিম্বা মস্তকে সংকোচক বেদনা। বেধক বেদনা, বিশেষতঃ এক পার্শ্বে। সঞ্চালনে বৃদ্ধি। যখন উষ্ণতা কিম্বা মন্দ বায়ু বশতঃ হয়।

ক্যাম—মস্তকের এক পার্শ্ব হইতে চিবুক পর্যন্ত বেধন ও স্পন্দন বোধ। মস্তকে ভার। বেদনায় চৈতন্যাধিক্য।

চায়—রাত্রিতে কণ্‌কণে বেদনা, তজ্জন্য নিদ্রাভাব হয়। স্পর্শে বৃদ্ধি। করোটী বেদনান্বিত।

ইপি—বিবমিষা ও বমন। জিহ্বা পর্য্যন্ত এরূপ বোধ, যেন মস্তিষ্ক বিদীর্ণ হইল।

মার্ক—বেধক ও বিদীর্ণকর বেদনা। রাত্রিতে কিম্বা শয্যায় উত্তাপে বৃদ্ধি। অর্দ্ধভাগে বেধন বোধ ও তৎসঙ্গে সূচীবেধবৎ বোধ।

নক্স—বেদনা, যেন মস্তকে প্রেক বিঁধাইয়া দিয়াছে। মস্তক ভারি, বিশেষতঃ চক্ষু নাড়িবার এবং চিন্তা করিবার সময়, ও তৎসঙ্গে এরূপ বোধ যেন মস্তক ফাটিয়া যাইবে। আহারের

শিরঃপীড়া শীতল পানীয়জনিত—একো, আর্সি*, বেলে।

„ রক্তাধিক্য জনিত—একো*, আর্নি*, বেলে*, ব্রাই*, গ্লোন, নক্স*।

শিরঃপীড়া, আমাশয়িক বিশৃঙ্খলাজনিত—ইপি, নক্স, পল্স*, সল্ফ।

শিরঃপীড়া উত্তাপ জনিত—একো*, ব্রাই*।

„ গুল্মবায়ু রোগজনিত—ক্যাম, নক্স, ভিরে।

„ মানসিক দুর্ব্বলতা হইতে—নক্স, সল্ফ*।

„ সঞ্চলনে বৃদ্ধি—একো, বেলে, ব্রাই*, চায়, নক্স, সল্ফ।

শিরঃপীড়া (পূর্ব্বের পর)।

পর কিম্বা অনাবৃত বায়ুতে কি মস্তক অবনত করিলে বৃদ্ধি। কোষ্ঠবদ্ধ, মদ্যপান বা অতিশয় অধ্যয়ন জনিত হইলে।

পল্স—অর্দ্ধপার্শ্বিক ছেদক বেদনা। মস্তক ভারি, কর্ণে গুণ গুণ শব্দ ও ছেদন ও বিদারণবৎ বোধ। মুখমণ্ডল পাণ্ডুবর্ণ, অভিঘাত ও সূচীবেধবৎ বোধ। সন্ধ্যাকালে কিম্বা বিশ্রাম কালে বৃদ্ধি। অনবরুদ্ধ বায়ুতে উপশম বোধ।

রস—প্রতি পদক্ষেপে মস্তকে চঞ্চলতা ও অস্থৈর্য্য বোধ। মস্তকে কীট সঞ্চরণ হওয়ার ন্যায় বোধ।

সল্ফ—চিন্তা করিতে অশক্তি। পূর্ণতা, চাপ ও ভারবোধ, বিশেষতঃ এক পার্শ্বে। অনবরুদ্ধ বায়ুতে কিম্বা চিন্তা করিতে বৃদ্ধি।

ভিরে—অতিশয় দুর্ব্বলতা এমন কি মূর্চ্ছা পর্য্যন্ত হয়। অতিশয় অবসন্নতা বোধ। এত ভয়ানক বেদনা হয় যে, তদ্দ্বারা প্রলাপ ও ক্ষণিক উন্মত্ততা উপস্থিত হয়।

শিরঃপীড়া চক্ষু সঞ্চালনে বৃদ্ধি—বেলে, ব্রাই*, নক্স।
,, বিবমিষা সহ—একো, ব্রাই, ইপি*, নক্স*, ভিরে।
,, স্নায়বীয়—একো, আর্নি, আর্সি, বেলে, ব্রাই*, ক্যাল্কে*, ক্যাম*, চায়*, ইপি, নক্স*, ফস্ফ*, পল্স*, রস*, সল্ফ, ভিরে*।
,, একাঙ্গিক বেদনা সহ—একো*, ব্রাই*।
,, সাময়িক—বেলে*, ক্যাল্কে, নক্স, সল্ফ।
,, বাতজনিত—একো*, ক্যাম, চায়*, মার্ক*, নক্স, পল্স* সল্ফ*।
,, অর্দ্ধপার্শ্বিক—আর্সি*, বেলে, ব্রাই*, ক্যাল্কে*, ক্যাম, চায়*, মার্ক*, নক্স*, পল্স*, সল্ফ, ভিরে*।
,, অজীর্ণ রোগজনিত—ইপি*, নক্স*, ভিরে।
,, মদ্যপানজনিত—নক্স*।
,, বমন সহিত—ব্রাই, ইপি*, নক্স*, পল্স, ভিরে*।
,, সহ মস্তকে আন্দোলন বোধ—একো*, বেলে*, ক্যাল্কে, চায়*, নক্স*, রস, সল্ফ*।

শিরঃশূল—একো*, আর্নি, আর্সি*, বেলে*, ব্রাই, ক্যাল্কে, ক্যাম, চায়, হেপার*, মার্ক, নক্স*, ফস্ফ*, পল্স, রস, সল্ফ, ভিরে।

শিরঃশূল।

একো—ভয়ানক বেদনা ও অস্থিরতা। জ্বর, উত্তাপ।

আর্সি—জ্বালাযুক্ত ও কণ্টক বেধবৎ বেদনা। এত অধিক বেদনা যে তাহাতে রোগী নৈরাশ হয়। সপর্য্যায় বেদনা। অতিশয় অবসাদন।

শিরা বিস্তৃত—আর্ণি, বেলে*, ক্যাল্কে, চায়*, নক্স, ফস্ফ, পল্‌স সল্‌ফ্।

শিরা স্পন্দন—আর্সি, বেলে*, ক্যাল্কে, নক্স, পল্‌স।

শিরা প্রসারণ—আর্ণি*, আর্সি, পল্‌স*, সল্‌ফ।

শিরঃশূল (পূর্ব্বের পর)।

বেলে—চক্ষু নিম্নস্থ স্নায়ুতে বেদনা। মুখের অস্থিতে ও চিবুকে ছেদক ও গুলিবেধক বেদনা। প্রাদাহিক মুখমণ্ডল উষ্ণ ও লালবর্ণ। আক্রান্ত স্থান মর্দ্দনে বৃদ্ধি।

হেপার—যদি স্পর্শ করিলে গণ্ডদেশস্থ অস্থির উপরের বেদনা বৃদ্ধি পায় ও তাহা কর্ণ ও শঙ্খদেশ পর্য্যন্ত বিস্তৃত হয়।

নক্স—ছেদক বেদনা কর্ণ পর্য্যন্ত বিস্তৃত, তৎসঙ্গে গণ্ডদেশ স্ফীত। মুখমণ্ডল ও কপাল রক্তবর্ণ। বাতযুক্ত স্নায়বীয় মুখশূল। মদ্যপান ও মানসিক শ্রম কিম্বা মধ্যাহ্নে আহারের পর বৃদ্ধি।

ফস্ফ—মুখমণ্ডলের চর্ম্মে আকর্ষণ বোধ, তৎসঙ্গে ছেদক বেদনা, বিশেষতঃ বাম পার্শ্বে। বেদনা চিবুক হইতে নাসামূল কিম্বা কর্ণের ভিতর পর্য্যন্ত বিস্তৃত হয়। প্রাদাহিক বাতযুক্ত মুখশূল।

(মুখশূল, স্নায়ুশূল ও সাধারণ বেদনা দেখ)।

শিরা প্রসারণ।

আর্ণি—সর্ব্বদা পল্‌স সহ পর্য্যায় ক্রমে ব্যবহার্য্য।

আর্সি—জ্বালাযুক্ত বেদনা।

পল্‌স—অতিশয় বেদনা, স্ফীততা ও প্রদাহ। গাঢ় নীলবর্ণ।

সল্‌ফ—যদি অন্যান্য ঔষধে আংশিক উপশম হইয়া থাকে।

শিশুদের পেটে অম্ল হইলে—বেলে, ক্যাম*, সল্‌ফ।

শিশুদের হাঁপানি—একো, বেলে, ক্যাম*, ইপি°, পল্‌স*।

শিশুদের সর্দ্দি—ক্যাম, নক্স*, সল্‌ফ।

শিশুদের পেটে অম্ল হইলে।

বেলে—ভয়ানক শ্লৈষ্মিক দ্রব্য উদ্গার। আক্ষেপিক হিক্কা।

ক্যাম—তিক্ত বমন তিক্তউদ্গার। অস্থিরতা ও এপাশ ওপাশ করা।

সল্‌ফ—অনবরত শূন্য উদ্গার।

শিশুদের হাঁপানি।

একো—যখন হঠাৎ রাত্রিতে দম আট্‌কান কাসির সঙ্গে হাঁপানি হয় ও জ্বর থাকে।

ক্যাম—উদর স্ফীতি। অস্থিরতা।

বেলে—স্বরযন্ত্রে অতিশয় বেদনা, তৎসহ গলদেশ স্পর্শে ও সঞ্চালনে অথবা কাসিতে ও শ্বাস গ্রহণে শ্বাসরোধাশঙ্কা।

ইপি—বক্ষেঃ অসুখ বোধ ও তাহাতে শ্লেষ্মা সঞ্চয়। নিশ্বাস বন্ধের আশঙ্কা। মুখমণ্ডল নীলবর্ণ। শ্লেষ্মাজনিত ঝম ঝম শব্দ।

পল্‌স—রাত্রিতে কিম্বা শয়ন করিলে বৃদ্ধি, তৎসঙ্গে বমন করণেচ্ছা এবং শ্লেষ্মা তুলিতে কষ্ট।

শিশুদের সর্দ্দি।

ক্যাম—নাসিকা হইতে জলপড়া।

নক্স—নাসারন্ধ্র বদ্ধ ও শুষ্ক।

সল্‌ফ—যদি ক্ষণিক উপশম হইয়া থাকে।

শিশুদের পেট বেদনা—বেলে, ক্যাম*, ইপি।

„ কোষ্ঠবদ্ধ—ব্রাই*, নক্স*।

„ খেঁচুনী—বেলে*, ক্যাম*।

শিশুদের ক্রন্দন—বেলে*, ক্যাম*।

শিশুদের পেট বেদনা।

বেলে—যদি মুখমণ্ডল ফেকাশে হয়।

ক্যাম—যদি পা গুটান থাকে ও মুখমণ্ডল লালবর্ণ হয়।

ইপি—যদি গেঁজলাবৎ মল ও তৎসঙ্গে অতিশয় ক্রন্দন

শিশুদের কোষ্ঠবদ্ধ।

ব্রাই—শক্ত দৃঢ় মল। স্থূলাকৃতি মল ও তাহা বাহির হইতে কষ্ট।

নক্স—যদি অন্ত্রের ক্রিয়া শিথিলতা জনিত হয়। অসুখদায়ক নিষ্ফল মল ত্যাগ করিবার যত্ন।

শিশুদের খেঁচুনী।

বেলে—অচৈতন্যাবস্থা। কনীনিকা প্রসারিত।

ক্যাম—মস্তকের অনৈচ্ছিক সঞ্চালন। এক গণ্ডদেশ আরক্ত।

শিশুদের ক্রন্দন।

বেলে—যদি শিশু কোন অজ্ঞাত কারণ বশতঃ কাঁদে।

ক্যাম—যদি মস্তক বেদনা ও কাণ কামড়ানি থাকে।

শিশুদের পেটের পীড়া—ক্যাল্কে, ক্যাম*, ইপি, মার্ক, সল্ফ।
শিশুদের ছাল হাজিয়া গেলে—ক্যাল্কে, ক্যাম*, চায়, মার্ক, সল্ফ*।
শিশুদের মন্দাগ্নি—ইপি*, নক্স, পল্স*।
শিশুদের কামল ব্যাধি—ক্যাম, চায়, মার্ক*।

শিশুদের পেটের পীড়া।

ক্যাল্কে—কষ্টসাধ্য অবস্থায়। গণ্ডমালা রোগগ্রস্ত কি দুর্ব্বল শিশুদের।
ক্যাম—পেট বেদনা; মুখমণ্ডল লালবর্ণ। মল হরিৎবর্ণ।
ইপি—গ্রীষ্মকালে হইলে কিম্বা তৎসঙ্গে বমন থাকিলে।
মার্ক—মলত্যাগের সময় ও পূর্ব্বে পেট কামড়ান। প্রতিবার মল-ত্যাগের পর কোঁতানি।
সল্ফ—যে সকল রোগ সহজে দমন করা না যায়।

শিশুদের ছাল হাজিয়া গেলে।

ক্যাম—সহজে ছাল হাজে ও স্পর্শে চৈতন্যাধিক্য।
মার্ক—ভয়ানক চুলকানি। রাত্রিতে কিম্বা শয্যার উত্তাপে বৃদ্ধি।
সল্ফ—দুর্দ্দম্য রোগে ও তৎসঙ্গে উদ্ভেদ থাকিলে।

শিশুদিগের মন্দাগ্নি।

ইপি—পেটের পীড়ার সহিত বমন।
নক্স—বমনের সহিত কোষ্ঠবদ্ধ।
পল্স—যদি পিষ্টক কিম্বা গুরুপাক দ্রব্য ভক্ষণ দ্বারা রোগ হয়।

শিশুদের কামল।

ক্যাম—শীত কিম্বা ক্রোধাবেশ দ্বারা হইলে।

শিশুদের চক্ষুউঠা—একো*, ক্যাম, সল্ফ।

শিশুদের আরক্ত ও স্ফীত মাড়ী—একো*, ক্যাম, ব্রাই*, সল্ফ।

শিশুদের দুধতোলা—ক্যাম।

শিশুদের অস্থিরতা—একো*; বেলে*, ক্যাম*, কফি*।

শিশুদের কামল (পূর্ব্বের পর)।

চায়—পারদ অপব্যবহার জনিত কিম্বা পালা করিয়া হইলে।

মার্ক—প্রায় সচরাচর ব্যবহার হয়।

শিশুদের চক্ষু উঠা।

একো—সর্দ্দি কিম্বা প্রখর আলোক সংসর্গে হইলে। চক্ষু অতিশয় লাল ও প্রদাহিত।

ক্যাম—চক্ষু পাতা লাল, স্ফীত ও বন্ধ।

সল্ফ—সকল প্রকার দুর্দ্দম্য চক্ষু-প্রদাহ।

শিশুদের আরক্ত মাড়ী।

একো—জ্বর। অস্থিরতা।

ক্যাম—অধিকতর উত্তেজনা ও খিটখিটে ভাব।

ব্রাই—কোষ্ঠবদ্ধ ও উদর বিস্তৃতি। জড়তা। শ্বেতবর্ণ ক্ষুদ্র ক্ষুদ্র উদ্ভেদ।

সল্ফ—সকল প্রকার অবস্থায় ব্যবহার্য্য।

শিশুদের অস্থিরতা।

একো—যদি জ্বর দ্বারা হয়।

শিশুদের অনিদ্রা—বেলে*, কফি*।

,, সন্ধি দৌর্ব্বল্য—ক্যাল্কে*, সল্‌ফ।

শীত ও শীতলতা জনিত অসুস্থতা—একো*, আর্সি, বেলে, ব্রাই*, ক্যাম*, মার্ক*, নক্‌স*, ফস্ফ*, পল্‌স, রস*, সল্‌ফ, ভিরে।

শিশুদের অস্থিরতা (পূর্ব্বের পর)।

বেলে—তন্দ্রা, তৎসঙ্গে নিদ্রা যাইতে অপারগতা।

ক্যাম—যদি পেট বেদনা দ্বারা হয় ও ক্রন্দন করে।

কফি—উত্তেজনা বশতঃ হইলে।

শিশুদের অনিদ্রা।

বেলে—যদি শিশুর নিদ্রার উপক্রম হইলেও নিদ্রা যাইতে না পারিয়া কাঁদিয়া ও চম্‌কাইয়া উঠে।

কফি—অনেক রোগীর পক্ষে উপযোগী। উত্তেজনা।

শীত ও শীতলতা জনিত অসুস্থতা।

একো—মুখমণ্ডলে ও দন্তে বেদনা এবং অন্যান্য প্রকার স্নায়ুশূল, তৎসহ জ্বর থাকে।

শীত ও শীতলতা জনিত অসুস্থতা (পূর্ব্বের পর)।

আর্সি—পাকাশয়িক ও শ্বাসকাসিক অসুখ, যাহাতে পাকাশয়ে বেদনা থাকে।

বেলে—মাথাধরা, দৃষ্টির অস্বচ্ছতা। কণ্ঠরোগ। ঔদরিক লক্ষণাদি। জ্বরের উত্তাপ।

শীতাদ রোগ—আর্সি, কার্ব্ব*, মার্ক*, নক্স*, সল্ফ।

শীত ও শীতলতা জনিত (পূর্ব্বের পর)।

ব্রাই—বিবমিষা সহ আক্ষেপিক কাসি। অঙ্গ প্রত্যঙ্গাদিতে বেদনা। উদরাময়।

ক্যাম—মস্তক ও দন্তে বেদনা, কর্ণ বেদনা এবং অন্যান্য প্রকার স্নায়ুশূল।

মার্ক—অঙ্গ প্রত্যঙ্গাদিতে বেদনা। কণ্ঠবেদনা, চক্ষু ও দন্ত বেদনা, কর্ণশূল। ক্লেশকর আমাশয় পীড়া।

নক্স—মস্তকে শুষ্কসর্দ্দি, শুষ্ক কাসি। কোষ্ঠবদ্ধ। রক্তামাশয়।

পল্স—আর্দ্র সর্দ্দি। আর্দ্র কাসি। কর্ণশূল। জ্বর, পেটের পীড়া

রস—দন্তশূল। অঙ্গাদিতে বেদনা।

সল্ফ—অঙ্গ প্রত্যঙ্গে অত্যন্ত বেদনা। শূল, আঠাবৎ আমাশয় রোগ। মস্তকে শৈত্যাধিক্য। চক্ষু বেদনা।

শীতাদ।

আর্সি—মাড়ী ক্ষত, জ্বালাযুক্ত; বেদনা, অতিশয় অবসাদন।

কার্ব্ব—পারদজনিত রোগে। মাড়ী বেদনা ও ক্ষতযুক্ত। মাড়ী হইতে অধিক রক্তস্রাব।

মার্ক—শিথিল দন্ত সহজে পড়িয়া যায়। মাড়িতে উচ্চ ক্ষত। সহজে রক্তস্রাব হয়। মাড়ী নীলবর্ণ ও ক্ষতযুক্ত।

নক্স—দুর্গন্ধ ক্ষত, দুর্গন্ধ, শঠিতবৎ আস্বাদ।

শূল বেদনা (সাধারণতঃ)—একো, আসি´, বেলে*, কার্ব্ব, ক্যাম*, চায়, মার্ক, নক্স° পল্‌স*, ভিরে।

শীতাদ (পূর্ব্বের পর)।

সল্ফ—মুখগহ্বরে ক্ষত। মুখে মন্দ ও অম্ল গন্ধ। দব্‌দবে বেদনার সঙ্গে মাড়ী শিথিল বোধ; স্ফীত ও রক্তস্রাব হইলে। "রক্তস্রাব, মাড়ী হইতে" দেখ।

শূলবেদনা।

একো—ভয়ানক আক্ষেপিক বেদনা। উদরের স্পর্শশক্তির আধিক্য।

আসি´—অত্যন্ত বেদনা ও উদরে অসুখ। অসহ্য জ্বালা। অতিশয় বলহীনতা। মোচড়ান বেদনা, বিশেষতঃ রাত্রিতে কিম্বা পান ভোজনের পর।

বেলে—যেন অস্ত্র প্রেক দ্বারা বিদ্ধ হইয়াছে। উদরের আক্ষেপিক আকুঞ্চন।

কার্ব্ব—উদর-স্ফীততা। অবরুদ্ধ উদরাধ্মান বা পেট ফাঁপা। কোষ্ঠবদ্ধ। অল্প আহারের পর বৃদ্ধি।

ক্যাম—ছেদক ও আকর্ষক বেদনা। অতিশয় অস্থিরতা। তিক্ত বমন কিম্বা পৈত্তিক পেটের পীড়া। অবরুদ্ধ উদরাধ্মান, তদ্দ্বারা পাকাশয়ের উপরিভাগে পূর্ণতা ও আকৃষ্টতা বোধ, বিশেষতঃ রাত্রিতে বা আহারান্তে।

চায়—অত্যন্ত উদর বিস্তৃতি ও তৎসহ পূর্ণতা এবং কঠিন দ্রব্য জাতবৎ চাপবোধ। অবরুদ্ধ উদরাধ্মান।

শূলবেদনা, শীত ও শীতলতা জনিত—ক্যাম*, মার্ক, নক্স।

শূলবেদনা উদরাধ্মান সহ—বেলে, কার্ব্ব*, ক্যাম*, চায়*, নক্স*, পল্স*, ভিরে*।

শূল বেদনা, উদরিক বিশৃঙ্খলতা সহ—বেলে, নক্স*, পল্স*।

,, গুল্মবায়ু রোগযুক্ত—বেলে, নক্স*।

,, প্রাদাহিক—একো*, বেলে, ব্রাই, মার্ক*, নক্স*।

শূল বেদনা, ঋতু সম্ভূত—ক্যাম*, নক্স, পল্স*।

,, আক্ষেপিক—বেলে*, ক্যাম, ইপি, নক্স*।

,, ক্রিমিজনিত—সি*, মার্ক।

শৈত্যবোধ, বাহ্যিক—আর্ণি, আর্সি, ক্যাল্কে, মার্ক*, নক্স, ফস্ফ,* পল্স, রস*, ভিরে*।

শূলবেদনা (পূর্ব্বের পর)।

মার্ক—নাভির চতুর্দ্দিকে গুলিবেধবৎ ও তীব্র সংকোচক বেদনা, বিশেষতঃ তৎসহ বিবমিষা। আঠাবৎ তরল মল নিঃসরণ।

নক্স—দুর্নিবার কোষ্ঠবদ্ধ। পাষাণ চাপবৎ উপলব্ধি। যন্ত্রাদি কসাবোধ। আকুঞ্চক ও চাপক বেদনা, পেট ডাকা। মূত্রাশয় ও মলাশয়ে ভার।

পল্স—অসুখজনক আকৃষ্টতা ও বিস্তৃতি। শয়নে ও উপবেশনে বেদনার আধিক্য। পেট ডাকা।

ভিরে—উদরে ছুরিকাঘাতবৎ বোধ। উদর স্পর্শে বেদনা। সমগ্র উদর প্রদেশে জ্বালা।

শৈত্যবোধ, আভ্যন্তরিক—আর্সি°, বেলে, ব্রাই, ক্যাল্কে, কার্ব্ব*,
চায়, নক্স*, ফস্ফ, পল্স, সল্ফ, ভিরে* ।

শৈত্যবোধ, কম্পের সহিত—একো, আর্সি, ব্রাই*, ক্যাম, চায়*,
ইপি, নক্স, রস, ভিরে ।

,, তৃষ্ণাযুক্ত—একো*, আর্ণি, আর্সি, ব্রাই*, ক্যাল্কে, ক্যাম*,
সিনা*, নক্স*, রস, ভিরে ।

,, তৃষ্ণাবিহীন—আর্সি*, বেলে, চায়, নক্স, পল্স*, রস, সল্ফ ।

শোকজনিত অসুস্থতা—পল্স ।

শোথ—আর্সি*, বেলে, ব্রাই, চায়*, মার্ক, রস, সল্ফ* ।

শ্বাসকাশ (হাঁপানি) সাধারণতঃ—একো, আর্সি*, ব্রাই, ক্যাম,
চায়, ইপি*, নক্স*, ফস্ফ,
পল্স, সল্ফ* ।

শোথ ।

আর্ণি—মুখমণ্ডল নীল, পাণ্ডু বা হরিৎবর্ণ । সাতিশয় দুর্ব্বলতা ও
অবসন্নতা । আভ্যন্তরিক উত্তাপ বোধ ।

ব্রাই—যদি শোথ দিবসে বৃদ্ধি ও রাত্রিতে হ্রাস হয় ।

চায়—অত্যন্ত দুর্ব্বলতা, দৌর্ব্বল্যকর শারীর বিধান অপচয় । অল্প
শ্রমে স্বেদস্রাবের প্রবণতা ।

মার্ক—সার্ব্বাঙ্গিক শোথ ও ঘর্ম্ম । যকৃৎ রোগ, কামল ।

সল্ফ—তরুণ উদ্ভেদাবশেষ পীড়া ।

শ্বাসকাশ ।

একো—রাত্রিতে নিশ্বাস বন্ধ হওয়ার ন্যায় কাসি । ভয় ও উৎকণ্ঠা.

শ্বাস কাস (পূর্ব্বের পর)

যুক্ত প্রশ্বাস। মস্তকে অধিক রক্তসঞ্চালন জনিত চাপ ও তৎসহ শিরোঘূর্ণন। যুবা ও রক্তপ্রধান লোকদিগের এবং যাহারা নিষ্কর্ম্মা থাকে, তাহাদের পক্ষে উপযোগী। এবং সাধারণতঃ রোগাক্রমণের কারণ মানসিক ভাব-বিকৃতি।

আর্সি—কষ্টকর শ্বাস প্রশ্বাস। নিশ্বাসের হ্রস্বতা। দ্রুত ভ্রমণের সময়, কোন উচ্চস্থানে উত্থান ও সঞ্চালনে কষ্ট ও নিশ্বাসের অভাব বোধ। শ্বাসরোধক আক্রমণ, রোগী যেন মরিতে যাইবার ন্যায় যন্ত্রণা অনুভব করে। শীতল ঘর্ম্ম। রোগাবেশের পর সাতিশয় দৌর্ব্বল্য।

বেলে—কষ্টকর দীর্ঘ শ্বাস, কখন গভীর, কখন হ্রস্ব এবং দ্রুত নিশ্বাস প্রশ্বাস। স্বরযন্ত্রের আকুঞ্চন ও শ্বাসনলী স্পর্শে নিশ্বাস বন্ধের মত হয়। বুক দুড় দুড় করে।

ব্রাই—পর্শুকা নিম্নে বেদনা ও সতত কাসি। সর্ব্বদা বুকের ভিতর সূচীবেধবৎ বেদনা।

ক্যাম—আমাশয়ের উপরিভাগের স্ফীততা। অস্থিরতা। বিশেষতঃ শিশুদের পীড়া।

চায়—শ্বাস গ্রহণকালীন বক্ষে শব্দ। আক্ষেপিক কাসি। রাত্রিতে নিশ্বাস রোধাবেশ। রক্ত চাপনবৎ বক্ষে ভার বোধ। সাতিশয় হৃৎস্পন্দন।

ইপি—রাত্রিতে শ্বাসরোধাবেশ। স্বরযন্ত্রের আক্ষেপিক আকুঞ্চন।

শ্বাসকাস বালকদিগের—একো, বেলে, ক্যাম°, ইপি*, পল্‌স*।
শ্বাসকাস, শীত ও শীতলতা জনিত—একো, আর্সি°, বেলে, ব্রাই°, ক্যাম, ইপি*, নক্স, সল্‌ফ।

শ্বাস কাস (পূর্ব্বের পর)।

বক্ষঃভ্যন্তরে শ্লেষ্মা সঞ্চয় জনিত ঘড় ঘড় শব্দ। মুখমণ্ডল পর্য্যায়ক্রমে আরক্ত, উষ্ণ অথবা পাণ্ডুবর্ণ ও শীতল এবং বসা। উদ্বিগ্ন, দ্রুত ও দীর্ঘ শ্বাস।

ল্যাকি—আহারান্তে নিশ্বাসের হ্রস্বতা। আহারান্তে রোগ বৃদ্ধি। শয়নে শ্বাস-রোধাবেশ। মৃদু ও সশব্দ শ্বাস প্রশ্বাস।

নক্স—ক্লেশদায়ক অসুখ বোধ। বক্ষঃস্থলের অধঃ অংশে আকুঞ্চন বোধ। বক্ষঃ ও পশুর্কা নিম্ন প্রদেশে কাপড় কশা বোধ হয়। বক্ষঃ অভিমুখে রক্তসঞ্চয় জনিত চাপ বোধ। অল্প অল্প কাসি। আহারের পর বৃদ্ধি।

ফশ্ফ—বুকের ভিতর অতিশয় উদ্বেগ। বক্ষেঃ আক্ষেপিক আকুঞ্চন ও তাহাতে পূর্ণতা, ভার, ও আকর্ষণ বোধ। হৃৎস্পন্দন।

পল্‌স—দ্রুত ও অল্পক্ষণ স্থায়ী শ্বাসপ্রশ্বাস। গন্ধকের ধূম দ্বারা নিশ্বাস বন্ধ হওয়ার ন্যায় বোধ। অধিক শ্লেষ্মা নিঃসরণ। বক্ষেঃ আকর্ষণ ও ভারবোধ। হৃৎস্পন্দন। মৃত্যুবৎ যন্ত্রণা। বক্ষেঃর আক্ষেপিক সংকোচন।

সল্‌ফ—প্রধানতঃ পুরাতন রোগে ব্যবহেয়। বুকজ্বালা। বক্ষেঃ পূর্ণতা ও কষ্টানুভব। বক্ষেঃ আক্ষেপ।

(শ্বাস উদ্বিগ্ন ও বাধা প্রাপ্ত দেখ)।

শ্বাসকাস, বক্ষে রক্তাধিক্য জনিত—একো*, বেলে*, মার্ক, নক্স, ফস্ফ*, সল্ফ।

" কোষ্ঠাশ্রিত বায়ু জনিত—ক্যাম*, চায়, নক্স*, সল্ফ।

শ্বাসকাস গুল্মবায়ু রোগ সংযুক্ত—একো, বেলে*, ক্যাম, ইপি, নক্স*, পল্স।

" মানসিক ভাব জাত—একো, ক্যাম°, নক্স*, পল্স*।

" স্নায়বীয়—আর্সি, ক্যাম, নক্স, পল্স।

" বৃদ্ধদিগের—ল্যাকি*।

" আক্ষেপ জনিত—বেলে*, নক্স*।

" উদ্ভেদের অদৃশ্যতা প্রযুক্ত অর্থাৎ বসিয়া গেলে—আর্সি, ব্রাই,* ইপি*, ফস্ফ সল্ফ।

" মিলারাখ্য—একো, আর্সি, ইপি।

মিলারাখ্য শ্বাসকাস।

একো—যখন হঠাৎ রাত্রিতে নিশ্বাসের কষ্ট ও কাসির সহিত হাঁপানি হয়। জ্বরের সহিত অল্পক্ষণ স্থায়ী ও উৎকণ্ঠাযুক্ত শ্বাস প্রশ্বাস।

আর্সি—অত্যন্ত অসুখ বোধ। শারীরিক দুর্ব্বলতা।

ইপি—শ্লেষ্মা জমিয়া বক্ষেঃ অসুখ বোধ। বায়ুনলীতে ঘড় ঘড় শব্দ। নীলবর্ণ মুখাকৃতি। নিশ্বাস বন্ধের উপক্রম।

শ্বাস দুর্গন্ধ—আর্ণি, আর্সি*, ব্রাই, কার্ব্ব°, ক্যাম, চায়, মার্ক*, নক্স*, পল্‌স্।

,, উদ্বিগ্ন—একো*, আর্ণি, আর্সি*, বেলে, ব্রাই, ক্যাম, ইপি°, ফস্ফ°, পল্‌স।

শ্বাস গভীর—ব্রাই*, ইপি*।

,, বিশৃঙ্খল বা অনিয়মিত—বেলে, ক্যাম।

,, উচ্চ—আর্ণি, ক্যাম, চায়, ফস্ফ, স্পঞ্জ।

,, বাধা প্রাপ্ত—একো, আর্সি, ব্রাই, ক্যাম, ইপি, ফস্ফ*, সল্‌ফ, ভিরে।

,, কষ্টকর—একো, আর্ণি*, আর্সি*, বেলে*, ব্রাই*, ক্যাঙ্কে, ক্যাম, চায়, ইপি*, ল্যাকি*, মার্ক, নক্স*, ফস্ফ*, পল্‌স*, রস, সল্‌ফ*, ভিরে*।

,, ধোঁকা (হাঁপান)—একো, আর্ণি, ইপি, ফস্ফ।

,, দ্রুত (হ্রস্ব)—একো°, আর্ণি, আর্সি, বেলে*, ব্রাই, কার্ব্ব*, চায়, ইপি*, নক্স, ফস্ফ*, পল্‌স, রস, সল্‌ফ।

,, সশব্দ—একো, বেলে*, ব্রাই, ক্যাঙ্কে, ক্যাম, চায়, হেপার*, ইপি*, ফস্ফ, পল্‌স, সল্‌ফ।

শ্বাস দীর্ঘ—বেলে, ব্রাই*, ইপি*, পল্‌স।

,, মৃদু—বেলে*, ব্রাই, চায়, ইপি, নক্স।

,, দম আটকানবৎ—একো, আর্সি*, ক্যাম, চায়, হেপার*, ইপি*, নক্স, ফস্ফ, পল্‌স, সল্‌ফ, ভিরে।

,, অভাব—আর্সি°, মার্ক*, পল্‌স।

,, ফোঁস ফোঁস শব্দযুক্ত—আর্সি, বেলে, নক্স।

শ্বেতপ্রদর (সাধারণতঃ)—আর্সি, ক্যাল্কে*, চায়, মার্ক, ফস্ফ, পল্‌স*, সলফ।

সংন্যাস (সাধারণতঃ)—একো*, আর্ণি*, বেলে*, ইপি, ল্যাকি*, নক্স*, পল্‌স।

শ্বেত প্রদর।

আর্সি—উগ্র ক্ষতকর, ঘন কিম্বা পীতবর্ণ শ্বেত প্রদর।

ক্যাল্কে—জ্বালা ও কণ্ডূয়নযুক্ত শ্বেতপ্রদর। দুগ্ধবৎ। ঋতুর পূর্ব্বে নিঃস্রাব। থাকিয়া থাকিয়া স্রাব।

চায়—সরক্ত। কুচকী ও গুহ্যদ্বারে বেদনাবিশিষ্ট চাপ।

মার্ক—মৃদু বা উগ্র শ্বেতবর্ণ পূঁযবৎ কিম্বা ক্ষতকর স্রাব। শ্লেষ্মা বা পূঁযবৎ দলা দলা নিঃস্রব।

ফস্ফ—শ্লেষ্মাস্রাবযুক্ত প্রদর।

পল্‌স—ঘন, ক্ষতকর ও জ্বালাযুক্ত অথবা তৎসঙ্গে কর্ত্তনবৎ বেদনা। কম্পন এবং পৃষ্ঠ বেদনা। ঋতুকালে হইলে।

সল্‌ফ—দাহক কিম্বা পীতবর্ণ স্রাব। তৎপূর্ব্বে নাভির চতুর্দ্দিকে খাম্‌চান বোধ ও কর্ত্তনবৎ বেদনা।

সংন্যাস।

একো—মুখমণ্ডলের পূর্ণতা ও আরক্ততা। সম্মুখ কপালস্থ শিরা স্ফীততা।

আর্ণি—বামপার্শ্বীয় অঙ্গের পক্ষাঘাত। বিড় বিড় করা। অনৈচ্ছিক মলত্যাগ। যদি রোগ আঘাতজনিত হয়।

বেলে—মূর্চ্ছাবস্থা। জ্ঞানাভাব। মুখ একদিকে আকুঞ্চিত।

সংন্যাস স্নায়বীয়—বেলে, ব্রাই, চায়°, ফস্ফ।

,, রক্তাধিক্য জনিত—একো°, বেলে*, ল্যাকি*, নক্স।

,, রক্তরসস্রাব জনিত—আর্ণি*, মার্ক*।

সঞ্চালনে অসুস্থতা বৃদ্ধি—সাধারণতঃ একো°, আর্ণি, বেলে*, ক্যাম, চায়, ব্রাই*, ইপি, মার্ক, নক্স*, ফস্ফ।

,, উপশম, সাধারণতঃ—আর্সি, চায়, ল্যাকি°, পল্‌স, রস*।

সন্ধি দৌর্ব্বল্য—একো, আর্ণি*, ব্রাই, ক্যাল্কে*, চায়°, মার্ক*, নক্স, ফস্ফ, রস*, সল্‌ফ*।

সন্ধি বিশ্লেষ—আর্ণি*, ফস্ফ, রস°।

সন্ধিতে থেৎলান বেদনা—আর্ণি*, চায়*, নক্স*, পল্‌স।

সন্ধিতে খালধরা মত বেদনা—বেলে, ব্রাই, ক্যাল্কে*, মার্ক, সল্‌ফ।

আকর্ষক বেদনা—একো, ক্যাল্কে, চায়, মার্ক°, ফস্ফ, রস*, সল্‌ফ*।

সংন্যাস (পূর্ব্বের পর)।

গলাধঃকরণে কষ্ট বা অপারগতা। কনীনিকা প্রসারিত। মুখমণ্ডল ঈষৎ স্ফীত ও লালবর্ণ।

ইপি—পাকাশয়ে অতিরিক্ত খাদ্যপূর্ণতা জনিত হইলে।

ল্যাকি—মুখমণ্ডল নীলবর্ণ। অঙ্গ কম্পন, বিশেষতঃ বাম দিকের। মদ্যাদি পানবশতঃ রোগ হইলে।

নক্স—অধঃশাখার পক্ষাঘাত। মস্তক ঘূর্ণন ও বেদনা। কর্ণে শব্দ। রোগ যদি আমাশয়ের পূর্ণতা ও মদ্যাদি পান জনিত হয়।

পল্‌স—অতিশয় হৃৎস্পন্দন। প্রায় সম্পূর্ণরূপে নাড়ীর বিলোপ।

সন্ধিতে বেদনা, বাতবৎ—আর্ণি, বেলে, ব্রাই*, ক্যাম, মার্ক*, ফস্ফ, পল্‌স, রস*,।

" " কণ্টকবেধবৎ—আর্ণি, বেলে, ক্যাল্কে*, মার্ক*, ফস্ফ, রস*, সল্‌ফ।

" " গুলিবেধবৎ—বেলে, মার্ক*, পল্‌স, রস*, সল্‌ফ°।

" " মোচড়ানবৎ—আর্ণি*, ব্রাই, ক্যাল্কে, মার্ক, ফস্ফ*, পল্‌স*, রস*, সল্‌ফ*।

" " ছেদক—একো*, ব্রাই, ক্যাল্কে*, চায়, মার্ক*, ফস্ফ, রস*, সল্‌ফ°।

সন্ধির অচলতা—বেলে, ব্রাই*, চায়, নক্স*, রস*, সল্‌ফ।

সমুৎসর্গ (মল) কঠিন—ব্রাই*, মার্ক, নক্স°, সল্‌ফ।

" গ্রন্থিল—মার্ক*, নক্স, সলফ*।

(উদরাময় ও অতিসার দেখ)।

সর্দ্দি, উগ্রশ্লেষ্মা নিঃসরণ সহ—আর্সি*, ক্যাম, মার্ক*, নক্স, পল্‌স।

" রক্ত নিঃসরণ সহ—চায়, ফস্ফ, সল্‌ফ।

সর্দ্দি, জ্বালাযুক্ত শ্লেষ্মা নিঃসরণ—আর্সি*।

" শ্লেষ্মা নিঃসরণ সহ—আর্সি*, বেলে, ব্রাই, ক্যাল্কে, চায়, মার্ক*, নক্স, ফস্ফ*, পল্‌স, সল্‌ফ।

" দুর্গন্ধি—আর্সি, বেলে, ক্যাল্কে*, মার্ক, পল্‌স*, সল্‌ফ।

" সপূঁয শ্লেষ্মাসহ—বেলে, ক্যাল্কে*, চায়, মার্ক*, ফস্ফ*, পল্‌স*, রস, সল্‌ফ।

" চট্‌চটে শ্লেষ্মা নিঃসরণ সহ—আর্সি, ফস্ফ।

সর্দ্দি মস্তকে, জলবৎ নিঃসরণসহ—আর্সি*, ক্যাম*, মার্ক*, নক্স,
সল্ফ।

,, শুষ্ক—ব্রাই, ক্যাল্কে, ক্যাম, নক্স*, ফস্ফ*, সল্ফ।

,, শুষ্ক ও আর্দ্র (পর্য্যায়িক)—নক্স*।

,, আর্দ্র—আর্সি*, ক্যাল্কে, ক্যাম, মার্ক*, পল্স*, রস।

সর্দ্দি মস্তকে (পুরাতন)—আর্সি, ফস্ফ, পল্স, সল্ফ।

,, দেশব্যাপক—(দেশব্যাপক সর্দ্দি দেখ)।

মস্তকে-সর্দ্দি।

সল্ফ—নাসিকা শুষ্ক ও বদ্ধ অথবা অধিক পীতবর্ণ ও সপূঁয শ্লেষ্মা নিঃসরণ। পুরাতন রোগে অথবা সার্ব্বাঙ্গিক বোধাতিশয্য থাকিলে।

আর্সি—জলবৎ শ্লেষ্মা নির্গমন সহ নাসিকারন্ধ্র রুদ্ধ এবং নিকটবর্ত্তী স্থান গুলির ছাল হাজিয়া যাওয়া। উষ্ণতা প্রয়োগে আরাম বোধ।

বেলে—যখন ঘ্রাণশক্তির অত্যন্ত প্রবলতা বা হ্রস্বতা হয়।

ক্যাম—শিশুদের পক্ষে উপযোগী। জলবৎ শ্লেষ্মা নিঃসরণ। কম্পের সহিত তৃষ্ণা।

মার্ক—সাধারণ সর্দ্দি। জলবৎ শ্লেষ্মা নির্গমনাধিক্য। নাসিকায় বেদনা। দুর্গন্ধ শ্লেষ্মা।

নক্স—নাসিকা বদ্ধ ও শ্লেষ্মা অবরোধ। মস্তক ভারি।

পল্স—পীত হরিৎবর্ণ গাঢ় দুর্গন্ধ শ্লেষ্মা নিঃসরণ। মস্তকে ভার বিশেষতঃ সন্ধ্যাকালে ও উষ্ণ গৃহে। নাসিকারন্ধ্র অবরুদ্ধ।

সর্দ্দি বক্ষঃস্থলীয়—আর্সি, ক্যাম*, ইপি*, মার্ক*, নক্স* ফস্ফ, পল্স*, রস, সল্ফ*।

,, শিশুদের—একো, বেলে, ক্যাম*, ইপি*, নক্স।

,, পুরাতন—আর্সি, ক্যাল্কে, কার্ব্ব*, ফস্ফ*, সল্ফ*।

,, জ্বরযুক্ত—একো*, আর্সি*, ব্রাই, ক্যাম*, মার্ক*, নক্স*, ফস্ফ*।

সর্দ্দি শ্বাসরোধক—আর্সি*, চায়, ইপি*, পল্স।

,, রুদ্ধ—আর্সি, ব্রাই*, ইপি, নক্স সল্ফ*।

সর্দ্দি প্রবণতা প্রতিষেধক—একো, ক্যাল্কে, কার্ব্ব*, ক্যাম, মার্ক*, নক্স*, ফস্ফ, পল্স, রস, সল্ফ*।

,, মস্তকে (সাধারণতঃ)—আর্সি*, বেলে, ব্রাই, ক্যাম*, মার্ক*, নক্স*, পল্স*, সল্ফ।

সর্দ্দি, শ্লেষ্মা নিঃসরণ সহ সাধারণতঃ—আর্সি*, বেলে**, ব্রাই, ক্যাম*, পেপার*, ইপি*, ল্যাকি*, মার্ক*, নক্স* ফস্ফ, পল্স*, রস, সল্ফ*

,, শ্বাসকাসযুক্ত—আর্সি*, ব্রাই, ইপি*, নক্স, সল্ফ।

সবিরাম জ্বর—একো, আর্সি*, বেলে, ব্রাই, ক্যাল্কে, চায়*, ইপি, নক্স*, পল্স, রস*, সল্ফ।

সবিরাম জ্বর।

একো—ভয়ানক উত্তাপ ও শীত।

আর্সি—জ্বালাযুক্ত উত্তাপ। উত্তাপ ও শীত অল্প অল্প; অতিশয় দৌর্ব্বল্য। পাকাশয় ও অঙ্গাদিতে অতিশয় বেদনা।

বেলে—শরীরের কতক অংশে শীত ও কতক অংশে উত্তাপ। উষ্ণতাতিশয্যের পর শীত। প্রলাপাদি মাস্তিষ্ক লক্ষণ।

সবিরাম জ্বর (পূর্ব্বের পর)।

ব্রাই—যদি শীতের পর উষ্ণতার প্রাদুর্ভাব হয়। শিরোবেদনা ও শিরোঘূর্ণন। জিহ্বা লেপ বা মলাবৃত। অতিশয় তৃষ্ণা।

ইপি—যদি বাহ্যিক উত্তাপে শীত বৃদ্ধি হয়। বমন ও অন্যান্য পাকাশয়িক লক্ষণ।

চায়—শীত ও উত্তাপের পূর্ব্বে অথবা স্বেদাবস্থায় কিম্বা সম্পূর্ণ জ্বরাবেশ অবস্থায় তৃষ্ণা অথবা তৃষ্ণাভাব। মস্তকে রক্তসঞ্চয়ে প্রবণতা। শিরঃপীড়া এবং শীতাবস্থায় মুখমণ্ডল পাণ্ডুবর্ণ। চর্ম্ম পীতবর্ণ। যখন স্বেদ নিঃসরণ একটী প্রধান লক্ষণ হয়।

নক্স—প্রথমে অতিশয় দৌর্ব্বল্য, শক্তির হানি। চর্ম্ম শীতল ও নীলবর্ণ। মুখমণ্ডল ও মস্তকে উত্তাপ। গণ্ডদেশ লাল। তৃষ্ণা।

পল্‌স—বৈকালে কিম্বা সন্ধ্যাকালে বৃদ্ধি। আমাশয়িক কিম্বা পৈত্তিক লক্ষণাদি।

রস—শীতাবস্থায় অঙ্গাদিতে বেদনা। অঙ্গ সকলের আক্ষেপিক স্পন্দন।

সল্‌ফ—উদ্ভেদ বিলোপকালে বা কুইনাইন অপব্যবহার জনিত জ্বরে।

কার্ব্ব—শীতের সময়। প্রাচীন রোগে ইহা ব্যবহারে রোগের পুনরাবেশ নিবারিত হয়। অধিক কুইনাইন ব্যবহৃত হইলে ইহা উপযোগী।

সামুদ্রিক পীড়া—আর্সি, ইপি, নক্স, সল্ফ।

স্বপ্ন, আশঙ্কাকর—একো, আর্গি*, আর্সি, বেলে*, ব্রাই, ক্যাল্কে*, চায়*, মার্ক, নক্স*, ফস্ফ*, পল্স*, রস*, সল্ফ*, ভিরে।

স্বল্পবিরাম জ্বর—একো, বেলে, ইপি, আর্সি, কফি, রস, চায়।

সামুদ্রিক পীড়া।

আর্সি—অতিশয় দৌর্ব্বল্য, ভয়ানক উদ্গার।

ইপি—সর্ব্বদা বমন, কিন্তু তাহাতে শরীর অত্যন্ত দুর্ব্বল বোধ হয় না।

নক্স—শিরোঘূর্ণন, শিরঃপীড়া। অতিশয় বিবমিষা। জল যানে উঠিবার পূর্ব্বে সেব্য।

সল্ফ—ভুক্ত দ্রব্য বমন ও তৎসঙ্গে কম্প। অম্ল বমন।

স্বল্পবিরাম জ্বর।

একো—শরীর অত্যন্ত উষ্ণ, নাড়ী দ্রুত ও সবেগ। পিপাসা, শীত, শরীরে বেদনা প্রভৃতি থাকিলে।

বেলে,—মস্তক বেদনা ও প্রলাপাদি মাস্তিষ্ক লক্ষণ থাকিলে।

ইপি—বমন বিবমিষা প্রভৃতি পাকাশয়িক লক্ষণ বিদ্যমানে।

আর্সি—অত্যন্ত অবসন্নাবস্থায়।

কফি—অত্যন্ত অস্থিরতা থাকিলে।

রস—জ্ঞানহীনতা ও অচৈতন্যাবস্থায়।

চায়না—বিরাম কালে প্রযোজ্য। কুইনাইনও দেওয়া যাইতে পারে।

অন্যান্য চিকিৎসা পৈত্তিক জ্বর ও পিত্ত-শ্লৈষ্মিক জ্বরের মত। অতএব তৎস্থান দ্রষ্টব্য।

সুরাপানাসক্তদের পীড়া—আর্সি, বেলে, ক্যান্থে, চায়, ল্যাকি*, নক্স*, পল্‌স, রস, ভিরে।

সূতিকাজ্বর—একো*, বেলে*, ব্রাই*, ক্যাম, মার্ক, নক্স, পল্‌স, রস।

স্কন্ধে আকর্ষক বেদনা—ব্রাই, পল্‌স, সল্‌ফ।

,, ছেদক বেদনা—বেলে, ব্রাই, মার্ক*, ফস্ফ, পল্‌স, রস, সল্‌ফ*।

সুরাপানাসক্তদের পীড়া।

আর্সি—মানসিক ভাব বিকৃতি। অধিক কালব্যাপী মদ্যপানের ফল।

বেলে—গলাধঃকরণে কষ্ট। অতিশয় তৃষ্ণা।

ক্যান্থে—ভয়ানক প্রলাপ।

চায়—দুর্ব্বলতা। উদরী।

ল্যাকি—দুর্ব্বলতা। হস্ত কম্পন।

নক্স—মস্তক বেদনা। অনাবৃত বায়ুতে মন্দাবস্থা। কোষ্ঠবদ্ধ। অঙ্গ প্রত্যঙ্গাদির কম্পন।

পল্‌স—পাকাশয়ের বিশৃঙ্খলা। অনাবৃত বায়ুতে আরাম বোধ।

ভিরে—অত্যন্ত উদ্বেগ। উন্মত্ততা।

সূতিকা জ্বর।

একো—ভয়ানক জ্বর। মৃত্যুর আশঙ্কা।

বেলে—আক্ষেপিক কিম্বা ভয়ানক শূল অথবা অধঃদিকে বেদনাজনক চাপ। উদরস্পর্শে বেদনা। ভয়ানক প্রলাপ।

স্নায়বীয় দৌর্ব্বল্য—বেলে, ক্যাল্কে, চায়*, নক্স*, ফস্ফ*, পল্স*, রস, সল্ফ, ভিরে।

স্থতিকা জ্বর (পূর্ব্বের পর)।

ব্রাই—উদর বিস্তৃত, স্পর্শে অতিশয় ক্লেশ বোধ। কোষ্ঠবদ্ধ। দুরন্ত জ্বর।

ক্যাম—রক্তস্রাব অধিক না হইলে। রাত্রিতে বৃদ্ধি। অতিশয় অস্থিরতা। স্নায়বীয় উগ্রতা।

মার্ক—যে সকল রোগীর বেলেডোনাতে উপকার না হয়, বিশেষতঃ যখন মাস্তিষ্ক লক্ষণ সকল উদর লক্ষণ হইতে অল্প প্রকাশিত থাকে।

নক্স—যদি হঠাৎ রক্তস্রাব রোধ হওয়ায় ভারবোধ হয়। কোষ্ঠবদ্ধ। মস্তকে চাপ ও তৎসঙ্গে মাথা ঘোরা ও মূর্চ্ছা।

পল্স—আমাশয়িক লক্ষণ উপশমার্থ ব্যবহার্য্য।

রস—যদি প্রথম হইতে স্নায়ুমণ্ডল আক্রান্ত হয় ও অল্প প্রতিবন্ধকে লক্ষণ বৃদ্ধি পায়।

স্নায়বীয় দৌর্ব্বল্য।

চায়—অতিশয় দৌর্ব্বল্য ও তৎসঙ্গে কম্প। সমুদায় স্নায়ুমণ্ডলের চৈতন্যাধিক্য। যদি দৌর্ব্বল্যকর অপচয়জনিত হয়।

নক্স—শয়ন করিয়া থাকিতে ইচ্ছা। অনবরুদ্ধ বায়ুতে ভ্রমণ করিতে অনিচ্ছা। অধিক পাঠ, মদ্যপান ও আলস্য পরবশতা ইত্যাদি হইতে হইলে।

ফস্ফ—সমুদায় ইন্দ্রিয়ে চৈতন্যাধিক্য। চমকাইয়া উঠা। অপরিমিততা জনিত হইলে।

পল্স—স্ত্রীলোকের পক্ষে কিম্বা মৃদু ও শান্ত প্রকৃতি ব্যক্তিদের পক্ষে বিশেষ উপযোগী।

স্নায়বীয় উত্তেজনা—একো, বেলে*, ক্যাম*, চায়, কফি*, মার্ক, নক্স*, পল্স, সল্ফ।

স্নায়ুশূল—একো*, আর্ণি, আর্সি*, বেলে, ব্রাই, ক্যাম, চায়, মার্ক, নক্স*, ফস্ফ, পল্স*, রস, ভিরে।

স্নায়বীয় উত্তেজনা।

একো—দর্শন ও শ্রবণেন্দ্রিয়ের উগ্রতা। চাঞ্চল্য ও এপাশ ওপাশ করা। হৃৎস্পন্দন। রক্তপ্রধানা বালিকা বা যুবতী ও আলস্য পরবশ ব্যক্তিদেব পক্ষে।

বেলে—ইন্দ্রিয় সকলের অতিশয় উত্তেজনা। অতিশয় হাস্য।

ক্যাম—অতি অল্প অসুস্থতাতে মূর্চ্ছা হওয়ার প্রবণতা। বিমর্ষতা ও এপাশ ওপাশ করা।

কফি—অল্প বেদনাতে অতিশয় ক্লেশ বোধ। অনিদ্রা, অতিশয় স্ফূর্ত্তি ও আনন্দ।

নক্স—অতিশয় উত্তেজনা। ভীরুতা

(মানসিক ভাব ইত্যাদি দেখ)

স্নায়ুশূল।

একো—অসহ্য বেদনা, বিশেষতঃ রাত্রিতে সজ্বর ভাব। সমুদায় স্নায়ুমণ্ডল অতিশয় চৈতন্যবিশিষ্ট। মৃত্যুর আশঙ্কা। রক্ত-প্রধান ব্যক্তিদের পক্ষে।

আর্ণি—স্নায়ুশূল, আঘাতাদি বশতঃ হইলে। কণ্‌কণে থেৎলান বেদনা। অল্প শ্রম কিম্বা শব্দে বৃদ্ধি।

আর্সি—জ্বালাযুক্ত, ছেদক বেদনা, এমত অসহ্য হয় যে তদ্দ্বারা

স্নায়ুশূল (পূর্ব্বের পর)।

রোগীর নৈরাশ্য জন্মে। অতিশয় দৌর্ব্বল্য; আক্রান্ত স্থানে শীতলতা কিম্বা জ্বালাযুক্ত উত্তাপ বোধ।

বেলে—গুলিবেধবৎ ও জ্বালাযুক্ত বেদনা এবং তাহা সঞ্চালনে, আলোকে কিম্বা শব্দে বৃদ্ধি। আক্রান্ত স্থান মর্দ্দনে অতিশয় কর্ত্তনবৎ বেদনা। রক্তপ্রধান ব্যক্তিদের পক্ষে।

ব্রাই—কণ্‌কণে কিম্বা আকর্ষক এবং ছেদক বেদনা। সঞ্চালনে বৃদ্ধি। বাত ধাতু।

ক্যাম—আকর্ষক ও নাড়ী স্পন্দনবৎ বেদনা, তৎসঙ্গে আক্রান্ত স্থানের জড়তা, অতি অল্প বেদনায় চৈতন্যাধিক্য। মূর্চ্ছা, অস্থিরতা।

চায়—চর্ম্ম অতিশয় চৈতন্যবিশিষ্ট। অল্প সংস্পর্শে বৃদ্ধি। পারদ অপব্যবহার জনিত রোগ হইলে।

মার্ক—বাত ধাতুগ্রস্ত লোক। রাত্রিতে বৃদ্ধি। ছেদক ও গুলিবেধবৎ বেদনা।

নক্স—অচরিষ্ণু ব্যক্তি। আকর্ষক, স্পন্দক বেদনা। আহারের পর কিম্বা প্রাতে পীড়া হইলে, অনবরুদ্ধ বায়ুতে বৃদ্ধি।

ফস্ফ—ছেদক ও সূচীবেধবৎ বেদনা, যাহা গণ্ডদেশ হইতে চিবুক ও কর্ণ পর্য্যন্ত বিস্তৃত হয়।

পল্‌স—গুলিবেধবৎ ও নাড়ী স্পন্দনের ন্যায় বেদনা। অর্দ্ধপার্শ্বিক বেদনা। সন্ধ্যাকালে ও শয়নাবস্থায় বৃদ্ধি। অনাবৃত বায়ুতে উপশম।

স্নায়ুশূল (বঙ্ক্ষণীয়)—একো*, আর্সি, নক্স, পল্স* ।

স্ফোটক, তরুণ (প্রদাহিত)—বেলে*, মার্ক*, পল্স, সল্ফ* ।

,, পুরাতন—ক্যাল্কে*, হেপার*, মার্ক, ফস্ফ*, সল্ফ ।

স্নায়ুশূল (পূর্ব্বের পর) ।

রস—গণ্ডদেশের অস্থিতে চাপন ও কর্ত্তনবৎ বেদনা, তৎসঙ্গে গণ্ডদেশের চর্ম্মে উষ্ণতা ও কর্কশতা ।

ভিরে—অসহ্য বেদনা, যদ্দ্বারা রোগী উন্মত্তবৎ হয় । অতিশয় দৌর্ব্বল্য, এমন কি মূর্চ্ছা ।

(শিরঃ ও মুখমণ্ডল, শূল, সাধারণ বেদনা দেখ) ।

বঙ্ক্ষণ স্নায়ুশূল ।

একো—জ্বর থাকিলে, অসহ্য বেদনায় ।

আর্সি—অধিক দিন স্থায়ী রোগ । জ্বালাযুক্ত বেদনা ; বঙ্ক্ষণ দেশ হইতে উরু পর্য্যন্ত তীক্ষ্ণ আকর্ষক বেদনা, তদ্দ্বারা রোগী সর্ব্বদা অঙ্গ নাড়িতে বাধ্য হয় ।

নক্স—অবশ ও পক্ষাঘাতবৎ দৌর্ব্বল্য । উরুতে তীক্ষ্ণ ও গুলিবেধবৎ বেদনা । রোগ মদ্যপান কিম্বা অজীর্ণ জনিত হইলে । প্রাতে বৃদ্ধি ।

পল্স—গুরুপাক দ্রব্য ভক্ষণে, সন্ধ্যাকালে বৃদ্ধি ।

স্ফোটক ।

বেলে—চতুষ্পার্শ্বস্থ চর্ম্মে প্রাদাহিক আরক্ততা । স্পর্শে বেদনা চর্ম্ম আরক্তিম, উত্তপ্ত ও উজ্জ্বল ।

স্ফোটক দ্রবকরণার্থ—বেলে, ব্রাই*, হেপার*, মার্ক*, ফস্ফ, পল্‌স*।
„ পূঁয উৎপাদনার্থ—হেপার*, ল্যাকি*, মার্ক*।
স্বরভঙ্গ (সাধারণতঃ)—বেলে*, ক্যাল্কে, কার্ব্ব*, ক্যাম, মার্ক, নুক্‌স, ফস্ফ, পল্‌স, স্পঞ্জ*, সল্‌ফ*, ভিরে।

স্ফোটক (পূর্ব্বের পর)।

ব্রাই—উত্তাপ, কিন্তু প্রদাহ অল্প। সঞ্চালনে শুলিবেধবৎ বেদনা বোধ।

মার্ক—স্ফোটক লালবর্ণ ও চক্‌চকে, কিম্বা কোন গ্রন্থির নিকটে হইলে। অত্যন্ত কণ্ডুয়ন। ক্ষত হওয়ার উপক্রম।

সল্‌ফ—পূঁয হওয়ার সময়। পূঁয নির্গমনের পর ক্ষত শুষ্ক হওয়ার জন্য। শক্ত ও পুরাতন স্ফোটক। স্ফীততা ও কঠিনতা।

স্বরভঙ্গ।

বেলে—বক্ষেঃ আঠাবৎ শ্লেষ্মা, তৎসঙ্গে স্বরযন্ত্রের শুষ্কতা, আরক্ততা ও বেদনা। স্বর মৃদু ও অত্যন্ত ভাঙ্গা।

কার্ব্ব—বেদনাজনক চাঁচা শব্দ। কথা কহিতে কিম্বা শীতল ও আর্দ্র বায়ুতে বৃদ্ধি।

ক্যাম—গলায় অধিক শ্লেষ্মা জমা। গলার মধ্যপ্রদেশে সুড় সুড়ী বোধ।

মার্ক—কখন কখন স্বররোধ। সন্ধ্যাকালে বৃদ্ধি। গলা শুষ্ক বোধ। রাত্রিতে ঘর্ম্ম।

ফস্ফ—গলায় কর্কশতা। ভয়ানক সর্দ্দি ও গলাভাঙ্গা।

স্বরভঙ্গ, সর্দ্দিজনিত—বেলে, ক্যাম*, মার্ক, নক্স, ফস্ফ, পল্স, সল্ফ*।

,, পুরাতন—ক্যাল্কে, কার্ব্ব*, ফস্ফ*, সল্ফ।

,, মস্তক সর্দ্দি সহ—ক্যাম*, মার্ক, পল্স*।

,, শীতল ও আর্দ্র বায়ু হইতে—কার্ব্ব*, সল্ফ*।

,, গলাবেদনা সহ—বেলে।

স্বরযন্ত্র প্রদাহ—একো*, ক্যাম, হেপার*, নক্স, ফস্ফ, স্পঞ্জ*।

স্বরভঙ্গ (পূর্ব্বের পর)।

সল্ফ—স্বরযন্ত্রে কীট সঞ্চরণবৎ বোধ। গভীর কর্কশ স্বর। কর্কশতা। তৎসঙ্গে চাপ যেন একটী অর্ব্বুদ কি ছিপী (বুজলা) গলার মধ্যে আট্‌কাইয়া রহিয়াছে।

স্বরযন্ত্র-প্রদাহ।

একো—জ্বর। অসুখযুক্ত শ্বাসপ্রশ্বাস, ক্রুপঘুংড়িবৎ কাসি।

ক্যাম—রাত্রিতে বৃদ্ধি। বায়ুনলীতে শ্লেষ্মাসঞ্চয় বশতঃ সুড় সুড়ী বোধ।

হেপার—গলাভাঙ্গা, বেদনা ও স্বরযন্ত্রের বোধাধিক্য, তৎসঙ্গে দুর্ব্বল ও কর্কশ স্বর।

নক্স—শুষ্ক কর্কশ কাসি, তৎসঙ্গে উদরে থেত্‌লান বোধ এবং তাহা স্পর্শে বেদনা বোধ হয়।

ফস্ফ—স্বরযন্ত্র শুষ্ক ও উষ্ণ। রক্তমিশ্রিত শ্লেষ্মা কাসি।

স্পঞ্জ—গলাভাঙ্গা ও তৎসঙ্গে কাসি ও সর্দ্দি। মস্তক নাড়িলে বা স্বরযন্ত্র স্পর্শে তাহাতে বেদনা। দুর্ব্বল স্বরপ্রযুক্ত শ্বাস করিতে কিম্বা কথা কহিতে অশক্তি।

,, ,, পুরাতন—আর্সি, ক্যাল্কে, নক্স, ফস্ফ°।

স্বরযন্ত্রে শ্লেষ্মাসঞ্চয়—আর্সি, ক্যাল্কে, ক্যাম*, নক্স, ফস্ফ, সল্ফ।

,, গুলিবেধবৎ বেদনা—ফস্ফ*।

,, ছিপী বা বুরুশ দেওয়ার ন্যায় বোধ—বেলে*।

,, কর্কশতা—নক্স, ফস্ফ*, পল্স, সল্ফ*।

স্বর, কাকের ডাকবৎ—একো*, ল্যাকি*।

,, গভীর—চায়, ড্রজি*।

,, দুর্ব্বল—বেলে, ক্যান্থ*, চায়, হেপার*, ভিরে।

,, কাঁপা—ড্রজি*, স্পঞ্জ*, ভিরে*।

,, অভাব—বেলে*, মার্ক*, ফস্ফ*, সল্ফ, ভিরে।

,, কর্কশ—কার্ব্ব, ল্যাকি, ফস্ফ, স্পঞ্জ, সল্ফ।

হস্ত অবশতা—ক্যাল্কে*।

,, স্পন্দনশীল—বেলে*।

হস্তে খালধরা—বেলে*।

,, দহনীয় বেদনা—ব্রাই, ফস্ফ°।

হস্তে আকৃষ্ট বেদনা—পল্স°।

,, বেধক বেদনা—চায়, ফস্ফ*, পল্স, সল্ফ*।

,, মোচড়ান বেদনা—ব্রাই, ক্যাল্কে, ফস্ফ, পল্স, সল্ফ।

,, স্ফীততা—বেলে, ব্রাই, ক্যাল্কে*, ফস্ফ*, রস*, সল্ফ।

,, কম্পন—ল্যাকি*, ফস্ফ*, সল্ফ*।

,, দুর্ব্বলতা—আর্সি, মার্ক, সল্ফ*।

হাঁচি—আর্সি, কার্ব্ব*, সি*, মার্ক, নক্স, পল্স, রস°।

হাম (সাধারণতঃ)—একো*, বেলে, ব্রাই, ইপি, ফস্ফ, পল্স°, রস।

হাম উদ্ভেদ সুগম করণার্থ—একো*, পল্‌স*।
,, আমাশয়িক বিশৃঙ্খলাসহ—ক্যাম, ইপি, পল্‌স*।
,, মস্তক লক্ষণ সহ—বেলে*, মার্ক।
,, আলোকাসহ্যতা সহ—একো, বেলে*, ফস্ফ, পল্‌স, রস।
,, সাংঘাতিক—আর্সি, ফস্ফ, পল্‌স, রস, সল্‌ফ।
,, উদ্ভেদ বিলোপ সহ—আর্সি, ব্রাই*, ফস্ফ, পল্‌স।
,, অবসন্নকর লক্ষণ সহ—বেলে*, নক্স, ফস্ফ, রস*।
হিক্কা (সাধারণতঃ)—একো, বেলে, ব্রাই, নক্স*, পল্‌স, ভিরে।
,, প্রবল—বেলে*, নক্স*।

হাম।

একো—জ্বর, অনিদ্রা। আলোকাশঙ্কা। ক্ষুদ্র, শুষ্ক ও শূন্যকাসি। বক্ষঃ ও পার্শ্বে গুলিবেধবৎ বোধ। হামের প্রথমাবস্থায়।

বেলে—গলা বেদনা। কপালে কণকণে বেদনা। প্রলাপ, ভয়ানক তৃষ্ণা।

ব্রাই—অঙ্গেতে বাত বেদনা। কাসি ও বক্ষেতে সূচীবেধবৎ বোধ

ইপি—জ্বরের সঙ্গে আমাশয়িক লক্ষণ। জিহ্বা লেপ বা মলাবৃত। বিবমিষা।

ফস্ফ—অবসন্নকর লক্ষণাদি, তৎসঙ্গে জ্ঞানহীনতা। জলবৎ তরল মল নিঃসরণ। অতিশয় দৌর্ব্বল্য।

পল্‌স—পীড়ার প্রায় সকল অবস্থায় প্রযোজ্য। উদ্ভেদ সুগম করণার্থ। সর্দ্দি সম্বন্ধীয় পীড়া। বাহ্য ও আভ্যন্তরিক কর্ণপ্রদাহ। আলোকাশঙ্কা।

হিম স্ফোটক—আর্ণি, আর্সি, কন্ফ, পল্স*, রস, সল্ফ*।
হুপশব্দক কাসি—(সাধারণতঃ) বেলে*, ড্রসি*, ইপি*, পল্স, ভিরে।
,, সর্দ্দির অবস্থায়—একো, বেলে*, ক্যাম, ইপি*, নক্স, পল্স, ভিরে।
হুপশব্দক কাসি, আক্ষেপিকাবস্থায়—ড্রসি*, ইপি*, ভিরে*।

হাম (পূর্ব্বের পর)।

রস—অবসন্নতার লক্ষণ উপস্থিত হইলে। চর্ম্ম নীলবর্ণ, উদ্ভেদের অস্থায়াবস্থা বা বিলোপাবস্থা।

হিমস্ফোটক।

আর্ণি—যখন ফুলা শক্ত ও চক্‌চকে এবং বেদনাযুক্ত থাকে।
আর্সি—যখন ক্ষত হওয়ার উপক্রম হয়। তরুণ জ্বালাযুক্ত বেদনা।
কন্ফ—যদি হিমস্ফোটক অত্যন্ত বেদনাযুক্ত হয়। যদি উহা বিদীর্ণ হইয়া জলবৎ পদার্থ বহির্গত হয়।
পল্স—যদি স্ফীতি, নীল, লোহিত ও প্রদাহিত হয়।
রস—অত্যন্ত উগ্রতা থাকিলে এবং ফোস্কা হইলে।
সল্ফ—অধিক দিনের হিমস্ফোটক। অত্যন্ত প্রদাহ ও চুলকানি।

হুপশব্দক কাসি।

একো—জ্বর থাকিলে। সতত কাসিতে ইচ্ছা, তৎসঙ্গে উৎকণ্ঠা ও ক্ষুদ্র শ্বাস। স্বরযন্ত্রে সতত জ্বালাবোধ।

হৃৎপিণ্ডে রক্তাধিক্য—একো, বেলে, পল্‌স*, ফস্ফ*।

,, প্রদাহ—একো*, আর্সি।

,, বাত—একো*, বেলে*, ব্রাই, ল্যাকি*।

হুপশব্দক কাসি (পূর্ব্বের পর)।

বেলে—আক্ষেপিক কাসি ও তৎসঙ্গে মাস্তিষ্ক লক্ষণাদি। বমন এবং মুখ ও নাসিকা দিয়া রক্তপড়া।

ড্রসি—যখন রোগ পূর্ণাবস্থা প্রাপ্ত হয়, তৎসঙ্গে ভুক্ত দ্রব্য কি শ্লেষ্মা বমন হয়। নাক ও মুখ দিয়া রক্তপড়া। জর না থাকিলে, বা উহা অত্যন্ত প্রবলাবস্থায় থাকিলে।

ইপি—প্রথমাবস্থা হইতে কাসি, ও যদি তৎসঙ্গে দম আটকানের মত হয়। মুখমণ্ডল নীলবর্ণ।

পল্‌স—আর্দ্র কাসি ও তৎসহ সহজে শ্লেষ্মা নিঃসরণ।

ভিরে—অতিশয় দৌর্ব্বল্য, ভুক্ত দ্রব্য বমন। শ্বাস রোগের উপক্রম। যদি ড্রসি দ্বারা উপকার না হয়।

হৃৎপিণ্ড-বাত।

একো—হৃৎস্পন্দনের সহিত অতিশয় ক্লেশ। জরবৎ উত্তাপ, হৃৎপিণ্ড দ্রুতবেগে স্পন্দিত হয়, ও তৎসঙ্গে নাড়ী মৃদু ও পর্য্যায়শীল হয়।

বেলে—বিরামশীল নাড়ী ও হৃৎস্পন্দন। অতিশয় অসুখ, কম্পন ও বেদনা বোধ। বক্ষে অসুস্থতা বোধ।

ব্রাই—বক্ষে সূচীবেধবৎ বোধ বশতঃ শ্বাস ব্যাহত, তৎসঙ্গে অতিশয় হৃৎস্পন্দন ও ভয়ানক অসুখ।

হৃৎস্পন্দন (সাধারণতঃ)—একো*, আর্সি, বেলে*, ক্যাল্কে, চায়*, মার্ক*, নক্স, ফস্ফ*, পলস*, রস, সল্ফ, ভিরে*।

হৃৎস্পন্দন উৎকণ্ঠা সহ—একো*, আর্সি, ক্যাল্কে*, ক্যাম, চায় ল্যাকি*, মার্ক, ফস্ফ°, পলস*, সল্ফ, ভিরে।

হৃৎস্পন্দন রক্তাধিক্যজ—একো*, বেলে*, নক্স, ফস্ফ, সল্ফ।

„ দৌর্ব্বল্যকর হানি জনিত—ক্যাল্কে, চায়*, নক্স।

„ মূর্চ্ছাসহ—একো।

„ ভয়জনিত—একো*, ভিরে।

„ আহারের পর—ক্যাল্কে*।

„ স্নায়ুপ্রধানধাতু ব্যক্তিদের—ক্যাম, নক্স, পলস*।

„ উদ্ভেদ বিলোপ জনিত—আর্সি, সল্ফ।

„ দুর্নিবার—আর্সি*, বেলে, পলস*।

হৃৎপিণ্ডবাত (পূর্ব্বের পর)।

ল্যাকি—নাড়ীর বিশৃঙ্খল। বক্ষঃ ভার ও অসুখ বোধ; দুর্ব্বলতা।

হৃৎস্পন্দন।

একো—রক্তপ্রধান ব্যক্তি, শরীরে উত্তাপাধিক্য, বিশেষতঃ মুখমণ্ডলের। অঙ্গাদিতে ক্লান্তি বোধ।

আর্সি—পুরাতন রোগ কিম্বা বৃদ্ধলোক। হঠাৎ পুরাতন ক্ষত শুষ্ক হইয়া হইলে।

বেলে—বক্ষঃ ও হৃদয় অতিশয় দব্ দব্ করে, যাহা কখন কখন মস্তকেও অনুভূত হয়। রক্তাধিক্য বশতঃ হইলে।

চায়—অতিশয় রক্ত হানি কিম্বা দুগ্ধ হ্রাস বশতঃ হইলে।

হেঁতাল বা প্রসবান্তিক বেদনা—আর্ণি*, বেলে, ক্যাম*, নক্স* পল্‌স, বস।

হৃৎস্পন্দন (পূর্ব্বের পর)।

নক্স—বলবান ব্যক্তি। প্রাতঃকালে, আহারের পর হইলে ও তৎসহ বিবমিষা ও ভারবোধ থাকিলে।

ফস্ফ—বক্ষেঃ রক্তাধিক্য ও উত্তাপ বোধ, যাহা গলদেশ পর্য্যন্ত ঊর্দ্ধগত হয়।

পল্‌স—গুল্ম বায়ু রোগগ্রস্ত স্ত্রীলোকদের পক্ষে। বিশেষতঃ রাত্রিতে পীড়া হইলে।

সল্ফ—উদ্ভেদ বা অর্শ বিলোপ জনিত হইলে।

ভিরে—যখন ভয় কিম্বা অসুখ জনিত হয়।

হেঁতাল ব্যথা (প্রসবান্তে জরায়ুতে যে বেদনা হয়)।

আর্ণি—কষ্টদায়ক প্রসবে কোনরূপ আঘাত প্রাপ্ত হইলে।

নক্স—বেদনা, মূত্রাশয় ও মলাশয়ে উপস্থিত হইয়া, শীঘ্র শীঘ্র মলমূত্র ত্যাগের ইচ্ছা।

পল্‌স—যদি জরায়ু কুসুমের বা ফুলের কতক অংশ জরায়ুতে লাগিয়া থাকে।

দ্বিতীয় ভাগ।

প্রথম অধ্যায়।

সদৃশ চিকিৎসার ষোলটী সর্ব্ব প্রধান ঔষধের বিশেষ বিশেষ গুণ ও ব্যবহার। এই সকল ঔষধে যে সকল বিশেষ বিশেষ লক্ষণ উৎপাদন ও আরোগ্য করে, তাহা নিয়ে বিবৃত হইল।

এই পরিচ্ছেদে প্রতি ঔষধের সমবেত ও পৃথক পৃথক লক্ষণাদি বর্ণিত হইয়াছে। যে সকল ঔষধ বর্ণনাকালে যে সকল লক্ষণ তাহাতে উক্ত হইয়াছে, রোগ কালে সেই সকল লক্ষণ উপশমার্থ সেই ঔষধই উপকারী, অর্থাৎ রোগী যে রোগে আক্রান্ত হইয়াছে, তাহার লক্ষণাদির সহিত, যে ঔষধের অধিকাংশ লক্ষণের একতা বা মিল হয়, তাহাই প্রযোজ্য। প্রতি রোগের লক্ষণের সহিত ঔষধোল্লিখিত সমুদায় অথবা আংশিক লক্ষণের একতা না হওয়ার সম্ভব; কিন্তু রোগের অধিকাংশ লক্ষণের সহিত যে ঔষধের লক্ষণের মিল হয়, তাহাই প্রকৃত উপকারক ও আরোগ্যকর ঔষধ বলিয়া স্থির করিতে হইবেক।

একোনাইট—একো।

(বাঙ্গালা কাট-বিষ বা অমৃত)।

সাধারণ লক্ষণ। রক্তসঞ্চয়, বিশেষতঃ বক্ষঃ, হৃদয় ও মস্তকে রক্তাধিক্যবশতঃ রক্তসঞ্চয়। তরুণ, স্থানিক ও প্রধানতঃ রক্ত সঞ্চয়ান্বিত প্রদাহ ও তৎসঙ্গে অত্যন্ত প্রবল জ্বর। স্নায়ুশূল, বাত ও তৎসঙ্গে বেধন বেদনা; আক্রান্ত স্থানের কার্য্যহানিতা ও অবশতা, ভয়ানক অসহ্য বেদনা ও অত্যন্ত স্নায়ুর উগ্রতা। সুচিবেধক বেদনা কিম্বা অতি অল্পস্থানে বেদনা আবদ্ধ থাকে। আঘাত সদৃশ বেদনা। সমুদায় শরীর বা আক্রান্তস্থান স্পর্শে বেদনানুভব। রাত্রিতে অসহনীয় বেদনা। স্নায়ুমণ্ডলের সাতিশয় উগ্রতা। বেদনা-ক্রমণ ও তৎসহযোগে পিপাসা ও গণ্ডদেশের আরক্ততা। ভয় বা বিরক্তিজনিত ব্যাধি। মূর্চ্ছা, বিশেষতঃ শয়নাবস্থা হইতে উত্থানকালীন মূর্চ্ছা ও তৎসহ মুখমণ্ডল পাণ্ডুবর্ণ ও মস্তিষ্কে রক্তসঞ্চয়। শীতলতা এবং বিশেষতঃ তীব্রবায়ু জনিত পীড়া। ঘর্ম্মরুদ্ধ হওয়া কিম্বা শীতের পর অসুখ বোধ। অঙ্গ সমূহে আঘাত ও ভারবৎবোধ। সাতিশয় দুর্ব্বলতা।

টীকা। সকল প্রকারজ্বর, তরুণ প্রদাহ, ধামনিক রক্তাধিক্য, প্রাদাহিক জ্বর, ফুসফুসাবরক-ঝিল্লী-প্রদাহ, ফুসফুস প্রদাহ, রক্তস্রাব, ক্রুপ বা ঘুংড়ী বা স্বরঘ্ন রোগ ইত্যাদিতে ব্যবহার্য্য।

চর্ম্ম। শুষ্ক ও জ্বালাযুক্ত চর্ম্ম। পীতবর্ণ চর্ম্ম; মশা কামড়ানর ন্যায় দাগ। সাতিশয় জ্বর সহ বিস্তীর্ণ আরক্ত প্রদাহ (এরিসিপেলাস)। চর্ম্ম আরক্ত, উত্তপ্ত ও চিক্কণ স্ফীত।

নিদ্রা। অনিদ্রা, চিন্তা, অস্থিরতা ও সতত পার্শ্ব পরিবর্ত্তন। নিদ্রাবস্থায় চম্‌কাইয়া উঠা। রাত্রিতে ভয়ানক স্বপ্ন দর্শন। রাত্রিতে প্রলাপ। পার্শ্বে শয়নে অশক্তি।

জ্বর। পিপাসা ও চর্ম্ম উত্তপ্ত ও শুষ্ক। হ্রস্ব শ্বাস, নাড়ী দ্রুতগামিনী, মুখমণ্ডল ও গণ্ডদেশ লোহিত বর্ণ, শরীর খুলিয়া রাখিতে ইচ্ছা এবং শরীরাবরণ বিমোচনে শীতবোধ। জ্বালাযুক্ত উত্তাপ বিশেষতঃ মস্তক, মুখমণ্ডল ও গণ্ডদেশ রক্তবর্ণ। সর্ব্ব শরীরে কম্প, পালাজ্বর। সন্ধ্যার প্রাক্কালে শীত, তৎপরে অবিরাম উত্তাপ। উষ্ণাবস্থায় সাতিশয় পিপাসা। নাড়ী স্পর্শে কঠিন, দ্রুতগামিনী ও বেগবতী। স্নায়ুমণ্ডলের সাতিশয় উগ্রতার সহিত প্রাদাহিক জ্বর।

মানসিক লক্ষণ। দুঃখ বোধ, ভয় ও কম্পনযুক্ত মানসিক ভাব, সাতিশয় খেদ। রাগান্বিত হওয়ার প্রবণতা। ভয় পাওয়া, বিবাদ করার প্রবণতা, পর্য্যায়ক্রমে ক্রন্দন ও হাস্য। রোগের জন্য সাতিশয় চিন্তা ও আরোগ্যে নৈরাশ্য; মৃত্যু ভয়। পূর্ব্বে মরিবার দিন বলা। উগ্র ও সহজে বেদনানুভবশীল প্রকৃতি। রাত্রিতে প্রলাপ, স্মৃতিশক্তির দুর্ব্বলতা।

মস্তক। মস্তকে ভারবোধ, উত্তোলনে বিশেষতঃ মস্তক

ঘূর্ণন ও মত্ততানুভব। জ্ঞানাভাব; দৃষ্টির অস্পষ্টতা ও বমনেচ্ছা। মস্তকে আঘাত ও গুলিবেধবৎবোধ। কোন ভার বস্তু দ্বারা কপালে পূর্ণতা ও ভার বোধ, যেন সেই স্থান দিয়া মস্তিষ্ক বহির্গত হইবে। কপালে ও নাসামূলে আক্ষেপবৎ বোধ এবং তৎসঙ্গে বুদ্ধিলোপ হওয়ার ন্যায় অনুভব ও তাহার অনাবৃত বায়ুতে ভ্রমণ করিলে বৃদ্ধি। উষ্ণ গৃহে প্রবেশ করিলে কপালে চাপ বোধ হয়। শিরঃপীড়ায় যেন মস্তিষ্ক আলোড়িত ও উন্নত বোধ এবং তাহা সঞ্চালন, পান ও কথা কহিতে বৃদ্ধি। মুখমণ্ডল উত্তপ্ত, রক্তিমাবর্ণ ও মস্তকে রক্তসঞ্চয়।

চক্ষু। চক্ষু লাল, প্রদাহিত এবং ধমনী সকল অত্যন্ত রক্ত পূর্ণ ও চক্ষে অসহ্য বেদনা। অত্যন্ত বেদনা ও চক্ষু হইতে জল পড়া। কনীনিকা প্রসারিত; আলোকাসহ্যতা; চক্ষুতে উত্তাপ ও জ্বালানুভব এবং চাপক ও বেধক বেদনা, বিশেষতঃ চক্ষুগোলক নাড়িতে বোধ হয়। চক্ষের পাতা লাল, শক্ত ও স্ফীত।

কর্ণ। কর্ণে গুন গুন শব্দ ও উচ্চ শব্দ। অত্যন্ত স্পর্শানুবোধ ও শব্দাসহ্যতা।

নাসিকা। নাসিকা হইতে রক্তস্রাব, বিশেষতঃ রক্তপ্রধান লোকদিগের।

মুখমণ্ডল। ঈষৎ স্ফীত ও অত্যন্ত আরক্তিম মুখমণ্ডল। গণ্ডদেশ লালবর্ণ, বিশেষতঃ এক গণ্ড পর্য্যায়ক্রমে আরক্ত ও পাণ্ডুবর্ণ। শয়নাবস্থা হইতে উত্থান করিলে মুখমণ্ডল,

যাহা সচরাচর লোহিতবর্ণ থাকে, তাহা মৃতশরীরবৎ পাণ্ডুবর্ণ হয়। কপালে স্বেদ নিঃসরণ। ওষ্ঠাধর কালিম ও মুখমণ্ডল নীলিমাযুক্ত; অর্দ্ধ মুখশূল ও চোয়ালের স্ফীততা, ওষ্ঠাধর কাল ও শুষ্ক।

দন্ত। দন্তশূল বিশেষতঃ শীতলতাজনিত। শীতল বায়ুতে মুখের এক পার্শ্বে দব্‌দবে বেদনা। মুখে ও দন্তে বাত ও রক্তাধিক্যজনিত বেদনা, বিশেষতঃ যুবা, রক্তপ্রধান লোকদিগের, যাহারা আলস্যে জীবন যাপন করে।

মুখগহ্বর। শুষ্কতানুভব। মুখ ও জিহ্বা শুষ্ক। জিহ্বা-প্রদাহ। কম্পনযুক্ত তোত্‌লা কথা।

গলাভ্যন্তর। গলার ভিতর জ্বালা ও হুলবেধবৎ বোধ ও গিলিতে কষ্ট। গলার ভিতর, তালু ও তালুপার্শ্ব-গ্রন্থির তরুণ প্রদাহ ও অত্যন্ত জ্বর এবং ঐ সকল স্থান ঘোর লালবর্ণ হয়। গিলিতে ও কথা কহিতে হুলবেধ ও শ্বাসরোধ বোধ।

ক্ষুধা ও আস্বাদ। তিক্ত, দুর্গন্ধ, অতীক্ষ্ণ ও মৎস্যাস্বাদ ও নষ্ট ডিম্বৎ আস্বাদ। ক্ষুধার অভাব। খাদ্যে অনিচ্ছা। অনিবার্য্য জ্বালাযুক্ত পিপাসা।

আমাশয়িক লক্ষণ। হিক্কা; রক্ত, আম ও হরিৎবর্ণ বমন।

পাকাশয়। পাকাশয়ে ও তাহার উপরে ভারবোধ, যেন কোন ভারি বস্তু কিম্বা প্রস্তর দ্বারা হইতেছে। উপপর্শু-কার নিম্নে কসা, চাপ, পূর্ণতা ও ভার বোধ। নিশ্বাস ক্লেশ-যুক্ত ও যকৃত প্রদেশে চাপবোধ। সাতিশয় জ্বরের সহিত

যকৃতের তরুণ প্রদাহ ও অত্যন্ত বেদনানুভব; কামল। ভোজন ও পানান্তে বেদনাতিশয্য।

উদর। উদর স্পর্শে বেদনার অনুভূতি। উদর স্ফীত ও প্রদাহিত ও তাহাতে পর্য্যায়ক্রমে ক্লেশানুভূতি। উদর প্রসারিত ও উদরী রোগের ন্যায় স্ফীত। আবদ্ধ অন্ত্রবৃদ্ধির প্রদাহ ও পিত্ত বমন। কর্ত্তনশীল শূলবেদনা, চাপ ও কঠিনতানুভব।

মলাদি। শীঘ্র শীঘ্র অল্প ও তরল মল নিঃসরণ, তৎসঙ্গে কোঁতানি। জলবৎ ভেদ ও রক্তবর্ণ প্রস্রাব।

মূত্রযন্ত্র। মূত্র রুদ্ধ বা মূত্রানুৎপত্তি; মূত্রাশয়ে চাপ ও বৃক্ক প্রদেশে বেধন বেদনা। মূত্রবেগ ধারণে অশক্তি। প্রস্রাব ত্যাগে বেদনানুভব। অল্প পরিমাণে ও অত্যন্ত লাল ও উত্তপ্ত মূত্র এবং তাহাতে কিছু অধঃপতিত হয় না।

ঋতু। অধিক পরিমাণে ঋতু-রক্তস্রাব, বিশেষ রক্তপ্রধানা স্ত্রীদিগের। অচরিষ্ণু রক্ত প্রধানা স্ত্রীদিগের ঋতুরুদ্ধ। মৃত্যু ভয়, গর্ভাবস্থায় অস্থিরতা। প্রসবান্তে দুগ্ধোৎপাদক জ্বর ও তৎসঙ্গে প্রলাপ।

বায়ুনলী ও কাসি। অল্পক্ষণ স্থায়ী শুষ্ক কাসি, গলনলীতে সুড়সুড়ী দিলে তাহা বাড়ে। সতত কাসিতে ইচ্ছা কিম্বা রাত্রে প্রতি অর্দ্ধ ঘণ্টায় কাসেচ্ছা। জ্বরের উত্তাপাবস্থায় কাসি। আক্ষেপিক শব্দযুক্ত কর্কশ কাসি। কখন কখন শ্বাস রোধের আশঙ্কা ও গলনলীর আকুঞ্চন। ঘন, শ্বেতবর্ণ, রক্তযুক্ত ও শ্লৈষ্মিক কাসি। প্রাদাহিক লক্ষণযুক্ত সর্দ্দি।

ফুস্‌ফুসাবরক প্রদাহ, বাতের বেদনা এবং গলা ক্ষত। বায়ুনলী ও গলনলীর প্রদাহ। মুখামৃক্ত বা থুথু সহ রক্ত নিঃস্রব।

বক্ষঃ ও শ্বাসপ্রশ্বাস। নিশ্বাস অল্পক্ষণ স্থায়ী বিশেষতঃ নিদ্রাবস্থায়। নিশ্বাস প্রশ্বাস উৎকণ্ঠাযুক্ত, ক্লিষ্ট, দীর্ঘ, দ্রুতগামী। উচ্চ, প্রবল ও শব্দযুক্ত শ্বাস। মুখব্যাদন ও হাঁপানি। উৎকণ্ঠা সহ শ্বাসরোধের উপক্রম। বক্ষঃ ও পার্শ্বে সূচী ও হুলবেধবৎ বেদনা, বিশেষতঃ নিশ্বাস টানিতে ও কাশিতে হয়। হৃৎস্পন্দন ও উৎকণ্ঠা, শারীরিক উত্তাপ বৃদ্ধি। হৃদয়স্থলে সূচীবেধবৎ অনুবোধ।

পৃষ্ঠ। কটিতে আঘাতবৎ বেদনা ও তৎস্থানের মাংসপেশীর পঙ্গুতা। পশ্চাৎ গ্রীবায় বেদনাযুক্ত কাঠিন্যানুভব।

শাখাদ্বয়। উরুসন্ধি ও উরুতে পঙ্গুতাবোধ ও আঘাতবৎ অনুভব। জানুর বলহীনতা ও তাহাতে ছেদক বেদনা। বাহুতে অবশতা ও তাহাতে আঘাতবৎ বেদনা অনুভব।

২। আর্ণিকা মণ্টেনা—আর্ণি।

(পার্ব্বতীয় তাম্রকূট বিশেষ)।

বিশেষ লক্ষণ। কথা কহিতে, নড়িতে চড়িতে, শব্দে ও নাসিকার মধ্য দিয়া বায়ু নিঃসরণ কালে বেদনা বৃদ্ধি।

টীকা। বাত রোগ, আঘাতোৎপন্ন ব্যাধি সমূহ ও বক্ষঃপেশী বাত ইত্যাদিতে বিশেষ ব্যবহার্য্য।

সাধারণ লক্ষণ। আকর্ষক ও ছেদক বেদনা সহ পুরাতন বাত। সূচীবেধ ও সুড়সুড়ী বোধ। সঞ্চালনে—অঙ্গে ও গ্রন্থিতে আঘাত বোধ। ছিন্ন, আঘাতিত ও পেষিতবৎ বেদনা। বৃহৎসন্ধি ও ক্ষুদ্র সন্ধির বাত বেদনা ও আক্রান্ত স্থানের স্ফীততা। অভিঘাত, পতন, আঘাত ও ভারী দ্রব্য তুলিতে পেশীসূত্রের ছিন্নতা, মচ্‌কান ও সন্ধি বিশ্লেষ ইত্যাদি। যান্ত্রিক আঘাতাদি হইতে উৎপন্ন ব্যাধি সকল। আঘাত, শয্যাক্ষত, কীটপতঙ্গাদির দংশন, হুলবেধ ও দন্তাঘাত। আহত স্থান হইতে রক্তস্রাব। শারীরিক ক্লান্তি। মস্তকে রক্ত সঞ্চয় ও অধিক পরিমাণে রক্তের বেগে গমন। শরীরের উপরাংশে জ্বালা ও নিম্নাংশে শীতলতানুভব। আঘাতের পর মূর্চ্ছা ও সকম্পন অস্বচ্ছন্দতা ও আলস্য। সাধারণ বলক্ষয়।

চর্ম্ম। ক্ষুদ্র ব্রণ, ক্ষত, চর্ম্ম নিঘর্ষণ। আক্রান্ত অংশ উষ্ণ, শক্ত, লালবর্ণ ও স্ফীত। তুষারাঘাত।

জ্বর। অতিশয় পিপাসা। জ্বর আসিবার প্রাক্কালে হাই তুলিবার সময় জলপান, তৎপরে পিপাসা; কিন্তু উষ্ণাবস্থায় অল্প জল পান। প্রত্যূষে জ্বর, প্রথমে শীত পরে উষ্ণতা। বাতশ্লৈষ্মিক জ্বর, তৎসঙ্গে অচৈতন্যতা ও প্রলাপাভাব।

নিদ্রা। উৎকণ্ঠাযুক্ত ভয়ানক স্বপ্ন। নিদ্রাবস্থায় চকিত হইয়া উঠা ও বিলাপ করা।

মানসিক লক্ষণ। অবসাদ বায়ুরোগযুক্ত উৎকণ্ঠা।

মস্তক। মস্তক সঞ্চালন, উত্তোলন কিম্বা ভ্রমণের সময় শিরোঘূর্ণন। মস্তকে ভার ও বিবমিষা। প্রলাপ, জ্ঞানহীনতা। মস্তকে স্পন্দন, ছেদন ও সূচীবেধনানুভব। কপালে আক্ষেপিক আকুঞ্চন, চক্ষুর উপরে যেন মস্তিষ্ক পরস্পর পেষিত

হইয়াছে। চাপনযুক্ত মস্তক বেদনা বিশেষতঃ কপালে, তৎসহ মস্তিষ্ক উষ্ণ, প্রধানতঃ ভ্রমণ ও চিন্তার সময় বা আহারান্তে হয়। জ্বালাযুক্ত উত্তাপের সঙ্গে মস্তকে অধিক পরিমাণে রক্ত ঊর্দ্ধগত হওয়া। শরীর শীতল অথবা স্বাভাবিক উত্তপ্ত। আভিঘাতিক কিম্বা বাহ্যিক আঘাতজনিত শিরঃপীড়া। মস্তিষ্ক কম্পন।

চক্ষু। বাহ্যিক কারণ বশতঃ চক্ষু উঠা। চক্ষুর শ্বেতাংশ রক্তবর্ণ। অত্যন্ত জ্বালাযুক্ত অশ্রুস্রাব। চক্ষে ক্ষতবৎ বেদনা। চক্ষু অর্দ্ধ মুদ্রিত কিম্বা বহির্গমনোন্মুখ; অনুজ্জ্বল ঘোর নয়ন।

কর্ণ। বেদনা, যেন কর্ণ আঘাতিত হইয়াছে।

নাসিকা। নাসিকা প্রদাহ ও স্ফীততা এবং রক্তস্রাব।

মুখমণ্ডল। মুখমণ্ডল বসা, পাণ্ডু ও পীতবর্ণ এবং ঈষৎ স্ফীত। একগণ্ডদেশ লাল ও জ্বালাযুক্ত। শরীর শীতল। প্রাদাহিক মুখশূল। গণ্ডদেশের উষ্ণতা, আরক্ততা, কঠিনতা ও স্ফীততা।

দন্ত। দন্তশূল ও গণ্ডদেশে কঠিন স্ফীততা কিম্বা যেন দন্তগুলি শিথিল ও বেদনান্বিত।

মুখগহ্বর। মুখগহ্বর হইতে সরক্ত নিষ্ঠীবন। জিহ্বা শুষ্ক ও শ্বেতবর্ণ মলা দ্বারা আবৃত। ওষ্ঠাধর স্ফীত ও বিদারিত। জিহ্বায় দংশনানুভূতি।

ক্ষুধা ও আস্বাদ। শটিত বা পচা নির্য্যাসবৎ কিম্বা তিক্ত আস্বাদ। ক্ষুধাভাব ও খাদ্যে অনিচ্ছা।

আমাশয়িক লক্ষণ। তিক্ত, শটিত, ভয়ানক ও শূন্য উদ্গার। শূন্য উদ্গার ও তৎসঙ্গে পাকাশয়ের উপর চাপবোধ।

জমা জমা রক্ত বমন, তাহা আহার ও পানান্তে পুনরায় হয়। বমনেচ্ছা।

পাকাশয়। চিমটীকাটার ন্যায় আক্ষেপিক মোচড়ান বেদনা। পাকাশয়ে প্রস্তরবৎ চাপানুভব। পাকাশয়ের উপর সূচীবেধন ও তৎপশ্চাৎভাগ পর্য্যন্ত চাপানুভব। বক্ষঃ সংকোচন।

উদর। উদর শক্ত ও প্রসারিত ও কর্ত্তনবৎ বেদনান্বিত, বায়ু নিঃসরণে তাহার উপশম বোধ। উপপর্শুকার নিম্নে সূচী বেধনবৎ বোধ ও তদ্দ্বারা শ্বাসরোধ। ভ্রমণ কালে উদরে অতীক্ষ্ণ সূচীবেধন।

মল। অজীর্ণ দ্রব্য মিশ্রিত মল। কোষ্ঠবদ্ধ, নিদ্রাবস্থায় অনৈচ্ছিক মলত্যাগ। সর্ব্বদা অল্প পরিমাণে আম নিঃসরণ।

প্রস্রাব। মূত্র বদ্ধ ও মূত্রাশয়ে চাপ। মূত্রত্যাগেচ্ছা। অনৈচ্ছিকরূপে ফোটা ফোটা মূত্রত্যাগ। মূত্রাশয়ে কোঁতানি প্রস্রাবে পাটলবর্ণ ও ইষ্টকের ন্যায় লালবর্ণ অধঃপতিত পদার্থ সরক্ত প্রস্রাব। রাত্রিতে শয্যায় প্রস্রাব ত্যাগ।

ঋতু। জরায়ু হইতে রক্তপাত। অধিকক্ষণ স্থায়ী ও কষ্টপ্রদ হেঁতাল বেদনা।

বায়ুনলী ও কাশি। প্রাতে উঠিবার পর শুষ্ক, ক্ষীণ ও খ্যা খ্যা করিয়া কাশি, যেমন বায়ুনলীতে সুড়সুড়ী দিলে হয়। ক্রন্দনের পরে শিশুদিগের কাশি। শ্বাসকষ্ট ও সরক্ত কাশি। অধিক পরিমাণে রক্তোৎকাশ, হৃৎস্পন্দন, সাময়িক উত্তাপ, যদ্দ্বারা উজ্জ্বল, সফেণ, লালবর্ণ, জমারক্ত ও শ্লেষ্মাযুক্ত কাশি হয়। নিদ্রাবস্থায় রাত্রিতে কাশি।

বক্ষঃ ও শ্বাসপ্রশ্বাস। শ্রান্তিকর ও উৎকণ্ঠাযুক্ত

নাসিকা হইতে বহির্গত শ্বাস কিম্বা অল্পক্ষণ স্থায়ী হাঁপযুক্ত শ্বাস প্রশ্বাস। দুর্গন্ধ শ্বাস, বক্ষেঃ সূচীবেধন ও তৎসঙ্গে শ্বাস রোধ ও কাশি—যাহা সঞ্চালনে বৃদ্ধি পায়। স্তনের বোঁটায় ক্ষতানুভব ও ত্বকোত্তোলনবৎ বোধ। মচ্‌কান বা আঘাত দ্বারা উৎপন্নের ন্যায় বক্ষেঃ বেদনা। হৃদয়ে সূচীবেধন বোধ ও তৎসঙ্গে মূর্চ্ছা।

পৃষ্ঠ। পৃষ্ঠে ও কটিতে আঘাত ও থেৎলানবৎ বেদনা।

শাখাদ্বয়। হস্তে বেদনা যেন তাহা পঙ্গু ও থেৎলান হইয়াছে। হস্তে চিড়চিড়ানি বোধ। বাহু ও মণিবন্ধে মোচড়ান বেদনা। হস্ত পেষিত হওয়ার ন্যায় বেদনা ও তাহার শক্তির অভাব। পদ ও জংঘাতে আঘাত প্রাপ্তি বোধ। সন্ধি সকলের বেদনান্বিত দুর্ব্বলতা। বিস্তীর্ণ আরক্ত প্রদাহ (বিসর্প) ও পদের স্ফীততা; তৎসঙ্গে উত্তাপ, আকর্ষণ ও বেধন বেদনা। পদ স্ফুলি উত্তপ্ত, আরক্ত ও উজ্জ্বল স্ফীত। শিরা সকল রক্তপূর্ণ ও রজ্জুবৎ এবং গর্ভাবস্থায় শিরা প্রসারণ।

৩। আর্সিনিক—আর্স।

(সেঁকো, শিমুল ক্ষার)।

বিশেষ লক্ষণ। নিদ্রাবস্থায় বেদনা বোধ। অসহ্য বেদনা, ও তদ্দ্বারা নৈরাশ্য ও মনোবিকার উপস্থিত হওয়া। পর্য্যায়-

---

টীকা। পর্য্যায়শীল পীড়া, শোথ রোগ সংযুক্ত পীড়া, গণ্ডমালা রোগ, চর্ম্মরোগ, হাঁপানি, বিসূচিকা ও প্রবল উদরাময়, ক্ষটিকা, মৃগী ও পক্ষাঘাত ইত্যাদিতে বিশেষ ব্যবহার্য্য।

ক্রমে বেদনা প্রকাশ, বিশেষতঃ প্রত্যহ কিম্বা চতুর্থ দিবসে প্রকাশ পাওয়া। বেদনাক্রমণের সঙ্গে কম্পন, শীতলতা, উৎকণ্ঠা, দুর্বলতা ও বসিতে অপারগতা ইত্যাদি সংমিলিত। অন্যের বাক্যে কিম্বা আক্রান্ত পার্শ্বে শয়নে বেদনা বৃদ্ধি। বাহ্যিক উত্তাপ কিম্বা দণ্ডায়মানাবস্থায় ও শরীর সঞ্চালনে বেদনা হ্রাস হয়।

সাধারণ লক্ষণ। শরীরের বাহ্য ও অভ্যন্তরাংশের জ্বালাযুক্ত বেদনা। শোথবৎ স্ফীততা, গণ্ডমালা রোগ। অত্যন্ত অবসন্নতা ও বলহীনতা। কৃশতা, ক্ষয়কাস। শিশুদের পোষণাভাব। মূর্চ্ছা, আক্ষেপ, খেঁচুনি, মৃগী, অঙ্গ স্পন্দন ও কম্পন ও সুরাপায়ীদের অঙ্গ স্পন্দন। সাংঘাতিক ওলাউঠা। শীতলতা ও আর্দ্রতা জনিত পীড়া। আকর্ষক ও ছেদক (বাতের) বেদনা বিশেষতঃ অঙ্গাদিতে, তৎসহ আক্রান্ত পার্শ্বে শয়নে অশক্তি। সঞ্চালনে বেদনার হ্রাস।

চর্ম্ম। শুষ্ক পার্চমেণ্টের ন্যায় বা চামড়ার অথবা নীল ও শীতল চর্ম্ম। জ্বালা ও জ্বালাযুক্ত কণ্ডুয়ন। চুলকানির ন্যায় উদ্ভেদ। রক্ত ও ক্ষুদ্র ক্ষুদ্র জলপূর্ণ বিশেষতঃ শ্বেতবর্ণ উদ্ভেদ। আমবাত বা শীতপিত্ত। সপূঁয উদ্ভেদ। লোহিতবর্ণ সপূঁয উদ্ভেদ, তাহা পরে মামড়ী, জ্বালাযুক্ত ও বিস্তৃত ক্ষতে পরিণত হয়। পচিতবৎ কাল উদ্ভেদ; উন্নত, শক্ত ও ধার বিশিষ্ট ক্ষত ও তৎসঙ্গে উজ্জ্বল লালবর্ণ চক্র; দুর্গন্ধ রসতোনি নিঃসরণ সহ উন্নত মাংসাঙ্কুর। কর্কটিকা ও পচিত ক্ষত। পাতলা রক্তবর্ণ পূঁযবিশিষ্ট ক্ষত, কিম্বা অত্যন্ত জ্বালা ও বেধনবৎ বোধ। রক্তপূর্ণ ফোস্কা দ্বারা সর্ব্বাঙ্গ আচ্ছন্ন। বিস্ফোটক। হিমজাত স্ফোটক। সপূঁয দদ্রু ও তাহাতে জ্বালা; শিরা সকল মোটা ও শিথিল।

নিদ্রা। অনিদ্রা, অসুখ ও পার্শ্বপরিবর্ত্তন। নিদ্রা আসিবার সময় চমকাইয়া উঠা। কেবল অর্দ্ধ নিদ্রা, সর্ব্বদা দন্ত কিড়মিড়া ও কোঁকান দ্বারা নিদ্রাভঙ্গ হয়। ভয়ানক স্বপ্ন। রাত্রিতে অস্থিরতা, ও তাহার সঙ্গে হৃদয় স্থলে যন্ত্রণাবোধ।

জ্বর। সমুদায় শরীর শীতল, নাড়ী গতিবিহীন ও শীতল নির্য্যাসবৎ ঘর্ম্ম। শীত ও কম্প, পিপাসাভাব, বিশেষ পানান্তে। মস্তক ঘূর্ণন, ভার ও দুর্ব্বলতা বোধের পর পিপাসা, ও ঘর্ম্ম ব্যতীত জ্বরাক্রমণ, তৎসঙ্গে কর্ণে শব্দ, তৎপরে কপালে কন্‌কনে বেদনা। রাত্রিতে জ্বালাযুক্ত উত্তাপ ও শিরাগুলিতেও জ্বালাবোধ। ঐকাহিক, দ্ব্যাহিক ও ত্র্যাহিক জ্বর ও তাহার সঙ্গে অস্পষ্ট শীত ও উত্তাপ; অস্থিরতা ও পিপাসা, নতুবা শীত ও উত্তাপের সময় পিপাসা-বিহীনতা। শীতল নির্য্যাসবৎ ঘর্ম্ম। রাত্রিতে ঘর্ম্ম। নাড়ী বিশৃঙ্খল, দ্রুতগামী, দুর্ব্বল ও ক্ষুদ্র।

মানসিক লক্ষণ। অতিশয় উৎকণ্ঠা ও অস্থিরতা ও তৎজন্য দিনে ইতস্ততঃ ভ্রমণ, রাত্রিতে শয্যা হইতে বাহির হওয়া একাকী থাকিতে আশঙ্কা। মরিতে অতিশয় ভয়। বিরক্তি স্বভাব। ধর্ম্মের নিমিত্ত বিমর্ষতা ও চিত্ত উচাটন। প্রলাপ।

মস্তক। ভ্রমি ও মস্তক আন্দোলন, কিম্বা পতনোপক্রম। কপালে স্পন্দক বেদনা ও তৎসঙ্গে বমনেচ্ছা। কন্‌কনে, মূর্চ্ছা হওনবৎ বেদনা ও ভারবোধ। পর্য্যায়িক শিরঃপীড়া। মস্তক ও মুখমণ্ডল স্ফীত। মস্তকে টাকপড়া। মস্তকে দহনশীল সপূঁয উদ্ভেদ। কেশযুক্ত স্থান সকলে বেদনা বোধ।

চক্ষু। চক্ষুর প্রদাহ ও ভয়ানক জ্বালা। গণ্ডমালা রোগ-যুক্ত প্রদাহ। চক্ষুপাতার অভ্যন্তরাংশে প্রদাহ ও চক্ষু মেলিতে

অপারগতা। চক্ষু হইতে জলপড়া। রাত্রিতে চক্ষু আঁটিয়া থাকা। চক্ষুপাত অত্যন্ত স্ফীত ও প্রদাহিত। উগ্র ও ক্ষতকারক অশ্রু জল। ফ্যাল্ ফ্যাল্ করিয়া চাহিয়া থাকা। অত্যন্ত আলোকাসহ্যতা। অক্ষিপুটের আক্ষেপিক নিমীলন।

কর্ণ। কর্ণে গুন্ গুন্ শব্দ ও শ্রবণশক্তির হ্রাসতা, যেন কর্ণ বন্ধ হইয়া আছে।

নাসিকা। মস্তকে অতিশয় আর্দ্র শীতলতা। উগ্র ও দাহক জলনিঃসরণ ও সৎসঙ্গে হাঁচি।

মুখমণ্ডল। মুখাকৃতি বসা, মুখ ও চক্ষু বসা ও তাহার চারি পার্শ্বে নীলিমা রেখা ও নাসিকা সরু। মুখমণ্ডল মৃতবৎ পাণ্ডুবর্ণ। পীত, নীল ও নীলাভ মুখমণ্ডল। অল্প স্ফীত লোহিত-বর্ণ মুখমণ্ডল। মুখাকৃতি বিকৃতাবস্থাপন্ন। মুখাকৃতি মৃতবৎ। মুখ স্ফীত বিশেষতঃ চক্ষুপাতার নিম্নে। আকর্ষক ও জ্বালাযুক্ত মুখশূল। মামড়ীযুক্ত ক্ষত, মুখে কর্কটিকা। মুখগহ্বরের নিকট উদ্ভেদ। ঈষৎ নীল ও কাল কিম্বা শুষ্ক ওষ্ঠ। হন্বাস্থির গ্রন্থি স্ফীত ও তাহাতে খেত্লানবৎ বেদনা।

দন্ত। আকর্ষক চাপ। আক্ষেপিক দন্তঘর্ষণ।

মুখগহ্বর। জিহ্বা নীলাভ ও শ্বেতবর্ণ মলাবৃত কিম্বা ঈষৎ কাল ও পাটকিলে বর্ণ এবং তাহা শুষ্ক ও বিদারিত। জিহ্বা-স্ফীত ও শটিত, মুখে দুর্গন্ধ। মাড়ীর শিথিলতা বা শীতাদ রোগ। অতিশয় পিপাসার সহিত মুখগহ্বরের শুষ্কতা। তাড়াতাড়ি বাক্য কথন।

গলনলী। গিলিতে গলায় ক্ষতানুভব, যেন ভিতরে

ফুলিয়াছে। জ্বালাযুক্ত বেদনা, গলার শটিত ক্ষত। গিলিতে বাধা, যেন উক্ত স্থান অবশ ও কার্য্যাক্ষম হইয়াছে। হরিৎ ও ধূসর বর্ণের শ্লেষ্মা সঞ্চয়।

ক্ষুধা ও আস্বাদ। মুখে তিক্তাস্বাদ—বিশেষতঃ পান-ভোজনান্তে। পচা ও অম্লাস্বাদ। ভয়ানক জ্বালাযুক্ত অনিবার্য্য পিপাসা। সতত পান করিতে বাধ্য হওয়া, কিন্তু প্রতিবারে অল্প পরিমাণে কিম্বা সম্পূর্ণরূপে পিপাসাভাব। ক্ষুধাভাব। বরফ, অম্ল ও ফলাদি ভোজন জনিত পাকাশয়ের অজীর্ণতা।

আমাশয়িক লক্ষণ। সর্ব্বদা হিক্কা ও শূন্য উদ্গার। বিবমিষা, শয়নেচ্ছা। মুখ দিয়া জলউঠা। বমন,—আহার ও পানান্তে হয়। পুরাতন বমন রোগ, যাহাতে সমুদায় ভুক্ত ও পিত্ত দ্রব্য উদ্গীর্ণ হয়। পীত ও হরিৎ বর্ণের শ্লেষ্মা, কিম্বা পিত্ত বমন অথবা পাটল কিম্বা কৃষ্ণবর্ণের দ্রব্য ও রক্ত বমন। বমনের সহিত তরল মলত্যাগ ও তৎসঙ্গে অতিশয় পেট বেদনা, আভ্যন্তরিক জ্বালা ও পিপাসা। জল পানেচ্ছা ও অতিশয় দুর্ব্বলতা।

পাকাশয়। পাকাশয় ও পাকাশয়ের উপরিভাগে সাতিশয় বেদনা। স্পর্শে বেদনাধিক্য। পাকাশয়ে প্রস্তর সদৃশ চাপবোধ। আহারের পর শূল বেদনা। আক্ষেপিক বেদনা। পাকাশয় ও তদূর্দ্ধ প্রদেশে উত্তাপ ও জ্বালা, ও তৎসঙ্গে বেদনা ও ক্লেশ। পাকাশয়ের বিস্তীর্ণতা ও পেট ফাঁপা।

উদর। সাতিশয় শূল বেদনা ও তৎসঙ্গে উদরে অত্যন্ত যন্ত্রণা। উদর স্ফীত, শক্ত ও বেদনাযুক্ত কর্ত্তনবৎ শূল কিম্বা আক্ষেপিক বেদনা। সমুদায় উদরে জ্বালাযুক্ত বেদনা; উদরের

শীতলতা ও শীতানুভব। সাময়িক শূল বেদনা। উদর স্ফীততা। উদরী।

মলাদি। উদরাময়, আহারের পর বার বার মল-ত্যাগ ও তৎসঙ্গে কোঁতানি ও শূল ও বমন, কিম্বা সাতিশয় অবসন্নতা। অনৈচ্ছিক মলত্যাগ। সমুৎসর্গ জ্বালাযুক্ত, পৈত্তিক ও অজীর্ণ আমময়; পচা, জলীয় বা রক্ত মিশ্রিত। জ্বালাযুক্ত স্ফীতি কিম্বা বেদনান্বিত অর্শ।

মূত্রযন্ত্র। মূত্রানুৎপাদন, কষ্টকর মূত্রত্যাগ। সরক্ত ও জ্বালাযুক্ত প্রস্রাব।

ঋতু। সাতিশয় রজোনিঃসরণ। শ্বেতপ্রদর ও ক্ষতকর শ্বেতপ্রদর। নানাপ্রকার বেদনাযুক্ত রজঃস্রাব ও রজঃ রোধ। অকালে ঋতুস্রাব।

শ্বাসনলী ও কাশি। শ্বাসনলীতে শুষ্কতা ও কাশি। শুষ্ক কাশি, ক্ষুদ্র হক্ হকে কাশি ও হৃদয়ের ভিতর ক্ষতবৎ বোধ। দম্ আটকানর সঙ্গে কাশি, যেন তাহা গন্ধকের ধূম দ্বারা উৎপন্ন অথবা পানান্তে, কিম্বা গলার ভিতর সুড়সুড়ী দিলে কাশি। সন্ধ্যা-কালে শয়ন করিলে কাশি, শ্লেষ্মা নিঃসরণে কষ্ট, শ্লেষ্মা অল্প ও সফেণ কিম্বা আঠাবৎ বক্ষাভ্যন্তরে স্থিত। শ্লেষ্মাসহ রক্ত বিন্দু। সাময়িক কাশি।

বক্ষঃ ও শ্বাসপ্রশ্বাস। ক্লেশ ও উৎকণ্ঠাযুক্ত শ্বাসরোধ। ক্লেশিত শ্বাসপ্রশ্বাস, পর্ব্বতে উঠিবার কিম্বা দ্রুতবেগে ভ্রমণের সময় হয়। নিশ্বাস বদ্ধ ও দম্ আটকানবৎ, কখন কখন তৎসঙ্গে অতিশয় দুর্ব্বলতা ও অবসন্নতা। সন্ধ্যার পর শয়ন করিলে নিশ্বাস টানিতে কষ্ট। বক্ষের সংকোচন ও যন্ত্রণা, জ্বালা কিম্বা

চর্ম্ম নিঘর্ষণ বোধ। হৃদ্‌স্পন্দন ও তৎসঙ্গে অতিশয় যন্ত্রণা, বিশেষতঃ রাত্রিতে। বক্ষঃস্থলে ও তাহার অস্থিতে গুলিবেধবৎ বোধ।

শাখাদ্বয়। হস্তে আকর্ষণ ও ছেদন বোধ, বিশেষতঃ রাত্রিতে। অধঃশাখায় ক্ষত, পদাগ্রে ক্ষতবিশিষ্ট ফোস্কা। পাদস্ফীতি, উষ্ণ, উজ্জ্বল ও জ্বালাযুক্ত আরক্ত চিহ্ন সকল। অঙ্গ সকলের কম্পন। হাঁটুতে বেদনা, যেন থেৎলিয়া গিয়াছে।

৪। বেলেডোনা—বেলে।

বিশেষ লক্ষণ। রক্তপ্রধান ধাতু লোকের পক্ষে বিশেষ উপযোগী। যাহাদের শরীর প্রদাহপ্রবণ কিম্বা গণ্ডমালা ধাতুযুক্ত লোক, যাহাদের গ্রন্থি সকল স্ফীততাপ্রবণ।

সাধারণ লক্ষণ। বাতের বেদনা—কন্‌কনে ও ছেদক, বিশেষতঃ অঙ্গাদিতে আক্ষেপ, স্পন্দন ও খেঁচুনী এবং বিরক্তির পর বা অঙ্গ সংস্পর্শে তাহার পুনঃপ্রকাশ। চীৎকার করা ও জ্ঞানহীনতা, প্রলাপ, অঙ্গাদির প্রসারণ ও মাংসপেশীর বৈকৃতি।

টীকা। স্নায়বীয় পীড়া, বাতজনিত প্রদাহ, আরক্ত জ্বর, বিসর্প, বিকম্পন, মস্তক ও বক্ষে রক্তসঞ্চয়, প্রাদাহিক ও স্নায়বীয় জ্বর, মানসিক চঞ্চলতা। বাতুলতা ও ভয়ানক উন্মাদ, স্নায়বীয় ও রক্তাধিক্য জনিত শিরঃপীড়া, স্নায়ুশূল, চক্ষু প্রদাহ, জরায়ুর পতন ও প্রদাহ, গলাক্ষত, দন্তশূল ও মস্তিষ্ক প্রদাহ ইত্যাদিতে বিশেষ ব্যবহার্য্য।

সমুদায় অঙ্গ বা অঙ্গবিশেষের কঠিনতা ও সঞ্চালনে অসমর্থতা। আপস্মারিক আক্ষেপ, গুল্মবায়ুজনিত আক্ষেপ। তাণ্ডব রোগ, বিশেষতঃ বালিকাদিগের। অঙ্গ কম্পন, ক্লান্তি বোধ অতিশয় সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা। পঙ্গুতা ও অবশতা। শরীরের এক পার্শ্বের পক্ষাঘাত। সর্দ্দি লাগিবার প্রবণতা ও শীতল বায়ুতে অসুস্থতা বোধ। গণ্ডমালা রোগগ্রস্ত ব্যক্তিদের পোষণাভাব ও শরীর-শুষ্কতা। শীতলতা কিম্বা ভয়, বিরক্তি, খেদ, নৈরাশ্য, কিম্বা পারদ অপব্যবহার জনিত অসুস্থতা। বাত জনিত অসুস্থতা ও তৎসঙ্গে প্রদাহ ও স্ফীততা। অঙ্গেতে চাপ, জ্বালা, চিন্ চিন ও হুলবেধ বোধ। নানাস্থানে রক্ত সঞ্চয়। আভ্যন্তরিক যন্ত্রাদির প্রদাহ ও পূঁয হওনের প্রবণতা। গণ্ডমালা ও অস্থি কোমলতাব্যাধিগ্রস্ত রোগী। মূর্চ্ছা, কখন অচৈতন্যাবস্থা; রক্তাধিক্য।

চর্ম্ম। সমান, একাকৃতি, উজ্জ্বল ঘোর লালবর্ণ চর্ম্ম—তৎসঙ্গে শুষ্কতা, উত্তাপ, কণ্ডূয়ন, জ্বালা ও ঈষৎ স্ফীততা—বিশেষতঃ মুখমণ্ডল, গ্রীবা, বক্ষ, উদর ও হস্তাদিতে। স্ফীতি বিশিষ্ট আরক্ত প্রদাহ, ফোস্কাযুক্ত বিসর্প। যখন জ্বর প্রবল থাকে। আক্রান্ত স্থান আরক্ত উষ্ণ ও স্ফীত। সর্ব্বশরীরে আরক্ত উদ্ভেদ। হামের ন্যায় উদ্ভেদ, বেগুনি বর্ণ উদ্ভেদ। বসন্ত রোগে যখন মস্তিষ্ক আক্রান্ত হয়। সজল উদ্ভেদ, খুস্কী উঠা ও শ্বেতবর্ণ ধার ও স্ফীততা। বেদনান্বিত ও পূঁযোৎপাদক গ্রন্থি স্ফীততা। গণ্ডমালা ও পারদোৎপন্ন ক্ষত সকল। কর্কটীকা। কামল বা ন্যাবা।

নিদ্রা। হাইতোলন, নিদ্রালুতা, জড়তা, নিদ্রাকর্ষণ ও আলস্য; নাসা শব্দসহ গাঢ় নিদ্রা। তন্দ্রার সহিত অনিদ্রা।

রাত্রিতে যাতনায় নিদ্রাভাব। অস্থিরতা, সর্ব্বদা নিদ্রা ভঙ্গ ও পুনঃ নিদ্রিত হওনে কষ্ট। ভয় প্রযুক্তে চম্‌কাইয়া উঠা। নিদ্রিতাবস্থায় এপাশ ওপাশ করা। চীৎকার, খেদ ও চম্‌কান। ভয়ানক ও উৎকণ্ঠিত স্বপ্ন।

জ্বর। পর্য্যায়ক্রমে শীত ও উত্তাপ। অঙ্গের এক স্থানে শীত ও শীতলতা, তৎসঙ্গে মস্তকের অন্য পার্শ্বে জ্বালাযুক্ত উত্তাপ। বাহ্যিক ও আভ্যন্তরিক অতিশয় জ্বালাযুক্ত উত্তাপ, প্রধানতঃ মস্তকে ও মুখমণ্ডলে। উষ্ণাবস্থায় প্রলাপ, মুখমণ্ডল ঈষৎ স্ফীত ও লালবর্ণ; অতিশয় তৃষ্ণা। প্রাদাহিক জ্বর, সর্দ্দি ও বাতজ্বর, দুগ্ধোৎপাদক ও সূতিকা জ্বর এবং পিত্তশ্লৈষ্মিক জ্বর, তাহার সঙ্গে ভয়ানক দুরন্ত প্রলাপ ও অজ্ঞানতা। শিরা সকল দব্ দব্ করে।

মানসিক লক্ষণ। হৃদয় স্থলে অতিশয় যাতনা ও অস্থিরতা। রাগজনিত শিশুদের ক্রন্দন ও ককান। সকম্পা নৈরাশ্য। সাহসহীনতা। স্পর্শেন্দ্রিয়ের উগ্রতা ও উত্তেজনা। প্রলাপ। উন্মত্ততা। দৌরাত্ম্য করণেচ্ছা, প্রচণ্ড উন্মত্ততা।

মস্তক। অজ্ঞানতা ও অচৈতন্যতা। চিন্তা রাহিত্য ও জ্ঞানহীনতা। মাদকতা বোধ, মস্তক ঘূর্ণন। ভ্রমি, পতন ও অজ্ঞানতা। মস্তকে রক্তাধিক্য ও তৎসঙ্গে উত্তাপ, প্রসারণ ও দব্ দব্ বোধ। শিরঃপীড়া বিশেষতঃ কপালে। কপালে কন্‌কনে বেদনা, চলিতে তাহা এত বৃদ্ধি পায়, যে তাহাতে চক্ষু মুদ্রিত করিতে হয়। শিরঃপীড়া, যেন মস্তিষ্ক চাপিত হইতেছে। অজ্ঞানকর শিরঃপীড়া, প্রধানতঃ কপালে ও চৈতন্যাভাব, কিম্বা এরূপ বোধ যেন মস্তিষ্ক বিদীর্ণ হইল। সাময়িক স্নায়বীয় শিরঃপীড়া। মস্তিষ্কে দব্ দব্ অনুভব। মস্তকে সূচীবেধক ও ছেদক বেদনা।

মস্তক ভারি ও পূর্ণ। খোঁচানীযুক্ত কম্পন ও মস্তকের পশ্চাদ্ভাগ বক্র। বালিসের নিম্নে মস্তক ঘসড়ান। মস্তকে জলপূর্ণতানুভব। চক্ষু নাড়িলে শিরঃপীড়া বৃদ্ধি। সঞ্চালনে, সংস্পর্শে কিম্বা বায়ু-স্পর্শেও শিরঃপীড়ার বৃদ্ধি।

চক্ষু। অক্ষিকোটরে বেদনা। উভয় চক্ষে জ্বালা ও শুষ্কতা বোধ। চক্ষু-প্রদাহ ও তাহা লাল ও স্ফীত, এবং চক্ষুপাতা উল্‌টান। নবজাত শিশুদের চক্ষু-প্রদাহ। সর্দ্দির পর, বাত ও গণ্ডমালা রোগগ্রস্তদের চক্ষু প্রদাহ। চক্ষুর বহির্দ্দিক হইতে ভিতর দিকে কন্‌ কনে বেদনা। চক্ষুপাতায় জ্বালা ও কণ্ডূয়ন। চক্ষুপাতা ভার ও চক্ষু উত্তপ্ত; শূন্য দৃষ্টি। চক্ষু ঝাপ্‌সা, বসা ও ঔজ্জ্বল্যবিহীন, অথবা লাল ও উজ্জ্বল। চক্ষু অর্দ্ধ উন্মীলিত। উন্নমিত একদৃষ্টে চাওয়া। কনীনিকা প্রসারিত। জ্বালাযুক্ত অশ্রুস্রাব। দৃষ্টি অবি-শদ, আংশিক অন্ধতা। মুদ্রিত অক্ষর পড়িতে অক্ষমতা। চক্ষুতে আক্ষেপ। তীর্য্যক দৃষ্টি। আলোকাসহ্যতা। চক্ষুপাতা জোড়া লাগা। রাত্র্যন্ধতা, সন্ধ্যার প্রাক্কালে হয়। প্রদীপের চতুর্দ্দিকে আলোক পরিবেশ। সূক্ষ্ম কর্ম্ম করিতে দৃষ্টির দুর্ব্বলতা।

কর্ণ। কাণ কামড়ান, ছিদ্রকরণবৎ ও পেঁচ দ্বারা বিদ্ধ করণবৎ বেদনা। কর্ণের নিম্নস্থ গ্রন্থিতে ছোকে ও সূচীবেধবৎ বেদনা। বাহ্য ও অভ্যন্তর কর্ণের উপর হইতে নিম্নভাগে বিদীর্ণতা বোধ। কর্ণে ঝন্ ঝন্ এবং গুন্ গুন্ ও মর্ম্মর শব্দ। কর্ণে গর্জ্জনবৎ উচ্চ শব্দ। শীতলতা হইতে শ্রবণশক্তির হ্রাসতা। তরুণ প্রদাহ কর্ণনিম্নস্থ লালোৎপাদক গ্রন্থিতে প্রাদাহিক স্ফীততা ও শূলবেধবৎ বেদনা।

নাসিকা। প্রাদাহিক স্ফীততা, বাহ্য ও আভ্যন্তর নাসিকা

লালবর্ণ। নাসিকা হইতে রক্তস্রাব। ঘ্রাণশক্তির হ্রাস ও বৃদ্ধি। নাসিকা ক্ষত। মস্তকে সর্দ্দি ও কাশি, দ্রব সর্দ্দি ; নাসিকায় পচিত গন্ধ, নাসিকা স্পর্শে থেৎলান বেদনা বোধ। রাত্রিকালে নাসি-কাতে সূচীবেধবৎ বোধ।

মুখমণ্ডল। মুখমণ্ডল লোহিতবর্ণ, জ্বালাযুক্ত ও উষ্ণ। নীলিম, রক্তিম ও ঈষৎ স্ফীত মুখমণ্ডল। মুখমণ্ডল পাণ্ডুবর্ণ, বসা ও বিকৃত ভাবাপন্ন ও যাতনা প্রকাশক। মুখমণ্ডলে গাঢ় রক্তবর্ণ চিহ্ন। গণ্ডদেশ স্ফীত ও উত্তপ্ত। মুখশূল ও কর্ত্তনবৎ বেদনা। মুখমণ্ডলে বিস্তীর্ণ আরক্ত প্রদাহ। মুখগহ্বরের দ্বারপার্শ্বে উদ্ভেদ, স্পর্শে তাহা বেদনাযুক্ত। মুখমণ্ডল পাণ্ডুবর্ণ ও তাহা কখন কখন হঠাৎ লোহিতবর্ণ হয়। গাঢ় লালবর্ণ মুখমণ্ডল। উজ্জ্বল লালবর্ণ মুখমণ্ডল ও তৎসঙ্গে অনির্ব্বচনীয় শিরঃপীড়া। গণ্ডদেশ ও মুখপার্শ্ব স্ফীত, জ্বালাযুক্ত ও বেদনান্বিত। ওষ্ঠাধর ঘোর লাল। ওষ্ঠাধের স্ফীত। মুখগহ্বর অর্দ্ধ বিকশিত অথবা আক্ষেপিক ভাবে বন্ধ। মুখমণ্ডল ও মুখগহ্বরের বিকম্পন যদ্বারা উহা তীর্য্যক ভাবে কর্ণের দিকে আকৃষ্ট হয়। গ্রীবাদেশীয় ও হনুর নিম্নস্থ গ্রন্থিতে প্রদাহ ও স্ফীততা ; চোয়ালে ছেদক বেদনা।

দন্ত। চোয়াল বন্ধ, দাঁত কিড়মিড়ী ও মুখ হইতে ফেণা নিঃসরণ। সমস্ত রাত্রি উর্দ্ধ ও দক্ষিণ পার্শ্বের দন্ত-পংক্তিতে অতীক্ষ্ণ আকর্ষণানুভব, খননবৎ দন্তশূল। দন্ত সকলের দীর্ঘতা বোধ। বাত জনিত দন্তশূল, বিশেষতঃ স্ত্রীলোকদের গর্ভাবস্থায় হয়। বিদীর্ণকর দন্তশূল ও তাহার সন্ধ্যাকালে বৃদ্ধি। দন্তশূল ; লাল ও উষ্ণ মুখমণ্ডল ; মস্তকে দব্‌দব্। গর্ভবতী স্ত্রীলোকদিগের দন্তে দব্‌দব্ কষ্টকর দন্তোদ্ভেদ।

মুখগহ্বর। মুখগহ্বরের ভিতর ও কোমল তালু আরক্ত, প্রদাহিত ও স্ফীত; জিহ্বা বেদনা বিশেষতঃ স্পর্শে। জিহ্বা লাল,উষ্ণ ও শুষ্ক এবং উহার ধার লালবর্ণ ও মধ্যে শ্বেতবর্ণ। জিহ্বা ফাটা। জিহ্বা শ্বেতবর্ণ মলাবৃত ও লালাস্রাব। জিহ্বাগ্রভাগে যেন ফোস্কা হইয়াছে এরূপ বোধ, স্পর্শে অত্যন্ত বেদনাকর জ্বালা। জিহ্বার উপরে ক্ষুদ্র ক্ষুদ্র উচ্চতাগুলি উজ্জ্বল, লাল, প্রদাহিত ও স্ফীত। জিহ্বা কম্পন; তোত্‌লা, বাকযন্ত্রের দুর্ব্বলতা। অনুনাসিক স্বর। মুখগহ্বরে অধিক পরিমাণে আঠাবৎ শ্লেষ্মাসঞ্চয়। অধিক লালা-স্রাব। জিহ্বা শ্বেত, পীত, ধূসর বর্ণের মলাবৃত ও কঠিন শ্লেষ্মাবৃত। জিহ্বার প্রাদাহিক স্ফীততা। মুখগহ্বর ও গলাভ্যন্তর অত্যন্ত শুষ্ক ও তৎসহ পিপাসাভাব। মুখগহ্বর ও নাসিকা হইতে রক্তস্রাব।

গলাভ্যন্তর। তালুতে শীতলতা ও ক্ষতবৎ বোধ, ও গলায় অত্যন্ত শুষ্কতা ও জ্বালা। মুখগহ্বরের পশ্চাৎ অংশে ও গলার প্রদাহ। গলার ক্ষত ও আভ্যন্তরিক স্ফীততাজনিত শুলবেধক বেদনা। গলার ভিতর স্ফীততা। থুথু ফেলিতে ও গিলিতে ক্ষতবৎ বোধ। গলায় দলা দলা বোধ ও তাহা সহজে সঞ্চালিত হয় না। নিশ্বাস টানিতে ও গিলিতে ভয়ানক ছুরিকা বেধনবৎ বেদনা। তালুপার্শ্বগ্রন্থি প্রদাহ, তাহাতে স্ফীততা ও পূঁয। কোমল তালু ও আলজিহ্বা আরক্তিম ও স্ফীত। তরল পদার্থ পর্য্যন্তও গিলিতে বাধকতা ও অক্ষমতা এবং তাহা নাসিকা দ্বার দিয়া বাহির হইয়া যায়। গলার উদ্ধাংশের সংকীর্ণতা ও বেদনাজনক আকুঞ্চন। গিলিতে এরূপ বোধ হয়, যেন গলা অত্যন্ত সংকীর্ণ হইয়াছে, ও কোন দ্রব্য গলার নিচে যাইতে পারিবে না। সকল প্রকার তরল পদার্থে ঘৃণা ও অরুচি।

ক্ষুধা ও আস্বাদ। ক্ষুধাভাব, মুখের স্বাদবিহীনতা। জিহ্বা পরিষ্কার থাকা সত্ত্বেও বিরক্তিকর স্বাদ। পচিত আস্বাদ, আহারে অরুচি। সম্পূর্ণরূপে অক্ষুধা। পিপাসাভাব। ভয়ানক, জ্বালাযুক্ত, শ্বাসরোধক ও অনিবার্য্য তৃষ্ণা, বিন্দুমাত্রও পানে অশক্তি কিম্বা অতিশয় অনিচ্ছা।

আমাশয়িক লক্ষণ। সতত তিক্ত উদ্গার, ক্ষুধাভাব ও বমি। অর্দ্ধ রুদ্ধ উদ্গার, বার বার ভয়ানক হিক্কা। হিক্কাবৎ উদ্গার। এক প্রকার আক্ষেপিক উদ্গার। বিবমিষা ও আহারে ঘৃণা। পিত্ত ও শ্লেষ্মা কিম্বা জল বমন। বমী করিতে নিষ্ফল উদ্যম। শূন্য উদ্গার।

পাকাশয়। কঠিন বেদনাযুক্ত চাপন বোধ বিশেষতঃ আহারের পর। পাকাশয়ের উপরিভাগে বেদনান্বিত চাপ, ভ্রমণে অনুভব হয়। থাল ধরার ন্যায় পাকাশয়ে আক্ষেপ।

উদর। স্থায়ী শূল। উদরে প্রস্তরবৎ চাপ। উদর বিস্ফারিত, কিন্তু শক্ত বা বেদনাযুক্ত নহে। অধঃস্থ ক্ষুদ্রান্ত্রে থাল ধরার ন্যায় আকুঞ্চক বেদনা। নাভির চতুষ্পার্শ্বে এরূপ সংকীর্ণতা বোধ, যেন একটি গোলা বা চাপ তথায় উদ্ভব হইবে। উদরের একটি চিহ্নিত স্থানে লৌহনির্ম্মিত প্রেক দ্বারা আক্রান্তের ন্যায় বেদনাযুক্ত শূল। পেট কামড়ান ; নাভিতে আকুঞ্চন ও আকর্ষণ বোধ। চিমটী-কাটার ন্যায় বেদনান্বিত শূলবেদনা। বায়ুজনিত শূল, নত হইলে কিম্বা তৎস্থান চাপিলে হ্রাস হয়। উদরে বেদনা ও তাহা হাজিয়া যাওয়া বোধ। স্পর্শে উদর বেদনাযুক্ত, সন্ধ্যাকালে উদরে প্রস্তরপ্রায় চাপ, তৎসঙ্গে কটি বেদনা।

মল। উদরাময়ের মত মল। সতত মলত্যাগেচ্ছা. কখন

অতি অল্প ও কখন বা আদৌ মল নিঃসরণ হয় না। কোঁতানি ও অল্প তরল মল নিঃসরণ ও তৎপরে কোঁতানি বৃদ্ধি। কোঁতানি, শূল ও কোষ্ঠবদ্ধ। কোমল মল ও তৎসঙ্গে আম নিঃসরণ। সরলান্ত্রে আকুঞ্চক বেদনা। মলদ্বারে কণ্ডুয়ন ও আকুঞ্চনানুভব। অনৈচ্ছিক মল নিঃসরণ।

মূত্রযন্ত্র। মল মূত্র অবরুদ্ধ। প্রস্রাবে কষ্ট, মূত্রাশয়ে মূত্রসঞ্চয় ও ফোটা ফোটা করিয়া প্রস্রাব বাহির হয়। সর্ব্বদা মূত্রত্যাগেচ্ছা, কিম্বা অল্প পরিমাণে পীতবর্ণ ঘোলা মূত্র। অল্প ঘোলা, ঘোর কিম্বা লালবর্ণ মূত্র। সর্ব্বদা ও অধিক পরিমাণে প্রস্রাব। অনৈচ্ছিক মূত্র ত্যাগ ও দণ্ডায়মানাবস্থায় মূত্রধারণে অক্ষমতা।

ঋতু। ভয়ানক চাপ, যেন আভ্যন্তরিক অংশ সকল বাহির হইতেছে। জরায়ুতে রক্তাধিক্য। নিষ্ফল আক্ষেপিক প্রসববেদনা। উক্ত অংশে সূচীবেধ বোধ। জরায়ু হইতে রক্তস্রাব, কিম্বা উজ্জ্বল লালবর্ণ রক্ত-প্রবাহ, কিম্বা দুর্গন্ধ খণ্ড খণ্ড রক্ত নিঃস্রব ও চাপনানুভব। মানসিক বিশৃঙ্খলা। দন্তশূল, আক্ষেপ ও গর্ভবতীদের শূল। প্রসব বা গর্ভপাতের পর রক্তস্রাব। প্রসবান্তে খেঁচুনী। দুগ্ধোৎপাদক জ্বর। দুগ্ধের স্বল্পতা কিম্বা আধিক্য, সূতিকা জ্বর—বিশেষতঃ মানসিক বিকারের পর কিম্বা দুগ্ধস্রাব রুদ্ধ হইলে হয়। স্তনে বিস্তীর্ণ আরক্ত প্রদাহ, বিশেষতঃ সন্তানকে দুগ্ধ দেওয়া বন্ধ করিলে হয়। স্তন স্ফীত ও শক্ত। চক্ষু উঠা, আক্ষেপ, নিদ্রাভাব। নবজাত শিশুদের ক্রন্দন। দন্তোদ্ভেদের সময় ক্লেশ।

বায়ুনলী ও কাশি। বায়ুনলীর উপরাংশে অতিশয় বেদনা ও তাহা স্পর্শে শ্বাসরোধাশঙ্কা। কিম্বা গলা ফিরাইতে,

কাশিতে, কথা কহিতে ও নিশ্বাস টানিতে শ্বাসরোধ বোধ। গলায় আক্ষেপিক আকুঞ্চন। গলাভাঙ্গা। শ্বাসনলীতে ঝম্ ঝম্ ও অন্য প্রকার শব্দ। স্বর কর্কশ ও ভাঙ্গা, দুর্ব্বল ও হিঁস্ হিস্ শব্দযুক্ত। স্বরাভাব। মধ্যাহ্নে ভয়ানক কাশি ও নির্য্যাসবৎ অধিক পরিমিত শ্লেষ্মা নিঃসরণ। রাত্রিতে প্রায় শুষ্ক কাশি ও তৎসহ বক্ষে ছেদন বোধ, কিম্বা মস্তকসর্দ্দি ও বক্ষাস্থিতে সূচীবেধ বোধ। দিবা ও রাত্রে শুষ্ক কাশি, ও তৎপরে উত্তাপ ও হাঁপানি এবং বক্ষে অধিক পরিমাণে রক্ত গমন। ভয়ানক শুষ্ক কাশি, যেন কোন দ্রব্য গলার ভিতর আট্‌কাইয়া আছে; শুষ্ক আক্ষেপিক কাশি ও উদ্গার, বিশেষতঃ দ্বিপ্রহর রাত্রিতে হয়। হুপশব্দক কাশি, শূন্যগর্ভ কাশি। কাশির পূর্ব্বে ক্রন্দন কিম্বা পাকাশয়ের বেদনা এবং বমনোদ্যম। রক্তবর্ণ শ্লেষ্মা নিঃসরণ। রাত্রিতে অতি অল্প সঞ্চলনে কাশির পুনঃরাবির্ভাব।

বক্ষঃ ও শ্বাস প্রশ্বাস। বক্ষে ক্লেশানুভব। কষ্টকর, অনিয়মিত শ্বাস, সময়ে সময়ে তাহা দ্রুত ও মন্দগামী। শ্বাসকষ্ট। ক্ষুদ্র, দ্রুত, বেগযুক্ত, উৎকণ্ঠিত ও ক্ষণস্থায়ী শ্বাস। বক্ষে চাপ ও তাহা দ্বারা হৃদয় আক্রান্ত। গিলিতে, গ্রীবা সঞ্চালনে ও স্পর্শে শ্বাসরোধাশঙ্কা। কাশিতে ও হাঁই তুলিতে বক্ষে সূচীবেধবোধ ও তৎসহ কাশিতে অভিলাষ। বক্ষে রক্তের বেগে গমন। ভয়ানক হৃৎস্পন্দন, মস্তকে প্রতিঘাত। হৃৎকম্পন, যন্ত্রণা ও কন্‌কনে বেদনা।

পৃষ্ঠ। পশ্চাৎ গ্রীবা শক্ত। গ্রীবায় ও পশ্চাৎ গ্রীবায় বেদনান্বিত স্ফীততা ও কঠিনতা। গ্রীবায় ও কক্ষতলস্থ গ্রন্থিগণের বেদনাযুক্ত স্ফীততা। গ্রীবাদেশের শিরা ও ধমনীগণের দব্ দব্ স্পষ্ট অনুভব।

শাখাদ্বয়। বিদীর্ণকর বেদনা ও তৎসঙ্গে স্কন্ধেতে চাপ, হস্তে হঠাৎ তীরবেধন বোধ, বিশেষতঃ রাত্রিতে তাহা কষ্টপ্রদ হয়। বাহুতে চাপ ও খঞ্জতা সহ দুর্ব্বলতা। বাহু ও প্রকোষ্ঠ স্ফীত ও ঘোর লালবর্ণ। বাহু ও হস্ত বেদনান্বিত, স্পন্দিত, আক্ষেপিত ও বিকম্পিত। বাহুতে আকর্ষক চাপ ও ছেদক বেদনা ও পঙ্গুতা বোধ। বঙ্ক্ষণ সন্ধিতে বাত ও তাহা রাত্রিতে ও স্পর্শে ভয়ানক বৃদ্ধি। বঙ্ক্ষণ সন্ধির কাঠিন্য। জংঘা ও পদের গুরুত্বানুভব ও পঙ্গুতা বোধ।

৫। ব্রাইওনিয়া য়্যাল্‌বা—ব্রাই।

বিশেষ লক্ষণ। রাত্রিতে আহারের পর এবং সঞ্চরণে লক্ষণাদি বৃদ্ধি পায়।

সাধারণ লক্ষণ। বাত ও ক্ষুদ্র সন্ধিস্থ বাতজনিত চাপক, আকর্ষক, ছেদক ও সূচীবেধ বোধ, বিশেষতঃ অঙ্গাদিতে এবং তাহা সঞ্চালনে বৃদ্ধি ও তৎসহ স্পর্শাসহ্যতা। শাখাদ্বয়ে পঙ্গুতা ও থেতলান বোধ। বাতযুক্ত, আরক্ত, উজ্জ্বল স্থানিক স্ফীততা এবং নাড়িতে হুলবেধবৎ অনুভব। বিশ্রামাবস্থায় আক্রান্ত স্থানে

টীকা। বাতজনিত পীড়া, বাতজ্বর, প্রাদাহিক জ্বর ও তৎসঙ্গে আমাশয়িক, স্নায়বীয় ও পৈত্তিক লক্ষণাদি। আমাশয়িক ও অজীর্ণ পীড়া, কোষ্ঠবদ্ধ, বক্ষঃ প্রদাহ, ফুসফুসাবরক ঝিল্লী প্রদাহ, ফুসফুস প্রদাহ ও দুগ্ধোৎপাদক জ্বর ইত্যাদিতে বিশেষ ব্যবহার্য্য।

স্বেদ নিঃসরণ ও বেদনা উপশমিত হইলে উক্ত স্থানের কম্পন। থেৎলান কিম্বা ক্ষতবৎ বেদনা, যেন মাংস সকল অস্থি হইতে উঠিয়া গিয়াছে। গ্রন্থিগণের স্ফীতত্ব ও কাঠিন্য। বিরক্তি কারণোদ্ভূত অসুখ ও অন্যান্য কারণজনিত অসুখের তৎসঙ্গে শরীরে শীতলতা ও শীত বোধ। গুল্ম যুক্ত লক্ষণ।

চর্ম্ম। চর্ম্ম পীতবর্ণ, বাদামী। স্তনপানের বিস্তীর্ণ আরক্ত প্রদাহ। প্রসবের পর স্ত্রীলোকদিগের ও শিশুদের গাত্রে উদ্ভেদ। শ্বেতবর্ণ, জলপূর্ণ, ক্ষুদ্র ক্ষুদ্র উদ্ভেদ। আরক্ত জ্বরের ও হামের উদ্ভেদের তিরোভাবজনিত পীড়া।

নিদ্রা। অনিদ্রা, বিশেষতঃ দ্বিপ্রহর রাত্রির পূর্ব্বে। প্রধানতঃ বক্ষের ভিতর উত্তাপ ও উৎকণ্ঠা। নিদ্রাবস্থায় ভ্রমণ (নিদ্রাচর)। অচৈতন্যবৎ নিদ্রা, প্রলাপ দ্বারা তাহা ভঙ্গ হয়।

জ্বর। শরীরে শীত ও শীতলতা, শয্যাতেও এরূপ বোধ। কম্পকর শীত, সর্ব্বদা তৎসঙ্গে মস্তকের উষ্ণতা। মুখমণ্ডল লোহিতবর্ণ ও তৃষ্ণা। আভ্যন্তরিক ও বাহ্য সার্ব্বাঙ্গিক শুষ্ক উত্তাপ, তৎসঙ্গে প্রধানতঃ শীতল পানীয়ে ইচ্ছা। রাত্রিতে ও প্রাতেঃ স্বেদ নিঃসরণ। বসন্ত ও ক্ষুদ্র ক্ষুদ্র উদ্ভেদ সম্বন্ধে জ্বর, উদ্ভেদ বাহির হওয়ার পূর্ব্বে জ্বর। হাম ও আরক্ত জ্বরের আনুষঙ্গিক পীড়া।

মানসিক লক্ষণ। ভীরুতা, ভবিষ্যতের জন্য অসুখ ও আশঙ্কা। উগ্রতা, বিরক্তি, প্রচণ্ডতা। প্রলাপ বকা, বিশেষতঃ রাত্রিতে।

মস্তক। মস্তক নত করিলে ভ্রমি। উপবেশনাবস্থা বা শয়নাবস্থা হইতে উত্থান কালে ভ্রমি। প্রত্যেক বার আহারের পর শিরঃপীড়া। মস্তকে ভার ও পূর্ণতা বোধ, তৎসহ কপালের

দিকে খননবৎ চাপ। মস্তক নত করিলে শিরঃপীড়া, যেন মস্তিষ্কাদি কপাল দিয়া বহির্গত হইল। সমুদায় মস্তক কিম্বা মস্তকের এক পার্শ্বে সূচীবেধ বোধ। উভয় শঙ্খদেশে বেদনা, ভিতর হইতে বহির্দ্দিকে চাপবোধ। মস্তক উত্তপ্ত ও তাহাতে রক্তসঞ্চয়। দব্ দবে শিরঃপীড়া, নড়িলে বৃদ্ধি। সঞ্চালনে শিরঃপীড়া বৃদ্ধি। কপালে জ্বালা।

চক্ষু। চক্ষুতে চাপ, যেন বালুকা দ্বারা চক্ষু পূর্ণ। চক্ষু জ্বালা। চক্ষুর ও তাহার পাতার প্রদাহ, বিশেষতঃ নবজাত শিশুদের ও বাতরোগগ্রস্ত ব্যক্তিদের অক্ষিপুটে শুষ্ক, জ্বালাযুক্ত ও কণ্ডুয়ন বিশিষ্ট দদ্রু। আলোকাসহ্যতা।

কর্ণ। কর্ণে গুণ গুণ শব্দ। শব্দাসহ্যতা। কর্ণ বন্ধ হওন বৎ বোধ।

নাসিকা। নাসিকা স্ফীত ও স্পর্শে ভয়ানক ক্ষতবৎ বেদনা। নাসারন্ধ্র প্রদাহিত ও ক্ষতযুক্ত। নাসিকা হইতে রক্তস্রাব ও তাহা রজঃলোপের সময় হয়। মস্তকে শুষ্ক সর্দ্দি।

মুখমণ্ডল। মুখমণ্ডল পাণ্ডু, পীত ও নীলবর্ণ। আরক্ত, উষ্ণ, ও জ্বালাযুক্ত মুখমণ্ডল। মুখমণ্ডল ঈষৎ স্ফীত। ওষ্ঠ স্ফীত, বিদারিত ও শুষ্ক।

দন্ত। দন্তে অস্থির ও দাহ্যমান বেদনা। মুখগহ্বরে উষ্ণ বস্তু প্রবেশ বশতঃ দন্তশূল। দন্তের শিথিলতা ও দীর্ঘতা বোধ।

মুখগহ্বর। মুখগহ্বরের শুষ্কতা সহ প্রবল তৃষ্ণা। জিহ্বা শ্বেত ও পীতবর্ণ মলাবৃত। জিহ্বা শুষ্ক।

গলাভ্যন্তর। গলাভ্যন্তর অত্যন্ত শুষ্ক, গিলিতে বা স্পর্শে গলার ভিতরে বেদনানুভব।

ক্ষুধা ও আস্বাদ। অক্ষুধা। অতীক্ষ্ণ রসহীন বিস্বাদ আস্বাদ। সকল বস্তু তিক্তবোধ। ভয়ানক তৃষ্ণা, আহারে অরুচি। অপথ্য সেবনে ইচ্ছা। স্বাদাভাব।

আমাশয়িক লক্ষণ। সর্ব্বদা শূন্য উদ্গার ও অনেক সময় তাহা তিক্ত। ভুক্ত দ্রব্য উদ্গীরণ, প্রত্যেকবার আহারের পর উদ্গীরণ। প্রাতে জাগিলে বিবমিষা। শূন্য উদ্গার ও মুখ দিয়া জল উঠা। পানান্তে ভুক্তদ্রব্য বমন কিম্বা তিক্ত বমন। রক্তবমন। সুস্বাদু আহার্য্য দ্রব্য ভক্ষণের পর বমনেচ্ছা।

পাকাশয়। আহারান্তে পাকাশয়ে প্রস্তরবৎ চাপ। পার্শ্ব-শয়নে বা পদ-স্খলনে পাকাশয় ও পাকাশয়োর্দ্ধ প্রদেশে সূচীবেধ বোধ। সঞ্চরণকালে পাকাশয়ে জ্বালা।

উদর। যকৃতে বেদনা প্রধানতঃ বেধক, আকর্ষক ও জ্বালাযুক্ত বেদনা, বিশেষতঃ উহা স্পর্শ করিলে ও কাশিতে কিম্বা শ্বাস টানিতে অনুভব হয়। উদরে কর্ত্তন ও সূচীবেধনবৎ বেদনা, আহার ও পানের পর চিম্‌টীকাটার ন্যায় বোধ। আহারান্তে উদরাধ্মান। উদরী।

মল। কোষ্ঠবদ্ধ, পুরাতন কোষ্ঠবদ্ধ। দীর্ঘাকার মল ও তাহা ত্যাগে কষ্ট। শক্ত ও কঠিন মল এবং সবলান্ত্র নিঃসরণ। পূর্ব্বে শূলবেদনা, পরে উদরাময় কিম্বা শীতলতাজনিত উদরাময়, তৎসহ অজীর্ণ দ্রব্য মিশ্রিত মল।

মূত্রযন্ত্র। অল্প প্রস্রাব এবং তাহা লাল, পাটলবর্ণ ও উষ্ণ। মূত্রত্যাগের অনিবার্য্য ইচ্ছা।

ঋতু। কৃষ্ণবর্ণ রক্তপ্রবাহ, কটিবেদনা ও শিরঃপীড়া।

সূতিকা জ্বর, বিশেষতঃ দুগ্ধ দ্বারা স্তন পূর্ণ হইলে হয়। দুগ্ধোৎপাদক জ্বর ও তৎসঙ্গে স্তনে বাতবেদনা। সাতিশয় দুগ্ধ নিঃসরণ। স্তন প্রদাহ ও সংসঙ্গে দুগ্ধস্রাব রোধ।

বায়ুনলী ও কাশি। গলা ভাঙ্গা ও শ্লেষ্মা নিঃসরণ প্রবণতা। কাশি শুষ্ক ও তাহা গলায় সুড়সুড়ী দিলে হয়। পান ভোজনের পর আক্ষেপিক ও শ্বাসরোধক কাশি বা ভুক্ত দ্রব্য উদ্গীরণ। কাশি ও তৎসঙ্গে বক্ষে সূচীবেধনবোধ কিম্বা শিরঃপীড়া—যেন মস্তক খণ্ড খণ্ড হইয়া গেল। পীতবর্ণ শ্লেষ্মা কাশি কিম্বা পরিষ্কার রক্ত বা রক্তমিশ্রিত শ্লেষ্মা কাশি।

বক্ষঃ ও শ্বাস প্রশ্বাস। শ্বাসকৃচ্ছ্র, দীর্ঘ শ্বাস কিম্বা ক্ষুদ্র, দ্রুত ও উৎকণ্ঠিত শ্বাস। রাত্রিতে হাঁপানি ও তৎসঙ্গে উদরে সূচীবেধন। বক্ষে ও তৎপার্শ্বে সূচীবেধনবোধ, বিশেষতঃ কাশিতে কিম্বা নিশ্বাস টানিতে, ও তদ্ধেতু উপবেশন, কিম্বা চিৎ হইয়া শয়ন করিতে বাধ্য হইতে হয়। উক্ত বেদনা সঞ্চালনে বৃদ্ধি পায়। বক্ষের ভিতর উত্তাপ ও জ্বালা। হৃৎস্পন্দন সচরাচর প্রকাশ হয় এবং তৎসঙ্গে বক্ষে চাপ বোধ।

পৃষ্ঠ। কটিতে বেদনা ও তাহার অনম্যতা। সোজা হইয়া দাঁড়াইতে অক্ষমতা। গ্রীবা ও তৎপশ্চাদ্ভাগ কসা ও শক্ত।

শাখাদ্বয়। স্কন্ধ সন্ধি ও বাহুতে ছেদন, আকর্ষণ এবং সূচীবেধন বোধ, তৎসহ তৎস্থানে উজ্জ্বল স্ফীততা। কনুইয়ের চতুস্পার্শে স্ফীততা। মণিবন্ধে বেদনা, যেন তাহা মচ্কাইয়া গিয়াছে। হস্ত স্ফীত। হাঁটুতে আকর্ষণ ও বেদনাযুক্ত অনম্যতা বোধ। বাতযুক্ত উজ্জ্বল লালবর্ণ স্ফীততা। জংঘা হইতে পদ পর্য্যন্ত স্ফীততা।

বাতযুক্ত পাদস্ফীতি ও তৎসঙ্গে ঐ স্থান লালবর্ণ, উষ্ণ ও আকর্ষক বেদনান্বিত। পাদবেদনা, যেন তাহা ভ্রমণকালে মচ্‌কাইয়া গিয়াছে। জংঘার পশ্চাদ্ভাগে আকর্ষণ বোধ।

৬। ক্যালকেরিয়া কার্ব—ক্যাল্‌কে।

সাধারণ লক্ষণ।—স্থানিক খালধরা বোধ, হস্ত ও পদের অঙ্গুলির আকুঞ্চন। ক্ষুদ্র সন্ধিস্থ বাত, অঙ্গাদিতে ছিন্নতা বোধ, ঋতু পরিবর্ত্তনে ব্যাধির পুনরাগমন প্রবণতা। শীতল জল দ্বারা ধৌত কিম্বা শীতল জলে কর্ম্ম করিলে বেদনা উত্তেজিত ও বৃদ্ধি হয়। স্থানিক অবশতা। অস্থিতে স্ফীতি ও বক্রতা। অপস্মারিক বা মৃগীব আক্ষেপ। শিশুদের বেড়াইতে কষ্ট; পোষণাভাব ও তৎসঙ্গে গণ্ডমালা রোগগ্রস্ত ব্যক্তিদিগের গ্রন্থিস্ফীতত্ব। যুবকদের স্থূলকায়ত্ব। বলাভাব, বিশেষতঃ প্রাতে কিম্বা শারীরবিধান ধ্বংসজনিত। কথা কহিতে কিম্বা অল্প ভ্রমণে ক্লান্তি। শীর্ণতা। সর্দ্দি লাগিবার প্রবণতা। শীতল বায়ুতে অসুখ বোধ স্নায়বীয় উত্তেজনা। বাহুর ঊর্দ্ধাংশে ও উরুতে পঙ্গুতা ও থেৎলান বোধ।

চর্ম্ম।—পুরাতন উদ্ভেদ; তিল। বিছুটী সংলগ্ন জ্ঞানতবৎ

টীকা। গণ্ডমালা ও অস্থির কোমলতা ব্যাধি, পৃষ্ঠবংশের বক্রভাব, শিশুদের দন্তোদ্ভেদে কষ্ট, উদ্ভেদজনিত ব্যাধি, ক্ষয়কাশ ও ক্ষত ইত্যাদিতে বিশেষ ব্যবহার্য্য।

উদ্ভেদ, বিশেষতঃ তাহা শীতল বায়ু সংস্পর্শে মিলাইয়া যায়। কর্কশ, শুষ্ক চর্ম্ম, যেন তাহা উদ্ভেদ দ্বারা আবৃত। শল্কবৎ চর্ম্ম। আর্দ্র শল্কময় উদ্ভেদ বা জ্বালাযুক্ত দদ্রু, কিম্বা পুঞ্জীকৃত উদ্ভেদ। নালী; অসুস্থ ও ক্ষতশীল চর্ম্ম, এমন কি ক্ষুদ্র ক্ষুদ্র ক্ষত পাকিয়া শীঘ্র শুষ্ক হয় না। স্ফোটক। আঁচিল। কড়া। বিদারিত চর্ম্ম। অস্থিক্ষত। বাতজনিত স্ফীততা ও কঠিনতা। শিরা সকলের পূর্ণতা ও বক্রভাব।

নিদ্রা। দিবাভাগে তন্দ্রা এবং ক্লান্তি। কুচিন্তাপ্রযুক্ত নিদ্রা যাইতে কষ্ট। রাত্রিতে খাসকষ্ট, তৎসঙ্গে উত্তাপ, ভয়, উদ্বেগ ও অস্থিরতা। সমস্ত রাত্রি ভয়ানক স্বপ্নদর্শন। উৎকণ্ঠাযুক্ত স্বপ্ন, মনের চঞ্চলতা ও ক্রন্দন ইচ্ছা। নিদ্রাবস্থায় কথা কহা ও চমকান এবং জাগরণেও উৎকণ্ঠা।

জ্বর। সর্ব্বদা উত্তাপ ও যন্ত্রণা এবং হৃদয়ে দব্ দব্ শব্দ। সন্ধ্যাকালীন দ্ব্যাহিক জ্বর, প্রথমে মুখমণ্ডল উষ্ণ পরে শীত। কুইনাইন অপব্যবহারের পর পালাজ্বর; অভিঘাত বা বিলেপী জ্বর। একবার শীত, একবার উষ্ণতা। পরিমিত পরিশ্রমে ও রাত্রিতে শয্যায় অধিক স্বেদ নিঃসরণ।

মানসিক লক্ষণ। স্ফূর্ত্তিহীন ও বিষণ্ণ চিত্ত। উৎকণ্ঠা; যন্ত্রণা। ভয়; নৈরাশ্য ভাব, তৎসহ দুর্ভাগ্য ও রোগাশঙ্কা। দুঃখজনক ঘটনার পূর্ব্বোক্তি। চম্‌কাইয়া উঠা। বিরক্তি ভাব। অবিমৃষ্যকারিতা। উদাসীনতা।

মস্তক। উচ্চস্থানে উঠিবারকালীন ভ্রমি। প্রাতঃকালীন আহারের পূর্ব্বে অস্পষ্ট দৃষ্টি ও কম্পন। সর্দ্দি জনিত

শিরঃপীড়া। অর্দ্ধ পার্শ্বিক শিরঃপীড়া, তাহা মানসিক চিন্তায় বৃদ্ধি। কপালে ভেদন বোধ, যেন মস্তক বিদীর্ণ হইল। মস্তকে ভার ও তাহাতে রক্তাধিক্য। মস্তকের বাহ্যাভ্যন্তরে তুষারবৎ শীতলতা বোধ। করোটীর কেশাবৃত অংশে খুস্কী উঠা। প্রসবের পর মস্তকের কেশপতন। করোটীতে মাংসময় সপূঁয অর্ব্বুদ।

চক্ষু। চক্ষুতে চাপ, সূচীবেধন ও কণ্ডূয়ন। সর্দ্দি জনিত কিম্বা বাহ্য বস্তু চক্ষুর ভিতর প্রবেশ করিলে প্রদাহ হয়। নবজাত শিশু কিম্বা গণ্ডমালীয় ধাতু প্রকৃতিক ব্যক্তিদের চক্ষু প্রদাহ। অক্ষিপুট আরক্তিম ও স্ফীত। রাত্রিতে চক্ষু জোড়া লাগিয়া থাকা। অক্ষি ও অক্ষিপুটে জ্বালা, কণ্টকবেধ ও কর্ত্তনবোধ, বিশেষতঃ বাতির আলোকে পড়িতে গেলে হয়। চক্ষের উপরের পাতায় সামান্য স্পন্দন। কনীনিকাঃ প্রসারিত; দূর দৃষ্টিঅস্পষ্টতা; দুরদৃষ্টি, অধিক আলোকে দৃষ্টি অবরোধ।

কর্ণ। কর্ণে স্পন্দন; উত্তাপ ও পূঁয নিঃসরণ; শ্রবণশক্তির হীনতা। কর্ণে ভন্ ভন্, ঝন্ ঝন্ ও সংগীতবৎ শব্দ। চর্ব্বণ কালে কর্ণের ভিতর ফুট ফুট করে।

নাসিকা। নাসা প্রদাহিত, আরক্ত ও স্ফীত। নাসা-রন্ধ্রে ক্ষত। নাসিকা হইতে রক্তপাত। নাসিকায় দুর্গন্ধ। রাত্রিতে নাসিকা শুষ্ক। ঘ্রাণশক্তির হ্রাসতা। নাক বন্ধ। নাসারন্ধ্রের কষ্টকর শুষ্কতা। মস্তকে শুষ্ক সর্দ্দি।

মুখমণ্ডল। মুখমণ্ডল পাণ্ডুবর্ণ ও শীর্ণ। মুখমণ্ডলে উদ্ভেদ ও কণ্ডূয়ন। মুখগহ্বরের পার্শ্বে ও ওষ্ঠে উদ্ভেদ;

ওষ্ঠাধর ফাটা। ওষ্ঠ স্ফীত। মুখমণ্ডলের অস্থিতে ছেদক বেদনা। মুখের কোণে ক্ষত। চিবুক নিম্নস্থ গ্রন্থি সকল বেদনান্বিত, স্ফীত।

দন্ত। সর্দ্দি বা শীতল বায়ু সংস্পর্শ জনিত দন্তশূল, কিম্বা তাহা পুনরায় শীতল বা উষ্ণ বস্তু দ্বারা উত্তেজিত হয়, অধিকন্তু চর্ব্বণবৎ বেদনা। মাড়ী স্ফীত ও তাহা হইতে রক্তস্রাব। কষ্টকর দন্তোদ্ভেদ। মাড়ীতে বেদনানুভব।

মুখগহ্বর। রাত্রিতে কিম্বা প্রাতে জাগিলে জিহ্বা শুষ্ক।

গলাভ্যন্তর। তালুপার্শ্ব-গ্রন্থি স্ফীত ও গিলিতে গলার ভিতর আকুঞ্চনানুভব। তালু স্ফীত ও প্রদাহিত। আলজিহ্বা ঘোর লালবর্ণ এবং ক্ষুদ্র ক্ষুদ্র ফোস্কা দ্বারা আবৃত। মুখগহ্বর ও জিহ্বার অত্যন্ত শুষ্কতা ও কর্কশতা। প্রাতঃকালে কাশি সহ শ্লেষ্মা উঠা।

আস্বাদ ও ক্ষুধা। অম্লাস্বাদ, অতিশয় পিপাসা। তিক্ত কিম্বা ধাতব আস্বাদ ও তৎসঙ্গে অক্ষুধা। কুকুরের ন্যায় ক্ষুধা। পাকাশয়ের দুর্ব্বলাবস্থায় ভয়ানক ক্ষুধা, মাংস ও উষ্ণ খাদ্যে অরুচি। মদ্যপানে ও সুস্বাদু দ্রব্য আহারে ইচ্ছা। আহারের অনতিবিলম্বে ক্ষুধাবোধ।

আমাশয়িক লক্ষণ। তিক্ত, অম্ল বা ভুক্তদ্রব্যের আস্বাদের মত উদ্গার। কোন প্রকার আহারের পর বুকজ্বালা। অম্লবমন, বিশেষতঃ শিশুদের। মুখ দিয়া জল উঠা। অজীর্ণ।

পাকাশয়। আহারের পর কন্‌কনে কিম্বা থালধরার

মস্ত বেদনা, কিম্বা তৎসঙ্গে বমন। পাকাশয়ে চাপ। অনাহারের পর পাকাশয়ে কন্‌কনে বেদনা।

উদর। পর্শুকা নিম্নস্থ স্থান আকৃষ্ট। উদরে কসা বোধ ও বস্ত্রাদি রাখিতে অক্ষমতা। উদরে অর্থাৎ পাকাশয়ের উপরাংশ হইতে নিম্নভাগে চাপ। সর্ব্বদা ভয়ানক আক্ষেপ, বিশেষতঃ সন্ধ্যাকালে ও রাত্রিতে এবং তৎসঙ্গে উরুর শীতলতা; উদর প্রসারিত ও শক্ত। উদরে শীতলতা। শিশুদের অন্ত্রভাঁজ মধ্যের বা মধ্যান্ত্রিক গ্রন্থি সকল শক্ত ও স্ফীত। কর্ত্তনবৎ কন্‌কনে শূল বেদনা। কোষ্ঠাশ্রিত বায়ু।

মল। কোষ্ঠবদ্ধ ও তাহা দিন দিন বৃদ্ধি। শক্ত ও অজীর্ণদ্রব্য মিশ্রিত মল। উদরাময়, বিশেষতঃ শিশুদের; অম্লাস্বাদযুক্ত মল বা গণ্ডমালা ধাতুপ্রকৃতি ব্যক্তিদের বা দন্তোদ্ভেদের সময় পেটের পীড়া কিম্বা সফেন বা অনৈচ্ছিক উদরাময়। অর্শবলী স্ফীত ও বহির্গত। সূত্রবৎ কৃমি।

মূত্রযন্ত্র। অধিক পরিমাণে প্রস্রাব, বিশেষতঃ রাত্রিতে; প্রস্রাব করিতে জ্বালা।

ঋতু। জননেন্দ্রিয়ে কণ্ডূয়ন। ঋতু অধিক পরিমাণে ও শীঘ্র হয়। জরায়ু হইতে রক্তস্রাব ও গর্ভপাতাশঙ্কা। ঋতুর পূর্ব্বে শ্বেতপ্রদর। শ্বেতপ্রদর, কণ্ডূয়ন ও জ্বালাযুক্ত কিম্বা প্রস্রাব-কালীন শ্বেতবর্ণ দুগ্ধবৎ নির্গত হয়। দন্তশূল, ঋতুকালে মস্তকে রক্ত-সঞ্চয়। প্রসবান্তে দুগ্ধের হ্রাসতা বা বৃদ্ধি। শিশুদের মাংসপৈশিক দুর্ব্বলতা।

বায়ুনলী ও কাশি। পুরাতন কিম্বা সতত বেদনাযুক্ত

গলাভাঙ্গা। বক্ষেঃ শ্লেষ্মা জমা। রাত্রিতে কিম্বা সন্ধ্যাকালে শুষ্ক ও হ্রস্ব কাশি। পীতবর্ণ, দুর্গন্ধ; কিম্বা ঘন শ্লেষ্মা নিঃসরণ সহ সরক্ত কাশি, তাহা অধিকাংশ সময় রাত্রিতে কিম্বা প্রাতঃকালে হয়। সরক্ত কাশি।

বক্ষঃ ও শ্বাসপ্রশ্বাস। শ্বাসরোধ,—শির নত করিলে হয়। ভ্রমণে বক্ষেঃ সূচীবেধন। রাত্রিতে কিম্বা আহারের পর হৃৎস্পন্দন। নিশ্বাস টানিতে বক্ষেঃ বেদনা ও চৈতন্যাতিশয্য। বক্ষেঃ চাপ, বুক জ্বালা।

পৃষ্ঠ। কটি, পৃষ্ঠ ও পশ্চাৎগ্রীবায় বেদনা, ঐ সকল স্থান যেন মোচ্ড়াইয়া গিয়াছে, কিম্বা মচ্কানবৎ বেদনা বোধ। পশ্চাদ্‌গ্রীবা শক্ত। গ্রীবের গ্রন্থি সকল বেদনাযুক্ত ও স্ফীত।

শাখাদ্বয়। মণিবন্ধে বেদনা, যেন, উহা মচ্কাইয়া গিয়াছে এরূপ বোধ। বাহুর পঙ্গুতা ও দুর্ব্বলতা। বাহুতে আকর্ষক কিম্বা ছেদক বেদনা, তাহা প্রায় সর্ব্বদা রাত্রিতে অনুভূত হয়। রাত্রিতে হস্তে খাল ধরা। বাহু, হস্ত ও অঙ্গুলিতে খালধরা বোধ ও বেদনা; হাত ঘামা। বঙ্ক্ষণ সন্ধিতে আকর্ষণ ও গুলিবেধ বোধ। ক্লান্তি ও ভার বোধ। জংঘায় খাল ধরা। হাঁটুতে সূচীবেধন ও স্ফীতি। হাঁটুর পশ্চাতে, পায়ের ডিমে, পদতলে ও পদাঙ্গুলিতে খালধরাবৎ বোধ, বিশেষতঃ অঙ্গ প্রত্যঙ্গ বিস্তৃত করিলে। জংঘায় ক্ষত। জংঘায় লোহিত চিহ্ন। পদতলে জ্বালা। পা ঘামা। শিরা প্রসারণ; কড়া। রাত্রিতে পদ অবশ ও অসাড় বোধ।

৭। ক্যামমিলা—ক্যাম।

সাধারণ লক্ষণ। বাতবৎ আকর্ষক বা ছেদক বেদনা ও তৎসহ আক্রান্ত স্থানের পঙ্গুতা ও অবশতা এবং তাহা রাত্রিতে বৃদ্ধি। অনিবার্য্য বেদনা, তদ্দ্বারা রোগী নিরাশ হয়। বিরক্তি, কফি সেবন, কিম্বা সর্দ্দি জনিত পীড়া, (যথা মানসিক চঞ্চলতা জনিত শ্বাসকাশ ও ক্রোধ জনিত শিরঃপীড়া ও পাণ্ডুরোগ)। বাহ্যাভ্যন্তরিক যন্ত্র সকলে আক্ষেপ বা বিকম্পন, বিশেষতঃ শিশুদের দন্তোদ্ভেদকালীন কিম্বা গর্ভবতী, কি নবপ্রসূতা স্ত্রীদের আক্ষেপ। নিস্পন্দ্য রোগ। মৃগী। স্নায়ুমণ্ডল উগ্র ও চৈতন্যবিশিষ্ট। বেদনাসহ্যতা। অঙ্গাদি শক্ত, যেন পক্ষাঘাতাক্রান্ত। বায়ুতে চৈতন্যাতিশয্য, বিশেষতঃ বায়ু প্রবাহে। মূর্চ্ছা। বেদনারম্ভে হঠাৎ অবসাদন।

চর্ম্ম। উদ্ভেদ, বিশেষতঃ শিশুদের। চর্ম্মের স্থানে স্থানে আরক্ত বর্ণ ক্ষুদ্র ক্ষুদ্র গোলাকার উদ্ভেদ, বিশেষতঃ রাত্রিতে তাহাতে কণ্ডূয়ন। বালকদের চর্ম্মক্ষত; চর্ম্ম অসুস্থ ও প্রতি আঘাতে ক্ষত হয়।

নিদ্রা। রাত্রিতে অনিদ্রা ও যন্ত্রণা। নিদ্রাবস্থায় কথা কহা, ক্রন্দন, চেঁচান, চমকান ও সর্ব্বদা পার্শ্ব পরিবর্ত্তন। অচৈতন্যতা।

টীকা। স্নায়বীয় উগ্রতাবিশিষ্ট পীড়া, বিকম্পন বিশেষতঃ শিশুদের, শিশুদের পীড়া, পৈত্তিকাসুস্থতা, শূল, অতিশয় বেদনাদায়ক বাত ও স্নায়ুশূল পীড়া, দন্তোদ্ভেদ কালের অসুস্থতা, জরায়ু হইতে রক্তস্রাব ও উদরাময় ইত্যাদিতে বিশেষ ব্যবহার্য্য।

জ্বর। বাহ্যিক শীতলতা সত্বে বা অভাবে স্থানিক কম্পন ও আভ্যন্তরিক উত্তাপ। জ্বালাযুক্ত উত্তাপ ও তৎসঙ্গে উগ্র অম্ল স্বেদ, রাত্রিকালীন জ্বরের বৃদ্ধি। বিবমিষা, শূল এবং উদরাময়। গণ্ডদেশের উষ্ণতা ও আরক্ততা ও তৎসঙ্গে সর্ব্বদা এপাশ ওপাশ করা, কোঁকান এবং প্রলাপ (চক্ষু উন্মীলিত)। শরীরের এক এক স্থানে সর্ব্বদা পর্য্যায়ক্রমে শীতলতা ও কম্পন, তৎসঙ্গে অন্যান্য স্থানে উত্তাপ; জ্বর ও তাহার সঙ্গে ভয়ানক প্রলাপ।

মানসিক লক্ষণ। অতিশয় যন্ত্রণা এবং হৃৎস্পন্দন। অতিশয় অস্থিরতা, উদ্বিগ্নভাবে এপাশ ওপাশ করা; উদরে বিদারক বেদনা সহ বিরক্তিকর ও মৃদু ক্রন্দন স্বভাব এবং ক্রন্দন; নবজাত শিশুদের ক্রন্দন; কলহ করিতে ইচ্ছা ও ক্রোধ প্রবণতা।

মস্তক। ভ্রমি ও শয়নে দৃষ্টির অস্পষ্টতা ও উত্তাপাধিক্য; মস্তকে যাতনাদায়ক ভারিত্ব; মস্তকার্দ্ধভাগে আকর্ষক ও ছেদক বেদনা; স্বেদরুদ্ধজনিত কিম্বা সর্দ্দি অন্তে সূচীবেধক শিরঃপীড়া।

চক্ষু। শিশুদের কিম্বা বাতরোগগ্রস্ত ব্যক্তিদের চক্ষু ও চক্ষুপাতার ধারে প্রদাহ, তৎসঙ্গে কর্ণে বেদনা, বিশেষতঃ সর্দ্দি লাগিবার পর। রাত্রিতে চক্ষুপাতা বদ্ধ ও তাহা আরক্ত ও স্ফীত; চক্ষু হইতে রক্তস্রাব। চক্ষু ও চক্ষুপাতার স্পন্দন। চক্ষুপাতার আক্ষেপিক নিমীলন; চক্ষুর বিকৃত আকার। চক্ষুর সম্মুখে স্ফুলিঙ্গ দর্শন।

কর্ণ। কাণ কামড়ানি ও তাহার সঙ্গে আকর্ষণ, ছেদন, কসা ও গুলিবেধবৎ বেদনা; কর্ণনিম্নস্থ লালাগ্রন্থির প্রাদাহিক স্ফীতি; কর্ণে গুণ গুণ শব্দ; কাণ পাকা।

নাসিকা। রক্তস্রাব।

মুখমণ্ডল। মুখমণ্ডল আরক্তিম, জ্বালাযুক্ত ও উত্তপ্ত, বিশেষতঃ গণ্ডদেশের, কখন কখন কেবল একগণ্ড দেশের ও তৎসঙ্গ অপর গণ্ডদেশের শীতলতা ও রক্তহীনতা; সতত উহার বর্ণ পরিবর্তন; মুখমণ্ডল ঈষৎ স্ফীত, অপিচ গণ্ডদেশ শক্ত, স্ফীত ও নীলিমাযুক্ত ও তথায় দব্‌দবে বেদনা; আক্ষেপিক সঙ্কোচন ও মুখমণ্ডলস্থ মাংসপেশী ও ওষ্ঠ স্পন্দন; দন্তশূল। মুখমণ্ডলে বিসর্প বা বিস্তীর্ণ আরক্ত প্রদাহ।

দন্ত। সর্দ্দির পর দন্তশূল, তৎসঙ্গে চিবুকে আকর্ষণ ও স্পন্দন; আহার ও পানান্তে দন্তশূল, বিশেষতঃ উষ্ণ পানীয় পানের পর; ক্ষয়প্রাপ্ত দন্তে খনন ও চর্ব্বণবৎ বোধ। অসহ্য দন্তশূল; বেদনা সর্ব্বদা এক দিকে; রাত্রিতে শয্যায় বৃদ্ধি কিম্বা তৎসঙ্গে গণ্ডদেশের স্ফীততা; জ্বর কিম্বা বিকম্পন সম্বলিত শিশুদের কষ্ট-দায়ক দন্তোদ্ভেদ।

মুখগহ্বর। মুখগহ্বর ও জিহ্বা শুষ্ক; মুখ হইতে ফেনা নিঃসরণ; মুখে দুর্গন্ধ; জিহ্বা আরক্ত ও বিদারিত কিম্বা তাহা ঘন, শ্বেত ও পীতবর্ণ মলাবৃত; জিহ্বার আক্ষেপিক সঙ্কোচন।

গলা। গলায় বেদনা; চিবুক ও কর্ণনিম্নস্থ গ্রন্থির স্ফীততা, কিম্বা সর্দ্দিজনিত গলা বেদনা; গিলিতে বেদনা, যেন গলাভ্যন্তরে কোন বস্তু রহিয়াছে; গলাভ্যন্তর গাঢ় লালবর্ণ।

ক্ষুধা ও আস্বাদ। তিক্ত কিম্বা দুর্গন্ধাস্বাদ।

আমাশয়িক লক্ষণ। অম্ল উদ্গার; ভুক্তদ্রব্য বমন; তিক্ত কিম্বা বেদনাদায়ক বমন।

পাকাশয়। কোষ্ঠাশ্রিত বায়ু ও পাকাশয়ের উপরিভাগে চাপ; আহারের পর পেটের উপর প্রস্তরের চাপবৎ কন্‌কনে বেদনা ও তৎসঙ্গে শ্বাসরোধ; পাকাশয়ের আক্ষেপ, বিশেষতঃ কফি সেবনে অভ্যস্ত ব্যক্তিদের।

উদর। পাকাশয়ের উপর জ্বালা, কসা ও পূর্ণতা বোধ। কোষ্ঠাশ্রিত বায়ুযুক্ত শূল ও উদর স্ফীতি, অপিচ শিশুদের। অতিশয় বেদনাদায়ক শূল। ছেদনবৎ শূল। উদরে আক্ষেপ। উদরে বাণবিদ্ধবৎ বোধ, বিশেষতঃ কাশিতে, হাঁচিতে কিম্বা তৎস্থান স্পর্শে হয়। উক্ত স্থান স্পর্শে বেদনানুভব, যেন উক্ত অংশ ক্ষতযুক্ত হইয়াছে এরূপ বোধ।

মল। উদরাময়, জলবৎ হরিৎ বর্ণ কিম্বা আলোড়িত ডিম্ববৎ মল। উষ্ণ, দুর্গন্ধ, তরল মল। রাত্রিকালীন উদরাময়, কিম্বা তরল মলের সঙ্গে শ্বেতবর্ণ আম নিঃসরণ ও শূল বেদনা। অজীর্ণ দ্রব্য মিশ্রিত মল। দন্তোদ্ভেদের সময় উদরাময়। সর্দ্দি বা ক্রোধজনিত উদরাময়।

ঋতু। জরায়ু হইতে রক্তপ্রবাহ। সর্ব্বদা জমা রক্ত বাহির হওন, ও তৎসহ পদস্থ শিরায় ছেদক বেদনা এবং উগ্র প্রসববৎ বেদনা। প্রসব বেদনার ন্যায় চাপবোধ, কর্ত্তনবৎ শূল এবং ঋতু প্রকাশের পর উপদেশে চাপ। স্তনে বেদনা। হেত্তাপ বেদনা। অনিদ্রা, শূল, পেটের পীড়া, ক্রন্দন, ক্ষতবোধ এবং শিশুদের অস্থিরতা।

বায়ুনলী ও কাশি। শ্লেষ্মা সহ গলাভাঙ্গা। সর্দ্দি জনিত স্বরবদ্ধ। সশব্দ শ্লেষ্মাজনিত স্বরভঙ্গ ও কাশি। যে স্থান

হইতে শ্লেষ্মা নিঃসৃত হয় তথায় বেদনা বোধ। সর্দ্দির পর বা শিশুদের কিম্বা হামের পর কাশি। গলায় সুড়সুড়ী দিলে শুষ্ক কাশি উত্তেজিত হয়। রাত্রিতে কিম্বা প্রাতে তিক্ত নির্য্যাসবৎ শ্লেষ্মা নিঃসরণ।

বক্ষঃ ও শ্বাস প্রশ্বাস। উদরাধ্মানজনিত বক্ষেঃ যন্ত্রণা। সর্দ্দিজনিত শ্বাসকৃচ্ছ্র ও তৎসহ কাশি ও সর্ব্বদা কাশিতে ইচ্ছা। শিশুদের হঠাৎ শ্বাসরোধ। নিশ্বাস টানিতে বক্ষেঃ গুলিবেধবৎ বোধ।

শাখাদ্বয়। রাত্রে বাহুতে বেদনা ও তৎসঙ্গে পক্ষাঘাতের ন্যায় দুর্ব্বলতা। জংঘায় খালধরা। অঙ্গুলির স্পন্দন বা কম্পন। বঙ্ক্ষণে আকর্ষণ ও পক্ষাঘাতবৎ বেদনা, বিশেষতঃ রাত্রিতে।

৮। চায়না—চায।

বিশেষ লক্ষণ। বেদনা, স্পর্শে কিম্বা রাত্রিতে বৃদ্ধি।

সাধারণ লক্ষণ। প্রায় সর্ব্বদা শাখাদ্বয়ে আকর্ষণ, বিস্তারণ, স্পন্দন ও ছেদন বোধ ও তৎসঙ্গে উক্ত স্থানের পঙ্গুতা ও দুর্ব্বলতা। শারীরিক ও মানসিক নিস্তেজতা, আলস্য ও জড়তা। সার্ব্বাঙ্গিক সকম্পন দুর্ব্বলতা, তৎসঙ্গে নিদ্রাবস্থায় কিম্বা পরিশ্রম

টীকা। দুর্ব্বলতা, রক্ত ও শারীর পদার্থ অপচয়জনিত পীড়া, উদরী, পালাজ্বর, দুর্ব্বলতাজনিত রক্তস্রাব, জরায়ু ও ফুস্‌ফুস হইতে রক্তস্রাব, আমাশয়িক ও পৈত্তিক অসুস্থতা ও উদরাময় ইত্যাদিতে বিশেষ ব্যবহার্য্য

কালে, স্বেদনিঃসরণ প্রবণতা। শাখাদ্বয়ের বেদনাদায়ক ক্লান্তি ও তৎসহ পঙ্গুতা ও থেতলান বোধ। শারীরিক পদার্থ অপচয়ে (রক্ত ইত্যাদি) কিম্বা প্রবল বা অবসাদক পীড়ার পর দুর্ব্বলতা। হস্ত পদে ঝি ঝি লাগা। সমুদায় স্নায়ুমণ্ডল অতিশয় চৈতন্যবিশিষ্ট হয়। শীর্ণতা, বিশেষতঃ শিশুদের। সর্ব্বশরীর ব্যাপী কিম্বা স্থানিক শোথ। পারদ অপব্যবহার জনিত পীড়া, (কামল)।

চর্ম্ম। চর্ম্ম শিথিল ও শুষ্ক। চর্ম্ম পীতবর্ণ। বাত জনিত কঠিনীভূত স্ফীতি। শোথ, বিশেষতঃ অবসাদনের পর। আর্দ্র পচন।

নিদ্রা। অনিদ্রা কিম্বা মনে নানাপ্রকার ভাবোদয় বশতঃ বিলম্বে নিদ্রা। ক্লান্তিযুক্ত নিদ্রা। শিরঃপীড়া ও অত্যন্ত ক্ষুধা সহ অনিদ্রা। ভয়ানক উৎকণ্ঠাযুক্ত স্বপ্ন, অপিচ অসম্বদ্ধ ও অর্থহীন স্বপ্ন। অর্দ্ধ চেতনাবস্থায় জাগরণ।

জ্বর। পূর্ব্বে শীত ব্যতীত সন্ধ্যার সময় কতিপয় ঘটিকা উত্তাপ ও তৎসঙ্গে জ্বালাযুক্ত পিপাসা ও তৎপরে স্বেদ নিঃসরণ; জ্বরের শীতাবস্থায় তৃষ্ণা, জ্বরাক্রমণের পর বমন। পালাজ্বর, অপিচ যকৃতে বেদনা, পিত্তবমন ও অতিশয় যন্ত্রণা; শীতাবস্থায় শিরঃপীড়া; মস্তকে রক্তাধিক্য, মুখমণ্ডল পাণ্ডুবর্ণ, উষ্ণাবস্থায় মুখগহ্বর ও ওষ্ঠ শুষ্ক; জ্বালাযুক্ত শিরঃপীড়া এবং শীতল দ্রব্য পানে সাতিশয় ইচ্ছা। তরুণ জ্বরে অতিশয় ঘর্ম্ম; যথেষ্ট স্বেদনিঃসরণ; রাত্রিকালীন অবসন্নকর ঘর্ম্ম। অভিঘাত বা বিলেপী জ্বর, বিশেষতঃ শারীর-পদার্থ বিনাশের পর।

মানসিক লক্ষণ। স্নায়ুর অতিশয় উগ্রতা ও তৎসঙ্গে

মন স্ফূর্ত্তিবিহীন ও শব্দাসহিষ্ণুতা, উদাসীনতা ও নিরনুরাগিতা; যন্ত্রণা।

মস্তক। মস্তক উত্তোলনে ভ্রমি; সর্দ্দি বন্ধ হইয়া শিরঃপীড়া; মস্তক ঘূর্ণন ও ভার বোধ; শিরঃপীড়া, বিশেষতঃ রাত্রিতে অনিদ্রা সহ, চাপবোধ—যেন মস্তক বিদীর্ণ হইবে; মস্তকে বেদনা বোধ—যেন থেত্‌লাইয়া গিয়াছে ও তাহা চিন্তা করিতে ও কথা কহিতে বৃদ্ধি পায়; মস্তকে স্পন্দন, বিদারণ কিম্বা চাপযুক্ত আকর্ষণ বোধ; মস্তকে অধিক রক্ত গমন ও তদ্দ্বারা উত্তাপ ও পূর্ণতা বোধ; শিরঃপীড়া—স্পর্শে ও সঞ্চালনে বৃদ্ধি; করোটীর চৈতন্যাধিক্য; মস্তকে অতিশয় ঘর্ম্ম, বিশেষতঃ পরিষ্কার অনাবৃত বায়ুতে ভ্রমণকালে হয়।

চক্ষু। প্রদাহ, রাত্রিতে বৃদ্ধি, অপিচ গণ্ডমালা-রোগগ্রস্ত ব্যক্তিদের; কনীনিকা প্রসারিত ও চৈতন্যশূন্য; অস্পষ্ট ও দুর্ব্বল দৃষ্টি; চক্ষুর সম্মুখে স্ফুলিঙ্গ ও তৃণ দর্শন; চাপবৎ নেত্র বেদনা; চক্ষুর শ্বেতাংশ পীতবর্ণ হয়।

কর্ণ। কর্ণে গুন্ গুন্ ও ঝন্ ঝন্ শব্দ হয়।

নাসিকা। সর্ব্বদা রক্তস্রাব, অধিকন্তু প্রত্যুষে; মুখগহ্বর ও নাসারন্ধ্র হইতে রক্তস্রাব।

মুখমণ্ডল। স্নায়বীয় ও বাতজনিত মুখমণ্ডলশূল। পাণ্ডুবর্ণ, পীড়িতবৎ কিম্বা ঘোর পীতবর্ণ মুখমণ্ডল ও চক্ষু বসা ও তাহার চতুষ্পার্শে নীলিম দাগ এবং নাসিকা সরু; স্ফীতি; ঈষৎ স্ফীত, কঠিন ও রক্তবর্ণ মুখমণ্ডল; ওষ্ঠ শুষ্ক, বিদারিত কিম্বা কালিম।

দন্ত। দব্‌দবে দন্তশূল; দন্ত চাপিলে দন্তশূল নরম বোধ

হওয়া ; প্রধানতঃ রাত্রিতে এবং আহারান্তে প্রকাশ পায় ; কষ্টদায়ক অতীক্ষ্ণ বেদনা, ক্ষয়িত দন্ত।

মুখগহ্বর। ফাটা, কাল কিম্বা পীতবর্ণ মলাবৃত জিহ্বা ; রক্তবমন বা রক্ত নিষ্ঠীবন।

ক্ষুধা ও আস্বাদ। নীরস, জলবৎ কিম্বা তিক্ত আস্বাদ। খাদ্য দ্রব্য স্বাদবিরহিত ; পুষ্টিকারক দ্রব্যে অরুচি ও তৎসহ উদর-পূর্ণবোধ ; আহারে ঔদাস্য ; সুস্বাদু দ্রব্য ভক্ষণে ইচ্ছা ; সর্ব্বদা পানেচ্ছা, কিন্তু প্রতিবার অল্প পরিমাণে পান ; কুকুরের ন্যায় ক্ষুধা, বিশেষতঃ রাত্রিতে ; অপরিমিত ক্ষুধা ; অক্ষুধা ; অতিশয় তৃষ্ণা, আহারের পর তন্দ্রা, পাকাশয় ও উদরে ক্লেশদায়ক পূর্ণতা ; সার্ব্বাঙ্গীন আলস্য ও অবসন্নতা।

আমাশয়িক লক্ষণ। অজীর্ণ, শূন্য উদ্গার, অধিকন্তু তাহা তিক্ত ও ভুক্ত দ্রব্যাস্বাদযুক্ত, বিশেষতঃ আহারের পর ; বুক জ্বালা ; বমনেচ্ছা, বমন ; অম্ল বমন।

পাকাশয়। পাকাশয়ে যন্ত্রণা, যেন তাহা অতিশয় পূর্ণ ; আক্ষেপিক বেদনা।

উদর। যকৃৎপ্রদেশে গুলিবেধবৎ বোধ, অধিকন্তু স্পর্শেও বেদনা ; যকৃৎ স্ফীত ; শূল ও তৎসহ তৃষ্ণা ; প্রতিবার আহারের পর উদর শক্ত, এবং তাহাতে চাপ ও পূর্ণতা বোধ ; উদরে চিম্টী কাটাবৎ বোধ—নত হইলে সুস্থ বোধ ; উদরীর ন্যায় উদর স্ফীত ; উদর অধিক পরিমাণে বিস্তৃত ; কোষ্ঠাশ্রিত বায়ু রুদ্ধ, অধিকন্তু অন্ত্রে অধিক পরিমাণে বায়ু সঞ্চয় ; কোষ্ঠাশ্রিত বায়ুযুক্ত শূল ; দুর্গন্ধ বায়ু নিঃসরণ সহ কোষ্ঠাশ্রিত বায়ু।

মল। অন্ত্রের অকর্ম্মণ্যতাজনিত নরম মলত্যাগে কষ্ট; উদরাময়,—তরল, পীতবর্ণ, জলবৎ; অজীর্ণ দ্রব্য কিম্বা শ্বেতবর্ণ মল-যুক্ত উদরাময়; নানাপ্রকার উদরাময়, বিশেষতঃ আহারের পর, রাত্রিতে, ফল ভক্ষণে কিম্বা হাস্যের পর হয়। অপিচ যখন অনৈচ্ছিক ভাবে মল নিঃসৃত হয়, মলদ্বারে সুড়সুড়ী বোধ ও সূত্রবৎ কৃমি নিঃসরণ।

মূত্রযন্ত্র। ঘোরাল প্রস্রাব ও তাহার সঙ্গে পাটল বর্ণের অধঃপতিত পদার্থ।

ঋতু। অধিক পরিমাণে রজঃস্রাব; জরায়ু হইতে রক্ত প্রবাহ, তৎসঙ্গে কাল ও জমা রক্ত বাহির হয়; গর্ভপাতাশঙ্কা। অধিক পরিমাণে রক্ত বিনষ্ট হইয়াছে, এরূপ ব্যক্তিগণের পক্ষে উপযোগী। রক্তযুক্ত শ্বেতপ্রদর।

বায়ুনলী ও কাশি। কাশি ও শ্লেষ্মার সঙ্গে রক্ত মিশ্রিত কিম্বা পরিষ্কার শ্লেষ্মা, ও আঠাবৎ শ্লেষ্মা নিঃসরণে কষ্ট। রাত্রিতে দম্ আটকানবৎ কাশি, তৎসঙ্গে বক্ষঃ ও গলার নীচের অস্থিতে বেদনা, ও তদ্দ্বারা রোগী কাঁদিয়া উঠে। ভয়ানক আক্ষেপিক কাশি, ও তৎসঙ্গে উদ্গার; আহারের অনতিবিলম্বে ভয়ানক কাশি, তাহা হাস্য দ্বারা বৃদ্ধি পায়; সপূয শ্লেষ্মাযুক্ত কাশি; কাশিতে বুকে ভারবোধ ও গলাভ্যন্তরে বেদনা; ফুস্ফুস হইতে রক্তস্রাব।

বক্ষঃ ও শ্বাস প্রশ্বাস। কসা, যন্ত্রণা ও বেদনাদায়ক কিম্বা ক্ষুদ্র ও দ্রুত শ্বাস; দম্ আটকান; শ্বাসকৃচ্ছ্র, যাহাতে মস্তক উচ্চ করিয়া রাখিতে হয়; বক্ষঃ ও পার্শ্বে সূচীবেধন, অধিকন্তু

কাশিতে কিম্বা নিশ্বাস টানিতেও বোধ হয়; অধিক পরিমিত রক্তের সবেগে বক্ষাভ্যন্তরে গমন ও হৃৎস্পন্দন।

পৃষ্ঠ। অংশফলকাস্থির অর্থাৎ স্কন্ধের পশ্চাৎস্থিত অস্থিদ্বয়ের মধ্যে যেন প্রস্তর চাপানুভব।

শাখাদ্বয়। বাতজনিত স্ফীতি, উষ্ণতা ও তৎসহ সংস্পর্শে বেদনা।

৯। ইপিকেকিউয়ানা—ইপি।

সাধারণ লক্ষণ। আহারে অরুচি ও আকস্মিক্ অবসাদন সহ পীড়াক্রমণ। নানা যন্ত্র হইতে লালবর্ণ রক্তস্রাব। আক্ষেপ, খেঁচুনী ও অঙ্গাদির বিকৃতি, মুখমণ্ডল লালবর্ণ ও ঈষৎ স্ফীত ও মুখের পেশী সকলে স্পন্দন, বিশেষতঃ শিশুদের ও গুল্মবায়ু রোগগ্রস্তা স্ত্রীলোকদিগের। ওলাউঠা, সংন্যাস। বরাহ মাংস ও পিষ্টক ভক্ষণজনিত অসুস্থতা। নিস্পন্দ্য (ক্যাটালেপ্সি) রোগ।

চর্ম্ম। উদ্ভেদ, যেন উঠিয়া বসিয়া গিয়াছে।

জ্বর। শীতকালীন তৃষ্ণা। পালাজ্বর—কুইনাইন অপব্যবহারেব পর হইলে, বিশেষতঃ যখন শীত অতি অল্প, কিন্তু তৎসঙ্গে পাকাশয়ের অসুস্থতা থাকে। সমুদায় শরীর উষ্ণ, মুখমণ্ডল পর্য্যায়ক্রমে পাণ্ডুর ও শীতল ও কপালে শীতল ঘর্ম্ম।

টীকা। পাকাশয় ও অন্ত্রের বিকারজনিত পীড়া, পালাজ্বর, শ্বাসকাশ ও রক্তস্রাব ইত্যাদিতে বিশেষ ব্যবহার্য্য।

মস্তক। শিরঃপীড়া, যেন মস্তিষ্ক ও করোটী থেত্‌লিয়া গিয়াছে ও সেই বেদনা অস্থির ভিতর দিয়া জিহ্বামূল পর্য্যন্ত বিস্তৃত আছে বোধ হয় ও তৎসঙ্গে বিবমিষা। অর্দ্ধপার্শ্বিক শিরঃপীড়া ও তৎসঙ্গে বমন ও বিবমিষা। কন্‌কনে বেদনা, বিশেষতঃ কপালে।

নাসিকা। মস্তকে সর্দ্দি ও তৎসঙ্গে নাসারন্ধ্র রুদ্ধ।

মুখমণ্ডল। পাণ্ডুবর্ণ, ঈষৎ স্ফীত কিম্বা নীলবর্ণ ও ঈষৎ পীতবর্ণ মুখমণ্ডল। মুখের পেশীর আক্ষেপিক সঞ্চালন। মুখ-মণ্ডলে উদ্ভেদ; মুখের চতুষ্পার্শ্বে রক্তমণ্ডল।

ক্ষুধা ও আস্বাদ। তিক্তাস্বাদ; মিষ্টাস্বাদ; সকল প্রকার খাদ্য দ্রব্যে অরুচি; সুস্বাদু দ্রব্য ভক্ষণে ইচ্ছা।

আমাশয়িক লক্ষণ। বিবমিষা—যেন পাকাশয় হইতে উত্থিত হইতেছে, তৎসঙ্গে শূন্য উদ্গার ও অধিক লালাস্রাব। শূন্য উদ্গার। ভুক্ত দ্রব্য কিম্বা পাতলা পিত্ত বা কোমল শ্লেষ্মা বমন। বমন ও তৎসহ উদরাময়। রক্ত নিষ্ঠীবন বা বমন; মুখ দিয়া জল উঠা।

পাকাশয়। পাকাশয় ও তন্মধ্য স্থানে ভয়ানক অসুখ বোধ। পাকাশয়ে শিথিলতা ও শূন্যতানুভব।

উদর। আধ্মানিক শূল ও তৎসঙ্গে সর্ব্বদা তরল মল নিঃসরণ; উদর কামড়ান—যেন কেহ হাত দিয়া মোচ্‌ড়াইতেছে; সঞ্চালনে বৃদ্ধি; উদরে ক্ষতবৎ বোধ।

মলাদি। তৃণের ন্যায় সবুজ বর্ণ মল। পেটের পীড়া। সফেন মল, সরক্ত মল; আলকাত্‌রাবৎ মল। উদরাময় সহ বিবমিষা, শূল এবং বমন।

মূত্রযন্ত্র। রক্ত প্রস্রাব।

ঋতু ইত্যাদি। জরায়ু হইতে রক্ত প্রবাহ, উজ্জল লাল বর্ণ রক্ত, গর্ভস্রাব; গর্ভাবস্থায় বমন ও বিবমিষা।

বায়ুনলী ও কাশি। নিশ্বাস টানিবার সময় শ্বাসনলীতে ঝম্ ঝম্ শব্দ। শ্বাসরোধক কাশি, তৎসহ শরীরের কঠিনতা ও নীলবর্ণ মুখমণ্ডল। শুষ্ক কাশি, স্বরযন্ত্রের ঊর্দ্ধাংশে সুড়সুড়ি দিলে বৃদ্ধি। শুষ্ক, ক্লেশদায়ক আক্ষেপিক কাশি ও তৎসঙ্গে শ্বাসরোধবোধ। হুপশব্দক কাশি ও তৎসহ মুখ ও নাসিকা হইতে রক্তপাত এবং ভুক্ত দ্রব্য বমন। কাশি—বিশেষতঃ রাত্রিতে, তৎসঙ্গে তৃষ্ণাভাব ও বমন। রক্ত কাশি কিম্বা অল্প আয়াসে রক্ত নিষ্ঠীবন।

বক্ষঃ ও শ্বাস প্রশ্বাস। উৎকণ্ঠিত ও দ্রুত শ্বাস। ক্ষুদ্র শ্বাস ও হাঁপানি। শ্বাসকাশ, বক্ষেঃ আক্ষেপিক কসা বোধ, গলাভ্যন্তরের সংকীর্ণতা ও নিশ্বাস টানিতে কষ্ট। নিশ্বাস গ্রহণ কালীন বক্ষেঃ শ্লেষ্মা সঞ্চয়জনিত ঝম্ ঝম্ শব্দ হয়।—দীর্ঘ শ্বাস। বক্ষের ভিতর যন্ত্রণা বোধ ও ক্ষুদ্র শ্বাস, যেন শ্বাস দ্বারা ধূলা গৃহীত হইয়াছে। ফুস্‌ফুস হইতে রক্তস্রাব। অল্প পরিশ্রমে শ্বাস কষ্ট। শ্বাসরোধ বোধ।

শাখাদ্বয়। জংঘা ও পদে আক্ষেপিক স্পন্দন।

১০। মার্কিউরিয়স—মার্ক।

বিশেষ লক্ষণ। রাত্রিতে লক্ষণ সকলের বৃদ্ধি, শয্যার উত্তাপে বেদনাসহ্যতা।

সাধারণ লক্ষণ। বাত, আকর্ষক, সূচীবেধক এবং ছেদক বেদনা, বিশেষতঃ রাত্রিতে, অথবা তৎসহ অতিশয় ঘর্ম্ম নিঃসরণ, কিন্তু তাহাতে উপশম বোধ হয় না। উজ্জ্বল ও লালবর্ণ বাতজনিত স্ফীতি। বহুব্যাপক সর্দ্দি। গণ্ডমালীয় পীড়া। অস্থি স্ফীত, প্রদাহিত ও তাহাতে রাত্রিকালীন বেদনা। আভ্যন্তরিক যন্ত্র সকলে প্রদাহ, ও তাহাতে পূঁয ও রস উৎপত্তি হয়। বাতজনিত সর্দ্দি। বাত প্রদাহ ও তৎসহ স্বেদস্রাব প্রবণতা। আলস্য। অবসাদন, তৎসঙ্গে অবর্ণনীয় শারীরিক ও মানসিক গ্লানি, ও তৎহেতু শয়ন করিতে বাধ্য হওয়া। আভ্যন্তরিক যন্ত্র হইতে রক্তস্রাব। সমুদায় শরীরে বেদনা, যেন তাহা থেত্‌লাইয়া গিয়াছে ও তৎসহ অস্থি সমুদায়ে বেদনা। অস্থি সকল কন্‌কন্ করে। মস্তক, বক্ষঃ ও উদরে অধিক পরিমাণে ও বেগে রক্ত গমন। রক্ত বা রসসঞ্চয়জনিত সংন্যাস। অতিশয় শীর্ণতা। স্নায়ুর উত্তেজনা।

চর্ম্ম। কণ্ডূয়ন। রাত্রিতে কণ্ডূয়ন, শয্যার উত্তাপে

টীকা। গণ্ডমালা, ঔদ্ভেদিক ব্যাধি, কামল, প্রাদাহিক জ্বর, রক্তামাশয়, কণ্ঠক্ষত, যকৃৎ-প্রদাহ, সর্দ্দি ও গলাভাঙ্গা, মস্তক সর্দ্দি, পৈত্তিক ও আমাশয়িক অসুস্থতা, গ্রন্থি স্ফীত, কর্ণমূলগ্রন্থি প্রদাহ ও বসন্ত ইত্যাদিতে বিশেষ ব্যবহার্য্য

বৃদ্ধি। কণ্ডূয়নশীল উদ্ভেদ ও নখাঘাতের পর তাহাতে জ্বালা। সপূয উদ্ভেদ। দদ্রু চিহ্ন ও পূঁযযুক্ত উদ্ভেদ বা ফুস্কুড়ী, যাহা সময় সময় পরস্পর মিলিত হইয়া যায়, কখন শুষ্ক ও সশল্ক দাগ হয়, কখন বা উগ্র রস নিঃসৃত হয়। চুল্কানির ন্যায় উদ্ভেদ। এক প্রকার শুষ্ক রক্তবর্ণ উদ্ভেদবৎ ও সহজে রক্তস্রাবক কণ্ডূয়ন বা চুল্কনা। সাংঘাতিক আরক্ত জ্বর, বিশেষতঃ কণ্ঠে অতিশয় প্রদাহ, অধিকন্তু বসন্তের পূঁয বা পক্কাবস্থা। দদ্রু স্পর্শে জ্বালা; বিস্তীর্ণ আরক্ত প্রদাহ। প্রসারণশীল ক্ষত। রক্তস্রাবপ্রবণ ক্ষত। অস্থিতে বেদনাযুক্ত ক্ষত। সন্ধিতে স্ফোটক ও অস্থিতে ক্ষত। সুস্থ ও অসুস্থ পূঁযোৎপত্তি। গ্রন্থি স্ফীততা, বিশেষতঃ অপ্রদাহাবস্থায়, কিম্বা তৎসঙ্গে তাহা উজ্জ্বল লোহিত বর্ণ ও তাহাতে আঘাতবৎ এবং হুলবেধন বোধ। গ্রন্থিতে পূঁযোৎপত্তি; কামল, চর্ম্ম পীতবর্ণ, কর্কশ ও শুষ্ক।

নিদ্রা। রাত্রিতে নিদ্রাবস্থায় ভ্রমণ। দিনে নিদ্রালুতা; অসুখ বোধ, অল্প নিদ্রা ও সতত জাগিয়া উঠা। শেষ রাত্রি পর্যন্ত অনিদ্রা। বিলম্বে নিদ্রাগত হওয়া। অতিশয় অস্থিরতা ও অসুখ ও তৎসহ অনিদ্রা।

জ্বর। জ্বরাক্রমণ, বিশেষতঃ রাত্রিতে। অভিঘাত বা বিলোপী জ্বর, বিশেষতঃ শিশুদের। আমজ্বর ও তৎসহ অবসাদন। প্রদাহিক জ্বর সহ ঘর্ম্ম হওয়ার প্রবণতা। রাত্রিতে অতিশয় ঘর্ম্ম। ভয়ানক তৃষ্ণা।

মানসিক লক্ষণ। অতিশয় অস্থিরতা। যন্ত্রণা, উদাসীনতা, চিন্তা করিতে অশক্তি, একগুঁয়ে ভাব, অসহিষ্ণুতা।

মস্তক। শিরঃপীড়া এরূপ যেন মস্তক খণ্ড খণ্ড হইয়া যাইবে, ও তৎসহ পূর্ণতা বোধ। সমগ্র মস্তকে সূচীবেধ বোধ। ছেদক ও জ্বালাযুক্ত শিরঃপীড়া। একপার্শ্বিক ছেদক শিরঃপীড়া, তৎসহ দন্ত পর্য্যন্ত হুলবেধ বোধ। মস্তকের বহির্ভাগে বিদারক বেদনা, বিশেষতঃ মস্তকাস্থিতে। সর্দ্দি ও বাতজনিত শিরঃপীড়া। মস্তক উষ্ণ ও তাহাতে বেগে রক্ত গমন। ভ্রমি। কণ্ডূয়ন শুষ্ক কিম্বা আর্দ্র উদ্ভেদ। কেশপতন। মস্তকে বেদনা। মস্তকে ঘর্ম্ম।

চক্ষু। চক্ষুতে বালুকা পতনবৎ চাপানুভব। চক্ষুতে সূচীবেধ। তীক্ষ্ণ দ্রব্য দ্বারা যেন অক্ষিপুট কর্ত্তিত হইতেছে। কণ্ডূয়ন এবং চক্ষুর উষ্ণতা। জ্বালা ও উগ্রতা—বিশেষতঃ অনাবৃত বায়ুতে। উভয় চক্ষুর প্রদাহ, বিশেষতঃ বাত বা গণ্ডমালা রোগজনিত ও তৎসঙ্গে চক্ষুর শ্বেতাংশ আরক্তিম। চক্ষুর্দ্বয় হইতে প্রাতঃকালে অশ্রুস্রাব। অক্ষিপুটে যেন বল প্রয়োগ দ্বারা রুদ্ধ এবং কষ্টে তাহার পুনরুন্মীলন। অক্ষিপুটের অতিশয় আরক্ততা ও স্ফীততা। চক্ষুপ্রান্তে ক্ষত ও থুস্কী। রাত্রিতে চক্ষুপাতা রুদ্ধ। দৃষ্টি ঝাপ্‌সা। চক্ষুর সম্মুখে কৃষ্ণবর্ণ দাগ। মুহূর্ত্ত কাল এককালীন দৃষ্টিহীনতা। চক্ষুর কাল ক্ষেত্রে ক্ষত বা সপূঁয উদ্ভেদ, অক্ষির চাকচিক্যতা ও আলোকাসহিষ্ণুতা।

কর্ণ। কর্ণে ছেদক কিম্বা গুলিবেধক বেদনা। অভ্যন্তর কর্ণে ক্ষতবৎ ও থেত্‌লান বোধ। কর্ণ হইতে পূঁয নিঃসরণ; শ্রবণশক্তির হ্রাস কিম্বা কর্ণে তালা লাগা ও তাহাতে ঝম্‌ ঝম্‌ শব্দ। কর্ণ নিম্নস্থ গ্রন্থি স্ফীত ও প্রদাহিত। বাহ্যাভ্যন্তর কর্ণপ্রদাহ।

নাসিকা। অস্থি স্ফীত। নাসারন্ধ্র হইতে রক্তস্রাব। মস্তক-সর্দ্দি ও হাঁচি। মস্তকে অতিশয় উগ্র সর্দ্দি।

মুখমণ্ডল। মুখাকৃতি পাণ্ডু ও নীলবর্ণ কিম্বা কামলযুক্ত। আরক্ত মুখমণ্ডল। গণ্ডদেশ জ্বরবৎ উত্তপ্ত ও আরক্ত। গণ্ডদেশ স্ফীত ও দন্তশূল। মুখমণ্ডলে বিদারক বেদনা। মুখমণ্ডলে পীতবর্ণ খুস্কী, সতত কণ্ডুয়ন ও চুল্কানির পর রক্তপড়া। ওষ্ঠাধর শুষ্ক, বিদারিত কিম্বা ক্ষত বিশিষ্ট। মুখের কোণ বিদারিত ও ক্ষতযুক্ত। চিবুকনিম্নস্থ গ্রন্থি স্ফীত, অধিকন্তু প্রদাহিত ও তাহাতে সূচীবেধন ও দব্ দব্ বোধ।

দন্ত। দন্তশূল,—শীতল কিম্বা উষ্ণ দ্রব্য ভক্ষণে বৃদ্ধি, রাত্রিতে শয্যায় অসহ্য বোধ হয়। সর্দ্দিজনিত দন্তশূল। ছেদক দন্তশূল ও তাহাতে মুখমণ্ডলের সমুদায় অংশ আক্রান্ত। ক্ষয়িত দন্তে বিদারণ বোধ ও তৎসঙ্গে গণ্ডদেশে বেদনাদায়ক স্ফীততা। দন্তে ভয়ানক সূচীবেধ বোধ। দন্ত শিথিল ও স্খলিত হয়। দন্তমূল মাড়ী হইতে বিচ্ছিন্ন এবং তাহা ক্ষত ও স্ফীত হয়। মাড়ী ক্ষতযুক্ত। সচ্ছিদ্র স্পঞ্জবৎ ও অল্পে রক্তস্রাবপ্রবণ মাড়ী।

মুখগহ্বর। মুখগহ্বর হইতে দুর্গন্ধ বাহির হয়। মুখগহ্বর প্রদাহিত ও স্ফীত। কণ্ঠ ক্ষত। মুখে বেদনা ও ক্ষত। মুখগহ্বরে আঠার ন্যায় লালাসঞ্চয়। জিহ্বা মলাবৃত। জিহ্বায় প্রাদাহিক কঠিন স্ফীততা কিম্বা তৎসহ তাহার ধার ক্ষতবিশিষ্ট। দুর্গন্ধ লালাস্রাব। বাক্য ও স্বর সম্পূর্ণরূপে রুদ্ধ।

গলা। গলাভ্যন্তরে ক্ষত, গলার মধ্যে যেন কিছু আট-কাইয়া আছে এরূপ বোধ। গিলিতে কষ্ট। গলাভ্যন্তরে শুষ্কতা-

ও নিস্তব্ধতা বোধ, অধিকন্তু জ্বালা, যেন উদর হইতে উষ্ণ বাষ্প উত্থিত হইতেছে। গিলিতে গলার ভিতর শুলিবেধক বেদনা, অধিকন্তু তালুপার্শ্ব গ্রন্থিতে। নাসারন্ধ্র দিয়া তরল পদার্থ বাহির হয়। আলজিহ্বা স্ফীত, প্রসারিত ও প্রদাহিত। তালুপার্শ্ব গ্রন্থিতে ক্ষত ও তৎসঙ্গে গিলিতে গলাভ্যন্তরে তীক্ষ্ণ সূচীবেধন বোধ। কণ্ঠ ক্ষত। তালুপার্শ্ব গ্রন্থিতে পূঁযোৎপত্তি ও তাহার প্রাদাহিক স্ফীততা। গলায় বেদনা ও তাহা সর্ব্বদা কর্ণ ও পার্শ্ববর্ত্তী গ্রন্থ্যাদিতে বিস্তৃত হয়।

ক্ষুধা ও আস্বাদ। তিক্ত, পচিত, লবণাক্ত, মিষ্ট কিম্বা আঠাবৎ আস্বাদ। শীতল পানীয় সেবনার্থে প্রবল জ্বালাযুক্ত তৃষ্ণা। কুকুরবৎ ক্ষুধা। সম্পূর্ণরূপে ক্ষুধার অভাব; পরিপাক শক্তি দুর্ব্বল ও সতত ক্ষুধার উদ্রেক।

আমাশয়িক লক্ষণ। সতত বায়ু উদ্গার। বিবমিষা ও বমনোদ্রেক। তিক্ত পিত্তবমন।

পাকাশয়। পাকাশয়প্রদেশ বেদনাযুক্ত, বিশেষতঃ সংস্পর্শে। পাকাশয়ে ভারবোধ। ভুক্তদ্রব্য পাকাশয়ে প্রস্তরবৎ অনুভূত হয়।

উদর। যকৃৎপ্রদেশ বেদনান্বিত। তরুণ যকৃৎ প্রদাহ ও সূচীবেধক বেদনা। উদরাধ্মান, সর্দ্দিজনিত শূল বেদনা। তরল মলত্যাগের সঙ্গে সায়ংকালীন বায়ু-উদ্ভূত শূল। অতিশয়, ভয়ানক শূল বেদনা। অতিশয় বেদনা, শয়ন করিলেও তাহা উপশম বোধ হয় না। উদর স্পর্শে ও চাপ প্রয়োগে বেদনাযুক্ত। কামল।

মল ইত্যাদি। সর্ব্বদা মলত্যাগেচ্ছা ও তৎসঙ্গে কোঁতানি,

কিন্তু মল নিঃসরণ হয় না। কোষ্ঠবদ্ধ। কঠিন, আঠাবৎ কিম্বা অধিক পরিমাণে মল নিঃসরণ। শূল ও কোঁতানির সঙ্গে অধিক পরিমাণে রক্তপূর্ণ আম নিঃসরণ। আঠাবৎ অম্ল গন্ধযুক্ত, হরিৎবর্ণ, পিত্তযুক্ত রক্তপূর্ণ কিম্বা ক্লেশকর মল নিঃসরণ। আঠার ন্যায় চট্‌চটে তরল মল। রক্তামাশয়ের মত মল কিম্বা ভয়ানক মলত্যাগেচ্ছা ও কোঁতানি। সায়ংকালীন শীতল বায়ু জনিত উদরাময়, তৎসহ কর্ত্তনবৎ বেদনান্বিত শূল। মলত্যাগ কালীন গুহ্যদ্বারে জ্বালাযুক্ত বেদনা। মহীলতা ও সূত্রবৎ কৃমি নিঃসরণ।

মূত্রযন্ত্র। প্রস্রাব ঘোলা—ত্যাগকালীনও। ন্যাস্তি অধঃপতিত হয়। আকস্মিক প্রস্রাব ত্যাগেচ্ছা। প্রস্রাবাধিক্য; গাঢ় লোহিত বর্ণ কিম্বা অম্লগন্ধযুক্ত প্রস্রাব কিম্বা তাহার সহিত শ্লেষ্মা ও পূঁয মিশ্রিত। রক্তস্রাব, প্রস্রাব করিতে জ্বালা।

ঋতু ইত্যাদি। উৎকণ্ঠা ও বেদনা সহ রজঃ আধিক্য; রজঃ রোধ। রজঃ প্রকাশের পূর্ব্বে শুষ্ক উত্তাপ সহ মস্তকে রক্ত সঞ্চয়। সপূঁয উগ্র শ্বেতপ্রদর। স্তন শক্ত, স্ফীত ও বেদনাযুক্ত, কিম্বা তাহাতে পূঁয ও ক্ষত হয়। অগুণকারী দুগ্ধ, তাহা সেবনে শিশু অনিচ্ছা প্রকাশ করে।

বায়ুনলী ও কাশি। শীতের সহিত সর্দ্দি। সর্দ্দি ও কাশি। মস্তক সর্দ্দি। গলাভাঙ্গা ও কণ্ঠবেদনা। সততঃ স্বরভঙ্গ এবং স্বরাভাব; শুষ্ক কাশি—যন্ত্রণাদায়ক, বিশেষতঃ রাত্রিতে। ক্লান্তিকর, ক্ষুদ্র ও শুষ্ক কাশি, কাশি সহ শ্লেষ্মা নিঃসরণ। শুষ্ক আক্ষেপিক কাশি ও তৎসহ উদ্গার।

বক্ষঃ ও শ্বাস প্রশ্বাস। উচ্চ স্থানে আরোহণ কালে কিম্বা ভ্রমণ কালে শ্বাসকৃচ্ছ্র। হৃৎস্পন্দন।

পৃষ্ঠ। গ্রীবের গ্রন্থি স্ফীত ও তৎসহ চিবুকের বেদনাদায়ক অবরোধ কিম্বা তৎ সহ প্রদাহ।

শাখাদ্বয়। স্কন্ধ ও মণিবন্ধ সন্ধিতে ও বাহুতে বিদারণ বেদনা, বিশেষতঃ রাত্রিতে ও সঞ্চরণে। বাহুতে সশল্ক ও জ্বালাযুক্ত দদ্রু। হস্তে চুলকানির ন্যায় উদ্ভেদ। অঙ্গুলি ফাটা, তাহা হইতে রক্ত পড়ে ও তাহাতে বেদনা করে। অঙ্গুলির আকুঞ্চন। বঙ্ক্ষণ সন্ধিতে বিদারণ বোধ, তাহা রাত্রিতে বৃদ্ধি পায়। রাত্রিতে ও সঞ্চরণে অধঃশাখায় ছেদন ও সূচীবেধনানুভব ও তৎসহ শীতলতা বোধ। উরু ও জংঘাতে দদ্রু।

১১। নক্সভমিকা—নক্স।

বিশেষ লক্ষণ। অধিকাংশ লক্ষণ কফি, মদ্য, তাম্রকূট সেবন, জাগরণ ও মানসিক শ্রম হইতে বৃদ্ধি হয়। অধিকাংশ লক্ষণ অতি প্রত্যূষে কিম্বা আহারের পর প্রকাশিত হয়। গৃহ মধ্যে

টীকা। পৈত্তিকাসুস্থতা, পাকাশয় ও অন্ত্রের বিশৃঙ্খলা, পালাজ্বর, আমাশয়িক ও পৈত্তিক জ্বর, স্নায়বীয় দুর্ব্বলতা, পক্ষাঘাতিক ও আক্ষেপিক রোগ সমূহ, গুল্মবায়ু রোগজনিত পীড়া সমূহ, সর্দ্দি ও রক্তাধিক্য জনিত এবং স্নায়বীয় ও আমাশয়িক শিরঃপীড়া, সংন্যাস, অন্ত্রবৃদ্ধি, অর্শ, রজঃ আধিক্য ও কষ্টরজঃ মূত্রসম্বন্ধীয় পীড়া ও মূত্রত্যাগে কষ্ট, ও মস্তক সর্দ্দি ইত্যাদি রোগে বিশেষ ব্যবহার্য্য।

অবস্থান কালে বেদনা বৃদ্ধি, তাহা বাহিরে গেলে আরাম বোধ হয় ; এবং বাহিরে থাকার সময় বেদনা উপস্থিত হইলে গৃহ মধ্যে প্রবেশ করিলে তাহা উপশমিত হয়।

সাধারণ লক্ষণ। কাফি, সুরা ও আসবাদির অপব্যবহার-জনিত পীড়া। সর্দ্দি ও ক্রোধজনিত পীড়া, (উক্ত কারণোদ্ভূত কামল ও শিরঃপীড়া), মানসিক শ্রম, আলস্য পরবশতা ও রাত্রিজাগরণ বশতঃ পীড়া। সাময়িক ও পর্য্যায়শীল পীড়া সকল। অঙ্গাদিতে বাতবৎ ছেদন, আবর্ষণ ও কসা বোধ। বাতজনিত পীড়া (বঙ্ক্ষণ সন্ধি হইতে পদ পর্য্যন্ত স্নায়ুশূল) বিশেষতঃ পৃষ্ঠ, কটি ও বক্ষের বৃহৎ বৃহৎ পেশীতে হয়। শিশুদের গণ্ডমালারোগ বশতঃ পোষণাভাব। মস্তক, বক্ষঃ ও উদরে রক্তাধিক্য। সকল সন্ধিতে বেদনা, যেন থেত্‌লাইয়া গিয়াছে, বিশেষতঃ তাহা সঞ্চরণে অনুভূত হয়। অঙ্গাদিতে মচ্‌কানবৎ বেদনা। আক্রান্ত স্থান সকলের অবশতা। পক্ষাঘাত, বিশেষতঃ অধঃশাখায়। অধঃশাখার কম্পন ও অনমনীয়তা। মাতালদের কম্পন। খেঁচুনি ও আক্ষেপ। মৃগীযুক্ত আক্ষেপ ও তদ্দ্বারা মস্তক পশ্চাদ্ভাগে নত হয়। তাণ্ডব রোগ (সর্ব্ব শরীর কম্পন) বিশেষতঃ বালকদিগেরও তৎসঙ্গে অবশতা বোধ। মূর্চ্ছা, অধিকন্তু অনবরুদ্ধ বায়ুতে ভ্রমণের পর হয়। অতিশয় অবসাদন ও অঙ্গ সকলে কম্পন ও ভার বোধ, বিশেষতঃ প্রাতে কিম্বা অনবরুদ্ধ বায়ুতে ভ্রমণের পর হয়। হঠাৎ বলহানি, অতিশয় স্নায়বীয় দুর্ব্বলতা, তৎসহ ইন্দ্রিয় সকলের অতি-শয় উদ্দীপনা। সঞ্চরণে আশঙ্কা। অনাবৃত বায়ুতে বোধশক্তির আতিশয্য। সর্দ্দি লাগিবার সাতিশয় প্রবণতা। শীর্ণতা বিশেষতঃ শিশুদের। গুল্মবায়ু ও বায়ু রোগোদ্ভূত ব্যাধি সমূহ।

চর্ম্ম। ব্রণ। কামল। নীলিম্ চিহ্ন। হিমজাত স্ফোটক, তৎসহ জ্বালাযুক্ত কণ্ডূয়ন।

নিদ্রা। দিনে অতিশয় তন্দ্রা, অধিকন্তু আহারের পর মনে নানাবিধ ভাবোদয় বশতঃ বিলম্বে নিদ্রাগত হওয়া। নিদ্রা যাইবার কালে ভয়ানকরূপে চম্‌কাইয়া উঠা। রাত্রিতে সপ্রলাপ ভয়ানক স্বপ্ন দৃষ্টি। নিদ্রাবস্থায় ক্রন্দন ও কথা কহা।

জ্বর। রাত্রিতে বা সন্ধ্যাকালে এবং পান বা পরিশ্রমের পর শীত। শীত সহ মস্তক উষ্ণ কিম্বা অঙ্গে আকর্ষণ বোধ সহ পৃষ্ঠে বেদনা। সর্ব্ব শরীর শীতল, চর্ম্ম নীলবর্ণ, বিশেষতঃ হস্তের চর্ম্ম। নীলবর্ণ নখ। রাত্রিতে শীতলতা, শয্যার উত্তাপেও হ্রাস হয় না। জ্বরের সঙ্গে হাঁই তোলা, আলস্য ত্যাগ করা, শিরঃপীড়া ও আমাশয়িক লক্ষণাদি বিদ্যমান থাকে। শীত সহ কটি দেশে বেদনা। উষ্ণা স্থায় মস্তক ভারি, শিরঃপীড়া, আরক্তিম মুখমণ্ডল, বমন, আরক্ত মূত্র, বক্ষঃ বেদনা।

মানসিক লক্ষণ। উৎকণ্ঠা, বায়ুরোগের ন্যায় ভাব। বাহ্যিক বিষয়ে বোধাধিক্য। স্নায়বীয় উগ্রতা। বিবাদ করিতে আসক্তি। বিরক্তিভাব। দুঃখ ও খেদ, বিমর্ষভাব। উগ্রতা ও ক্রোধ। জড়তা। যন্ত্রণা। অস্থিরতা। শুদ্ধরূপে চিন্তা করিতে অক্ষমতা। উন্মত্ততা। অতিশয় পাঠ দ্বারা মানসিক বিকার কিম্বা মাতালদের সুরোন্মত্ততা রোগ। জ্ঞানহীনতা।

মস্তক। মস্তকে বিশৃঙ্খলা যেন মাদকতাজনিত। অচৈতন্য। মাদকতা। বিবিধ প্রকার মস্তক ঘূর্ণন। পুরাতন ও তৎসঙ্গে দৃষ্টির অস্পষ্টতা, জ্ঞানহীনতা, ঘুরিয়া পড়ার ন্যায় বোধ কিম্বা ভ্রমণ

করিতে অশক্তি ও বক্রগতি। মূর্চ্ছাবৎ মস্তকঘূর্ণন। সংন্যাস সহ জ্ঞানহীনতা ও অঙ্গাদির পক্ষাঘাত। শিরঃপীড়া—আহারের পর ও সঞ্চরণে, কিম্বা মস্তক নত করিলে বৃদ্ধি। মদ্য বা কফিসেবন-জনিত শিরঃপীড়া, চিন্তা করিলে বৃদ্ধি। মানসিক শ্রম কিম্বা আলস্যে জীবনযাপনজনিত শিরঃপীড়া। অর্দ্ধপার্শ্বিক শিরঃপীড়া, যেন মস্তিষ্কের ভিতর লৌহ প্রেক্ বিদ্ধ হইতেছে। চিন্তা করিতে শিরঃপীড়া, যেন মস্তক ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ডে ছিন্ন হইয়া গেল। শিরঃ-পীড়া, যেন মস্তিষ্ক দলিত হইতেছে। মস্তকে কশা, আক্ষেপ বা খাল ধরা বোধ কিম্বা আকর্ষণ, ছেদন ও স্পন্দন বোধ। অগ্র কপালে চাপন, বিস্তারণ কিম্বা বিদারণ বোধ। মস্তিষ্কে রক্ত সঞ্চয় ও তৎসহ কপালে ভয়ানক বেদনা, ভ্রমি কিম্বা মূর্চ্ছা। করোটী স্পর্শে বেদনান্বিত।

চক্ষু। চক্ষুতে জ্বালা ও উগ্রতা। চক্ষুতে চাপবোধ। কণ্ডুয়ন। গণ্ডমালা রোগগ্রস্ত ও নবজাত শিশুদের চক্ষুপ্রদাহ, অধিকন্তু সর্দ্দির পর। চক্ষু হইতে রক্তস্রাব। আরক্ত, স্ফীত ও সংযুক্ত অক্ষিপুট। আলোকাসহিষ্ণুতা, বিশেষতঃ প্রাতঃকালে। অক্ষিপুটের আকুঞ্চন।

কর্ণ। কর্ণে ছেদন ও গুলিবেধ বোধ। কর্ণে গুন গুন্ ও ঝম্ ঝম্ শব্দ।

নাসিকা। নাসারন্ধ্র রুদ্ধ ও মস্তকে শুষ্ক সর্দ্দি, অধিকন্তু দুগ্ধপায়ী শিশুদের। সন্ধ্যাকালে শুষ্ক সর্দ্দি ও তাহা দিনের বেলা আর্দ্র হয়। নাসারন্ধ্র রুদ্ধ ও তাহা হইতে উগ্র পদার্থ নিঃসরণ।

মুখমণ্ডল। পীড়িতবৎ, পাণ্ডুর ও ম্লান মুখাকৃতি। লোহিত বর্ণ, ঈষৎ স্ফীত মুখমণ্ডল। মুখ আরক্ত ও স্ফীত। গণ্ড-

দেশ আরক্ত ও উষ্ণ। নাসিকা ও মুখের চতুষ্পার্শ্বে পীতবর্ণ দাগ। মুখমণ্ডলে বিদারক বেদনা ও তৎসহ এক পার্শ্বে স্ফীতি। ওষ্ঠাধর শুষ্ক। ওষ্ঠাধর হইতে বেদনা সহ ত্বক্ উঠিয়া যায়।

দন্ত। দন্তে সতত বেদনাবোধ—চিন্তা ও মানসিক শ্রমে বৃদ্ধি। দন্তশূল—অনাবৃত বায়ুতে ভ্রমণ, আহারের পর কিম্বা সর্দ্দি হইতে উৎপন্ন হয়। দন্ত ও চিবুকে অতীক্ষ্ণ ছেদন বেদনা ও তাহা মুখাস্থি হইতে মস্তক পর্য্যন্ত বিস্তৃত এবং শীতল দ্রব্য পানে বৃদ্ধি ও উষ্ণ দ্রব্য পানে হ্রাস হয়। বিদারক দন্তশূল—শীতল জল দ্বারা পুনরুদ্ভূত হয়। ক্ষয়িত দন্তে আকর্ষণ, বেধন ও হুলবেধ বোধ। দন্ত শিথিল। মাড়ী রক্তস্রাবযুক্ত, দুর্গন্ধ ও স্ফীত।

মুখগহ্বর। মুখে দুর্গন্ধ। প্রাদাহিক স্ফীতি, বিশেষতঃ মাড়ী ও তালুতে। মুখগহ্বরে ও কণ্ঠাভ্যন্তরে দুর্গন্ধ ক্ষত। জিহ্বা শ্বেতবর্ণ ও শ্লেষ্মা দ্বারা আবৃত কিম্বা শুষ্ক ও বিদারিত। তোত্‌লা কথা ও জিহ্বায় ভারবোধ। জিহ্বাতে বেদনাদায়ক ফোস্কা।

গলাভ্যন্তর। কণ্ঠবেদনা সহ তাহাতে স্ফীতি বোধ —কিম্বা গলার ভিতরে কিছু যেন আটকাইয়া আছে এইরূপ বোধ। গলার ভিতর হাজিয়া যাওয়া বোধ। আলজিহ্বা স্ফীত, অধিকন্তু প্রদাহিত। তালুপার্শ্বগ্রন্থি স্ফীত।

ক্ষুধা ও আস্বাদ। তিক্ত, অম্ল এবং দুর্গন্ধ আস্বাদ; তৃষ্ণা সত্ত্বে জলপানে অনিচ্ছা ও ক্ষুধা সত্ত্বে আহারে অরুচি। সকল প্রকার খাদ্য দ্রব্যে অনিচ্ছা। আহারের পর বায়ুরোগজনিত বিষণ্ণতা ও তৎসঙ্গে তন্দ্রালুতা। আহারকালীন মস্তকে উষ্ণতা বোধ। খাদ্য দ্রব্য আস্বাদবিরহিত।

আমাশয়িক লক্ষণ। সর্ব্বদা হিক্কা। দুর্দ্দমা হিক্কা। তিক্ত অম্ল, দুর্গন্ধ উদ্গার। বিবমিষা ও বমনোদ্রেক, বিশেষতঃ প্রত্যূষে কিম্বা আহারের পর। বুক জ্বালা। মুখ দিয়া জল উঠা। ভুক্ত দ্রব্য কিম্বা অম্লগন্ধযুক্ত শ্লেষ্মা বমন। রক্ত বমন। গর্ভবতী স্ত্রীদের বমন ও বিবমিষা। ভুক্ত দ্রব্য পুনরুদ্গীরণ। দুর্দ্দম্য বমন।

পাকাশয়। পাকাশয়প্রদেশে চাপ প্রয়োগে চৈতন্যাতিশয্য। পাকাশয়ে প্রস্তরবৎ চাপবোধ—বিশেষতঃ আহারের পর। পাকাশয়ের অভ্যন্তরে ও উপরিভাগে কসা বোধ। পাকাশয়ে খাল ধরা ও আক্ষেপিক বেদনা ও তৎসহ চাপ বোধ। পেট কামড়ানি ও বিদারক বেদনা, বিশেষতঃ আহারের পর। দব্ দব্ বোধ। পাকাশয় মধ্য প্রদেশে জ্বালা।

উদর। উদর প্রদেশে আঘাতিক, আকর্ষক এবং গুলিভেদক বেদনা—তাহা স্পর্শে ও সঞ্চালনে বৃদ্ধি। শূলবেদনা—গর্ভাবস্থায়, আহারের পর, শৈত্যজনিত ও আক্ষেপিক বেদনাবিশিষ্ট কিম্বা আকুঞ্চক শূল। উদরে ভার, অধিকন্তু পরিমিত আহারের পর বিস্তৃতি বোধ। বস্ত্র কসা বোধ হয়। গুল্মবায়ুরোগযুক্ত ঔদরিক আক্ষেপ। উদরে চিম্‌টীকাটা কিম্বা কর্ত্তনবৎ বোধ ও তৎসঙ্গে বমনোদ্রেক ও উদ্গার। অন্ত্রাদিতে সবেদন বোধ। উদর বেদনাবিশিষ্ট—অধিকন্তু প্রতি পদক্ষেপে তাহা অনুভূত হয়। উদরে ভারবোধ ও রক্তসঞ্চয়। উদরাধ্মান, কিন্তু তাহাতে বায়ু নিঃসরণ হয় না। কোষ্ঠাশ্রিত বায়ুযুক্ত শূল। অন্ত্রবৃদ্ধি—অপিচ শিশুদের।

মল। কোষ্ঠবদ্ধ, অধিকন্তু শিশুদের। পুরাতন ও দুর্দ্দম্য কোষ্ঠবদ্ধ—কিম্বা যেন তাহা অন্ত্রের কার্য্যাক্ষমতা বা অচবযুক্ত

অভ্যাস জনিত। গর্ভাবস্থায় কোষ্ঠবদ্ধ। মলত্যাগে নিষ্ফল ইচ্ছা, কিম্বা মল শক্ত ও বৃহৎ হয় এবং তাহাতে সর্ব্বদা রক্ত মিশ্রিত থাকে। সর্ব্বদা আমসংশ্লিষ্ট মল ও তৎসঙ্গে কোঁতানি। জলবৎ তরল মল নিঃসরণ। রক্তস্রাব। বেদনা বিশিষ্ট অর্শ।

মূত্রযন্ত্র। সবেদন নিষ্ফল মূত্রত্যাগেচ্ছা। রাত্রিতে প্রস্রাবের বেগ, কিন্তু প্রস্রাব না হইয়া রক্তস্রাব হয় ও জ্বালা করে। সর্ব্বদা প্রস্রাবের বেগ ও ত্যাগেচ্ছা। প্রস্রাব করিবার সময় মূত্রাশয়ের গলদেশে ও মূত্রনালীতে জ্বালা। সবেদন মূত্রত্যাগেচ্ছা, ফোটা ফোটা প্রস্রাব ও জ্বালা।

ঋতু ইত্যাদি। জননেন্দ্রিয়ে রক্তাধিক্য ও তাহাতে চাপ, ভার ও উষ্ণতা বোধ। রজঃ আধিক্য, নিয়মিত সময়ের পূর্ব্বে রজঃপ্রকাশ এবং তাহা অধিক দিন থাকে। অতিশয় প্রচণ্ড প্রসব বেদনা। ঋতু কালে আক্ষেপ ও শিরঃপীড়া। জরায়ুতে আকুঞ্চক আক্ষেপ। শ্বেতপ্রদর, অধিকন্তু তাহা পীতবর্ণ ও দুর্গন্ধ।

বায়ুনলী ও কাশি। সর্দ্দিজনিত গলাভাঙ্গা। গলা ছাজিয়া যাওয়ার ন্যায় বোধ এবং তাহাতে আঠার ন্যায় শ্লেষ্মা। শ্বাসরোধবোধ। কাশি—যাহা পরিশ্রমে বৃদ্ধি ও উত্তেজিত হয় ও অধ্যয়নে, চিন্তা করিতে, আহারের পর, কিম্বা সুড় সুড়ী দিলে ও অতি প্রত্যূষে বৃদ্ধি পায়। যাতনাদায়ক কাশি ও শিরঃপীড়া, কিম্বা তৎসঙ্গে পাকাশয়ে বেদনা—থেৎলান বোধ। শুষ্ক কাশি ও শ্লেষ্মার ঘর্ঘর শব্দ। উদ্গার সহ আক্ষেপিক কাশি। দ্বিপ্রহর রাত্রি হইতে প্রাতঃকাল পর্য্যন্ত শুষ্ক কাশি।

বক্ষঃ ও শ্বাসপ্রশ্বাস। শ্বাস কষ্ট। শুষ্ক, আক্ষেপিক

শ্বাসকাশ। বক্ষেঃ উৎকণ্ঠান্বিত যন্ত্রণা। ভ্রমণ করিতে কিম্বা উচ্চ স্থানে উঠিতে শ্বাসকাশের মত আকুঞ্চন বোধ। বক্ষেঃ বেগে রক্ত গমন। গুরু বস্তু দ্বারা চাপিতবৎ বোধ। হৃৎস্পন্দন, অধিকন্তু তৎসঙ্গে বিবমিষা কিম্বা বমন।

পৃষ্ঠ। পৃষ্ঠ ও কটিদেশে বেদনা—যেন দলিত হইয়াছে; পৃষ্ঠে ছেদনবৎ বোধ ও তাহা সময় সময় উপস্থিত হয়।

শাখাদ্বয়। বাহুতে আকর্ষণ ও অবশতা বোধ ও সঞ্চালনে অশক্তি। হিমস্ফোটক। পদ হইতে বক্ষণ পর্য্যন্ত সর্ব্বদা বাণবিদ্ধকরণবৎ বোধ। অধঃশাখার পক্ষাঘাত ও অবশতা। পা ঠিক করিয়া ফেলিতে না পারা কিম্বা কাঁপিতে কাঁপিতে হাঁটু ভাঙ্গিয়া পতন। হাঁটুতে স্ফীতি ও বাতজনিত প্রদাহ ও কাঠিন্য। রাত্রিতে পায়ের ডিমে খালধরা। পদাঙ্গুলিতে কণ্ডূয়নযুক্ত জ্বালা।

১২। ফস্ফরস—ফস্ফ।

সাধারণ লক্ষণ। প্রতিবার সর্দ্দির পর অঙ্গে ছেদন ও বেধন বোধ, বিশেষতঃ রাত্রিতে শয্যায়। পুরাতন বাত। গুল্মবায়ু ও অবসাদ বায়ু রোগ। শীতল বায়ুতে চৈতন্যাতিশয্য। অঙ্গাদিতে দলিত বোধ। মন ও শরীরে ভারবোধ। আকস্মিক সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা; অধিকন্তু গুল্মবায়ু রোগগ্রস্ত ব্যক্তিদের।

টীকা। সর্দ্দিজনিত পীড়া, ক্ষয়কাস, বাত, শারীরিক ও স্নায়বিক দুর্ব্বলতা, পুরাতন উদরাময় ও বিবিধ যান্ত্রিক রক্তস্রাব ইত্যাদিতে বিশেষ ব্যবহার্য্য।

অঙ্গ-কম্পন, বিশেষতঃ কর্ম্ম করিতে; অতিশয় স্নায়বীয় দুর্ব্বলতা সহ অবসন্নতা। শারীর-বিধান অপচয়ে দুর্ব্বলতা; পক্ষাঘাত; শীর্ণতা; নানা যন্ত্র হইতে রক্তস্রাব, যথা;—ফুস্‌ফুস, মাড়ী ও প্রসারিত শিরা হইতে; জ্বালাযুক্ত বেদনা; রক্তাধিক্য; ঋতু পরিবর্ত্তনে বেদনাবস্থ।

চর্ম্ম। নালী ক্ষত—প্রান্ত শক্ত; পূঁয দূষিত এবং অভিঘাত বা বিলেপী জ্বরসম্বলিত গ্রন্থিল স্ফোটক; চর্ম্মে পীত ও পাটলবর্ণের ফুস্কুড়ী; ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ; ক্ষুদ্রাঘাত হইতে অধিক রক্তস্রাব; নীহার-স্ফোটক; ফোস্কা ও কড়া; আঘাত প্রাপ্তে গ্রন্থির পীড়া; সশল্ক শুষ্ক দদ্রু।

নিদ্রা। সর্ব্বদা হাই তোলা; বিলম্বে নিদ্রা হয়। অনিদ্রা কি সতত জাগরণ ও তৎসঙ্গে অসুখ ও উৎকণ্ঠা। অতৃপ্তিকর নিদ্রা কিম্বা নিদ্রা না হওয়ার ন্যায় বোধ; উৎকণ্ঠাযুক্ত ভয়ানক স্বপ্ন।

জ্বর। সন্ধ্যাকালে শীতানুভব; মধ্যে মধ্যে উষ্ণতানুভব। রাত্রিতে উত্তাপ। বিলেপী জ্বর, তৎসঙ্গে সন্ধ্যাকালে ঘর্ম্মবিহীন উত্তাপ। রাত্রিতে নির্য্যাসবৎ স্বেদ নিঃসরণ। প্রাতঃকালে ঘর্ম্ম।

মানসিক লক্ষণ। স্ফূর্ত্তিহীনতা; একাকী থাকিলে উৎকণ্ঠা ও উগ্রতা। উদ্দীপনা; নিদ্রাবস্থায় ভ্রমণ; চৈতন্যাতিশয্য ও চকিত-প্রবণতা।

মস্তক। ভ্রমি, অধিকন্তু পুরাতন কিম্বা তৎসহ মনোভাবের বিচলন; অতীক্ষ্ণ, অচেতনকর শিরঃপীড়া; প্রাতঃকালীন শিরঃপীড়া; ভারবোধ; মস্তকে শোণিতাবেগ; অতিশয় কেশপতন; মস্তকে মামড়ী; কেশাচ্ছাদিত করোটীর উপর বহুসংখ্যক শল্ক।

চক্ষু। প্রদাহ, তৎসঙ্গে উষ্ণতা ও বালুকাবৎ চাপ বোধ; চক্ষে অধিক পরিমাণে রক্তাবেগ, গণ্ডমালীয় চক্ষু প্রদাহ, প্রাতে জাগিলে চক্ষু জঁাটিয়া থাকে, দিনে আঠাবৎ নিঃসরণ, অনাবৃত বায়ুতে অশ্রুস্রাব, আলোকাশঙ্কা, নিকট দৃষ্টি; দিনে আকস্মিক অন্ধতা; এবং চক্ষুর সম্মুখে ধূসর বর্ণের আবরণ বোধ, চক্ষুতে জ্বালা, চক্ষুপাতা খুলিতে কষ্ট।

কর্ণ। কর্ণে দব্ দব্ ও আঘাতবৎ অনুভব; উত্তাপ ও আরক্ততা. কর্ণে আকর্ষক বেদনা, গুন্ গুন্ শব্দ; শুনিতে কষ্ট, বিশেষতঃ মনুষ্য-স্বর।

নাসিকা। নাসারন্ধ্র রুদ্ধ ও তাহার শুষ্কতা; সতত হরিৎ ও পীতবর্ণ শ্লেষ্মা নিঃসরণ, মস্তকে শুষ্ক সর্দ্দি, ঘ্রাণ শক্তির অভাব। নাক দিয়া রক্তপড়া, নাক ঝাড়িলে রক্তপাত, নাসিকা আরক্ত ও স্ফীত, ঘ্রাণশক্তির আধিক্য।

মুখমণ্ডল। মুখমণ্ডল পাণ্ডুবর্ণ ও বসা। চক্ষু কোটরগত ও তাহার চতুষ্পার্শ্বে নীলবর্ণ দাগ। চক্ষুর চারি দিকে স্ফীতি ও ভার বোধ। মুখমণ্ডলের চর্ম্মে আকৃষ্টতা,—সর্ব্বদা এক দিকে। মুখের অস্থিতে ছেদক বেদনা, যেন সমুদায় অংশ ছিন্ন হইবে। সন্ধ্যাকালে, শয়নাবস্থায় চিবুকে বিদারণ বোধ; সামান্য সর্দ্দি হইলে কথা কহিতে, আহার করিতে কিম্বা সংস্পর্শে মুখমণ্ডলের বেদনা পুনঃ প্রকাশ পায়। ওষ্ঠাধর শুষ্ক। উদ্ভেদ।

দন্ত। ছেদক কিম্বা গুলিবেধক দন্তশূল, বিশেষতঃ অনাবৃত * বায়ুতে বা সামান্য শীতলতা সংলগ্নে অনুভূত ও তৎসহ লালাস্রাব হয়।

মুখগহ্বর। মুখাভ্যন্তরে বেদনা, জিহ্বা শুষ্ক; জিহ্বার উপর শ্বেতবর্ণ শ্লেষ্মাসঞ্চয়, লালাস্রাব; রক্তনিষ্ঠীবন।

গলাভ্যন্তর। দিবারাত্র গলার ভিতর শুষ্কতা, উগ্রতা, ত্বকোত্তোলনবৎ ও জ্বালা বোধ; প্রাতেঃ শ্লেষ্ম উদ্গীরণ।

ক্ষুধা ও আস্বাদ। অম্লাস্বাদ, ঘন ঘন ক্ষুধার উদ্রেক।

আমাশয়িক লক্ষণ। সর্ব্বদা উদ্গার: প্রধানতঃ শূন্য উদ্গার, বিশেষতঃ আহারের পর, কিম্বা অম্লাস্বাদ ও ভুক্ত দ্রব্যা-স্বাদযুক্ত উদ্গার; অম্লাস্বাদযুক্ত ভুক্ত উদ্গীরণ। অম্ল দ্রব্য আহারের পর মুখ দিয়া জল উঠা, বিবমিষা। পাকাশয়ে বেদনা, দুর্ব্বলতাসহ বমন: ভুক্ত দ্রব্য বমন; পিত্ত বা অম্ল বস্তু কিম্বা রক্ত বমন।

পাকাশয়। স্পর্শে পাকাশয়প্রদেশ বেদনাবিশিষ্ট, অধিকন্তু ভ্রমণেও বেদনাবোধ; আহারের পর পূর্ণতা ও চাপ বোধ, কিম্বা পাকাশয়ে খালধরা; পাকাশয় ও তাহার মধ্য প্রদেশে উত্তাপ ও জ্বালা; থাকিয়া থাকিয়া পেট কামড়ায়, অধিকন্তু তৎ-সহ শ্বাসরোধ বোধ, পাকাশয়প্রদাহ।

উদর। বিশেষতঃ আহারের পর উদর স্ফীত; শূল বেদনা, উদরে চিম্‌টী কাটা ও ছেদনবৎ বোধ, বিশেষতঃ শয়নের কিছু কাল পরে অনুভূত হয়; উত্তাপ ও জ্বালা। উদরে শিথিলতা বোধ। কোষ্ঠাশ্রিত বায়ুরোধ; উদরাধ্মানজনিত শূল-বেদনা—উদরের গভীর স্থানে অনুভূত হয়; উদরোপরি বড় বড় পীতবর্ণ চিহ্ন ও ব্রণ হয়।

মল ইত্যাদি। পুরাতন উদরাময়; কোমল, আম কিম্বা

রক্ত মিশ্রিত মল ; ক্ষয়কাশাক্রান্ত রোগীদের অবসাদনকর উদরাময় ; বৃদ্ধদের—পর্য্যায়ক্রমে উদরাময় ও কোষ্ঠবদ্ধ ; অজীর্ণ অথবা অনৈচ্ছিক মল ; মলদ্বারে কণ্ডুয়ন ও হুলবেধ বোধ ; রক্তস্রাবণশীল ও বহির্বলী অর্শ।

মূত্রযন্ত্র। অনৈচ্ছিক মূত্রত্যাগ ; শ্বেতবর্ণ, থুব থুব শ্লেষ্মাযুক্ত মূত্র, কিম্বা তাহাতে পীত বা পাটলবর্ণের অধঃপতিত পদার্থ। মূত্রত্যাগের মধ্যবর্ত্তীকালে জ্বালা।

ঋতু ইত্যাদি। নিয়মিত সময়ের পূর্ব্বে ও অল্প পরিমাণে রজঃপ্রকাশ, কিম্বা নিয়মিত সময়ের পূর্ব্বে অধিক পরিমাণে এবং অধিককালস্থায়ী রজঃ ; রজস্বলাবস্থায় পৃষ্ঠে ভয়ানক বেদনা, অতিশয় আলস্য এবং জ্বর। উগ্র শ্বেতপ্রদর ; স্তনে বিস্তীর্ণ আরক্ত প্রদাহ ও তাহাতে জ্বালা ও হুলবেধ বোধ ; স্তনস্ফোটক।

বায়ুনলী ও কাশি। কর্কশ স্বর, অধিকন্তু পুরাতন স্বরভঙ্গ ; স্বরাভাব, বক্ষে সুড়সুড়ী বোধ হইয়া কাশি, কিম্বা তৎসহ গলায় হুলবেধবোধ অথবা শুষ্ক, যন্ত্রণাদায়ক কাশি, তাহাতে যেন করোটী ছিন্ন হইয়া যাইবে এরূপ বোধ, শীতল বায়ু, সুরাপান কিম্বা উচ্চৈঃস্বরে পাঠ দ্বারা উৎপন্ন। কাশি সহ লবণাক্ত সপূঁয শ্লেষ্মা নিঃসরণ, বিশেষতঃ প্রাতে ও সায়াহ্নে অথবা রক্তশ্লেষ্মা বা নির্য্যাসবৎ শ্লেষ্মা নিঃসরণ ও তৎসহ বক্ষেঃ বেদনা ; শ্লৈষ্মিক ক্ষয়কাশ। জ্বর ও কাশি সহ সর্দ্দি।

বক্ষঃ ও শ্বাসপ্রশ্বাস। বিবিধ প্রকার শ্বাসকষ্ট, প্রাতে সায়াহ্নে কিম্বা সঞ্চরণে অনুভূত হয়। বক্ষে যন্ত্রণা, ভার, পূর্ণতা কিম্বা আকৃষ্টতা বোধ ; বক্ষে সূচীবেধন বোধ, বিশেষতঃ বামপার্শ্বে ;

অধিকন্তু পুরাতন অবস্থায়। বক্ষেঃ বেদনা ও জ্বালা বোধ। হৃৎস্পন্দন—উপবেশন কিম্বা মনোবিকারাবস্থায়; বক্ষে শোণিতাবেগ; বক্ষেঃ পীতবর্ণ দাগ।

পৃষ্ঠ। পশ্চাৎ গ্রীবায় কঠিনতা; কক্ষ ও গ্রীবার গ্রন্থি স্ফীত।

শাখাদ্বয়। দক্ষিণ স্কন্ধে বাত বেদনা; বাহু ও হস্ত জ্বালা; হস্ত ও বাহু কম্পন; হাত অবশ, বিশেষতঃ অঙ্গুলির অগ্রভাগ; হস্তপদ স্ফীতি; বাতজনিত হাঁটুর কঠিনতা ও তৎসঙ্গে জংঘাতে পঙ্গুতা; পদতলে এরূপ বেদনা যেন তাহা ক্ষতযুক্ত হইয়াছে; পদ বরফের ন্যায় শীতল; হাঁটু হইতে পদ পর্য্যন্ত স্পর্শ ও বিদারণ অনুভূতি।

১৩। পল্‌সেটিলা—পল্‌স।

বিশেষ লক্ষণ। পুনঃ পুনঃ বেদনাক্রমণ এবং উপবেশনাবস্থায় বৃদ্ধি, অধিক পরিশ্রমের পর কিম্বা আসন

টীকা। স্ত্রীলোকের পীড়া কিম্বা উদরাময়, সর্দ্দিরোগাক্রান্ত ব্যক্তি, গুরুপাক দ্রব্য ভক্ষণে পাকাশয়ের বিশৃঙ্খলা, সাধারণ ও স্থানপরিবর্ত্তনশীল বাত, হাম, অজীর্ণজনিত শিরঃপীড়া, কর্ণশূল, বাত ও স্নায়ুজনিত দন্তশূল, আমাশয়িক ও পৈত্তিক পীড়া, আম ও পিত্তসংযুক্ত তরল মল, রজঃ বন্ধ ও তৎবিশৃঙ্খলাজনিত ব্যাধি সকল, শ্বেতপ্রদর, কষ্টরজঃ ও স্নায়বীয় পীড়াদিতে বিশেষ ব্যবহার্য্য।

হইতে উঠিবার সময়, বিশেষতঃ বিশ্রামকালে বৃদ্ধি : শয়নাবস্থা হইতে উঠিয়া বসিলে বেদনা হ্রাস হয় ; চিৎ হইয়া শয়নের পর, পার্শ্ব পরিবর্ত্তনে ও ইতস্ততঃ সঞ্চরণে বা ভ্রমণে, বাহ্যচাপ এবং অনাবৃত বায়ুতে বেদনা উপশম হয়।

সাধারণ লক্ষণ। শাখাদ্বয়ের মাংসপেশীতে স্পন্দক, ছেদক, আকর্ষক বেদনা—রাত্রিতে কিম্বা সন্ধ্যাকালে শয্যায় বেদনা বৃদ্ধি। বাত পীড়া, অধিকন্তু তৎসঙ্গে স্ফীতি ; স্থান পরিবর্ত্তনশীল বাত, ভ্রমণশীল বেদনা—যাহা শীঘ্র শীঘ্র এক স্থান হইতে অন্যস্থানে যায় ও তাহার সঙ্গে সন্ধি স্ফীত ও বেদনাযুক্ত থাকে ; দলিতবৎ বেদনা কিম্বা স্পর্শে অভ্যন্তর ভাগে ক্ষতবৎ বোধ। অর্দ্ধপার্শ্বিক পীড়া ; বরাহমাংস, সতৈল পিষ্টক কিম্বা তৈলাক্ত দ্রব্য ভক্ষণ জনিত পীড়া ; ভয় বা দুঃখজনিত অসুস্থতা ; শীত, শ্বাসকাস এবং মুখমণ্ডলের পাণ্ডুতা সহ বেদনাক্রমণ ; অঙ্গ সকলে ভারবোধ ; অতিশয় দুর্ব্বলতা ; উৎকণ্ঠাযুক্ত কম্পন, ব্যগ্রতা বোধ ; মূর্চ্ছা ও মুখমণ্ডল পাণ্ডুবর্ণ ; আপস্মারিক আক্ষেপ ও তৎসহ অতিশয় অঙ্গ সঞ্চালন, তৎপরে অঙ্গ শিথিলতা, বমনোদ্রেক এবং উদ্গার, শীর্ণতা ; গুল্মবায়ু ; আভ্যন্তরিক অংশের প্রদাহ ও পূঁযোৎপত্তির প্রবণতা।

চর্ম্ম। চর্ম্মের স্থানে স্থানে দংশনবৎ কণ্ডুয়ন ; হাম ও তাহার আনুষঙ্গিক পীড়া কিম্বা হামের প্রকাশ জনিত অসুস্থতা ; তৈলাক্ত দ্রব্য ভক্ষণ জনিত উদ্ভেদ ; পানিবসন্ত ; হিম জনিত স্থানিক প্রদাহ ; চর্ম্ম বিদারণ, পূঁযোৎপাদক আঘাত ; প্রসারিত শিরা ; সহজে রক্তস্রাবনীয় ক্ষত ও তৎসঙ্গে উগ্রতা, জ্বালা ও হুলবেধ কিম্বা চারি দিকে চুল্কানি এবং কঠিন, উজ্জ্বল আরক্ততা।

নিদ্রা। হাই তোলা। দিনে তন্দ্রা; জ্বর সহ নিদ্রালুতা, অস্থিরতা ও অনিদ্রা কিম্বা মনোমধ্যে নানা ভাবোদয়; চকিত প্রবণতা, বাক্যকথন, বিলাপ ও ক্রন্দন; ঘন ঘন জাগরণ; স্বপ্নপূর্ণ নিদ্রা; ভয়ানক উৎকণ্ঠাযুক্ত স্বপ্ন।

জ্বর। শীতলতা, তৎসঙ্গে সমুদায় শরীরে ঘর্ম্ম ও পাণ্ডুতা; পিপাসা ব্যতীত শীত; সর্ব্বদা দেহের অভ্যন্তরভাগে শীত; রাত্রিতে সর্ব্বশরীরে শুষ্ক উত্তাপ, তৎসঙ্গে ক্লেশ বোধ ও শিরঃপীড়া, মুখমণ্ডলে ঘর্ম্ম ও গাত্রাবরণ উন্মোচনে শীত বোধ; বৈকালে ও সন্ধ্যাকালে জ্বর বৃদ্ধি, শিরঃপীড়া সহ বক্ষেঃ যন্ত্রণা, আর্দ্র কাশি, মুখ তিক্ত ও উদরাময়সংযুক্ত জ্বর; প্রাতেঃ কিম্বা রাত্রে অতিশয় স্বেদ নিঃসরণ।

মানসিক লক্ষণ। মনোবিকার ও নিরানন্দতা; হৃদয়প্রদেশে অসুখ বোধ, কখন আত্মহত্যা করিতে ইচ্ছা। উৎকণ্ঠা; রাগান্বিত ভাব, অবসাদবায়ুরোগ জনিত ক্ষণরাগিতা; নিস্তব্ধভাব; সকল বিষয়ে বিরক্তি; ভয়; মৃত্যু ভয়।

মস্তক। প্রলাপ, জ্ঞানহীনতা; মানসিক পরিশ্রমে মস্তক অসুস্থ; মস্তকে বিশৃঙ্খলা বোধ, তৎসঙ্গে সুরোন্মত্ততা বা রাত্রি জাগরণবৎ বেদনা; মত্ততাজনিত বা বিবমিষা সহ কিম্বা মস্তক অবনত করিবার কালে ভ্রমি; মস্তকে শূন্যতা বোধ; অপরিমিত আহার দ্বারা কিম্বা তৈলাক্ত দ্রব্য ভক্ষণে বা শীত জনিত শিরঃপীড়া; অর্দ্ধপার্শ্বিক শিরঃপীড়া ও তৎসঙ্গে বিবমিষা ও বমন; মস্তকের এক পার্শ্বে ছেদন বোধ, অধিকন্তু কর্ণ ও দন্তে অনুভূত হয়; মস্তকে ভার বোধ। শিরঃপীড়া;—যেন মস্তিষ্ক

বিদীর্ণ হইয়া যাইবে ; কিম্বা চক্ষু সঞ্চালনে শিরঃপীড়া ; আঘাতবৎ স্পন্দন ও দলনবৎ বেদনা কিম্বা এরূপ বোধ যেন মস্তক বিকৃত হইয়াছে ; সন্ধ্যাকালে শিরঃপীড়া বৃদ্ধি , কেশাবৃত করোটীতে ঘর্ম্ম ; মস্তকে গুন্ গুন্ শব্দ ।

চক্ষু । চক্ষুতে চাপ—যেন বালুকা জনিত। অক্ষি ও অক্ষিপুট প্রদাহ ; চক্ষুপাতা আরক্ত ও স্ফীত ; আঞ্জনী । অনাবৃত বায়ুতে ও বায়ু হিল্লোলে অশ্রুস্রাব, ঘনঘন দৃষ্টি রোধ ; ঝাপ্সা দৃষ্টি যেন চক্ষুর সম্মুখে কোয়াসা রহিয়াছে ; চক্ষুর সম্মুখে অগ্নির চক্রবৎ বোধ ; চক্ষে ছেদক ও গুলিবেধক বেদনা ।

কর্ণ । কর্ণে স্পন্দন ও ছেদন বেদনা ; কর্ণে গুলিবেধ বোধ ; বাহ্য ও আভ্যন্তর কর্ণ-প্রদাহ, তৎসঙ্গে উষ্ণতা, আরক্ততা ও স্ফীততা ; কর্ণ হইতে পূঁয নিঃসরণ ; কর্ণে নিনাদ ; বধিরতা যেন কর্ণ বন্ধ হইয়া গিয়াছে, বিশেষতঃ হাম বিলোপের পর ।

নাসিকা । নাসাপুটে ক্ষত। নাক দিয়া রক্ত পড়া। স্বাদাভাব ও ঘ্রাণাভাব সহ সর্দ্দি কিম্বা তৎসহ পীত বা হরিৎ বর্ণ দুর্গন্ধ শ্লেষ্মা নিঃসরণ ।

মুখমণ্ডল । মুখাকৃতি পাণ্ডু বা পীতবর্ণ ; মুখমণ্ডলে বিস্তীর্ণ আরক্ত প্রদাহ, তৎসঙ্গে বেধন বেদনা ও চর্ম্ম উঠিয়া যাওয়া ; ঈষৎ স্ফীত, রক্তাভ নীলবর্ণ মুখমণ্ডল; পর্য্যায়ক্রমে মুখমণ্ডল আরক্ত ও পাণ্ডুবর্ণ ধারণ করে ।

দন্ত । কর্ণ বেদনা সহ দন্তশূল। আকর্ষণ, স্পন্দন বেদনা বিশিষ্ট দন্তশূল, যেন স্নায়ু আকৃষ্ট হইয়া পুনরায় শিথিল হইতেছে, তৎসঙ্গে মাড়ীতে গুলিবেধ বোধ ; ক্ষয়প্রাপ্ত দন্তে দব্ দব্ ও

খনন যন্ত্রণা ও তাহার সঙ্গে চক্ষুর নিকট পর্য্যন্ত আকৃষ্টতা বোধ; দন্তশূল—রাত্রিতে, শয্যায় ও উষ্ণ গৃহে বৃদ্ধি কিম্বা প্রতিবার আহারের পর বা কোন উষ্ণ দ্রব্য ভক্ষণে বৃদ্ধি। শীতল বায়ুতে বেদনার হ্রাস; গর্ভাবস্থায় দন্তশূল; অর্দ্ধপার্শ্বিক দন্তশূল।

মুখগহ্বর। মিষ্ট লালাস্রাব; জিহ্বা পীতবর্ণ মল এবং আঠাবৎ শ্লেষ্মা দ্বারা আবৃত। মাড়ীতে ক্ষতবৎ বেদনা বোধ; মুখগহ্বর শুষ্ক।

গলাভ্যন্তর। গলাভ্যন্তরে হাজিয়া যাওয়া বোধ। গিলিতে গলার ভিতর ক্ষত বোধ—যেন ফুলিয়াছে। কণ্ঠাভ্যন্তরে হুলবেধক বেদনা। গিলিবার সময় গলাভ্যন্তরে চাপ ও আকৃষ্টতা বোধ; প্রদাহ সহ শিরা সকল অতিশয় পূর্ণ ও নীলবর্ণ; গলাভ্যন্তরে শুষ্কতা ও আঠাবৎ শ্লেষ্মা।

ক্ষুধা ও আস্বাদ। দুর্গন্ধ, নীরস, পৈত্তিক, তিক্ত বা মিষ্টাস্বাদ; অক্ষুধা; তৃষ্ণাভাব কিম্বা জিহ্বার আর্দ্রতা সহ প্রবল তৃষ্ণা; আহারে অনিচ্ছা; ক্ষুধা। তৈলাক্ত ও পিষ্টক ভক্ষণে পাকাশয়ের বিশৃঙ্খলা। সকল প্রকার খাদ্যের আস্বাদের হ্রাস।

আমাশয়িক লক্ষণ। উদ্গার ভুক্ত দ্রব্যের গন্ধ ও আস্বাদ বিশিষ্ট; মুখ দিয়া জল উঠা। তিক্ত, পৈত্তিক উদ্গার। হিক্কা—বিশেষতঃ পানান্তে; বমনোদ্রেক; বমন—ভুক্ত দ্রব্য, শ্লেষ্মা কিম্বা পৈত্তিক দ্রব্য; পুরাতন বমন—আহারের পর। রক্ত বমন।

পাকাশয়। আহারের পর আক্ষেপ কিম্বা অতি প্রত্যূষে আক্ষেপ হইয়া বমনে পরিণত হয়; আহারের পর পাকাশয় মধ্যপ্রদেশে চাপ, তৎসঙ্গে ভুক্তদ্রব্য বমন। পাকাশয় মধ্যপ্রদেশে নাড়ীস্পন্দন স্পষ্ট অনুভব, চাপিলে বেদনা।

উদর। উদরে আক্ষেপ, অধিকন্তু গর্ভবতীদের। কর্ত্তনবৎ বেদনাম্বিত শূল, বিশেষতঃ সন্ধ্যাকালে; অধিকন্তু তাহার সহিত উদরাময়; যাতনাদায়ক কোষ্ঠাশ্রিত বায়ুযুক্ত শূল, বিশেষতঃ গুল্ম-বায়ু রোগগ্রস্ত স্ত্রীলোকদের; উদরাধ্মান; স্পর্শে উদরে বেদনা বোধ।

মল ইত্যাদি। কোষ্ঠবদ্ধ; সতত মলত্যাগেচ্ছা, যেন উদরাময় জন্মিবে; সর্ব্বদা কোমল আম সংশ্লিষ্ট বা কখন কখন রক্ত-মিশ্রিত ঘন ঘন কোমল তরল মল নিঃসরণ—সচরাচর মলত্যাগের পূর্ব্বে শূল বেদনা হয়; জলবৎ তরল মল বিশিষ্ট উদরাময়; উদরাময় সহ উদরে কর্ত্তনবৎ বেদনা। আঠাবৎ তরল মল; হাসের পর কিম্বা রাত্রিতে উদরাময়; রাত্রিতে জলবৎ, হরিৎবর্ণ, পিত্তযুক্ত তরল মল নিঃসরণ,—তৎপূর্ব্বে উদরাধ্মান; সবেদন বহির্ব্বলী অর্শ ও তৎসঙ্গে উগ্রতা ও ক্ষত বোধ।

মূত্রযন্ত্র। সর্ব্বদা মূত্রত্যাগেচ্ছা, তাহার সহিত উদরে আকৃষ্টতা বোধ; বিশেষতঃ গর্ভবতীদের; কোঁতানি; মূত্র-ধারণাক্ষমতা। ফোঁটা ফোঁটা করিয়া কষ্টে প্রস্রাব ত্যাগ। রাত্রিতে শয্যায় প্রস্রাব করা; অধিক পরিমিত জলবৎ বর্ণহীন মূত্র অথবা অল্প পরিমাণে লাল ও পাটল বর্ণ মিশ্রিত মূত্র। কোমল নির্য্যাসের ন্যায় অধঃপতিত পদার্থ; জ্বালা সহ রক্ত প্রস্রাব।

ঋতু ইত্যাদি। জরায়ুতে প্রসব বেদনা সদৃশ আক্ষেপ; রজঃ রুদ্ধ, তৎসহ বমন ও বিবমিষা; নিয়মিত সময়ের অতি পূর্ব্বে রজঃ প্রকাশ; রজঃপ্রকাশে বিলম্ব, অধিকন্তু প্রথম রজঃপ্রকাশের সময়; ঋতুকালে শূল, পাকাশয়ে ও পৃষ্ঠে চাপ এবং বিবমিষা ও

শীত; জরায়ু হইতে রক্তস্রাব। রক্ত কৃষ্ণবর্ণ ও ঘন। কৃত্রিম, আক্ষেপিক, কিম্বা অতিশয় দুর্ব্বল প্রসব বেদনা। শ্বেতপ্রদর— পাতলা, উগ্র কিম্বা দুগ্ধবৎ। অধিকক্ষণ স্থায়ী কিম্বা অতিশয় ভয়ানক হেতাল ব্যথা; স্তন্যদান রহিত করা জনিত অসুস্থতা। স্তনস্ফীত; ধাত্রীদের দুগ্ধহ্রাস বা আতিশয্য।

বায়ুনলী ও কাশি। স্বরভঙ্গ ও গলাভ্যন্তরে বধিরতা বোধ। সর্দ্দিজনিত স্বর কর্কশতা, তৎসঙ্গে কাশি ও আঠাবৎ শ্লেষ্মা নিঃসরণ। গলাভ্যন্তরে শুষ্কতা ও চাছিয়া যাওয়া বোধ; রাত্রিতে শুষ্ক কাশি ও তাহা উঠিয়া বসিলে উপশমিত হয়। সন্ধ্যা-কালে শয়ন করিলে অনবরত কাশি হয়। ভয়ানক কাশি ও শ্লেষ্মা তুলিতে কষ্ট। বক্ষঃ ও তৎপার্শ্বে সংবেদন গুলিবেধ বোধ। কাশি, তৎসঙ্গে পীতবর্ণ শ্লেষ্মা অথবা তিক্ত কি হরিৎবর্ণ শ্লেষ্মা। রক্ত নিষ্ঠীবন। কাশি সহ কৃষ্ণবর্ণ ও জমা রক্তযুক্ত শ্লেষ্মা। কাশিবার কালে পাকাশয়ে এরূপ বোধ হয় যে, বমন হইবে। পার্শ্বে সূচীবেধন বোধ।

বক্ষঃ ও শ্বাসপ্রশ্বাস। উৎকণ্ঠিত, অধিকন্তু আক্ষেপিক শ্বাসকষ্ট; যেন গলা সংকুচিত হইয়াছে—প্রায় সন্ধ্যাকালে এবং রাত্রিতে শয়ন করিলে হয়; শ্বাসরুদ্ধ যেন গন্ধকের ধূম দ্বারা জন্মি-য়াছে। রাত্রিতে শ্বাসরোধ; বক্ষে বেদনা, যেন ভিতরে ক্ষত হইয়াছে। বক্ষে আক্ষেপিক, সংকোচক আকৃষ্টতা বোধ—বিশে-ষতঃ শ্বাস গ্রহণ কালে অনুভূত হয়। বক্ষে ছেদন, কর্ত্তন ও সূচীবেধন বোধ। সর্ব্বদা ভয়ানক হৃৎস্পন্দন। সর্ব্বদা যন্ত্রণা ও দৃষ্টির অবরোধ। হৃৎপ্রদেশে ভার, চাপ এবং জ্বালা বোধ।

পৃষ্ঠ। পৃষ্ঠে ও কটিদেশে বেদনা। অধিকক্ষণ অবনত

ভাবে থাকিলে যেরূপ বেদনা জন্মে, পৃষ্ঠ ও কটিদেশে তদ্রূপ বেদনা বোধ। কটিতে সূচীবেধ বোধ। পশ্চাৎ গ্রীবায় বাতজনিত আকৃষ্টতা ও অনমনীয়তা এবং তৎসহ ইতস্ততঃ সঞ্চরণে কষ্ট।

শাখাদ্বয়। স্কন্ধে ও বাহুতে আকর্ষণ, স্পন্দন ও ছেদনবৎ বেদনা। কনুই, মণিবন্ধ ও অঙ্গুলির সন্ধিতে আকৃষ্টতা বোধ—যেন মচ্‌কাইয়া গিয়াছে। স্কন্ধ হইতে অঙ্গুলি পর্য্যন্ত সমস্ত বাহুতে যাতনাদায়ক ভারবোধ এবং তৎসঙ্গে অবশতা। উরু ও জংঘা, বিশেষতঃ পায়ের ডিমে আকৃষ্টতা বোধ। হাঁটুর প্রাদাহিক স্ফীতি, তৎসঙ্গে গুলিবেধক বেদনা। জংঘা এবং পদের আরক্ততা, উষ্ণতা, স্ফীতি, তৎসঙ্গে আকর্ষক ও জ্বালাযুক্ত বেদনা। জংঘায় আকর্ষণ, ভার ও ক্লান্তি বোধ, তৎসঙ্গে কম্পন। জংঘাস্থ শিরা সকল প্রসারিত। পদ ও পদতলের স্ফীতি।

১৪। রসটক্সিকোডেণ্ড্রন—রস।

বিশেষ লক্ষণ। বিশ্রামাবস্থায় বেদনা করে ও তাহা বৃদ্ধি পায়। অনাবৃত স্থান হইতে গৃহে প্রবেশমাত্র কিম্বা শীতল বায়ুতে বৃদ্ধি হয়।

সাধারণ লক্ষণ। বাতজনিত আকৃষ্টতা বোধ। অঙ্গাদিতে আকর্ষণ ও ছেদন বোধ, তাহার বিশ্রামকালে বৃদ্ধি, তৎ-

---

টীকা। বিবিধ বাত রোগ, জলপূর্ণ বিস্তীর্ণ আরক্ত প্রদাহ, পক্ষাঘাত, উদ্ভেদ বিশেষতঃ কণ্ডুয়নযুক্ত, বাতজ্বর ও টাইফয়েড জ্বর, মচ্‌কান ও সন্ধিবিচ্যুতি কিম্বা আভিঘাতিক ব্যাধি সমূহ, বিশেষতঃ সন্ধি ও ঝিল্লী সকলের পীড়াদিতে বিশেষ ব্যবহার্য্য।

সঙ্গে সঞ্চালনের পর আক্রান্ত স্থানের অবশতা ও চৈতন্যহীনতা। বিশ্রাম বা নিদ্রা হইতে জাগরণের পর প্রথমে সন্ধিস্থল নাড়িলে শক্ত ও বেদনা বোধ হয়। অঙ্গাদিতে পঙ্গুতাবৎ কাঠিন্য বোধ, বিশেষতঃ প্রথমে তৎস্থান সঞ্চালনে অনুভব হয়। স্থানে স্থানে সুড়সুড়ী বোধ। আরক্ত, উজ্জ্বল স্ফীতি, স্পর্শে হুলবেধবৎ বেদনা। স্থান বিশেষে থেত্‌লান বেদনা; কিম্বা এরূপ বোধ হয়, যেন অস্থি হইতে মাংস বিচ্ছিন্ন হইয়াছে। মচ্‌কান বেদনা। মচ্‌কান কিম্বা আঘাতজনিত পেশীসূত্রের আকৃষ্টতাজাত মন্দ ফল। অর্দ্ধপার্শ্বিক পীড়া। যে পার্শ্বের উপর শয়ন করা যায়, সেই স্থান অবশ বোধ হয়। সম্পূর্ণ পক্ষাঘাত। অধঃশাখায় পক্ষাঘাত, অধিকন্তু অর্দ্ধ-পার্শ্বব্যাপী, তৎসঙ্গে আক্রান্ত স্থানে ঝিন্ ঝিন্ বোধ। অঙ্গ ও মাংসপেশীতে স্পন্দন। সার্ব্বাঙ্গিক অলসতা। দৌর্ব্বল্য ও সর্ব্বদা শায়িত কি উপবিষ্ট থাকিতে ইচ্ছা। অতিশয় দুর্ব্বলতা। অনাবৃত বায়ুতে চৈতন্যাতিশয্য। সন্ধিসংলগ্ন বন্ধনী, কণ্ডরা এবং ঝিল্লী-দিগের ব্যাধি। গণ্ডমালা ও অস্থির কোমলতা ও ভগ্নপ্রবণতা রোগ।

চর্ম্ম। কেশাবৃত করোটী এবং হস্ত ও পদ ভিন্ন সমুদায় শরীরে ক্ষুদ্র ক্ষুদ্র জ্বালাযুক্ত উদ্ভেদ ও তৎসঙ্গে সর্ব্বশরীরস্থ চর্ম্মের আরক্ততা। জ্বালা ও কণ্ডূয়নযুক্ত উদ্ভেদ। মামড়ী, কণ্ডূয়ন ও জ্বালাযুক্ত সজল উদ্ভেদ। পর্য্যায়ক্রমে উদ্ভেদ প্রকাশ ও বক্ষোঃ বেদনা এবং রক্তামাশয়যুক্ত মল। আমবাত ও অন্যান্য প্রকার উদ্ভেদ; বিশেষতঃ সজল খুস্কী উঠা ও তাহার সঙ্গে জ্বালাযুক্ত কণ্ডূয়ন। সজল উদ্ভেদ সম্বলিত বিস্তীর্ণ আরক্ত প্রদাহ। বস্তিপ্রদেশস্থ দদ্রুসংশ্লিষ্ট সজল উদ্ভেদ—তাহাদের অনেকের মধ্যে দুগ্ধ বা

জলবৎ তরল পদার্থ থাকে। কৃষ্ণবর্ণ সপূঁয় স্ফোটকী, তৎসঙ্গে প্রদাহ ও কণ্ডুয়ন এবং তাহা শীঘ্রই সর্ব্বশরীরে ব্যাপ্ত হয়। আঁচিল। গ্রন্থির স্ফীতি। ক্ষুদ্র ক্ষুদ্র সজল উদ্ভেদ জনিত পাটিতবৎ ক্ষত ও তৎসঙ্গে অতিশয় জ্বর। চর্ম্ম বিদারিত।

নিদ্রা। ভয়ানক ও আক্ষেপিক জৃম্ভণ। নিদ্রালুতা, তৎসঙ্গে নাক ডাকা, বিড় বিড় করা এবং কোন দ্রব্য ধরিবার উপক্রম করা। দুই প্রহর রাত্রির পূর্ব্বে অনিদ্রা। অস্থির নিদ্রা। ভয়ানক স্বপ্ন।

জ্বর। সন্ধ্যাকালীন জ্বর ও উদরাময়। সাধারণতঃ সন্ধ্যার সময় শীত ও সর্দ্দি বোধ, সর্ব্বদা তৎসঙ্গে বেদনা; কিম্বা অন্য কোন আনুষঙ্গিক পীড়া। সন্ধ্যাকালীন জ্বর প্রথমে শীত, তৎপরে উত্তাপ ও তৃষ্ণা, তৎসঙ্গে বা তৎপরে শূল ও উদরাময়। প্রাতঃকালীন দ্ব্যাহিক জ্বর। শীত ও তৃষ্ণা, তৎপরে সর্ব্বশরীরে উত্তাপ, অল্প নড়িতে চড়িতে শীত বোধ, পরিশেষে ঘর্ম্ম। শীতাবস্থায় অঙ্গে বেদনা এবং জ্বরকালীন অঙ্গ স্পন্দন। রাত্রিতে ও প্রাতে ঘর্ম্ম।

মানসিক লক্ষণ। ম্রিয়মাণ ও উৎকণ্ঠাযুক্ত মন। মানসিক বিকার। প্রলাপ। মনের দৌর্ব্বল্য। ভাবধারণে অশক্তি।

মস্তক। শিরোঘূর্ণন—যেন পড়িয়া যাইবে এরূপ বোধ, বিশেষতঃ শয্যা হইতে উত্থান কালে। আহারের অনতিবিলম্বে শিরঃপীড়া। এরূপ শিরঃপীড়া যে, রোগী শয়ন করিতে বাধ্য হয়; অতি অল্প বিরক্তি জন্মিলে কিম্বা অনাবৃত বায়ুতে অল্প ভ্রমণে তাহা পুনঃ প্রকাশিত হয়। বেদনা—যেন মস্তিষ্ক ছিন্নবিচ্ছিন্ন হইয়া গেল, এবং তাহার চক্ষু নাড়িতে বৃদ্ধি।

দিবারাত্রিতে গুলিবেধক বেদনা ও তাহা কর্ণ, নাসিকা ও গণ্ডদেশ পর্য্যন্ত বিস্তৃত এবং তৎসঙ্গে দন্তে বেদনা। মস্তকস্ফীতি। মস্তকে বেদনাজনক চিন্‌চিন্‌ বোধ। কেশাবৃত করোটীতে শুষ্ক দক্রু। টাকপড়া, তৎসঙ্গে পুরু মামড়ী, যদ্দ্বারা কেশ সকল নষ্ট হয়; অথবা হরিৎবর্ণ পূঁয নিঃসরণ ও রাত্রিতে ভয়ানক চুল্কানি হয়। প্রতিবর্ষে সাময়িক কেশপতন। কেশাবৃত করোটীতে কোমল ক্ষুদ্র অর্ব্বুদ।

চক্ষু। চক্ষুতে বেদনা, চক্ষুগোলক নাড়িতে চাড়িতে অনুভব হয়। চক্ষু ও চক্ষুপাতার প্রদাহ সহ তাহার আরক্ততা ও চক্ষুপাতা রাত্রিতে আঁটিয়া থাকে। অশ্রুস্রাব। চক্ষুপাতা স্ফীত। গণ্ডমালীয় ধাতুপ্রবণ ব্যক্তিদের আলোকাসহ্যতা।

কর্ণ। কর্ণের নিম্নে লালাগ্রন্থি প্রদাহিত, স্ফীত, অধিকন্তু আরক্ত জ্বরাবসানে।

নাসিকা। রাত্রিতে নাক দিয়া রক্তপড়া; নাসারন্ধ্র শুষ্ক ও বন্ধ। সর্ব্বদা আক্ষেপিক হাঁচি।

মুখমণ্ডল। মুখমণ্ডল পাণ্ডুবর্ণ। মুখমণ্ডল আরক্ত ও উষ্ণ। মুখমণ্ডল স্ফীত ও তাহাতে বিস্তীর্ণ আরক্ত প্রদাহ, ও তৎসঙ্গে আকর্ষণ, কন্‌ কন্‌, হুলবেধ এবং জ্বালাযুক্ত চিন্‌চিন্‌ বোধ। সজলোদ্ভেদযুক্ত বিস্তীর্ণ আরক্তপ্রদাহ; উদ্ভেদের ভিতর পীতবর্ণ জল পূর্ণ। মুখমণ্ডলে পুরাতন সপূঁয উদ্ভেদ। মুখ ও নাসিকার চতুর্দ্দিকে দক্রুর ন্যায় কঠিনাবরণযুক্ত উদ্ভেদ ও তাহাতে চুল্‌কানি ও জ্বালা। মুখ ও চিবুকের পার্শ্বে ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ বা উদ্ভেদ। দুর্দ্ধ ব্রণ, তদুপরি স্থূল ও কঠিন আবরণ এবং দুর্গন্ধ রক্তমিশ্রিত পূঁয নিঃসরণ। ওষ্ঠাধর শুষ্ক এবং লালাভ পাটল বর্ণের আবরণে আবৃত।

দন্ত। দন্তশূল, ছেদন, হুলবেধন, স্পন্দন ও সুড়সুড়ী বোধযুক্ত দন্তশূল—রাত্রিতে কি অনাবরিত বায়ুতে বৃদ্ধি এবং উষ্ণতা প্রয়োগে তিরোহিত হয়।

মুখগহ্বর। মুখগহ্বর শুষ্ক ও তৎসহ তৃষ্ণা। জিহ্বা বিমল, কিন্তু অতিশয় শুষ্ক। রাত্রিতে পীতবর্ণ ও রক্তমিশ্রিত লালা-স্রাব হয়।

গলাভ্যন্তর। কণ্ঠবেদনা—যেন ফুলিয়াছে এরূপ বোধ, তৎসঙ্গে চাপ ও হুলবেধ বোধ। গলাভ্যন্তরের শুষ্কতা সহ তৃষ্ণা।

ক্ষুধা ও আস্বাদ। তিক্তাস্বাদ। সম্পূর্ণরূপে ক্ষুধার অভাব।

পাকাশয়। পাকাশয়-মধ্যপ্রদেশে চাপ—যেন তাহা স্ফীত হইয়াছে এরূপ বোধ। সন্ধ্যাকালে পাকাশয়ে অসুখ। পাকাশয়ে বেদনা, যেন একটী প্রস্তর খণ্ড উহার ভিতর রহিয়াছে এরূপ বোধ, বিশেষতঃ আহারের পর অনুভূত হয়। পাকাশয়ের মধ্য-প্রদেশের নিম্নে ভারী দব্ দব্ করে। পাকাশয়ে ক্ষতবৎ বেদনা, কিম্বা এরূপ বোধ—যেন কিছু ছিন্ন হইয়া যাইবে, বিশেষতঃ গ্রীবা অবনত কালে অথবা পদস্খলিত হইলে হয়।

উদর। উদর স্ফীত, বিশেষতঃ আহারের পর, তৎসহ শূল বেদনা। উদরে আকুঞ্চক আক্ষেপ, তদ্দ্বারা রোগী নিম্ন হইয়া চলিতে বাধ্য হয়। রাত্রিতে শূলবেদনা।

মল ইত্যাদি। সর্ব্বদা মলত্যাগ কালে কোঁতানি ও তৎসহ বিবমিষা ও ছেদন বোধ। পর্য্যায়ক্রমে কোষ্ঠবদ্ধ ও উদরাময়। মল রক্তমিশ্রিত। জলবৎ কিম্বা আঠার ন্যায় মল। রাত্রিতে শূল

ও তরল মলত্যাগ। মলত্যাগে শূলবেদনা উপশম হয়। অনৈচ্ছিক মল নিঃসরণ, বিশেষতঃ রাত্রিতে নিদ্রাবস্থায়।

মূত্রযন্ত্র। সতত প্রস্রাব ত্যাগেচ্ছা ও অধিক পরিমাণে প্রস্রাব। বিশ্রাম কালে মূত্র ধারণা করিতে অক্ষমতা; তখন প্রস্রাব অনৈচ্ছিক রূপে নির্গত হয়। মূত্ররোধ। রক্ত প্রস্রাব, ফোঁটা ফোঁটা করিয়া কোঁতানির সহিত প্রস্রাব হওয়া।

ঋতু ইত্যাদি। শীঘ্র রজঃপ্রকাশ ও অধিক পরিমাণে রজঃ নিঃসরণ। জরায়ু হইতে রক্তস্রাব ও তৎসহ জমা রক্ত নিঃসরণ এবং প্রসব বেদনার ন্যায় বেদনা। দুগ্ধস্রাব বিলোপ বা আধিক্য। স্তন্যদাত্রীদিগের দুগ্ধাধিক্য বা লোপ।

বায়ুনলী ও কাশি। কাশি সহ উজ্জ্বল লালবর্ণ রক্তমিশ্রিত শ্লেষ্মা এবং বক্ষেঃ বিবমিষাবৎ বোধ।

বক্ষঃ ও শ্বাসপ্রশ্বাস। শ্বাস গ্রহণে কষ্ট। ক্লেশ। উৎকণ্ঠাযুক্ত ক্লেশ, যেন নিশ্বাস ফেলিতে অপারগ। বক্ষেঃ ও তাহার পার্শ্বে সূচীবেধন, বিশেষতঃ যখন অবনত হইয়া বসিয়া থাকে, কথা বলে কিম্বা দীর্ঘ নিশ্বাস গ্রহণ করে। হৃদয়প্রদেশে দৌর্ব্বল্য ও কম্পানুভব।

পৃষ্ঠ। পৃষ্ঠবংশে বেদনা,—যেন তাহা থেত্‌লাইয়া গিয়াছে, কঠিন শয্যায় শয়ন করিলে সুস্থ বোধ হয়। পৃষ্ঠ ও স্কন্ধে অধিকন্তু পশ্চাৎ গ্রীবায়ও বেদনা—যেন মচ্‌কাইয়া গিয়াছে। গ্রীবা ও পশ্চাৎ গ্রীবায় বাতজনিত অনমনীয়তা ও সঞ্চালনে বেদনা বোধ।

শাখাদ্বয়। স্কন্ধে জ্বালা ও ছেদনবোধ সহ হস্তে পঙ্গুতা বোধ—বিশেষতঃ শীতল বায়ুতে, বিশ্রাম কালে এবং শয্যাতে হয়।

বাহু ও পদে বিস্তীর্ণ আরক্ত প্রদাহ। বাহুর শীতলতা, নিশ্চলতা ও অবশতা। অঙ্গুলিতে খাঁচিল। সন্ধি বেদনা—যেন মচ্‌কাইয়া কি গেত্‌লাইয়া গিয়াছে। জংঘা ও পদের পক্ষাঘাত। বক্ষণ বাত ও সন্ধিতে বেদনা, উপবেশনাবস্থা হইতে উত্থান কালে কিম্বা উপরে উঠিতে অনুভূত হয়। অধঃশাখায় ভারবোধ।

১৫। সল্‌ফর—সল্‌ফ।

সাধারণ লক্ষণ। অঙ্গেতে—বিশেষতঃ সন্ধি সকলে আকর্ষণী, ছেদনী বেদনা, তৎসহ সন্ধির অনমনীয়তা। অঙ্গ বেদনা ও আক্রান্ত স্থানের অবশতা ও দুর্ব্বলতা সহ গুলি বেধ বোধ ও তৎস্থানের দৃঢ়তা। মচ্‌কানর ন্যায় বেদনা, স্ফীততা সহ বা তদ্ব্যতীত বাত জনিত পীড়া। ধাতব পদার্থ—বিশেষতঃ পারদের অপব্যবহার জনিত পীড়া সমূহ। গণ্ডমালা ও অস্থির কোমলতা ব্যাধি। অস্থির স্ফীততা ও প্রদাহ। সন্ধি বিশেষতঃ জানু ও কুর্পর সন্ধিতে বিদারণ বোধ। সর্ব্বশরীরে সর্ব্বদা আক্ষেপিক স্পন্দন।

টীকা। সাধারণতঃ পুরাতন ব্যাধি, সার্ব্বাঙ্গিন আময়, চর্ম্মপীড়া, শোথ, সকল প্রকার বাত, অধিকন্তু পুরাতন অবস্থায়, পুরাতন স্নায়বীয় পীড়া, প্রাচীন শিরোঘূর্ণন এবং শিরঃপীড়া। পুরাতন অজীর্ণ ব্যাধি, পুরাতন কোষ্ঠবদ্ধ ও উদরাময়, অর্শ, গণ্ডমালা, অস্থির কোমলতা ব্যাধি, ক্ষয়কাস, পুরাতন সর্দ্দি এবং সর্দ্দি জনিত পীড়া, কণ্ঠক্ষত ও রক্তামাশয় ইত্যাদিতে বিশেষ ব্যবহার্য্য।

কথা কহিতে ক্লান্তি ও বেদনা বৃদ্ধি। গুল্মবায়ু ও বায়ু রোগ। মূর্চ্ছা ও আক্ষেপ, অধিকন্তু গুল্মবায়ুযুক্ত। বাহুতে ও অধঃশাখার অঙ্গাদিতে কম্পন বোধ। মাংসপেশীর স্পন্দন। রাত্রিতে বেদনা বৃদ্ধি। অস্থির গতি এবং হস্ত কম্পন। সর্দ্দি প্রবণতা। পক্ষাঘাত; শীর্ণতা, অধিকন্তু শিশুদের। উদরী। মৃগী সহ অঙ্গাদির অনমনীয়তা; সাময়িক ব্যাধি। অনাবরিত বায়ুতে চৈতন্যাতিশয্য।

চর্ম্ম। চর্ম্ম কণ্ডূয়ন—রাত্রিতে শয্যায় বৃদ্ধি। চর্ম্মে উদ্ভেদ। পুরাতন উদ্ভেদ ও জ্বালাযুক্ত কণ্ডূয়ন। বসন্ত, বিশেষতঃ পূঁযাবস্থা; বিস্তীর্ণ আরক্ত প্রদাহ ও তৎসঙ্গে দব্ দব্ ও হুলবেধ বোধ। উদ্ভেদ ও চর্ম্ম বেদনা। চুল্কানি। জ্বরসংযুক্ত আমবাত। পীত কিম্বা পাটল বর্ণ দানা; শুষ্ক সশল্ক উদ্ভেদ; হিমস্ফোটক, যাহা উষ্ণতা সংস্পর্শে কণ্ডূয়িত হয়। চর্ম্ম নির্ঘষণ অধিকন্তু শিশুদের। দদ্রু; চর্ম্ম বিদারণ; আঁচিল; অসুস্থ চর্ম্ম; ব্রণ বা স্ফোটক; নালীক্ষত; ক্ষত—ধার উচ্চ, স্ফীত, সহজে রক্তস্রাবণীয়, চতুষ্পার্শ্বে ক্ষুদ্র ক্ষুদ্র ফুস্কুড়ী কিম্বা তৎসঙ্গে ছেদন, হুলবেধবৎ বেদনা এবং দুর্গন্ধ পূঁয নিঃসরণ; কড়া। গ্রন্থি প্রদাহিত, স্ফীত, কঠিন ও তাহাতে পূঁযোৎপত্তি। আরক্ত, উষ্ণ বাতজনিত স্ফীততা।

নিদ্রা। দিনে অনিবার্য্য তন্দ্রাবেশ; নিদ্রিত হইতে কষ্ট; সমস্ত রাত্রি জাগ্রতাবস্থা; অতৃপ্তিকর ও অল্প নিদ্রা। নিদ্রাবস্থায় উচ্চৈঃস্বরে কথা কহা। অস্থির, ক্ষিপ্তবৎ স্বপ্ন; নিদ্রাবস্থায় চম্‌কাইয়া উঠা এবং জাগরণে ভয়। নিদ্রাবস্থায় অঙ্গ স্পন্দন; স্পষ্ট স্বপ্ন।

জ্বর। শীত, রাত্রিতে অত্যন্ত শীত। প্রাতঃকালে শয্যায় থাকিতে শুষ্ক উষ্ণতা বোধ। সর্ব্বদা উত্তাপ বোধ; সন্ধ্যাকালীন

উত্তাপ। স্বল্প শ্রমে অতিশয় ঘর্ম্ম; প্রাতঃকালে জাগরণের পর স্বেদ নিঃসরণ। রাত্রিতে জাগিলে ঘর্ম্ম।

মানসিক লক্ষণ। নৈরাশ্য। বিমর্ষতা; বিলাপ প্রবণতা। উগ্রতা ও নিস্তব্ধতা। স্মৃতিশক্তির দুর্ব্বলতা। ভীরুতা সহ চকিতপ্রবণতা। বৈজ্ঞানিক ও ধর্ম্মসম্বন্ধীয় নানা প্রকার চিন্তার ইচ্ছা। বায়ুরোগ; প্রলাপ সহ বস্ত্র আঁচড়ান।

মস্তক। অনাবৃত বায়ুতে ভ্রমণে, উপবেশনাবস্থায়, কিম্বা অতি প্রত্যুষে নাসিকা হইতে রক্তস্রাব সহ ভ্রমি। মস্তকের জড়তা ও চিন্তা করিতে কষ্ট। শিরঃপীড়া ও তৎসঙ্গে বিবমিষা; রাত্রিতে বিশ্রামভঙ্গকর শিরঃপীড়া। কপালে অতিশয় চাপ বোধ। চিন্তা অথবা অন্যবিধ মানসিক শ্রমে শঙ্খদেশে চাপ ও মস্তিষ্কে আকৃষ্টতা বোধ। প্রত্যহ শিরঃপীড়া—যেন মস্তক বিদীর্ণ হইল এরূপ বোধ। মস্তকে আকর্ষণ ও ছেদন বোধ। নিষ্পেষণ ও অচেতনতা সহ সাময়িক বা সাপ্তাহিক শিরঃপীড়া। গুলিবেধক শিরঃপীড়া, বিশেষতঃ কপালে। মস্তকে আঘাতবৎ বোধ; মস্তকে শোণিতাবেগ। দব্‌দবে শিরঃপীড়া; মস্তকে সবেগে রক্ত গমন বশতঃ উত্তাপ সহ দব্‌দবে শিরঃপীড়া। মস্তকে গুন্‌ গুন্‌ শব্দ। মস্তকে শীতলতা বোধ। কেশপতন, শুষ্ক কি দুর্গন্ধ এবং আর্দ্র, সপূঁয পাত্তবর্ণ মামড়ী এবং কণ্ডূয়ন। স্পর্শে কেশমূলে বেদনা। কেশ পতন, অধিকন্তু নবপ্রসূত স্ত্রীদিগের।

চক্ষু। অক্ষি ও অক্ষিপুটে চাপ, তৎসঙ্গে সূচবেধবৎ বেদনা। চক্ষু-দলন, যেন বালুকা পড়িয়াছে এরূপ বোধ। অক্ষি ও অক্ষিপুটে চুল্কানি, উগ্রতা ও জ্বালা; চক্ষু আরক্ত ও তাহাতে উত্তাপানুভব। চক্ষু ও চক্ষুপাতা প্রদাহ, বিশেষতঃ গণ্ডমালা

রোগগ্রস্ত ব্যক্তিদের, অথবা সর্দ্দির পর কিম্বা নবজাত শিশুদের। চক্ষুপাতা স্ফীত; চক্ষুপাতার ধারে ক্ষত। চক্ষু শুষ্ক ও আঁটিয়া থাকে; চক্ষুর কাল ক্ষেত্রে দাগ কি ক্ষত। প্রাতেঃ আক্ষেপ বশতঃ চক্ষুপাতা মুদ্রিত হয়। দৃষ্টি ঝাপ্‌সা। নিকট দৃষ্টি। আলোকাসহ্যতা।

কর্ণ। কর্ণে আকর্ষণ ও গুলিবেধ বোধ। কাণ দিয়া পূঁয পড়া; শ্রবণেন্দ্রিয়ের অতীক্ষ্ণতা; কর্ণে গুন্ গুন্ ও ভন্ ভন্ শব্দ।

নাসিকা। প্রদাহ অপিচ স্ফীত। ফুস্কুড়ী। নাক দিয়া রক্ত পড়া; অধিক দিনস্থায়ী নাসারন্ধ্র রুদ্ধ, অধিকন্তু এক নাসা-রন্ধ্রের। নাসিকার শুষ্কতা, মস্তকে শুষ্ক সর্দ্দি। অধিক পরিমাণে জ্বালাযুক্ত জলবৎ সর্দ্দি; কিম্বা সরক্ত শ্লেষ্মা নিঃসরণ।

মুখমণ্ডল। পাণ্ডু ও পীড়িতবৎ মুখাকৃতি কিম্বা চক্ষু বসা ও তাহার চতুর্দ্দিকে নীলবর্ণ দাগ। মুখমণ্ডল আরক্ত ও উষ্ণ। গণ্ডদেশ স্ফীত ও তাহাতে হুলবেধবৎ বেদনা। মুখমণ্ডলে বিস্তীর্ণ আরক্ত প্রদাহ, অধিকন্তু তৎসঙ্গে স্ফীততা; মুখমণ্ডলে পুরাতন উদ্ভেদ। দুগ্ধোদ্ভেদ; বয়সফোড়া ও অন্যান্য উদ্ভেদ। ওষ্ঠ শুষ্ক, কর্কশ ও বিদারিত। ওষ্ঠাধর স্ফীত; চিবুকনিম্নস্থ গ্রন্থির স্ফীততা।

দন্ত। দন্তশূল—অনাবৃত বায়ুতে কিম্বা বায়ু প্রবাহ সংস্পর্শে উৎপন্ন হয়। দন্তে আকর্ষক, ছেদক বেদনা—উষ্ণ দ্রব্য দ্বারা বৃদ্ধি। দন্তে স্পন্দন ও গুলিবেধনবৎ বেদনা, অধিকন্তু ক্ষয়িত দন্তে—সেই বেদনা দন্তাভ্যন্তর পর্য্যন্ত বিস্তৃত হয়। সন্ধ্যা-কালে কিম্বা রাত্রিতে দন্তশূল; বেদনাদায়ক দন্ত-শিথিলতা, অপিচ জড়তা ও সুদীর্ঘতা বোধ। মাড়ী ক্ষত ও তাহাতে দব্‌দবে বেদনা।

মুখগহ্বর। মুখে ফোস্কা তৎসঙ্গে ক্ষতবৎ বেদনা। মুখে ক্ষত। প্রাতেঃ জিহ্বা শুষ্ক ; বিদারিত, শুষ্ক ও পাটলবর্ণ জিহ্বা ; জিহ্বা শ্বেত বর্ণের ময়লা দ্বারা আবৃত। মুখ হইতে দুর্গন্ধ বাহির হয়, অধিকন্তু প্রায় আহারের পর।

গলাভ্যন্তর। গলায় ক্ষত কিম্বা কোন দ্রব্য দ্বারা গলায় চাপ বোধ ; গিলিতে গলায় বেদনাদায়ক আকুঞ্চন ; গলা শুষ্ক।

আস্বাদ ও ক্ষুধা। মিষ্ট দুর্গন্ধাস্বাদ কিম্বা তিক্ত, অম্লাস্বাদ, বিশেষতঃ অতি প্রত্যুষে জাগিলে হয়। অতিশয় ক্ষুধা। ঘন ঘন ক্ষুধা ; সম্পূর্ণ অক্ষুধা। অরুচি, সর্ব্বদা তৃষ্ণা ; আহারের পর বক্ষেঃ অসুখ বোধ, পাকাশয়ে চাপ বোধ, উদরের পূর্ণতা, শীত ও স্নায়ুর উগ্রতা।

আমাশয়িক লক্ষণ। শূন্য কিম্বা ভুক্ত দ্রব্যের আস্বাদযুক্ত উদ্গার, বিশেষতঃ আহারের পর। অম্ল উদ্গার ও পাকাশয়ে অতিশয় ক্লেশদায়ক অম্লোৎপত্তি, অম্ল উদ্গীরণ, অধিকন্তু ভুক্ত ও পিত্ত দ্রব্য উদ্গীরণ। বুক জ্বালা ; হিক্কা ; প্রাতে বা আহারান্তে বিবমিষা কিম্বা বমনোদ্রেক। অতি প্রত্যুষে কিম্বা আহারের পর মুখ দিয়া জল উঠা। ভুক্ত দ্রব্য বমন, বিশেষতঃ অতি প্রত্যুষে এবং সন্ধ্যাকালে ; অম্ল বমন।

পাকাশয়। স্পর্শে পাকাশয়ে চৈতন্যাতিশয্য ; পাকাশয়ে চাপবোধ ; অধিকন্তু আহারের পর ; পাকাশয় মধ্য-প্রদেশ স্ফীত। আকুঞ্চক বেদনা, অধিকন্তু আহারের অব্যবহিত পরে।

উদর। যকৃতপ্রদেশে চাপ, আকর্ষণ ও গুলিবেধ বোধ ; যকৃৎ কঠিন ও স্ফীত। উপপর্শুকার নিম্নে চাপবোধ ও তৎসঙ্গে

উদ্গার। আহার বা পানের পর শূলবেদনা, উদরের সর্ব্বাংশে বেদনা বোধ। বেদনা যেন কিছু ছিঁড়িয়া যাইবে। উদরে দলার ন্যায় বোধ এবং তাহা নত হইয়া বসিলে কম বোধ হয়। আক্ষেপিক আকুঞ্চনবৎ শূল বেদনা। থালধরাবৎ বা উদরাধ্মান জনিত শূল—নত হইয়া বসিলে উপশম বোধ, তৎসঙ্গে কর্ত্তন, চিমটিকাটাবৎ বোধ কিম্বা উদরাময়। উদরে রক্তাধিক্য, গুলি-বেধক বেদনাবিশিষ্ট শূল, বিশেষতঃ বামদিকে; বেড়াইতে কিম্বা দীর্ঘশ্বাস গ্রহণে অনুভূত হয়। পেট ডাকা; কোষ্ঠাশ্রিত বায়ু বদ্ধ; উদর স্পর্শে বেদনা বিশিষ্ট, কুচকির গ্রন্থিতে বেদনাজনক স্ফীততা; অন্ত্রবৃদ্ধি।

মল ইত্যাদি। কোষ্ঠবদ্ধ, পুরাতন কিম্বা শিশুদিগের কোষ্ঠবদ্ধ। শক্ত পিণ্ডবৎ, অপ্রচুর মল। সর্ব্বদা নিষ্ফল মল-ত্যাগেচ্ছা; সরলান্ত্রে চাপ—যেন ইহা নির্গত হইবে এরূপ বোধ, তৎসহ মূত্রাশয়ে চাপ। সর্দ্দির পর উদরাময়, পুরাতন এবং গর্ভবতী-দের উদরাময়, তৎসঙ্গে শূলবেদনা ও উদর স্ফীতি, কিম্বা শিশুদের উদরাময়—তাহাতে হরিৎবর্ণ, সরক্ত আম, তৎসহ শিশুরা গোঙড়ায় ও ক্রন্দন করে; আম উদরাময়। অজীর্ণ দ্রব্য মিশ্রিত মল; সূত্র ও মহীলতাবৎ কৃমি মলের সঙ্গে বাহির হয়; ফিতার ন্যায় কৃমি; সরলান্ত্র ও মলদ্বারে চুলকানি, জ্বালা ও সূচীবেধ বোধ,—অধিকন্তু মলত্যাগ কালে। রক্ত স্রাবক অর্শ।

মূত্রযন্ত্র। প্রস্রাবত্যাগে অতিশয় ইচ্ছা, অধিকন্তু রাত্রিতে; সর্ব্বদা প্রস্রাব, অধিকন্তু রাত্রিতে। শয্যায় প্রস্রাব ত্যাগ। দুর্গন্ধ মূত্র। প্রস্রাব দ্বার দিয়া রক্তপড়া; প্রস্রাবকালে জ্বালা। কষ্ট-

দায়ক ইচ্ছা, তৎসঙ্গে ফোটা ফোটা রক্তযুক্ত প্রস্রাব ও তাহা ত্যাগে অতিশয় চেষ্টা ।

ঋতু ইত্যাদি । জননেন্দ্রিয়ে কষ্টদায়ক কণ্ডূয়ন। তৎস্থানে চাপ। রক্তাধিক্য। রজঃরুদ্ধ কিম্বা অল্পঃ রজঃস্রাব ; নিয়মিত সময়ের পূর্ব্বে এবং অধিক পরিমাণে রজঃ। রজঃপ্রকাশের পূর্ব্বে শিরঃপীড়া ; কিম্বা নাসিকা হইতে রক্তস্রাব, বেদনা ও জ্বালাযুক্ত শ্বেতপ্রদর—যদ্দারা ক্ষতবৎ বোধ হয় ; গর্ভস্রাব প্রবণতা। স্তনে কণ্ডূয়ন ও নিস্তব্ধতা বোধ—অধিকন্তু তাহা কঠিন ও প্রদাহিত। স্ত্রীলোকের স্তন বিদারিত।

বায়ুনলী ও কাশি । স্বরভঙ্গ, স্বর কর্কশতা বোধ, তৎসঙ্গে বক্ষেঃ অতিশয় শ্লেষ্মা। স্বরাভাব, স্বরযন্ত্রে সুড়সুড় বোধ ; কথা কহিতে কাশির উদ্রেক। তরল শ্লেষ্মা নিঃসরণ সহ সর্দ্দি, বক্ষে শীতলতা ও নিস্তব্ধতা বোধ এবং কাশি। আহারের পর কাশিতে অতিশয় ইচ্ছা। বক্ষেঃ আক্ষেপিক আকুঞ্চন, তৎসঙ্গে বমন—প্রায় উদ্গার। শুষ্ক কাশি তৎসহ স্বরভঙ্গ। গলাভ্যন্তরে শুষ্কতা ও মস্তকে সর্দ্দি ও জলবৎ শ্লেষ্মা নিঃসরণ। শ্লেষ্মাযুক্ত কাশি সহ বক্ষেঃ চাপ ও বেদনা বোধ, এবং ঘন শ্লেষ্মা নিঃসরণ, অধিকন্তু বায়ুনলীতে ঘর্ঘর শব্দ ও স্বরভঙ্গ। ঈষৎ মিষ্টাস্বাদযুক্ত সবুজবর্ণ শ্লেষ্মা কাশি। কাশিতে শিরঃপীড়া, যেন মস্তক পেষিত কিম্বা বিদীর্ণ হইল এরূপ বোধ ও তৎসহ বমন। সরক্ত পূঁয মিশ্রিত শ্লেষ্মা নিঃসরণ।

বক্ষঃ ও শ্বাসপ্রশ্বাস । বক্ষেঃ ঘর্ঘর শব্দ, তাহা শ্লেষ্মা উঠিলে উপশম হয়। রাত্রিতে শ্বাসরোধ বোধ। আকৃষ্টতা ও ক্লেশ বোধ। কথা কহিতে বক্ষেঃ দুর্ব্বলতা বোধ, বক্ষেঃ চাপ ও

ভারবোধ। বক্ষঃ হইতে পৃষ্ঠ পর্য্যন্ত গুলিবেধ বোধ। বক্ষঃস্থলের অস্থিতে গুলিবেধ বোধ; বক্ষেঃ বেদনা, বিশেষতঃ বামপার্শ্বে। দীর্ঘশ্বাস গ্রহণ কালে ও কাশিতে বক্ষেঃ বেদনা—যেন বক্ষঃ খণ্ড খণ্ড হইবে। বক্ষঃস্থলে জ্বালা ও তাহা মুখ পর্য্যন্ত উত্থিত হয়। হৃদ্‌স্পন্দন, অধিকন্তু অস্পষ্ট কারণ জনিত।

পৃষ্ঠ। পৃষ্ঠে ও পশ্চাদ্‌গ্রীবায় বাতের ন্যায় ছেদন, আকর্ষণ ও আকৃষ্টতা বোধ, তৎসঙ্গে সেইস্থানের অনমনীয়তা ও কঠিনতা। উপবেশনাবস্থা হইতে উত্থান কালে কটিদেশে বেদনা, সর্দ্দির পর যেরূপ হয়, পৃষ্ঠের তদ্রূপ আড়ষ্টতা। পৃষ্ঠবংশের বক্রতা।

শাখাদ্বয়। বাহুতে ও স্কন্ধে আকর্ষণ বোধ। স্কন্ধ ও স্কন্ধ সন্ধিতে দলিত বোধ, বিশেষতঃ রাত্রিতে। বাহু ও হস্তে আকর্ষণ ও ছেদন বোধ; বাহু স্ফীত, বাহু ও হস্তের দুর্ব্বলতা। হস্তের স্ফীততা ও কম্পন। হস্ত বিদারিত ও তাহাতে ক্ষত বিশেষতঃ সন্ধিতে। প্রাতে অঙ্গুলির অবশতা। অঙ্গুলিতে পুরু ও আরক্ত হিমস্ফোট। আঙ্গুলহাড়া, ক্রমান্বয়ে দুইবার হয়। জংঘা ভার এবং জানু ও উরুতে আকৃষ্টতা বোধ। ভ্রমণে অঙ্গাদিতে অতিশয় ভার বোধ—যেন পক্ষাঘাতাক্রান্ত হইয়াছে; জংঘা দুর্ব্বল, জানুতে আড়ষ্টবৎ বেদনা। জানু নত করিতে কাঠিন্য বোধ। জানু শোথ; জানুতে প্রদাহজনিত বা পুরু, উজ্জ্বল স্ফীততা, তৎসঙ্গে জানুসন্ধির বক্রতা ও অনমনীয়তা। শিরা প্রসারিত। পদ স্ফীতি। জংঘার বিস্তীর্ণ আরক্ত প্রদাহ। হিমস্ফোট; শীতল পদ। পদাঙ্গুলিতে বৃহৎ ও উজ্জ্বল স্ফীততা। কড়া, তাহাতে কন্‌কনে ও হূলবেধনবৎ বেদনা। পায়ের ডিমে ও পদতলে

খালধরা। অঙ্গুলির অগ্রভাগে সুড়সুড়ী বোধ। পদে শীতল ঘর্ম্ম।

১। ভিরেট্রম্—ভিরে।

সাধারণ লক্ষণ। অঙ্গেতে পক্ষাঘাতবৎ বেদনা—অত্যন্ত ক্লান্তির পর যেমন হয়। অঙ্গে এরূপ বেদনা যে শয্যার উত্তাপ সহিতে অসমর্থ; কিন্তু ভ্রমণকালে বেদনার তিরোভাব মাংসপেশীর শিথিলতা। অঙ্গ কম্পন; আক্ষেপিক ও থেঁচুনীবৎ অঙ্গাদি সঞ্চালন। ওলাউঠা ও সাংঘাতিক ওলাউঠা, অতিশয় অবসাদন—যেন পক্ষাঘাতাক্রান্ত হইয়াছে। অতিশয় দৌর্ব্বল্য। অতি অল্প শ্রমে মূর্চ্ছা। সাধারণ শীর্ণতা।

চর্ম্ম। চর্ম্ম শিথিল। শুষ্ক চুল্কানির মত উদ্ভেদ ও তাহা রাত্রিতে চুল্কায়। ওলাউঠার সময় চর্ম্মের নীলিমবর্ণ।

নিদ্রা। অচৈতন্য। রাত্রিতে অনিদ্রা ও তৎসঙ্গে অতিশয় উৎকণ্ঠাপূর্ণ স্বপ্ন।

জ্বর। সর্ব্ব শরীরের শীতলতা, তৎসঙ্গে নির্য্যাসবৎ ঘর্ম্ম, বিশেষতঃ কপালে। পালাজ্বর, তৎসঙ্গে কেবল বাহ্যিক শীতলতা; শীত ও অতিতৃষ্ণা; তৎপরে সর্ব্বদা উত্তাপ ও পিপাসা। সকল শরীরে শীতল ঘর্ম্ম। নাড়ী ক্ষীণ ও ক্রমশঃ লুপ্ত হয়। দিবাভাগে

টীকা। ওলাউঠা, সাংঘাতিক ওলাউঠা, খালধরা ও আক্ষেপ, উন্মত্ততা, অতিশয় দুর্ব্বলতা ও থেঁচুনি, অন্ত্রবৃদ্ধি ও হুপশব্দক কাশি ইত্যাদিতে বিশেষ ব্যবহার্য্য।

ঈষৎ শ্রমের পর স্বেদপ্রবণতা ; উষ্ণাবস্থায় সতত অচৈতন্য অথবা মুখমণ্ডলের আরক্তিমা সহ প্রলাপ।

মানসিক লক্ষণ। উৎকণ্ঠা। ভয়ে চম্‌কাইয়া উঠা। অতিশয় ক্লেশ ও অসুখ। রাগ ; উন্মত্ততা। ঘর্ম্মজনিত উন্মত্ততা, প্রলাপ।

মস্তক। শিরঃপীড়া কিম্বা অৰ্দ্ধপার্শ্বিক শিরঃপীড়া, তৎসঙ্গে বিবমিষা, বমন এবং মুখমণ্ডল পাণ্ডুর। মস্তিষ্কের নানা স্থানে বেদনাক্রমণ, কোথায় নিষ্পেষণ ও কোথায়ও চাপনবৎ বোধ, দব্‌দবে শিরঃপীড়া। মস্তকের উপরাংশে শীত বোধ—যেন তথায় তুষার রহিয়াছে। কপালে শীতল ঘর্ম্ম।

চক্ষু। রাত্র্যন্ধতা বা রাতকাণা।

মুখমণ্ডল। মুখমণ্ডল মৃত ব্যক্তির ন্যায় পাণ্ডুবর্ণ, শীতল, বসা ও তৎসঙ্গে নাসিকা সূক্ষ্ম ও গণ্ডদেশ বসা। মুখমণ্ডল নীলিমাযুক্ত। ঘোর আরক্তবর্ণ ও উষ্ণ মুখমণ্ডল। অতিশয় আরক্ততা ও উত্তাপ। পীতবর্ণ মুখমণ্ডল ; এক গণ্ডদেশ আরক্ত ও অপর পাণ্ডুর। পর্য্যায়ক্রমে আরক্ততা ও পাণ্ডুতা, শয়নাবস্থায় আরক্ত ও উত্থানে পাণ্ডুরতা। মুখে শীতল ঘর্ম্ম, ওষ্ঠাধর শুষ্ক, ঈষৎ কৃষ্ণবর্ণ ও বিদারিত।

দন্ত। চোয়াল বদ্ধ। দন্তশূল, তৎসঙ্গে শিরঃপীড়া এবং মুখমণ্ডল আরক্ত ও স্ফীত। দন্তশূলের সহিত অতিশয় দৌর্ব্বল্য। দব্‌দবে দন্তশূল। দন্তের শিথিলতা।

মুখগহ্বর। মুখে ফেনা। জিহ্বা শুষ্ক, কৃষ্ণবর্ণ ও বিদারিত। জিহ্বা পীতবর্ণ মলাবৃত ; বাক্‌রুদ্ধতা।

গলাভ্যন্তর। গলাভ্যন্তরে নিস্তকতা ও কর্কশতা বোধ

ক্ষুধা ও আস্বাদ। ফল ভক্ষণে কিম্বা অম্ল ভক্ষণে ইচ্ছা। স্বাদহ্রাসতা; পৈত্তিক, তিক্তাস্বাদ; ঘন ঘন ক্ষুধা। অনিবার্য্য তৃষ্ণা, বিশেষতঃ শীতল দ্রব্য পানের জন্য।

আমাশয়িক লক্ষণ। অতি অল্প আহার বা পানে বমন ও উদরাময়। আহার কালে বিবমিষা ও তৎসঙ্গে ক্ষুধা এবং পাকাশয়ে চাপ। ভয়ানক শূন্য উদ্গার—অধিকন্তু আহারের পর তিক্ত উদ্গার। মুখ হইতে সর্ব্বদা জল উঠার ন্যায় লালস্রাব। ভয়ানক বিবমিষা ও বমন করণে ইচ্ছা। ভয়ানক বমন ও সতত বিবমিষা, অবসাদন ও শয়ন করিবার আবশ্যকতা। ভুক্ত দ্রব্য বমন। তিক্ত ও অম্ল বমন। কৃষ্ণবর্ণ পিত্ত ও রক্ত বমন। সর্ব্বদা বমন, তৎসঙ্গে উদরাময় এবং পাকাশয়-মধ্যপ্রদেশে চাপ। অতি অল্প সঞ্চরণে কিম্বা তরল দ্রব্য ভক্ষণে বমনের পুনরুদ্রেক।

পাকাশয়। পাকাশয়-মধ্যপ্রদেশে বেদনা ও তথায় অতিশয় চাপ, জ্বালা, অসুখ বোধ।

উদর। স্পর্শে উদর বেদনা বিশিষ্ট। উদরে বেদনা, যেন ছুরিকা দ্বারা কর্ত্তিত হইতেছে। শূল ও সর্দ্দিজনিত শূল; শূলবেদনাজনিত উদরে আক্ষেপ। উদরাধ্মানিক শূল বেদনা, তাহাতে অন্ত্র ও সমুদায় উদর আক্রান্ত হয়। উদরের কাঠিন্য সহ স্ফীতি। অন্ত্রবৃদ্ধি বিশেষতঃ শিশুদের। উদরে জ্বলন্ত অঙ্গারদাহনবৎ জ্বালা।

মল ইত্যাদি। কোষ্ঠবদ্ধ, পুরাতন কোষ্ঠবদ্ধ, অপিচ শিশুদের। মলের কাঠিন্য ও স্থূলতা নিবন্ধন কোষ্ঠবদ্ধ। প্রবল

ও বেদনাদায়ক উদরাময় ও তৎসঙ্গে কর্ত্তনবৎ শূলবেদনা; বায়ু নিঃসরণ কালে অসাড়ে পাতলা মলত্যাগ। মলত্যাগের সময় অতিশয় দৌর্ব্বল্য। ঈষৎ হরিৎ ও পিঙ্গলবর্ণ মল।

মূত্রযন্ত্র। অনৈচ্ছিক মূত্রস্রাব।

ঋতু ইত্যাদি। রজঃস্রাব কালে উদরাময়, বিবমিষা ও শীতবোধ। প্রসবের পর রক্তাদিস্রাব বন্ধ ও তৎসঙ্গে প্রলাপ। ঋতু, নিয়মিত সময়ের পূর্ব্বেও অধিক পরিমাণে হয়।

বায়ুনলী ও কাশি। বায়ুনলীতে সুড়সুড়ী দিলে কাশি, ও সহজে শ্লেষ্মা নিঃসরণ কিম্বা শুষ্ক কাশি। গভীর, শূন্য কাশি, যেন উদর হইতে উত্থিত হইতেছে ও তৎসহ শূল বেদনা। স্বরযন্ত্রে আকুঞ্চন, শ্বাসরোধ বোধ ও চক্ষু উদ্গত। বমন সহ হুপ্‌শব্দক কাশি। অতিশয় শ্লেষ্মাযুক্ত কাশি।

বক্ষঃ ও শ্বাস প্রশ্বাস। শ্বাসকষ্ট অধিকন্তু উপবেশনাবস্থাতে। বক্ষেঃ অতিশয় অসুখবোধ ও তৎসঙ্গে নিশ্বাস গ্রহণ কালে বেদনা। বক্ষেঃ বেদনান্বিত আক্ষেপিক আকুঞ্চন; হৃৎস্পন্দন তৎসঙ্গে উৎকণ্ঠাযুক্ত এবং দ্রুত ও স্পষ্টশ্রাব্য শ্বাস প্রশ্বাস।

পৃষ্ঠ। পৃষ্ঠ ও কটিদেশে বেদনা—যেন নিষ্পিষ্ট হইয়াছে।

শাখাদ্বয়। ঊর্দ্ধ ও অধঃশাখাস্থ অঙ্গাদিতে বেদনাকর পক্ষাঘাতবৎ দৌর্ব্বল্য। বাহুতে পক্ষাঘাত ও মোচড়ানবৎ বেদনা। হস্ত, পদ বরফের ন্যায় শীতল। অঙ্গুলিতে আকর্ষণ ও খালধরা। চলিতে কষ্ট, প্রথমে দক্ষিণ, পরে বাম বজ্ঞ্ষণ সন্ধিতে পক্ষাঘাতবৎ বোধ হয়। জঙ্ঘায় বেদনান্বিত ভারবোধ, যেন অতিশয় ক্লান্ত হইয়াছে। পায়ের ডিমে ভয়ানক খালধরা।

দ্বিতীয় অধ্যায়।

আনুষঙ্গিক বা সাহায্যকারী ঔষধ সকল।

১। কান্থেরাইডিস—কান্থ।

মূত্রযন্ত্র। মূত্ররুদ্ধ ও মূত্রাশয়ে আক্ষেপিক বেদনা; নিষ্ফল প্রস্রাবত্যাগেচ্ছা। মূত্রত্যাগে কষ্ট, সরু ও দ্বিধারে প্রস্রাব হয়। ঘোর আরক্ত বর্ণ মূত্র। মূত্রাশয় হইতে সরক্ত শ্লেষ্মাস্রাব। রক্ত প্রস্রাব, ফোটা ফোটা করিয়া হয়। প্রস্রাব করিতে জ্বালাযুক্ত বেদনা। কর্ত্তনবৎ বেদনা—প্রস্রাব করিবার পূর্ব্বে, সময়ে ও পরে মূত্রনলীতে বোধ হয়। বৃক্ক, মূত্রাশয় ও মূত্রনলীতে প্রদাহ, মূত্রাশয় প্রদেশে চৈতন্যাতিশয্য।

২। কার্ব্ব ভেজিটেব্লিস—কার্ব্ব ভেজি।

সাধারণ লক্ষণ। বাতবৎ আকর্ষণ ও ছেদন বোধ; বিশেষতঃ অঙ্গাদির পঙ্গুতা ও উদরাধ্মান জনিত অসুখ কিম্বা শ্বাসরোধ—যখন বক্ষঃ আক্রান্ত হয়। অঙ্গাদি ও আস্থতে

---

১ টীকা। বৃক্ক-প্রদাহ, মূত্রাশয়-প্রদাহ ও মূত্রসম্বন্ধীয় পীড়া ইত্যাদিতে বিশেষ ব্যবহার্য্য।

২ টীকা। পারদের অপব্যবহার জনিত পীড়া, উদরাধ্মান, স্বরভঙ্গ ও পাকাশয়ে আক্ষেপ ইত্যাদিতে বিশেষ ব্যবহার্য্য।

জ্বালাযুক্ত বেদনা। শরীরের স্থানে স্থানে দব্‌দব্‌ বোধ। দিবাভাগে শরীরের অঙ্গ বিশেষের কম্পন ও আকুঞ্চন। অঙ্গাদিতে ঝিঁঝিঁ লাগা। প্রত্যুষে উঠিলে অঙ্গে পঙ্গুতা ও নিষ্পেষণ বোধ। অতিশয় দৌর্ব্বল্য; কখন কখন মূর্চ্ছা; অতি প্রত্যুষে কিম্বা ভ্রমণারম্ভকালে হয়। হঠাৎ বলক্ষয় ও অবসাদন। সর্দ্দি লাগিবার প্রবণতা। পারদ অপব্যবহার জনিতপীড়া।

চর্ম্ম। কণ্ডূয়ন, বিশেষতঃ শুষ্ক উদ্ভেদবৎ। সূক্ষ্ম দানা দানা উদ্ভেদ। সহজে রক্তস্রাবনীয়, দুর্গন্ধ ক্ষত ও তৎসঙ্গে জ্বালাযুক্ত বেদনা এবং উগ্রপূঁয।

নিদ্রা। দিবাভাগে তন্দ্রা; শরীরের অস্থিরতা বশতঃ অনিদ্রা।

জ্বর। শরীরের শীতলতা ও শীত। রাত্রিতে ঘর্ম্ম। প্রাতঃকালীন অম্লস্বেদ। স্বেদ প্রবণতা।

মানসিক লক্ষণ। অস্থিরতা ও অসুখ। চকিতপ্রবণতা; উগ্রতা ও ক্রোধ।

মস্তক। মস্তকে ভার। মস্তকে দব্‌দব্‌ বোধ ও শোণিতাবেগ, তৎসহ উত্তাপ। শিরঃপীড়া সহ বিবমিষা।

চক্ষু। কণ্ডূয়ন; উগ্রতা, উত্তাপ, চাপ, এবং জ্বালাযুক্ত চক্ষু। রাত্রিতে চক্ষু লাগিয়া থাকে। নিকট দৃষ্টি।

কর্ণ। কর্ণ হইতে দুর্গন্ধ পূঁয নিঃসরণ।

নাসিকা। নাসা কণ্ডূয়ন। সর্ব্বদা নাক দিয়া অনবরত রক্তপড়া, বিশেষতঃ রাত্রিতে ও প্রত্যুষে এবং তৎসহ মুখমণ্ডল পাণ্ডুবর্ণ। নাসারন্ধ্র রুদ্ধ। ভয়ানক সর্দ্দি।

মুখমণ্ডল। মুখমণ্ডল পাণ্ডুর। ধূসর ও পীতাভ মুখাকৃতি।

দন্ত। দন্তে আকুঞ্চক বেদনা। পুরাতন দন্ত শিথিলতা।

মুখগহ্বর। মাড়ী বেদনাযুক্ত ও তাহাতে পূযোৎপত্তি ও দন্ত হইতে মাড়ী শিথিল হয়। মাড়ী হইতে রক্তস্রাব। মুখ শুষ্ক ও মুখ দিয়া জলউঠা। দুর্গন্ধি শ্বাস। মুখে শীতাদ রোগ।

গলাভ্যন্তর। গলা ও তালুতে নিস্তকতা এবং জ্বালা। গলাভ্যন্তরে অধিক শ্লেষ্মা সঞ্চয় ও কাশিলে তাহা সহজে উঠিয়া যায়।

আমাশয়িক লক্ষণ। তিক্ত ও লবণাক্ত আস্বাদ। অধিক দিন হইতে মাংস ভক্ষণে অরুচি। আহারের পর উদর স্ফীতি, মুখে অম্ল এবং অম্ল উদ্গার। বায়ু কিম্বা তিক্ত উদ্গার। অতি প্রত্যূষে বিবমিষা। সর্ব্বদা বমনেচ্ছা। মুখ দিয়া জল উঠা।

পাকাশয়। আকুঞ্চক কিম্বা জ্বালাযুক্ত কন্‌কনে বেদনা আক্ষেপ ও তৎসঙ্গে উদরাধ্মান ও স্পর্শে বেদনা বোধ। পাকাশয় মধ্য-প্রদেশে বেদনা।

উদর। পর্শুকা নিম্নে সূচীবেধ বোধ। যকৃত প্রদেশে আকৃষ্টতা, চাপ ও সূচীবেধবোধ। স্ফীততা। উদরাধ্মান। খালধরা ও উদরাধ্মানযুক্ত শূল। কোষ্ঠাশ্রিত বায়ু বদ্ধ। পেট ডাকা। অতিশয় দুর্গন্ধ বায়ু নিঃসরণ ও উদরাধ্মান।

মল। কোষ্ঠবদ্ধ, পাতলা পাণ্ডুবর্ণ কিম্বা বর্ণহীন নির্য্যাসবৎ মল। বেদনাযুক্ত অর্শ। প্রতিবার মলত্যাগকালীন গুহ্যদ্বার হইতে রক্তস্রাব। গুহ্যদ্বারে জ্বালা, কণ্ডূয়ন ও হুলবেধ বোধ।

মূত্রযন্ত্র। অল্প প্রস্রাব। সর্ব্বদা উৎকণ্ঠাযুক্ত মূত্রত্যাগেচ্ছা।

ঋতু ইত্যাদি। নিয়মিত সময়ের পূর্ব্বে রজঃপ্রকাশ ও রজঃআধিক্য। জননেন্দ্রিয়ে কণ্ডূয়ন, জ্বালা ও বেদনা বোধ।

বায়ুনলী ও কাশি। অনবরত স্বরভঙ্গ ও স্বর কর্কশতা। শুষ্ক সর্দ্দি, তৎসঙ্গে স্বরভঙ্গ ও বক্ষেঃ হাজিয়া যাওয়া বোধ। গলায় সুড়সুড়ীযুক্ত কাশি, কিম্বা বক্ষেঃ বেদনাবোধ। আক্ষেপিক কাশি ও তৎসঙ্গে শ্বাসরোধ বোধ ও বমন। অতি অল্প সর্দ্দিতে কাশি। হরিৎ কিম্বা পীতবর্ণ পূঁয মিশ্রিত শ্লেষ্মাযুক্ত কাশি।

বক্ষঃ ও শ্বাস প্রশ্বাস। অল্পক্ষণ স্থায়ী শ্বাস। বক্ষেঃ আকুষ্টতা ও অসুখবোধ। বক্ষেঃ জ্বালা, কন্‌কেন বেদনা ও শীতলতা বোধ।

পৃষ্ঠ। গ্রীবা ও পৃষ্ঠের মাংসপেশীতে বাতযুক্ত আকর্ষণ, ছেদন ও সূচীবেধন বোধ। পৃষ্ঠা ও পশ্চাৎ গ্রীবার অনমনীয়তা।

শাখাদ্বয়। ভুজদ্বয়, মণিবন্ধ ও অঙ্গুলিতে আকর্ষক ও ছেদক বেদনা। হস্ত উষ্ণ। কিছু ধরিবার সময় মণিবন্ধ ও অঙ্গুলিঃ সকলে পঙ্গুতাবোধ। অধঃশাখার অঙ্গাদিতে আকর্ষক বেদনা ও পঙ্গুতা। পদতলে ও পায়ের ডিমে খাল ধরা। খ্রা ঘামা।

৩। সিনা—সি।

সাধারণ লক্ষণ। অনিদ্রা। চক্ষুর কনীনিকা প্রসারিত। অতিশয় শীর্ণতা। মুখমণ্ডল পাণ্ডু ও পীতবর্ণ। নাসা কণ্ডূয়ন।

---

৩ টীকা। ক্রিমি ও তদ্জনিত ব্যাধি সকলে বিশেষ

ঘন ঘন ক্ষুধা ; উদর কঠিন। সূত্রবৎ কৃমি নিঃসরণ। রাত্রিতে অনৈচ্ছিক মূত্রত্যাগ। ঘোলা প্রস্রাব। শুষ্ক, আক্ষেপিক কাশি, তৎসঙ্গে অকস্মাৎ চম্‌কাইয়া উঠা ও মূর্চ্ছা।

৪। কফি ক্রুডা—কফি।

সাধারণ লক্ষণ। বেদনা বোধ। অতিশয় চৈতন্য বিশিষ্ট। অতিশয় উগ্রতা। অনিদ্রা। আক্রান্ত স্থান অতিশয় বেদনাবিশিষ্ট ; শরীর ও মনের অতিশয় উগ্রতা, অধিকন্তু নব-প্রসূতিদের। স্নায়ুর সাতিশয় উগ্রতা।

৫। ড্রসিরা—ড্রসি।

বায়ুনলী ও কাশি। স্বরভঙ্গ। শুষ্ক আক্ষেপিক কাশি, তৎসঙ্গে উদ্গার। ক্লান্তিকর কাশি, তৎসঙ্গে হুপ হুপ শব্দ এবং মুখমণ্ডল নীলবর্ণ, শ্বাসরোধ, নাক মুখ দিয়া রক্তস্রাব এবং উৎকণ্ঠা। কাশির সময় বা পরে ভুক্তদ্রব্য বমন। সরক্ত ও সপূঁয শ্লেষ্মা, কাশি ও বক্ষের উপরিভাগে হুলবেধ বোধ। গলাভ্যন্তরে কর্কশতা, হাজিয়া যাওয়া ও শুষ্কতা বোধ।

---

৪ টীকা। স্নায়বীয় রোগ, অতিশয় উত্তেজনা, অনিদ্রা ও অতিশয় আহ্লাদজনিত পীড়া ইত্যাদিতে বিশেষ ব্যবহার্য্য।

৫ টীকা। হুপশব্দক কাশি নামক ব্যাধিতে বিশেষ উপকারী।

৬। হেপার সল্‌ফিউরিস—হেপার।

সাধারণ লক্ষণ। পারদের মন্দ ফল, গ্রন্থি স্ফীত, প্রদাহিত ও ক্ষত বিশিষ্ট। প্রদাহিত স্থানে পূঁযোৎপত্তি। ধূমপানের পর কম্পন ও দৌর্ব্বল্য।

চর্ম্ম। বাহ্য অংশে বিস্তীর্ণ আরক্ত প্রদাহ। অসুস্থ চর্ম্ম। বিদারিত চর্ম্ম। সহজে রক্তস্রাব হয় এরূপ ক্ষত, ও তাহাতে হুলবেধ ও চর্ব্বণবৎ বোধ কিম্বা জালা ও দব্‌ দব্‌ করে। সকল প্রকার পূঁযোৎপত্তি।

জ্বর। রাত্রিতে শুষ্ক উত্তাপ। দিবসে স্বেদপ্রবণতা। রাত্রিকালীন ঘর্ম্ম।

মস্তক। কপালে (চক্ষুর উপরে) ক্ষতবৎ বেদনা বোধ। বিদারক বেদনাযুক্ত শিরঃপীড়া। মস্তকে ফোস্কা ও তাহা স্পর্শে বেদনাযুক্ত।

চক্ষু। চক্ষুতে হুলবেধ বোধ। চক্ষু ও চক্ষুপাতা প্রদাহ, অধিকন্তু বিস্তীর্ণ আরক্ত প্রদাহ, গণ্ডমালা ও বাতরোগযুক্ত চক্ষু ও চক্ষুপাতা প্রদাহ, তৎসঙ্গে সংস্পর্শে নিষ্পেষণ, ক্ষতবৎ বেদনা বোধ হয়। চক্ষু দিয়া জল পড়ে ও চক্ষু আঁটিয়া থাকে।

কর্ণ। দুর্গন্ধ পূঁয নিঃসরণ।

মুখমণ্ডল। উজ্জ্বল, আরক্ত ও উষ্ণ মুখমণ্ডল। স্পর্শে মুখের অস্থিতে বেদনা। আকর্ষক ও ছেদক মুখশূল, গণ্ডদেশ হইতে কর্ণ ও শঙ্খদেশ পর্য্যন্ত বিস্তৃত হয়।

---

৬ টীকা। পারদজনিত পীড়া, পূঁযোৎপত্তি ও স্বরঘ্ন বা ঘুংড়ী রোগে বিশেষ ব্যবহার্য্য।

গলাভ্যন্তর। কণ্ঠক্ষত যেন কোন কঠিন বস্তু প্রবেশ জনিত হইয়াছে। হাজিয়া যাওয়ার মত গলায় ক্ষত ও বেদনা; কাশিতে, গিলিতে কিম্বা শ্বাস টানিতে কণ্ঠাভ্যন্তরে কাষ্ঠখণ্ড দ্বারা বিদ্ধ হইতেছে বোধ হয়। তালুপার্শ্বে গ্রন্থি স্ফীত।

আমাশয়িক লক্ষণ। অজীর্ণ অধিকন্তু পারদ জনিত; গলা জ্বালার সঙ্গে উদ্গার।

পাকাশয়। চাপ—অধিকন্তু অল্প পরিমাণে আহারের পর।

উদর। আকুঞ্চক বেদনা ও আক্ষেপ। উদরের বাম পার্শ্বে স্চীবেধ বোধ।

মল। মৃদুভাবে মল নিঃসরণ—যেন অন্ত্রের দুর্ব্বলতা বশতঃ হইতেছে। হরিৎবর্ণ, সরক্ত এবং নির্য্যাসবৎ রক্তামাশয়িক মল।

বায়ুনলী ও কাশি। সন্ধ্যাকালে শুষ্ক কাশি। শুষ্ক, ও কর্কশ কাশির আক্রমণ, তৎসঙ্গে উৎকণ্ঠা এবং উদ্গার। স্বরযন্ত্রের কোন এক স্থানে বেদনা—চাপ দিলে, কাশিতে কিম্বা শ্বাস টানিতে বৃদ্ধি।

বক্ষঃ ও শ্বাস প্রশ্বাস। উৎকণ্ঠিত, কর্কশ ও সশব্দ শ্বাস, তৎসহ শয়ন করিলে শ্বাসরোধাশঙ্কা। শ্বাসরোধ, তদ্দ্বারা মস্তক পশ্চাদ্ভাগে নত করিতে বাধ্য হয়।

পৃষ্ঠ। পৃষ্ঠে আকৃষ্টতা।

শাখাদ্বয়। হস্ত, পদ বিদারিত।

৭। ল্যাকিসিস্—ল্যাকি।

সাধারণ লক্ষণ। সুরাপায়ীদের পীড়া; পারদের অপব্যবহার জনিত পীড়া। বাত, তৎসঙ্গে সন্ধিতে বেদনা, যেন স্ফীত হইয়াছে ও সন্ধি সকলে অনমনীয়তা বোধ—রাত্রিতে কিম্বা সন্ধ্যাকালে বৃদ্ধি এবং হৃৎপিণ্ড আক্রান্ত হইবার প্রবণতা। শীর্ণতা। পক্ষাঘাত। সঞ্চরণে ভয়। দুর্ব্বলতা; খেঁচুনি, আক্ষেপ এবং মৃগীর আক্রমণ।

চর্ম্ম। সর্ব্ব শরীরে কণ্ডূয়ন। শটিত ফোস্কা। বিস্তীর্ণ আরক্ত প্রদাহ। আরক্ত জ্বরের উদ্ভেদ। আভ্যন্তরিক যন্ত্রে পূঁযোৎপত্তি। ক্ষত—তাহার নিম্নভাগ অসমান ও অপরিষ্কার কিম্বা অপরিষ্কার স্থূল ক্ষত এবং তাহা হইতে দুর্গন্ধ জলবৎ ক্ষরণ। কঠিন অর্ব্বুদ।

নিদ্রা। নিদ্রালুতা সত্বেও নিদ্রা যাইতে অপারগতা। নিদ্রাকালে এপাশ ওপাশ করা।

মানসিক লক্ষণ। অস্থিরতা। কম্পনের সহিত অসুখ বোধ; অবিশ্বাস।

মস্তক। মস্তকে ভার, শিরঃপীড়া, বিশেষতঃ ঋতুস্রাবের পূর্ব্বে। শিরঃপীড়া সহ বিবমিষা। সংন্যাস বিশেষতঃ তৎসহ বামপার্শ্বের পক্ষাঘাত। মস্তকে ভার, তদবসানে দক্ষিণ চক্ষুর উপরে বেদনা। দব্‌দবে শিরঃপীড়া, বিশেষতঃ বাম চক্ষুর উপরে বেদনার আতিশয্য। মস্তকে শোণিতাবেগ, বিশেষতঃ মস্তক নত

৭ টীকা। কণ্ঠপীড়া ও শটিত কণ্ঠক্ষত ইত্যাদিতে বিশেষ ব্যবহার্য্য।

করিলে। মস্তক অবনত করিলে শিরঃপীড়া, যেন মস্তক খণ্ড খণ্ড হইয়া যাইবে এরূপ বোধ। সুরাপায়ীদের মানসিক বিকৃতি।

মুখমণ্ডল। পাণ্ডুবর্ণ, বিকৃত। সুরাপায়ীদের মুখমণ্ডলের উষ্ণতা। স্ফীততা। বিস্তীর্ণ আরক্ত প্রদাহ। চোয়াল বদ্ধ।

মুখগহ্বর। মুখগহ্বর শুষ্ক ও তৎসঙ্গে বেদনা। লালানিঃসরণ। জিহ্বা জ্বালা। কথা কহিতে কষ্ট।

গলাভ্যন্তর। শটিত কণ্ঠক্ষত। গলায় ক্ষতবৎ বোধ সহ শ্বাসকষ্ট ও শ্বাসরোধ আশঙ্কা। গলায় জ্বালা ও স্ফীতি বোধ। কণ্ঠ শুষ্ক। গলাভ্যন্তরে হাজিয়া যাওয়ার ন্যায় বেদনা। কণ্ঠাভ্যন্তরে এরূপ বোধ যেন, একটী অর্ব্বুদ কি পিণ্ডবৎ দ্রব্য গিলিতে হইবে। সর্ব্বদা গিলিতে ইচ্ছা। সর্ব্বদা গলায় সুড়সুড়ী বোধ। গলায় ক্ষত। তালুপার্শ্বগ্রন্থি স্ফীত। তরল দ্রব্য পান করিলে নাসিকা দিয়া বাহির হয়।

আমাশয়িক লক্ষণ। উদ্গার—যাহাতে উপশম বোধ হয়। অক্ষুধা। আহারের পর পাকাশয়ে চাপ। ভুক্ত দ্রব্য উদ্গীরণ। বিবমিষা, ভুক্ত দ্রব্য বমন, কিম্বা গর্ভবতীদের পিত্ত ও শ্লেষ্মা বমন।

পাকাশয়। ভার দ্রব্যজনিত পাকাশয় মধ্য প্রদেশে জ্বালা।

উদর। জ্বালা, উদরাধ্মান বশতঃ উদরের বিস্তৃতি। ঋতুকালে ছেদনবৎ বোধ।

মল। দুর্নিবার কোষ্ঠবদ্ধ। নিষ্ফল মলত্যাগেচ্ছা। অর্শ ও তৎসঙ্গে শূল। রক্তস্রাবশীল শূল।

মূত্রযন্ত্র। প্রস্রাব করিতে জ্বালা। ঘোলা প্রস্রাব।

ঋতু ইত্যাদি। স্ত্রীলোকদিগের রজোধিক্য বশতঃ ঋতু বন্ধের সময় সর্ব্বদা বিশেষ আবশ্যক ও তৎসঙ্গে রজোধিক্য থাকিলেও ব্যবহার্য্য। বিলম্বে অল্প পরিমাণে রজঃস্রাব।

বায়ুনলী ও কাশি। স্বরভঙ্গ ও এরূপ বোধ যেন কিছু কাশিয়া তুলিতে হইবেক। কাশি ও বায়ুনলীতে সুড়সুড়ীর মত বোধ। শুষ্ক কিম্বা ক্লেশদায়ক কাশি। স্বরযন্ত্র স্পর্শে চৈতন্যাতিশয্য।

বক্ষঃ ও শ্বাস প্রশ্বাস। ক্ষুদ্র ক্ষুদ্র শ্বাস কিম্বা শ্বাস-কৃচ্ছ্র। বক্ষেঃ ভারবোধ। বক্ষেঃ চাপবোধ, যেন তাহা বায়ুপূর্ণ। বক্ষেঃ সূচীবেধ বোধ। হৃৎস্পন্দন। শ্বাসকাশ, প্রধানতঃ আহারের পর।

পৃষ্ঠ। সবেদন আনমনীয়তা।

শাখাদ্বয়। হস্তকম্পন। আঙ্গুলহাড়া; জংঘা স্ফীত ও তাহাতে গভীর ক্ষত। জংঘা ও পদে ছেদন বোধ। তুষারবৎ শীতল পদ। স্ফীত পদ।

৮। স্পাঞ্জিয়া টষ্টা—স্পঞ্জ।

মস্তক। যাতনাদায়ক শিরঃপীড়া, কখন বা চাপবোধ। মস্তকে দব্ দব বোধ।

---

৮০ টীকা। স্বরঘ্ন, শ্বাসনলীর প্রদাহ ও আক্ষেপিক কাশি ইত্যাদিতে বিশেষ ব্যবহার্য্য।

চক্ষু। চক্ষুতে আরক্ততা সহ জ্বালা ও অশ্রুস্রাব।

আমাশয়িক লক্ষণ। তিক্তাস্বাদ, কখন কখন কেবল গলার ভিতর বোধ হয়। ভয়ানক তৃষ্ণা। উদ্গার ও তৎসঙ্গে পাকাশয়ে কর্ত্তক ও ছেদক বেদনা। পাকাশয় যেন শিথিল ও এরূপ বোধ হয় যেন তাহা খোলা রহিয়াছে। মল শক্ত ও বিলম্বে নির্গত হয়।

বায়ুনলী ও কাশি। স্বরভঙ্গ সহ কাশি ও সর্দ্দি। শুষ্ক কাশি ও তাহা স্বরযন্ত্রে জ্বালাযুক্ত সুড়সুড়ী দ্বারা উত্তেজিত হয়। গান করিতে কি কথা কহিতে স্বরদুর্ব্বলতা। স্বরযন্ত্র স্পর্শে কিম্বা গ্রীবা সঞ্চালনে বেদনা। কণ্ঠাভ্যন্তর কর্কশ ও শুষ্ক। দিবা রাত্রি কাশি, তৎসঙ্গে বক্ষঃ জ্বালা, যাহা আহার বা পানের পর উপশমিত হয়। বায়ুনলীবোধবৎ বোধ। উৎকণ্ঠিত শ্বাসকষ্ট। দ্রুত শ্বাস। বায়ুনলীতে শ্লেষ্মা দ্বারা ঘর্ঘর শব্দ, কখন কখন শ্বাসরোধ ও বক্ষঃ শ্লেষ্মা জনিত ঘর্ঘর শব্দ। কর্কশ, শূন্য, কুকুর রববৎ ও চিঁ চিঁ শব্দযুক্ত কাশি। শীশ দেওয়ার ন্যায় শ্বাস।

পৃষ্ঠ। বৃহৎ ও কঠিন গলগণ্ড, তাহার সঙ্গে চাপ, চিন্‌চিন ও সূচীবেধ বোধ। গ্রীবার পেশীতে বেদনাজনক আকৃষ্টতা ও অনমনীয়তা বোধ। কটিদেশে চাপ।

তৃতীয় অধ্যায়।

বাহ্য প্রয়োগৌষধি।

বাহ্য প্রয়োগার্থ যে যে ঔষধ প্রযুক্ত হয়, তাহা কিরূপে ব্যবহার করা কর্ত্তব্য, তদ্বিবরণ নিম্নে প্রকটিত হইল।

আর্ণিকা মণ্টেনা।

১। ধৌত—আর্ণিকার উগ্র অরিষ্ট ১ ড্রাম, জল ১ ছটাক, একত্রে মিশ্রিত করিয়া প্রস্তুত করা কর্ত্তব্য। যদি চর্ম্মে ক্ষত থাকে, তবে ২ ছটাক জল মিশাইয়া ব্যবহার করিতে হইবে।

২। মর্দ্দন, ৩। মলম, ৪। পটী বা পলস্ত্রা।

ক্যালেণ্ডিউলা অফিসিনেলিস্।

১। ধৌত—ক্যালেণ্ডিউলার অরিষ্ট ১ ড্রাম, জল আধ ছটাক মিশ্রিত করিবে।

২। মলম, ৩। পটী।

রস্টক্সিকোডেণ্ড্রণ।

১। ধৌত—এক বা দুই ড্রাম উগ্র অরিষ্ট, জল দেড় বা দুই ছটাক একত্রে মিশাইয়া ব্যবহার্য্য।

২। মর্দ্দন।

বাহ্য প্রয়োগৌষধ।

আঘাত।	ঔষধ।	বিধি।
অঙ্গুষ্ঠস্ফীতি	আর্ণি	ধৌত

আঘাতজনিত ক্ষত	ক্যালেণ্ডি	ধৌত
ওষ্ঠ ফাটা	আর্ণি	মলম
কড়া	আর্ণি	ধৌত
কাটা ঘা	ক্যালেণ্ডি	ধৌত ও পটী
কালশিরা (চক্ষুতে)	আর্ণি	ধৌত
কীটদংশন	ঐ	ধৌত (মৃদু)
থেৎলান	ঐ	ধৌত
নিষ্পেষণ (কোন স্থান পিষিয়া যাওয়া)	ঐ	ঐ
পোড়া ঘা	ঐ	ধৌত (মৃদু)
মচ্‌কান ও মোচড়ান	আর্ণি, রস	ধৌত ও মর্দ্দন
বাত	ঐ	ঐ
শয্যাক্ষত	আর্ণি	ধৌত (মৃদু)

তৃতীয় ভাগ।

রোগপরিচয় ও সাহায্যকারী চিকিৎসা।

১। অক্ষিপুট প্রদাহ (ইন্‌ফ্ল্যামেশন অব্‌ আইলিড্‌স।

ইহাতে চক্ষুপাতা স্ফীত, আরক্ত ও বেদনান্বিত হয়। সর্ব্বদা অধিক পরিমাণে অশ্রুস্রাব হয় এবং প্রাতঃকালে চক্ষুপাতা জোড়া লাগিয়া থাকে।

চক্ষুপাতায় কেবল উষ্ণ জল বা দুগ্ধ মিশ্রিত উষ্ণ জলের সেঁক দিবে।

২। অজীর্ণ, অগ্নিমান্দ্য [ইন্‌ডিজেস্‌চন, ডিস্‌পেপ্‌সিয়া]

পরিপাক শক্তি বা পাকাশয়ের দৌর্ব্বল্য বশতঃ এই রোগ হইতে পারে। তরুণ ও পুরাতন ভেদে এই রোগ দ্বিবিধ। গুরু-পাক দ্রব্য ভোজন, অপরিমিত আহার দ্বারাও ইহা সংঘটিত হয়। পুরাতন অজীর্ণ ব্যাধিতে নিম্নলিখিত লক্ষণ প্রকাশিত হয়। কোষ্ঠবদ্ধ, অন্ত্রের বিশৃঙ্খলা, অম্ল উদ্গার, দুর্গন্ধ উদ্গার, আহারে অরুচি, অক্ষুধা, পাকাশয়ে বেদনা ও ভারবোধ ও তাহা স্ফীত; শূলবেদনা, মুখ দিয়া জল উঠা, বুকজ্বালা, বিবমিষা এবং কখন কখন অম্ল ও শ্লেষ্মা বমন; মাথাঘোরা, জিহ্বা মলাবৃত, উদরাধ্মান, দৈহিক লক্ষণাদি, হৃৎস্পন্দন ও দৌর্ব্বল্য বোধ ইত্যাদি।

রোগীর যে সকল অভ্যাসাদি হইতে অজীর্ণ স্থায়ী হইতেছে, তাহার পরিহার করা কর্ত্তব্য। আলস্য, অধিক বেলায় নিদ্রাভঙ্গ, রাত্রিজাগরণ, অতিশয় পুস্তক পাঠ, তামকূটের ধূমপান, অতিশয় উত্তেজক দ্রব্য ভক্ষণ, বিরেচক, গুরুপাক অজীর্ণকর দ্রব্য ভক্ষণ, অধিক পরিমাণে ও শীঘ্র শীঘ্র আহার করা, কিম্বা আহারের সময় অতীত হইবার পরেও অধিকক্ষণ অনাহারে থাকা ইত্যাদি কারণ পরিহার সম্বন্ধে বিশেষ মনোযোগ দেওয়া আবশ্যক। প্রত্যূষে শয্যা হইতে গাত্রোত্থান করিয়া শীতল জলে স্নান ও শীতল জলপান করা অজীর্ণের পক্ষে অতীব উপকারী। তৎপরে বস্ত্রাদি পরিধান করতঃ শীতল ও পরিষ্কার বায়ু সেবন কর্ত্তব্য। নিয়মিত সময়ে প্রত্যহ আহার করিবে। আহারের এক ঘণ্টা পরে শীতল জল পান করিলে পরিপাকক্রিয়ার বিশেষ সাহায্য হয়। অপরিমিত ভোজন করিবে না ; ভক্ষ্য দ্রব্য উত্তমরূপে চর্ব্বণ করিয়া আহার করা উচিত। ব্যস্ততা পূর্ব্বক আহার করিলে ভালরূপ পরিপাক হয় না। আহারকালে অধিক পরিমাণে জলপান করা উচিত নহে। আহার্য্য দ্রব্য সুপক্ক হওয়া কর্ত্তব্য। বাসগৃহে যাহাতে উত্তমরূপে বায়ু সঞ্চালিত হয়, তৎপ্রতি দৃষ্টি রাখা বিধেয়। প্রত্যহ বিশুদ্ধ বায়ু সেবন, ব্যায়াম ও কিছুকাল পাদচারণ করা কর্ত্তব্য। পরিধেয় ও শয্যা বস্ত্রাদি পরিষ্কার হওয়া বিধেয়।

৩। অন্ত্রপ্রদাহ [এণ্টিরাইটিস্]।

ইহাতে ক্ষুদ্রান্ত্রের সকল পর্দ্দাই আক্রান্ত হয়। শীত, চর্ম্মের উত্তাপ, তৃষ্ণা, কঠিন ও দ্রুতগামী নাড়ী, উদরে ও নাভির চতুষ্পার্শ্বে বেদনা হয় এবং সেইস্থান চাপিলে বেদনা বৃদ্ধি পায়। রোগী

চিৎ হইয়া শয়ন করিয়া থাকে। বমন, বিবমিষা, কোষ্ঠবদ্ধ, অতিশয় অস্থিরতা, প্রবলজ্বর, অবসাদন, প্রলাপ, কখন কখন বমনের সঙ্গে মল মিশ্রিত, নাড়ী ক্রমশঃ তারবৎ ও অদৃশ্য হয়। কখন কখন কেবল শ্লৈষ্মিক ঝিল্লী প্রদাহিত থাকে।

রোগীকে শয্যায় শায়িত রাখিবে। উদরে উষ্ণজল স্বেদ, তৎপরে জলসিক্ত বস্ত্রখণ্ড সংস্থাপন করিলে উপকার হয়। শীতল জল বা বরফমিশ্রিত জল পানার্থ বিধান করিবে। প্রদাহ উপশান্ত হইলে দুগ্ধ, সোডাওয়াটার, ও মাংস যূষাদি প্রয়োজ্য।

৪। অন্ত্রবৃদ্ধি [হার্ণিয়া]।

অন্ত্রের কতক অংশ উদর প্রাচীরাদি স্থিত ছিদ্র দিয়া বাহিরে আসিলে তাহাকে অন্ত্রবৃদ্ধি বলে। বেদনা অত্যন্ত অধিক থাকে, স্ফীত স্থানে চাপ দিলে অসহ্য বোধ হয়। উদরাধ্মান ও বমন থাকে, মলত্যাগের চেষ্টা সত্ত্বেও মল নিঃসৃত হয় না। তৎপরে প্রদাহ সমুপস্থিত হইয়া স্থানিক পচন সংঘটিত হয়। এরূপ অবস্থায় সাতিশয় বমন, প্রবল বেদনা ও নাড়ী ক্ষুদ্র ও তারবৎ হয়।

অন্ত্র, উদর মধ্যে পুনঃপ্রবিষ্ট করাইবার জন্য হস্ত দ্বারা চাপ দিবে। ইহাতে সফল না হইলে রোগীকে এরূপ ভাবে শয়ন করাইবে যে, রোগীর পদ ও উরুদেশ উচ্চে ও মস্তক তদপেক্ষা নিম্নে থাকে। এইরূপ অবস্থায় রোগীকে একজন ধরিয়া রাখিয়া চিকিৎসক পুনরায় স্ফীত স্থান চাপিবে। ইহাতে নিঃসৃত অন্ত্র প্রায়ই উদরাভ্যন্তরে পুনঃপ্রবিষ্ট হয়। এরূপ রোগ অস্ত্রচিকিৎসক দ্বারা চিকিৎসিত হওয়া অতীব কর্ত্তব্য।

৫। অপস্মার বা মৃগী [এপিলেপ্সী]।

ইহাতে রোগী হঠাৎ অজ্ঞান হইয়া পড়ে ও হস্ত পদাদি

ইতস্ততঃ সঞ্চালন অর্থাৎ খেঁচিতে থাকে। মুখ দিয়া গাঁজলা উঠে অল্পক্ষণ পরে খেঁচুনী বন্ধ হয় ও তৎপরে রোগী গাঢ় নিদ্রাভিভূত হয়।

অল্প অল্প ব্যায়াম করা কর্ত্তব্য। রোগের কারণ বুঝিতে পারিলে তাহা বিদূরিত করিতে চেষ্টা করিবে। পুষ্টিকর পথ্য দিবে। শীতল জলে স্নান উপকারী।

৬। অভিঘাত বা বিলেপী জ্বর [হেক্‌টিক ফিবর]।

স্থানিক উদ্দীপনা অর্থাৎ দুর্ব্বল শরীরে ক্ষতাদি হইলে এই জ্বর হয়। ইহাতে গণ্ডদেশে লালবর্ণ চক্র দৃষ্ট হয়।

৭। অর্কাঘাত বা সর্দ্দি গর্ম্মি (সন্‌ষ্ট্রোক্‌)।

সূর্য্যের উত্তাপ বশতঃ মস্তিষ্কের ক্রিয়া স্থগিত বা পক্ষাঘাতযুক্ত হইয়া রোগী অজ্ঞান হইয়া পড়ে। রোগাক্রমণের পূর্ব্বে পিপাসা, উষ্ণতা, শিরোঘূর্ণন, চক্ষুর আরক্ততা, ঘন ঘন প্রস্রাবত্যাগেচ্ছা বর্ত্তমান থাকে। রোগাক্রান্ত হইলে নিশ্বাসে ঘড় ঘড় শব্দ, কখন আক্ষেপ উপস্থিত হয়।

মস্তকে, বক্ষেঃ ও গ্রীবাদেশে শীতল জলের পটী দিবে।

৮। অবসাদ বায়ুরোগ (হাইপোকণ্ড্রিয়েসিস্‌)।

এই প্রকার বায়ুরোগে রোগী বিবিধ কাল্পনিক অনিষ্টের আশঙ্কা করে। সদাসর্ব্বদা প্রায় এই রোগের সঙ্গে পোষণ ও জননেন্দ্রিয়ের ক্রিয়াবিকার থাকে। মানসিক ভাব অস্থির ও রক্তসঞ্চালন দুর্ব্বল। রোগী স্বাস্থ্যসম্বন্ধে বিশেষ মনোযোগী হয় ও নিজের পীড়ার লক্ষণাদি অধিক করিয়া জানায়।

মনের প্রফুল্লতা সম্পাদন করিতে চেষ্টা করিবে।

৯। অস্থি-কোমলতা ব্যাধি (রিকেট্স্)।

সচরাচর বালকদিগের হয়। ইহাতে অস্থি কোমল ও নমনীয় এবং চলিবার কালে শরীরের ভারে বক্র হয়। অস্থির বিধানোপাদানে পার্থিব ক্ষারের স্বল্পতা হয়।

ঈষদুষ্ণ বা শীতল জলে স্নান, সমুদ্র জলে স্নান। পথ্যার্থে দুগ্ধ, মাংসযূষ দিবে। কড্লিভর অয়েল এই রোগে বিশেষ উপকারী।

১০। আমাশয়িক জ্বর (গ্যাষ্ট্রিক্ ফিবর)।

এই জ্বরে বমন, বিবমিষা, উদরাময় ও উদ্গার প্রভৃতি আমাশয়িক উপসর্গ বিদ্যমান থাকে। উদরপ্রদেশ বেদনান্বিত এবং উদর, বক্ষঃ ও পৃষ্ঠে গোলাপী রঙের উদ্ভেদ প্রকাশিত হয়।

শৈত্যপানীয়—মিশ্রির সরবৎ, লিমনেড, সোডাওয়াটার প্রভৃতি। লঘু পথ্য, পরে মাংসযূষাদি।

১১। কর্ণপ্রদাহ (ইনফ্ল্যামেশন অব্ ইয়ার)।

কর্ণের ভিতর বেদনা, আরক্ততা ও স্ফীততা সহ জ্বরবোধ হয়। কর্ণ হইতে পাতলা রস বাহির হইতে থাকে, শ্রবণশক্তির হ্রাস, কর্ণনিনাদ ও বেদনা অত্যন্ত অধিক হয়।

উষ্ণজলের সেক, পুলটীস্। ঈষদুষ্ণ জল দ্বারা কর্ণে পিচ্কারী দিবে।

১২। কৃমি [ওয়ার্ম্স্]।

উদরে বেদনা উদর স্ফীত, নাসিকাগ্রে কণ্ডূয়ন, মলদ্বার

কণ্ডূয়ন, নিশ্বাসে দুর্গন্ধ, অন্ত্রের ক্রিয়া বিশৃঙ্খলা, রাত্রিতে দাঁত কিড়মিড়ি, অত্যন্ত অধিক ক্ষুধা বা আহারে অরুচি, মুখ দিয়া জলউঠা ইত্যাদি লক্ষণ দ্বারা অন্ত্রে কৃমি থাকা অনুমান করা যাইতে পারে।

মলদ্বারে লবণমিশ্রিত জলের পিচ্‌কারী। পথ্য সম্বন্ধে সুনিয়ম অবলম্বনীয়। বিশুদ্ধ জল ব্যবহার্য্য।

১৩। ক্ষয়কাস [থাইসিস্‌, কনজম্‌সন]।

এই রোগে ফুস্‌ফুসাভ্যন্তরে ক্ষুদ্র ক্ষুদ্র গুটিকা সঞ্চিত হইয়া, পরে তাহা কোমল ও ক্ষত হয়। ইহাতে কাশি, শীর্ণতা, উদরাময়, নৈশ ঘর্ম্ম, উত্তাপাধিক্য প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকে। শ্লেষ্মার সহিত রক্ত বা পূঁয মিশ্রিত থাকে ও তাহা অত্যন্ত দুর্গন্ধ হয়। পরিপাকশক্তি অত্যন্ত ক্ষীণ হইয়া পড়ে। শ্বাসকৃচ্ছ্র ও অবসাদ বর্ত্তমান থাকে।

কডলিভর অয়েল এই রোগের মহৌষধ। পুষ্টিকর পথ্য প্রযোজ্য। উষ্ণ বস্ত্র ব্যবহার করিবে। অল্প অল্প ব্যায়াম ও সুবিধা মত বায়ু পরিবর্ত্তন করা কর্ত্তব্য।

১৪। গণ্ডমালা [স্ক্রফিউলা]।

গলদেশে অর্ব্বুদবৎ ক্ষুদ্র ক্ষুদ্র স্ফীততা দৃষ্ট হয়। ইহা সার্ব্বাঙ্গিক পীড়া, অর্ব্বুদ সমূহে কখন কখন প্রদাহ হইয়া তাহা স্ফীত হয়। ইহাতে শরীর শীর্ণ হইতে থাকে।

কডলিভার অয়েল, পুষ্টিকর পথ্য, পরিমিত ব্যায়াম, শীতল জলে বা লবণমিশ্রিত জলে স্নান, সময়োপযোগী পরিচ্ছদ ব্যবহার ইত্যাদি আবশ্যক।

১৫। গুল্মবায়ু রোগ [হিষ্টিরিয়া]।

এক প্রকার মূর্চ্ছাবায়ু রোগ; ইহা প্রায়ই স্ত্রীলোকদের হয়। রোগিণী অচেতন হইয়া পড়ে ও হস্তপদাদি খেঁচিতে থাকে। হাসা, ক্রন্দন, চীৎকার, শরীরের অঙ্গাদি ইতস্ততঃ সঞ্চালন, চুলছেঁড়া, হাত কামড়ান প্রভৃতি লক্ষণ উপস্থিত হয়। উদর অল্প স্ফীত বোধ হয়। রোগাবেশ তিরোহিত হইলে রোগী জ্ঞানলাভ করে।

রোগাবেশকালে রোগীকে বিশুদ্ধ বায়ুপূর্ণ স্থানে রাখিবে। কর্পূরের আরক, এমোনিয়ার আঘ্রাণ বা হরিদ্রা পোড়াইয়া নাকে তাহার ধূম দিবে। মুখে ও অঙ্গাদিতে শীতল জল সেচন করিবে। রোগের পুনরাবেশ না হয়, তজ্জন্য পরিষ্কার বায়ু সেবন, নিয়মিত শ্রম, প্রত্যূষে নিদ্রা হইতে উঠা, নিয়মিত আহার ও মন যাহাতে প্রফুল্ল থাকে তাহার চেষ্টা করা আবশ্যক। শীতল জলে বা সহস্র ধারা স্নান ইহাতে উপকারী।

১৬। গ্রন্থি [গ্যাণ্ড]।

সাধারণতঃ ইহাকে বিচি বলে।

১৭। ঘুংড়ী, স্বরঘ্ন [ক্রুপ]।

বায়ুনলীর শ্লৈষ্মিক ঝিল্লীর এক প্রকার বিশেষ প্রদাহ রোগ। ইহাতে জ্বর থাকে ও প্রদাহিত স্থানে এক প্রকার রস সঞ্চিত হইয়া কৃত্রিম আবরণ বা ঝিল্লী উৎপাদিত হয়। অল্প বয়স্ক শিশুদেরই এই পীড়া হয়। ইহাতে স্বরভঙ্গ, শ্বাসরোধক কাশি ও শ্বাসে কুক্কুটধ্বনিবৎ শব্দ হয়। দৌর্ব্বল্য, তন্দ্রা, শ্বাস প্রশ্বাস দ্রুত ও কষ্টকর, রোগী মুখের ভিতর আঙ্গুল দিতে থাকে। শ্বাসরোধ হইয়া প্রায়ই রোগী মৃত্যু কবলিত হয়।

উষ্ণজলে পদদ্বয় ডুবাইয়া রাখিবে, তৎপরে মুছাইয়া পশমী কাপড় দ্বারা আচ্ছাদিত করিবে। গলাভ্যন্তরে উষ্ণ জলের ধূম লাগান যাইতে পারে। লঘু পথ্য দিবে। শীতল বায়ু সেবন নিষিদ্ধ।

১৮। চক্ষু প্রদাহ [ইন্‌ফ্লামেশন অব্‌ আই]।

ইহাতে চক্ষু আরক্ত, স্ফীত ও বেদনান্বিত থাকে। অশ্রুস্রাব, দৃষ্টিশক্তির হানি, শিরঃপীড়া ও জ্বর প্রভৃতি বর্ত্তমান থাকে। সাধারণতঃ ইহাকে চক্ষু উঠা বলে।

গরম জল ও দুগ্ধ একত্র করিয়া তাহার বাষ্প চক্ষে লাগাইবে। ফটকিরি ২ রতি, জল আধ ছটাক একত্রে দ্রব করিয়া তদ্দ্বারা চক্ষু ধৌত করিবে। গোলাপ জল দ্বারা চক্ষু ধৌত করিলেও উপকার হয়।

১৯। জিহ্বা প্রদাহ [গ্লসাইটিস্‌]।

জিহ্বাতে বেদনা, উত্তাপ ও স্ফীততা বর্ত্তমান থাকে। অত্যন্ত লালাস্রাব হয়। রোগী আহার করিতে বা ভালরূপ কথা কহিতে পারে না।

২০। তালুপার্শ্ব গ্রন্থি প্রদাহ [টন্‌সিলাইটিস্‌]।

ইহার সঙ্গে জ্বর থাকে, গলাধঃকরণে কষ্ট ও গলদেশে বেদনা হয়। তালুমূল স্ফীত, আরক্ত ও প্রদাহিত হয়।

উষ্ণজল স্বেদ, পুলটীস্‌, উষ্ণজলের ধূম, ঈষদুষ্ণ জল ও দুগ্ধ দ্বারা কুল্লী। যবের ক্বাথ, সাগু প্রভৃতি স্নিগ্ধ দ্রব্য সেব্য।

২১। দাঁতকপাটী [লকৃজ]।

ইহা একরূপ আক্ষেপ রোগ। ধনুষ্টংকারের প্রথমে বা সঙ্গে এই লক্ষণ বিদ্যমান থাকে।

২২। নীলপ্রদর [ক্লোরোসিস্]।

সাধারণতঃ স্ত্রীলোকদের হয়। ইহাতে সার্ব্বাঙ্গিক রক্ত-হীনতা, আর্ত্তব-বিশৃঙ্খলা, চর্ম্ম কখন পীতাভ, কখন বা নীল বা হরিতাভ হয় এবং উত্তাপ হ্রাস পায়।

২৩। পক্ষাঘাত [প্যারালিসিস্]।

ইহাতে আক্রান্ত অঙ্গের সঞ্চালন ও বোধশক্তির অভাব হয়। কখন কেবল একটি, কখন বা দুইটীরই অভাব হইয়া থাকে। রোগী প্রায়ই শয়ন করিয়া থাকে। চলিতে পারে না।

২৪। পাকাশয়-প্রদাহ [গ্যাস্ট্রাইটিস্]।

পাকাশয়প্রদেশে অত্যন্ত জ্বালাবিশিষ্ট বেদনা, তাহার স্পর্শে বৃদ্ধি। ক্লেশকর বমন, বিবমিষা, উদ্গার, অত্যন্ত পিপাসা, কোষ্ঠ-বদ্ধ, মূত্র স্বল্প ও লালবর্ণ, অত্যন্ত অবসন্নতা, নাড়ী ও শ্বাস প্রশ্বাস দ্রুত, জ্বর ইত্যাদি।

পোস্তঢেড়ীর স্বেদ, ও মসিনার পুলটীস্ স্থানিক প্রয়োজ্য। বরফ, দুগ্ধ, পিচ্ছিল পানীয়। অল্প পরিমাণে আহার দিবে।

২৫। পারদাসুস্থতা।

পারদ অপব্যবহারের পর মাড়ীতে ক্ষত, শরীরে পীড়কা, মুখগহ্বর, গলা প্রভৃতি স্থানে বেদনা ও ক্ষতাদি উৎপন্ন হয়।

২৬। পিত্তশ্লৈষ্মিক জ্বর [টাইফস্ ফিবর]।

টাইফস্ জ্বর যদিও পিত্তশ্লৈষ্মিক জ্বর বলিয়া বর্ণিত হইয়াছে কিন্তু উহার প্রকৃতি স্বতন্ত্র। আমাদের দেশে কদাচিৎ হয়। এই জ্বরে রোগী অত্যন্ত অবসন্ন থাকে। চর্ম্ম শুষ্ক ও উষ্ণ, পিপাসা, কোষ্ঠবদ্ধ, অস্থিরতা, উগ্রতা, তন্দ্রালুতা, আবিল্য, প্রলাপ, ক্রমশঃ অজ্ঞানতা ও মোহ সমুপস্থিত হয়। চক্ষু লালবর্ণ, কর্ণে শব্দ, শুষ্ক ও ধূসর বর্ণ জিহ্বা, ৭ম দিন বা তৎপরে শরীরে এক প্রকার পীড়কা বাহির হয়।

মদ্য, ব্রাণ্ডি, মাংসযূষ, দুগ্ধ, চা, কফি প্রভৃতি দিবে। মস্তকে শীতল জল সেচন, শীতল বা ঈষদুষ্ণ জল দ্বারা গাত্র পরিষ্কার করিবে।

২৭। পৈত্তিক জ্বর [বিলিয়স ফিবর]।

ইহা স্বল্পবিরাম জ্বর। পিপাসা, জ্বালা, বমন, শরীরের উষ্ণতা, মুখের তিক্তাস্বাদ, তিক্ত উদ্গার, চর্ম্মের পীতবর্ণতা, শিরঃপীড়া প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকে।

অত্যন্ত পিপাসা ও বমন হইতে থাকিলে মিছরীর সরবৎ, ডাবের জলাদি দেওয়া যাইতে পারে।

২৮। পৃষ্ঠবংশ বক্রতা [স্পাইনাল কর্ভেচর]।

এই রোগে পৃষ্ঠবংশ দক্ষিণ বা বামপার্শ্ব বক্র হইয়া থাকে। ইহা সাধারণতঃ স্ত্রীলোকদের হয়।

পুষ্টিকর পথ্য, কডলিভর অয়েল, লবণমিশ্রিত জলে স্নান ও বিশুদ্ধ বায়ু সেবন কর্ত্তব্য।

২৯। প্রদাহ [ইনফ্ল্যামেশন]।

ইহাতে জ্বালা, উত্তাপ, স্ফীততা ও আরক্ততা এই চারিটী লক্ষণ বর্ত্তমান থাকে। শরীরের প্রায় সকল যন্ত্রে ও বিবিধ অংশে এই রোগ আক্রমণ করিতে পারে।

উষ্ণজল স্বেদ ও পুলটীস্ দেওয়া বিধেয়।

৩০। প্রাদাহিক জ্বর [ইনফ্ল্যামেটারী ফিবর]।

জ্বরের প্রায় সমস্ত লক্ষণই বিদ্যমান থাকে। স্থানবিশেষে প্রদাহ সমুপস্থিত হইলেই প্রায় এই প্রকার জ্বর প্রকাশিত হয়।

৩১। ফুস্‌ফুসাবরক ঝিল্লী প্রদাহ [প্লুরিসী, প্লুরাইটিস্]।

অল্প শীতসহ জ্বর হয়। স্তনগ্রন্থির নিম্নে (প্রায়ই বামদিকে) ছুরিকাবেধবৎ বেদনা, সেই বেদনা শ্বাস গ্রহণ কালে বা কাশিলে অতীব কষ্টদায়ক হয়। চাপে ও আক্রান্ত পার্শ্বে শয়নেও বেদনার বৃদ্ধি হইয়া থাকে। চর্ম্ম উষ্ণ ও শুষ্ক, নাড়ী দ্রুত ও কঠিন, উৎকণ্ঠা, অস্থিরতা, স্বল্প ও রক্তবর্ণ মূত্র প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকে। প্রদাহান্তে সময়ে সময়ে ঝিল্লীর মধ্যে পূঁয সঞ্চিত হইয়া থাকে।

উষ্ণ জলের স্বেদ ও পুলটীস্ দিবে।

৩২। ফুস্‌ফুস প্রদাহ [নিউমোনিয়া]।

অত্যন্ত প্রবল জ্বর, বক্ষে বেদনা—তাহা গভীর স্থানে স্থিত বলিয়া বোধ হয়। অত্যন্ত অসুস্থতা, সতত হ্রস্ব কাশি, আঠাবৎ

শ্লেষ্মা, তাহা কখন পীত, হরিৎ বা পাণ্ডুবর্ণ হয়। পরিশেষে উহার সহিত রক্তমিশ্রিত থাকা দৃষ্ট হয়। শ্বাস দ্রুত ও কষ্টকর, চর্ম্ম উষ্ণ—বিশেষতঃ পর্শুকা প্রদেশ ও কক্ষদেশ। পিপাসা, নাড়ী পূর্ণ ও দ্রুত, পরে কঠিন ও তারবৎ হয়। প্রথমাবস্থায় ফুস্‌ফুস রক্তপূর্ণ ও লালবর্ণ ও কোমল থাকে। দ্বিতীয়াবস্থায় কঠিন ও যকৃতাভ হয়। তৃতীয়াবস্থায় ফুস্‌ফুসাভ্যন্তরে পূঁয জন্মিতে পারে। এই অবস্থায় আসিবার পূর্ব্বেই রোগ আরোগ্যোন্মুখ হইতে থাকে।

বক্ষোপরি মসিনার বড় ও পুরু পুল্‌টীস্ দিবে। শীতল জলসিক্ত বস্ত্রখণ্ড নিংড়াইয়া বক্ষে সংস্থাপন করিবে। আবশ্যকমত আহারাদি দিবে। অত্যন্ত দুর্ব্বলাবস্থায় পোর্ট, ব্র্যাণ্ডি ও মাংসযূষাদি দেওয়া বিধেয়।

৩৩। মদাত্যয় [ডিলিরিয়ম্ ট্রিমেন্‌স]।

অধিক পরিমাণে মদ্যপান বশতঃ এই রোগ জন্মে। ইহাতে হস্তপদে কম্প ও প্রলাপ প্রভৃতি থাকে। শরীর ও মনের অবসন্নতা, ভয়, আশঙ্কা প্রভৃতি উপস্থিত হয়।

৩৪। মস্তিষ্ক আকম্পন [কন্‌কসন্ অব্ দি ব্রেণ]।

মূর্চ্ছা, বমন, সংজ্ঞালোপ, গতি ও বোধশক্তির হীনতা উপস্থিত হয়। কয়েক ঘণ্টা পরে রোগী সচেতন হইয়া প্রকৃতিস্থ হয়। আঘাত বশতঃ প্রায়ই ঈদৃশ ঘটনা হইয়া থাকে। কখন কখন ইহাতে মৃত্যুও হয়।

৩৫। মস্তিষ্ক শোথ [হাইড্রোকেফেলস্]।

বালকদিগের হয়। মস্তিষ্কের ভিতর জলসঞ্চিত হইয়া মস্তক

বড় হইয়া পড়ে। রোগী শীর্ণ বা কখন কখন মেদবিশিষ্ট হয়। মস্তক ক্রমশঃ আকৃতিতে বর্দ্ধিত হইতে থাকে।

৩৬। মস্তিষ্ক-প্রদাহ [এন্‌কেফেলাইটিস্]।

মস্তকে বেদনা, অস্থিরতা, উগ্রতা ও অসুস্থতা প্রাদুর্ভূত হইয়া প্রবল জ্বর, শিরঃপীড়া, বমন, কোষ্ঠবদ্ধ ও প্রলাপ প্রকাশ পায়। চক্ষের তারা কখন প্রসারিত ও কখন সঙ্কুচিত, দন্ত কিড়মিড়, মস্তক লুণ্ঠন ও আক্ষেপাদি উপস্থিত হয়।

মস্তকে শীতল জলপটী দিবে। মাংসযূষ, দুগ্ধ, সোডাওয়াটার, ও শীতল জলাদি দেওয়া বিধেয়।

৩৭। বিসর্প [এরিসিপেলাস্]।

ইহা আপনাপনি বা আঘাত হইতে উৎপন্ন হয়। এই প্রদাহে চর্ম্মনিম্নস্থ কৌষিকতন্তু আক্রান্ত হয়। বিস্তীর্ণ আরক্তত্তা, স্ফীততা, বেদনা, জ্বালা, কম্প ও টান্ বোধ হয়। শীত, আলস্য, শিরঃপীড়া, বমন, বিবমিষা ও প্রাদাহিক জ্বরের অন্যান্য লক্ষণাদি প্রকাশ পায়।

ভিরেট্রম লোশন স্থানিক প্রযোজ্য।

৩৮। মূত্রাশয় প্রদাহ [সিষ্টাইটিস্]।

মূত্রাশয়ের উপর বেদনা, ভারবোধ, স্পর্শাসহত্ব ও উহার অত্যন্ত উগ্রতা, তৎসঙ্গে শীত ও জ্বরও থাকে এবং সার্ব্বাঙ্গিক অসুস্থতা উপস্থিত হয়। প্রস্রাবের সঙ্গে পূঁষ, শ্লেষ্মা বা রক্ত মিশ্রিত থাকা দৃষ্ট হইয়া থাকে। প্রস্রাব অত্যন্ত কষ্ট, আক্ষেপ ও কোঁতানি সহ বাহির হয়।

উষ্ণজলের স্বেদ, উষ্ণ জলের দ্বারা কটি স্নান, উদরোপরি জলপটী। স্নিগ্ধ পানীয় সেব্য। ঈষদুষ্ণ জলের পিচ্‌কারী দিবে।

৩৯। যকৃৎ প্রদাহ [হিপেটাইটিস্]।

যকৃৎ প্রদেশে বেদনা, জ্বর, ও অন্যান্য শীতাদি জ্বর লক্ষণ উপস্থিত থাকে। দীর্ঘশ্বাসে ও চাপে বেদনা বৃদ্ধি হয়। বেদনা দক্ষিণ স্কন্ধ পর্য্যন্ত বিস্তৃত থাকে। তিক্তাস্বাদ, মলাবৃত জিহ্বা, স্বল্প মূত্র, কাশি, চক্ষু পীতবর্ণ। জ্বর ক্রমশঃ প্রবল হইয়া রোগীকে দুর্ব্বল ও অবসন্ন করে।

একোনাইট টিংচার ৩০ ফোটা, জল দশ ছটাক একত্রে মিশ্রিত করতঃ উহাতে বস্ত্রখণ্ড ভিজাইয়া যকৃতোপরি সংস্থাপন করিবে।

৪০। রক্তাধিক্য (কন্‌জেস্‌চন)।

স্থানবিশেষে অধিক পরিমাণে রক্ত সঞ্চিত হইলে তাহাকে রক্তাধিক্য বলে।

৪১। রক্তামাশয় (ডিসেণ্ট্রী)।

রক্ত ও আমমিশ্রিত মল ঘন ঘন নির্গত হয়, তৎসঙ্গে পেট বেদনা, কোঁতানি, কামড়ানি আদি ও জ্বর বর্ত্তমান থাকে।

৪২। বায়ুনলীভুজপ্রদাহ [ব্রংকাইটিস্]।

ইহাতে জ্বর, কাশি, বক্ষঃ বেদনা, শ্বাসকষ্ট, শিরোবেদনা প্রভৃতি বর্ত্তমান থাকে। প্রথমে শুষ্ক কাশি থাকে, পরে শ্লেষ্মা নিঃসরণ সহ কাশি হয়।

সাগু, আরারুট, দুগ্ধ, মাংসযূষ, পোর্ট, ব্রাণ্ডি, সোডাওয়াটর, ও স্নিগ্ধ পানীয়—যবের ক্কাথ আদি প্রযোজ্য।

৪৩। পচনশীল বিস্ফোটক [কার্বংকল]।

ইহার সঙ্গে প্রবল জ্বরাদি সার্ব্বাঙ্গিক লক্ষণ বর্ত্তমান থাকে। স্ফোটক শীঘ্রই পাচিয়া যায়। উহাতে অত্যন্ত জ্বালা বা দাহ অনুভূত হয়।

অস্ত্রোপচার, পরে পুলটীস্ প্রয়োগ কর্ত্তব্য।

৪৪। বৃক্কক বা মূত্রযন্ত্র প্রদাহ [নিফ্রাইটিস্]।

কোমরে বেদনা, হাত দিলে বৃদ্ধি পায়। মূত্রনালীদ্বয় (ইউরিটর) হইতে মূত্রাশয় পর্য্যন্ত বিস্তীর্ণ বেদনা, তাহা বঙ্ক্ষণ, কোষ ও অণ্ড পর্য্যন্তও অনুভূত হয়। জ্বর, বমন বিবমিষা, সতত মুত্রত্যাগেচ্ছা, মূত্র ঘোর লালবর্ণ প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকে।

উষ্ণ কটিস্নান, বাষ্পস্নান, উষ্ণজলের স্বেদ। তরল ও স্নিগ্ধ পানীয় ও দুগ্ধাদি পথ্য।

৪৫। শিরা প্রসারণ [ভ্যারিকোস্ ভেন]।

শিরা অত্যন্ত প্রসারিত হওয়ায় উহার মধ্যস্থ ভাঁজ বা কপাট অকর্ম্মণ্য হইয়া পড়ে। পীড়া অধঃশাখাদ্বয়ে জন্মে। চর্ম্মের নিম্নস্থ শিরাই ব্যাধিগ্রস্ত হয়। আক্রান্ত শিরা স্থূল, বক্র গাঁট গাঁট ও নীলাভ হয়।

বন্ধনী দ্বারা চাপ প্রয়োগ করা বিধেয়। অধিকক্ষণ দাঁড়াইয়া থাকা নিষিদ্ধ।

৪৬। শীতাদ [স্কর্ভি]।

অধিক দিবস পর্য্যন্ত তরুণ উদ্ভিজ্জ আহার হইতে বিরত থাকিলে দন্তের মূল অর্থাৎ মাড়ী ক্ষতযুক্ত, স্পঞ্জবৎ হয় ও তাহা

হইতে রক্ত পড়ে। মুখে দুর্গন্ধ, মুখমণ্ডল কালিম এবং মাড়ী, নাসা, মুখ, পাকাশয় ও অন্ত্রাদি হইতে রক্তস্রাব হয়।

লেবুর রস, তরুণ উদ্ভিজ্জ সেবন কর্ত্তব্য।

৪৭। শ্বাসকাস [য়্যাজ্‌মা]।

ইহাতে অত্যন্ত শ্বাসকষ্ট হয়। ইহা এক প্রকার স্নায়ুরোগ। শ্বাসোপনলীস্থ পৈশিক সূত্রের আক্ষেপিক সংকোচন বশতঃ উৎপন্ন হয়।

৪৮। গিলারাখ্য শ্বাস (স্প্যাজ্‌মডিক ক্রুপ)।

ইহাতে হঠাৎ নিশ্বাস বন্ধ হইয়া শিশু কাঁদিয়া উঠে। ইহা প্রায় শিশুদেরই হয়। হস্ত পদের অঙ্গুলি শক্ত হয়, শিশু শ্বাস-কষ্ট বশতঃ ছট্‌ফট্‌ করে। ক্ষণকাল পরেই আক্ষেপ তিরোহিত হওয়ায় শিশু প্রকৃতিস্থ হয়। দন্তোদ্ভেদ কালে প্রায়ই এই রোগ হয়।

* পদদ্বয়ে উষ্ণ জল এবং মুখমণ্ডলে ও মস্তকে শীতল জল সেচন করা কর্ত্তব্য। মুখে ও বক্ষেঃ পাখার দ্বারা বাতাস দেওয়া বিধেয়।

৪৯। শ্বেতপ্রদর। [লিউকোরিয়া]।

জরায়ু ও অপত্যপথ হইতে এক প্রকার শ্বেতবর্ণ শ্লেষ্মাস্রাবকে শ্বেতপ্রদর রোগ কহে। ইহা স্ত্রীলোকদের একটী সাধারণ পীড়া।

৫০। সংন্যাস (য়্যাপোপ্লেক্সি)।

এই রোগে মস্তিষ্ক, রস বা রক্ত দ্বারা চাপিত হওয়ায় রোগী হঠাৎ অজ্ঞান হইয়া পড়িয়া যায়। বোধ, চিন্তা ও ঐচ্ছিক সঞ্চালন-

শক্তির লোপ হয়। রোগাক্রমণের পূর্ব্বে শিরঃপীড়া ও শিরোঘূর্ণন এবং মস্তকে ভারবোধ হয়। রক্তসঞ্চালন ও শ্বাসপ্রশ্বাস বিশৃঙ্খল ভাবে সম্পন্ন হয়। এই রোগ অত্যন্ত মারাত্মক।

মস্তকে শীতল জল সেচন কর্ত্তব্য।

৫১। সবিরাম জ্বর (ইণ্টরমিটেণ্ট ফিবর)।

যে জ্বর বিচ্ছেদ হইয়া পুনরায় হয়, তাহাকে সবিরাম জ্বর বলে। ২৪, ৪৮ বা ৭২ ঘটিকান্তর এই জ্বরের পুনঃপ্রকোপ হয়; তদ্ধেতু উহারা ঐকাহিক, দ্ব্যাহিক ও ত্র্যাহিক নামে কথিত হয়।

এই প্রকার জ্বর অধিক দিবস স্থায়ী হইলে প্লীহা ও যকৃৎ বিবর্দ্ধিত হয়।

৫২। সামুদ্রিক পীড়া (সি সিকনেস্)।

নৌকা বা জাহাজে আরোহণ করিলে উহার গতি বশতঃ বমন ও বিবমিষা উপস্থিত হয়। তৎসঙ্গে শিরঃপীড়া, শিরোঘূর্ণন ও অবসন্নতা প্রাদুর্ভূত হয়। কাহার কাহার শকটে বা পাল্কীতে আরোহণ করিলেও এতদ্রূপ অসুখ সমুপস্থিত হইয়া থাকে।

৫৩। সূতিকা জ্বর (পিউয়ার পারল্ ফিবর]

প্রসবান্তে একপ্রকার প্রবল জ্বর হয়, তাহাকে সূতিকা জ্বর কহে।

৫৪। স্নায়ুশূল [নিউর‍্যাল্জিয়া]।

স্নায়ুতে এক প্রকার তীব্র বেদনা হয়, উহা থাকিয়া থাকিয়া বৃদ্ধি পায়। শরীরের সকল স্থানের স্নায়ুতে এই বেদনা জন্মিতে

পারে ; কিন্তু স্বগধঃ স্নায়ুতেই সচরাচর হইয়া থাকে। এই বেদনা চাপিলে বর্দ্ধিত না হইয়া বরং কিঞ্চিৎ উপশমিত হয়।

৫৫। স্বরযন্ত্র প্রদাহ [ল্যারিন্‌জাইটিস্‌]।

ইহাতে জ্বর থাকে ও স্বরযন্ত্র আরক্ত ও বেদনান্বিত হয়। শ্বাস গ্রহণে ও গলাধঃকরণে সমূহ কষ্ট অনুভূত হয়। গলদেশে বেদনা, স্বরভঙ্গ বা স্বরাভাব, স্বরযন্ত্রে আক্ষেপ, নাড়ী কঠিন ও মুখমণ্ডল আরক্ত হয়।

৫৬। হিমস্ফোটক [চিল্‌ব্রেন্‌স]।

অত্যন্ত শৈত্য সংস্পর্শ বশতঃ এক প্রকার ক্ষুদ্র ক্ষুদ্র স্ফোটক হয়। প্রথমে অল্প অল্প স্ফীতি, আরক্ততা ও চুলকানি থাকে, পরে তৎস্থানে ক্ষত প্রকাশ হয়। আক্রান্ত স্থানে রক্তসঞ্চালনের অবসন্নতা বশতঃ এই রোগ জন্মে।

৫৭। হুপ্‌শব্দক কাশি [হুপিং কফ]

বালকদের এক প্রকার সংক্রামক রোগ। ইহাতে অল্প অল্প জ্বর, বমন ও প্রথমে সর্দ্দি লক্ষণ থাকে। পরে কাশি উপস্থিত হয়, এই কাশির এক এক বার প্রকোপ হইয়া থাকে। তৎসময় হুপ্‌ হুপ্‌ শব্দ হইতে থাকে। কাশিতে কাশিতে রোগীর শ্বাসরোধের আশঙ্কা হয়। কাশি থামিলে রোগী ক্ষণকাল ভাল থাকে, তৎপরে আবার উহার প্রকোপ হয়। কাশির প্রকোপের সময়ের স্থিরতা নাই। কখন কখন দিনে ২।৩ বার আবার কখন কখন ঘণ্টায় ২।৩ বা ততোধিক বার হইতে পারে।

৫৮। হৃৎপিণ্ড-বাত [রিউমেটিজম্ অব্ দি হার্ট]।

রোগীর মুখমণ্ডল অত্যন্ত ব্যাকুল, শ্বাসকষ্ট, হৃৎপিণ্ডপ্রদেশে বেদনা ও হৃৎবেপন উপস্থিত হয়।

৫৯। হৃৎস্পন্দন [প্যাল্পিটেসন্]।

হৃৎপিণ্ডের স্পন্দন দ্রুত ও প্রবল হইলে তাহাকে হৃৎস্পন্দন বা বেপন কহে। স্বাভাবিকাবস্থায় হৃৎপিণ্ডের স্পন্দন শ্রুত হওয়া যায় না; কিন্তু এই রোগে স্পন্দন এত দ্রুত ও প্রবল হয় যে, সহজে শুনিতে পাওয়া যায়। অত্যন্ত দৌড়াইলে যেরূপ বুক দুড় দুড় করে, ইহাতেও তদ্রূপ হয়। তজ্জন্য রোগী ক্লেশানুভব করে।

৬০। স্বল্পবিরাম জ্বর [রেমিটেণ্ট ফিবর]।

এই জ্বরে বিচ্ছেদ থাকে না, জ্বর অল্প হ্রাস হইয়া পুনর্বায় বর্দ্ধিত হয়। এই প্রকার জ্বর বঙ্গদেশে প্রায়ই হয়। ইহার সঙ্গে মস্তিষ্কের রক্তাধিক্য হইলে প্রলাপাদি উপস্থিত হইয়া থাকে।

সম্পূর্ণ।

সূচীপত্র।

প্রথমভাগ—রোগনির্ঘণ্ট।

রোগনির্ঘণ্ট অকারাদি বর্ণানুসারে লিখিত হইয়াছে, অতএব উহার সূচীপত্র দিবার বিশেষ আবশ্যকতা না থাকায় প্রদত্ত হইল না।

দ্বিতীয়ভাগ—ঔষধাবলী।

তৃতীয়ভাগ—রোগ পরিচয়।